কাপ্তান শ্রীযুত এ কে কোম্বর সাহেব (Captain A. K. Comber,) লক্ষ্মীপুরের ডেপুটী কমিস্যানর হইবেন।

কাপ্তান শ্রীযুত টি লাম্ব সাহেব (Captain T. Lamb,) নড়লের ডেপুটী কমিস্যানর হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ স্কনস সাহেব (Lieutenant H. Sconce,) গোয়ালপাড়ার ডেপুটী কমিস্যানরের কর্ম্ম করিবেন।

নিম্নের লিখিত কর্ম্মকারকেরা রাজকীয় কর্ম্মে গমনশীল শীলবঙ্গদেশের পোলীসের প্রথম পল্টনে কর্ম্ম করিবেন। অর্থাৎ

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ এফ এডওয়ার্ডস সাহেব (Lieutenant W. F. Edwards.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত সি এফ উড্রাফ সাহেব (Lieutenant C. F. Wpodruffe.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত এচ এচ ওলডহাম সাহেব (Lieutenant H. H. Oldham.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত সি এস প্রাট সাহেব (Lieutenant C. S. Pratt.)

ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রামকুমার বসু ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৮ নবেম্বর।

ছিলটের নীচের লিখিত খেয়াঘাট ১৮১৯ সালের ৬ আইনমতে সরকারী প্রকাশ হইল। অর্থাৎ

১ চাঁদনী ঘাট তন্মধ্যে কদমতলী ও কালীঘাট ও চাঁদনী ঘাট।
২ সেখ ঘাট।
৩ আখালীয়া ঘাট।

৫০৬৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১ ডিসেম্বর।

শিবসাগরের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যানর শ্রীযুত ডবলিউ স্কনস্ (Mr. W. Sconce,) ঐ জিলাতে মুনসেফের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

চব্বিশ পরগনার এক্টিং ডেপুটী কালেক্টর শ্রীযুত কাজী ফকীর আহম্মদ ঐ জিলাতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেটের কর্ম্ম করিবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২ ডিসেম্বর।

দেশীয় চিকিৎসক শ্রীযুত মীরজামীন আলী বহরি মোকামের চিকিৎসা কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন।

পুরীর মুনসেফ শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ ঐ জিলার দেওয়ানী দপ্তরখানার রেজিষ্টর হইবেন।

১৮৬২ সাল ৩ ডিসেম্বর।

শ্রীযুত সি পি হবহৌস সাহেব (Mr. C. P. Hobhouse,) সরকারী মোকদ্দমার সুপরিণ্টেণ্ডেণ্টের ও রিমেমব্রান্সরের ও গবর্ণমেণ্টের আডবোকেটের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে পি এচ ওয়ার্ড সাহেব (Mr. J. P. H. Ward,) শাহাবাদের মাজিষ্ট্রেটের ও কালেক্টরের কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে সি গেডেস্ সাহেব (Mr. J. C. Geddes,) আরজাবাদ এলাকাখণ্ডের কর্ম্মের ভার প্রাপ্ত হইয়াছেন ও মুরশিদাবাদে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাক্রমে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে, কার্য্য করিবেন ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন। শ্রীযুত গেডেস সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথমস্থলীয় অনুসন্ধান করিতে ও সেই২ আদালতে বিচার হওনার্থে ব্যক্তির দিগকে সমর্পণ করিতে হাজিরা হইবার প্রতিভূ গ্রহণ করিতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাগোবিন্দ দাস যশোহরে বঙ্গদেশের ডাকাইতী কমিস্যানর সাহেবের অধীনে কর্ম্ম করিবেন ও যশোহরে ও চব্বিশপরগনাতে ও খাঁদার ও করীদপুরে ও বাকরগঞ্জে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ই জি গ্লেজিয়র সাহেব (Mr. E. G. Glazier,) জাহানপুর এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও ময়মনসিংহে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে ও ১৮৫৪ সালের ১০ আইনের ১ ধারাক্রমে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করিবেন ও ১৮৫৯ সালের ১০ আইনমতে ডেপুটী কালেক্টরের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন। শ্রীযুত গ্লেজিয়র সাহেব ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ৩৮ ধারামতে সেশন আদালতের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান করিতে ও সেই আদালতে বিচার হওনার্থে ব্যক্তিদিগকে সমর্পণ করিতে কি উপস্থিত হইবার প্রতিভূ গ্রহণ করিতে এবং তদর্থে যে সকল ক্ষমতার প্রয়োজন তদনুসারে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন।

শ্রীযুত জে ওয়ার্ড সাহেব (Mr. J. Ward,) ঢাকার মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন।

শ্রীযুত এচ এল হারিসন সাহেব (Mr. H. L. Harrison,) বারাশৎ এলাকাখণ্ডের কর্ম্মে ভারপ্রাপ্ত হইয়াছেন ও চব্বিশ পরগনাতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত এচ সি বি সি রেবান সাহেব (Mr. H. C. B. C. Raban,) বেতিয়া এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন। ও চম্পারণে মাজিষ্ট্রেটের ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৫ নবেম্বর।

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ বি এফ জেকব সাহেব (Lieutenant W. V. F. Jacob,) মেদনীপুরে পোলীসের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জি বি ফিশর সাহেব (Lieutenant G. B. Fisher,) রাজশাহীতে পোলীসের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত জে কুপর সাহেব (Mr. J. Cooper,) ত্রিহুতে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডবলিউ বি সাবি সাহেব (Mr. W. B. Savi,) আসামে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ডি বারবর সাহেব (Mr. D. Barber,) হাজারীবাগে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

শ্রীযুত ই এ ক্রু সাহেব (Mr. E. A. Crewe,) মানভূমে পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২৯ নবেম্বর।

নওয়াখালীর সদর আমীন শ্রীযুত বাবু নবকুমার বাঁড়ুয্যা, গত জুলাই মাসের ২৬ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৮ ধারামতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

পরীক্ষক বোর্ডের মহাশয়েরদের রিপোর্টমতে প্রকাশ করা যাইতেছে যে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দীন মহম্মদ ১৮৫১ সালের ১২ নবেম্বর তারিখের গবর্ণমেণ্টের নির্দ্ধারণের নির্দ্দিষ্ট প্রথম শ্রেণীর পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন।

নিয়োগ।

১৮৬২ সাল ২৫ নবেম্বর।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী দীন মহম্মদ মেদিনীপুরে মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

এ ইডেন।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

বিজ্ঞাপন।

হুণ্ডীর এজেণ্টেরদের পশ্চাৎ লিখিত ফর্দ্দ সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১	আরাতে	শ্রীযুত আইজাক্ মার্সী সাহেব।
২	আলীপুরে	„ শ্রীনারায়ণ বাঁড়ুয্যা।
৩	কটকে	„ গৌরীশঙ্কর রায়।
৪	কলিকাতায়	প্রধান আফিস।
৫	কাছাড়ে	শ্রীযুত রামকুমার নন্দী।
৬	কৃষ্ণনগরে	„ জগমোহন গাঙ্গুলী।
৭	গয়াতে	„ রবার্ট এলী সাহেব।
৮	গৌহাটীতে	„ লক্ষ্মীলাল বড়ুয়া।
৯	চৈবাসাতে	ট্রেজুরীর কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক।
১০	ছাপরাতে	শ্রীযুত গোবীবন্ধু বরাট।
১১	ছিলটে	„ রামমোহন দত্ত।
১২	ঢাকাতে	„ রাখালচন্দ্র সিংহ।
১৩	তেজপুরে	„ কাশীচন্দ্র বিশ্বাস।
১৪	ত্রিপুরাতে	„ দেবীচরণ চৌধুরী।
১৫	দেবগড়ে	„ শ্রীকৃষ্ণ প্রাণ শর্ম্মা।
১৬	নওয়াখালীতে	„ রবার্ট সাফর সাহেব।
১৭	নয়দুমকাতে	„ মাণিকচন্দ্র রায়।
১৮	নৌগাঁয়ে	„ সূর্য্যকান্ত বড়ুয়া।
১৯	পাটনাতে	„ দীননাথ সিংহ।
২০	পুরীতে	„ লক্ষ্মণ মুখুয্যা।
২১	পূর্ণিয়াতে	„ হেনরি আরনেষ্ট সাহেব।
২২	ফরীদপুরে	„ প্রসন্নকুমার রায়
২৩	বগুড়াতে	শ্রীযুত দ্বারকানাথ রায়।
২৪	বর্দ্ধমানে	„ কেদারনাথ দত্ত।
২৫	বহরমপুরে	„ দ্বারকানাথ সেন।
২৬	বাঁকুড়াতে	„ জগবন্ধু খাঁ।
২৭	বাউলিয়াতে	„ রামচন্দ্র সেন।
২৮	বালেশ্বরে	„ এস জে অষ্টারউড সাহেব।
২৯	ভাগলপুরে	„ গদাধর মিত্র।
৩০	মজাফরপুরে	„ কৈলাসচন্দ্র চট্টোপাধ্যা।
৩১	মতিহারিতে	„ রাজকুমার মুখুয্যা।
৩২	ময়মনসিংহে	„ কালীনারায়ণ চক্রবর্ত্তী।
৩৩	মালদহে	„ হরিমোহন সেন।
৩৪	মুঙ্গেরে	„ ভৈরবচন্দ্র মুখুয্যা।
৩৫	মেদিনীপুরে	„ রামদাস মজুমদার।
৩৬	যশোহরে	„ বরদাকান্ত ভাদুড়ী।
৩৭	রামগড়ে	„ গোপালচন্দ্র সরকার।
৩৮	শিউড়ীতে	„ কালীনারায়ণ রায়।
৩৯	সাহেবগঞ্জে	খাজানাখানার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক।
৪০	হাজারীবাগে	খাজনাখানার ভারপ্রাপ্ত কার্য্যকারক।
৪১	হুগলীতে	শ্রীযুত ঈশ্বরচন্দ্র ঘোষ।

পশ্চাৎ লিখিত স্থানের এজেণ্টেরা স্থিররূপে নিযুক্ত না হওয়াতে তাঁহারদের নাম উক্ত ফর্দ্দে দেওয়া যায় নাই কিন্তু উক্ত স্থানহইতে যে সকল হুণ্ডী অন্যান্য স্থানে পাঠান যায় তাহা ধারামতে ও উপযুক্ত পত্র সম্বলিত পাঠান গেলে ও প্রকারান্তরে শুদ্ধ হইলে ঐ হুণ্ডীর টাকা দিবার আদেশ হইতেছে।

কাঁতি।
গোয়ালপাড়া।
চরাপুঞ্জি
চাটিগাঁ।
ছোট নাগপুর।
দার্জিলিং।
দিনাজপুর।
দেবগড়।
পাকাওর।
পাবনা।
পুরুলিয়া।
বরিয়াল।
রঙ্গপুর।
শিবসাগর।

হিউ সাণ্ডিমান।
সিবিল পে মাষ্টর।

সিবিল পে মাষ্টর সাহেবের আফিস। কলিকাতা।
১৮৬২ সাল ১ ডিসেম্বর।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENT.

The 3rd December, 1862.

Baboo Taraprosunno Mookerjee, B. A. and B. L., to be Moonsiff of Kenderah, Zillah Beerbhoom, from the 9th October 1861.

LEAVE OF ABSENCE.

The 4th December, 1862.

Moulvy Dadar Buxsh, Moonsiff of Zillah Bhaugulpore, for fifteen days, from the 19th ultimo, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

H. T. PRINSEP, *Registrar.*

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৯ ডিসেম্বর।]

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬২ সাল ৩ ডিসেম্বর।

শ্রীযুত বাবু তারাপ্রসন্ন মুখুয্যা B. A ও B. L. ১৮৬১ সালের ৯ অক্টোবর তারিখ অবধি জিলা বীরভূমের কেন্দরার মুনসেফ হইলেন।

ছুটী।

১৮৬২ সাল ৪ ডিসেম্বর।

জিলা ভাগলপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী দাদার বক্স অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে গত মাসের ১৯ তারিখ অবধি পনের দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিনসেপ। রেজিষ্ট্রার।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা বাকরগঞ্জ।

এস্তাহারনামা কাছারি কালেক্টরী জেলা বাকরগঞ্জ।

ইহার দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে অত্র জেলাস্থিত নিম্নের ইষ্টেটমেণ্টের লিখিত খাস মহালে গবর্ণমেণ্টের জমীদারীর যে স্বত্ব আছে তাহা বোর্ড রেবিনিউর বর্ত্তমান সনের ১৬ অক্টোবর তারিখের ১৭৫ নং চিঠীর মঞ্জুরীমতে শ্রীযুক্ত কমিসানর সাহেবেরের ২৭ অক্টোবরের ২৪৮ নং ও বোর্ডের গত ২১ অক্টোবর তারিখের ১৮০ নং ও ৩ নবেম্বর তারিখের ১৮৩ নং চিঠীর আদেশানুযায়ি এই জেলার কালেক্টরী কাছারিতে ইঙ্গরেজী সন ১৮৬২ সনের ২৯ ডিসেম্বর মোতাবেক বাঙ্গলা সন ১২৬৯ সনের ১৫ পৌষ রোজ সোমবার নীলামের দ্বারায় বিক্রয় হইবেক এবং প্রকাশ করা যাইতেছে যে যে ব্যক্তি খরিদ করিবেক তাহাকে নিম্নের লিখিত নিয়মের প্রতি অবলম্বন করিতে হইবেক ইতি।

বিক্রয়ের নিয়ম।

১। প্রত্যেক মহালের মূল্য যাহা ধার্য্য হইল তদপেক্ষায় যে কেহ উচ্চ ডাকিবেক তাহাকে লিখিত সদর জমার সহিত বিক্রয় করা যাইবেক ইতি।

২। নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে নীলামওয়ালা স্বত্বে বহাল থাকিবেক বন্দবস্তী কাগজাত ও প্রচলিত আইনের দ্বারায় যাহাকে যে স্বত্ব বর্ত্তিয়াছে তাহা স্থিরতর থাকিবেক এবং খোদকস্তা রাইয়ত মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে যে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে সম্মান করিতে নীলাম খরিদার বাধ্য থাকিবেক ইতি।

৩। যদি ডাক পণ ১০০৲ টাকার অনধিক হয় তবে খরিদারকে তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক ইতি।

৪। যদি ডাক পণ ১০০৲ টাকার অতিরিক্ত হয় তবে শতকরা ২৫৲ টাকার হিসাবে ফিশ তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক ও যদি নীলামের দিবসহইতে নীলামের দিবসকে এক দিবস গণনাপূর্ব্বক ১৫ দিবসের দিন দুই প্রহর-পর্য্যন্ত অবশিষ্ট টাকা দাখিল না করে তবে ঐ ফিশের টাকা সরকারে জব্দ হইবেক ইতি।

৫। প্রত্যেক মহালের যে সদর জমা ধার্য্য হইয়াছে তদতিরিক্ত খরিদারদিগকে রাস্তাবন্দী ও গমনাগমনের সুবিধার জন্য সদর জমার উপর শতকরা ১৲ টাকার হিসাবে বৎসরে দিতে হইবেক ও অন্যান্য বাকী খাজানা যে-আদায় হইয়া থাকে এহাও সেইরূপ আদায় হইবেক ইতি সন ১৮৬২ ইং তাং ২৪ নবেম্বর মোতাবেক সন ১২৬৯ বাং তাং ১০ অগ্রহায়ণ।

নম্বর ইষ্টেট মেণ্ট	নম্বর তৌজী	পরগনা ও মহালের নাম	মোট রকবা	সদর জমা	রাস্তা খরচ	একুন	নিরূপিত উর্ব্বরতা	কৈফিয়ৎ
১১	১৫১৫	পং বোজর্গ ওমেদপুর কালীনাথ চাটুর্য্যা তালুক	২০।২	২৩৲	।০	২৩।০	৪৬৲	
৭২	০১৮৪	পং রাজনগর হালনরাজা-রামলোচন শাহা তাং	৬৩।৭২।১৫	৮৲	৵৬	৮৵৬	১৬৲	
৭৩	০১৮৯	পং ঐ দেওয়াত্রিশবত	৬৮০।৪।১৩॥	২৮৮৲	২৸৵	২৯০৸৵	৫৭৬৲	
৭৯	০৪৮৪	তং সফীপুর কাণা গমন করালী তাং	৭।৪।৫	৪৲	৵০	৪৵	৮৲	
০	০৪৮৮	তপেপ ঐ গঙ্গারাম বর্দ্ধন তাং	২০॥১।১৫	১২৲	৵০	১২৵	২৪৲	
৮০	০৪৯২	তং ঐ জাহাঙ্গ তাং	৫।৪।১০	৩৲	৵৬	৩৵৬	৬৲	
৮২	০৫০৭	তং ঐ রামানন্দ দত্ত তাং	৫৩।১।১৮	১৭৲	০৵০	১৭৵	৩৪৲	
৮৩	০৫০৪	তং ঐ রামজয় সেন তাং	২২।৪।৫	১২৲	৵০	১২৵	২৪৲	
৮৬	০৫৪৩	তং ঐ রবিদন মোনাই তাং	১০।১।৫	৫৲	৵২	৫৵২	১০৲	
১০৪	০৬৫১	খাং পং শ্রীরামপুর জগৎবন তাং	১৩।১।১০	২৲	৵৪	২৵৪	৪৲	
১০৫	০৬৫২	খাং পং ঐ জয়কৃষ্ণ রায় তাং	২৪॥১।১০	৪৲	৵০	৪৵	৮৲	
১০৭	০৬৬৮	খাং পং ঐ কৃষ্ণহরি গুপ্ত তাং	২৫/৩।৫	৩৲	৵৬	৩৵৬	৬৲	
১২০	০৭২৬	খাং পং ঐ পরানশম্ভু কাণা তাং	৩/০	২৲	৵৪	২৵৪	৪৲	
১৩৫	০৭৭৪	খাং পং ঐ রামমোহন গুপ্ত তাং	১৭/৫	২৲	৵৪	২৵৪	৪৲	
১৫৬	১৬৮৬	পং চন্দ্রদ্বীপ বর জমা রঙ্গচন্দ্র রায়	১৮৭০।১৮।	৯৲	৵৬	৯৵৬	১৮৲	
১৬৩	৪২২৪	জজীরা বৈরাগীরা	৪৭২॥০।১৪৮	১০২৲	১৸৪	১০৩৸৪	২০৪৲	
১৯৯	৪৫৮২	জজীরা বৈরাগীরা	৬২৬৮/১।১২	১৫৩৲	২॥০	১৫১৸০	৩০০৲	
২০১	৪৫৯৩	জজীরা মোণপুর তাজপুর তাং	১৫৮৪৬৮০৪।৬	৮৬০৲	১০॥৵	৮৭০॥৵	১৭২০৲	

[Government Gazette, 9th December, 1862.]

নম্বর ইষ্টেট	নম্বর তৌজী	পরগনা ও মহালের নাম	মোট রকবা	সদর জমা	রাস্তা খরচ	একুম	নিরূপিত উৎকৃষ্ট	কৈফিয়ৎ
৩০	২৫৮০	তৎ লক্ষ্মীরদীয়া রাম-দাস পাল তাৎ	২৷৷০৷৩০	১৲	৩	১৩	১০৲	
৩২	২৫৮৪	তৎ ঐ রামহরি ঠাকুর তা তাৎ	১/৪৷৫	১৲	৩	১৩	১০৲	
৮৪	৩৫৫১	তপেস সফীপুর কাণা বৈদ আমীর তালুক	১৷০৷৩০	১৲	৩	১৩	১০৲	
১১৫	৩৬২৮	খাৎ পৎ শ্রীরামপুর মতি উল্লা তালুক	২৸৪	১৲	৩	১৩	১০৲	
		১৪০৬ নং পৎ বোজর্গ ওমেদপুরের সিকমী						
৮	১৪০৬	পৎ বোজর্গ ওমেদপুর কিৎ কৃষ্ণধন ও কিঃ মোকাদ্দিয়া						
	২৮	জিঃ জগন্নাথ আইচ তাৎ ও হাওলা রামমাণিক্য আইচ	২৮৸২৷৪	৮৪৲	১৲	৮৫৲	১৬৮৲	
৯	২৯	পৎ ঐ কিঃ রাজনগর সাবেক মুদাফত তাৎ কলীনবেগ	১৭২৸৪৷১৮	১৬৮৲	১৸৶৬	১৬৯৸৶৬	৩৩৬৲	
১০	৩০	পৎ ঐ কিঃ বাটাজোর তাৎ মলয় ঢাকী	৭৪৷৪৷১৫	৬৮৲	৸/৯	৬৮৸/৯	১৩৬৲	
১৭	৫৫	পৎ ঐ কিৎ নেহালিরাও কিঃ তালমাছিয়া ও কি পামাখালী ও কিঃ ঘট বাড়িয়া ও কিৎ কাটাখানী তাৎ সেক আরিপ	৪৮৪৷২৷৬	৩৪০৲	৪৷৶	৩৪৪৷৶	৬৮০৲	
১৯	৫৭	পৎ ঐ কিৎ ককণা মুদাফৎ হাওলা রামরাম দাস	১৪৭৷১৷৩	১২০৲	১৷/৬	১২১৷/৬	২৪০৲	
২০	৭৩	পৎ ঐ কিৎ ভাঠীয়া তাৎ বৎ রামদয়াল গুপ্ত	৩৯৷৷৪৷৫	৩১৲	।৶	৩১৷৶	৬২৲	
২৪	১০৪	পৎ ঐ জোয়ার রঙ্গশ্রী ও তৎ শামিল কিঃ রূপশী নিৎ খাৎ পাইনটি আলেক জণ্ডর সাহেব ও দলসিংহ বাবু	৪২৭৷৪৷৫	৪০৭৲	৪/৬	৪১১/৬	৮১৪৲	
২৫	১০৫	পৎ ঐ কিঃবন্দর বাকর-গঞ্জ মুৎ পাইনটি আ লেকজাণ্ডর সাহেব ও দলসিংহ বাবু	১৬১৷৪৷১২	২৪৩৲	৩৶৯৷৷	২৪৬৶৯৷৷	৪৮৬৲	
২৮	১১৬	পৎ ঐ কিঃ চরানন্দী তা-লুক বনামে রাধাকৃষ্ণ গুহ	৮৭৷৩৷৫	৯০৲	১৶	৯১৶	১৮০৲	
৩০	১২৩							
৩১	১২৫	পৎ ঐ কিঃ ভাউমহাল মুৎ রাধাকৃষ্ণ গুহ	৯৷৷০	১৫৲	৶৫	১৫৶৫	৩০৲	
৩২	১২৭	পৎ ঐ কিঃ রাঘবকাটী সদর হাওলা বনামে রাধাকৃষ্ণ গুহ	৪৭৮৷২৷৫	৩৯৲	৷৷০	৩৯৷৷০	৭৮৲	
৩৮	১৪৬	পৎ ঐ কিঃ আউলীয়া-পুর ও কিঃ রুনশী ও কিঃ নন্দ পাল ও কিঃ রাঘব কাটী ও কিঃ বোয়ালিয়া তাৎ ব কিশোরীনারায়ণ দাস	১৭৩৶২৷৭	১৪৫৲	১৷৶৪	১৪৬৷৶৪	২৯০৲	
৪১	১৫১	পৎ ঐ কিঃ মানুনারা তাৎ মাহাম্মদ আরজ	১৫৷৷৪৷১০	৭৲	৶০	৭৶০	১৪৲	
৪০	১৫৮	পৎ ঐ কিঃ বিরাট মুৎ জয়মাণিক্য বসু	১৬৷১০	১১৲	/১১	১১/১১	২২৲	

নম্বর ইষ্টেট	নম্বর মেমো	পরগনা ও মহালের নাম	মোট রকবা	সদর জমা	রাস্তা খরচ	একুন	নিরূপিত উৎকৃষ্ট মূল্য	কৈফিয়ৎ
৪৬	১৬৩	পং ঐ কিঃ সর মহাল ওটতা ও কাঠালতলী ও ছোট মোকামিয়া ও জামুরা ও কলানিধি ব তাং রামসুন্দর দাস ও রাম কিশোর সেন ও জয়চন্দ্র সেন	৩৭১ ।৪৫৷৯৮	২৬২৲	৩ ।৶১	২৬৫ ।৶১	৫২৪৲	
৫৩	১৭৯	পং ঐ কিঃ মুষল মৌৎ মুৎ রামদুর্লভ সেন	১৬৮/৪	১৮৮৲	১৸৶৩	১৯৸৶৩	৩৭৬৲	
৫৫	১৮৪	পং ঐ কিঃ রাজনগর নীলাম খরীদ তালুক রামনিধি চক্রবর্ত্তী	১২ ।২৷৯০	১৩৲	৶০	১৩৶০	২৬৲	
৫৯	১৯১	পং ঐ কিঃ জিমবুনীয়া সাবেক মুদাফত হরেকৃষ্ণ গুহ সদর হাওলা মুৎ শুকসিংহ	৩৯/৩৷৯২ ॥	৩০৲	।১০	৩০ ।১০	৬০৲	
৬০	১৯৫	পং ঐ কিঃ ভরতকাটী মুৎ গোকুলচন্দ্র সেন	৬৸২	৪৲	৫	৪৷৫	৮৲	
৬৩	১৯৯	পং ঐ কিঃ কৃষ্ণকালী মুৎ কেশব খাঁ	৪৭ ।১	২৮৲	।৶	২৮ ।৶	৫৬৲	
৭৪	২১৩	পং ঐ কিঃ হাটমেন্দী গএ জিঃ রাধাকৃষ্ণ দাস ও শিবচন্দ্র দাস	২১॥৪৷৯ ।	২৯৲	।১০	২৯ ।১০	৫৮৲	
৭৯	২১৯	পং ঐ কিঃ দমাওরকাটী মুদাফত আছবি মল্লীক	৬১৸২৷৯৫	৬৪৲	॥৶৩	৬৪ ॥৶৩	১২৮৲	
৮৫	২৩৫	পং ঐ কিঃ হাট ছোপ-ঘানী	৪২ ॥৩৷৮	৩০৲	।৶	৩০ ।৶	৬০৲	
৩৩	১৩২	পং ঐ কিঃ হাটবধিয়া মুদাফত কাজল খাঁ উক্ত ১৪০৬ নং অন্তঃপাতি পুরাতন নিমক তাকাল	৫ ।৩	১৲	০	১৲	১০৲	
২৩	৩	পং ঐ কিঃ মেন্দীগঞ্জের নিমক তাকানবাড়ী	১৫৸৪	১২৲	/১১	১২/১১	২৪৲	
২৪	৪	পং ঐ কিঃ শ্রীজাগপুর নিমক তাকানবাড়ী	৭ ।১৷৯০	৮৲	৶০	৮৶০	১৬৲	
২৮	৮	পং ঐ কিঃ শ্যামজীর খালের উত্তর পাড়ার নিমক তাকানবাড়ী	৯ ॥১৷৯২	১৬৲	৶০	১৬৶০	৩২৲	
১০০	১১	পং ঐ কিঃ কালফী ওটে-ঙ্গরা খানীর নিমক তাকান বাড়ী	৫/৪	২৲	/০	২/০	৪৲	
১০৮	২০	পং ঐ কিঃ আমড়াগাছী য়ার নিমক তাকান বাড়ী	৪৲৷৯৫	২৲	/০	২/০	৪৲	
১১২	২৫	পং ঐ কিঃ বেহারি পু-রের নিমক তাকানবাড়ী	৪৭/২৷৯০	২৬৲	।/০	২৬ ।/০	৫২৲	

COLLECTOR OF BACKERGUNGE.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিদের ইশ্‌তিহার

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধচন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজ ও উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

[*Government Gazette, 9th December, 1802.*]

ZEMINDARY NOTICE.

To be let out in Putnee, the Property of the late Owen John Elias, Esquire, that well known and desirable Zemindary 10 Annas Share of Pergunnah Sautsoyka in Zillah East Burdwan, consisting of two Turruffs. The Turruff Mahomedpore, and Turruff Digparrah. The former containing 86 Mouzahs and Mehals and 23 Kismuts, and the latter containing 40 Mouzahs and Mehals and 13 Kismuts. For further particulars, apply to the Executrix, Mrs. Elias, No. 43, Park Street, Calcutta.

জমীদারী।

পত্তনী দেওয়া যাইবেক।

বিখ্যাত ভূম্যধিকারী মৃত ৺ওয়ান্‌জান্ এলিয়াস সাহেবের বিপুল লভ্য জনক ও বহু মূল্যবান জমীদারী জিলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের সামিল সাতসৈকা পরগণার রকম (৷৷৵০) দশ আনীর সমুদায় মৌজা মহাল ও কিসমৎ (অর্থাৎ [৷৵০] ছয় আনী তরফ মামুদপুরের ৮৬ মৌজা ও ২৩ কিস্মৎ, এবং [৷০] চারি আনী তরফ দীর্ঘ পাড়ার ৪০ মৌজা ও ১৩ কিস্মৎ) পত্তনী দেওয়া যাইবেক। গ্রহণেচ্ছুকগণ সহর কলিকাতার চৌরঙ্গীর পার্ক ষ্ট্রীটের ৪৩ নং ভবনে আমার নিকট তত্ত্ব করিলে বিশেষ বিবরণ জানিতে পারিবেন।

শ্রীমত্যা বারবারা ওয়ান্‌জান্ এলিয়াস সাহেবা।

উক্ত ইষ্টাটের এক্‌জিকুট্রীক্স।

স্থাবরাস্থাবর সম্পত্তিসংক্রান্ত কারবার ও বিচারের নিয়মবোধক বিচার পদ্ধতির বিজ্ঞাপন।

যে ব্যবস্থা ও বিচারের নিয়মঘটিত ইংরাজি পুস্তকের বর্ণনা ১৮৫৪ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ২০ পৃষ্ঠায় ১৮৫৩ সালের ২০ নবেম্বর তারিখের সরক্যুলর অর্ডরে ও ১৮৫৫ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৩৪ পৃষ্ঠায় উক্ত সনের ১৯ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরে মুদ্রিত হইয়াছে ও যাহা বি এল পরীক্ষোত্তীর্ণদিগের শিক্ষা করিতে হয় এবং যাহা মুন্‌সেফি ও ওকালতি পরীক্ষার্থে অবধারণ হইয়াছে ও সর্ব্ব প্রধান আদালতে ব্যবহার আছে সেই ইংরাজি পুস্তক হইতে অনুবাদ করিয়া "বিচারপদ্ধতি" নামা পুস্তক প্রস্তুত ও মুদ্রিত করা গিয়াছে যে মহাশয়ের উক্ত পুস্তক ক্রয় করার অভিপ্রায় হয় আমার নিকট নীচের লিখিত মূল্যসহ পত্র লিখিলে পুস্তক প্রেরণ করা যাইবেক প্রতি পুস্তকের মূল্য ১৲ এক টাকামাত্র এই পুস্তক বিচারক ও উকিল ও মোক্তার ও ভূম্যধিকারি প্রভৃতিরও প্রয়োজনীয় বটে।

শ্রীদুর্গাকান্ত চক্রবর্ত্তী।

ঢাকা বাঙ্গলাবাজার ৺ বাবু হরিশ্চন্দ্র বসু ডিপুটী কালেক্টর মহাশয়ের বাটীতে।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইনসকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারীও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরের গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২৲ টাকামাত্র

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মূল্য ... ... ২৲ দু০ টাকামাত্র

ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন ... ... ॥০ আনামাত্র

১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵০ আনামাত্র

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৯ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1220. ১২২০)

(২৫৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 16, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ১৬ ডিসেম্বর।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE.

A Bill to consolidate and amend the Laws relating to the administration of the Department of Sea Customs in India.

[Continued from page 933.]

[Form of application for removal of goods. Twenty-four hours' notice to be given.]

XCII. Applications to remove goods from any warehouse shall be made in the form marked D annexed to this Act, or in such other form as the Chief Customs Authority of the Presidency or place may from time to time prescribe. Twenty-four hours' notice shall ordinarily be given to the Officer in charge of the Custom House, or to the warehouse-keeper, of an intention so to remove such goods.

[Penalty if goods taken out of warehouse without entry.]

XCIII. If any goods shall be taken out of any warehouse without due entry of the same with the proper Officer of Customs, the bonder shall forthwith pay the Duties due upon such goods, and every person who shall so take out any goods without payment of Duty, or who shall aid, assist, or be concerned therein, shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees. If the person so offending be an Officer of Customs not acting in execution of his duty, and be prosecuted to conviction by the importer, owner, or consignee of such goods, no Duty shall be payable for or in respect of such goods, and the damage so occasioned by such Officer shall, with the sanction of the Chief Customs Authority of the Presidency or place, be repaid to such importer, owner, or consignee.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব।

ভারতবর্ষে সমুদ্রদ্বারা আমদানী ও রপ্তানী করা দ্রব্যের উপর মামুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের মুসাবিদা।

[৯৩১ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

[মাল স্থানান্তর করিবার দরখাস্ত লিখিবার পাঠের ও চল্লিশঘণ্টা থাকিতে সম্বাদ দিবার কথা।]

৯২ ধারা। কোন গুদামহইতে মাল স্থানান্তর করিবার দরখাস্ত এই আইনের শেষভাগের D চিহ্নিত পাঠে, কিম্বা প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লিখিতে হইবেক। ও সামান্যতঃ ঐ মাল স্থানান্তর করিবার মনস্থের সম্বাদ চল্লিশ ঘণ্টাপূর্ব্বে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে কিম্বা গুদামরক্ষককে দিতে হইবেক ইতি।

[এণ্টর না হইয়া গুদামহইতে মাল বাহির হইলে দণ্ডের কথা।]

৯৩ ধারা। কষ্টমের উপযুক্ত কার্য্যকারক সাহেবের নিকটে উপযুক্তরূপে এণ্টর না হইয়া যদি কোন গুদামহইতে কোন মাল বাহির করিয়া লওয়া যায়, তবে ঐ মালের উপর যে মামুল লাগে তাহা একরারকারক তৎক্ষণাৎ দিবেন, ও যে কোন ব্যক্তি মামুল না দিয়া তদ্রূপ মাল বাহির করিয়া লন, কি লইতে সহায়তা কি সাহায্য করেন কি তাহাতে সংশ্লিষ্ট হন সেই ব্যক্তির তদ্রূপ প্রত্যেক স্থলে এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইবে। যদি কষ্টমের কার্য্যকারক আপন কর্ত্তব্য কর্ম্ম না করণ কালে তদ্রূপ অপরাধী হন, ও মালের আমদানীকারক কি স্বামী কি কানসাইনী যদি তাঁহার নামে নালিশ করিয়া তাঁহার দোষের প্রমাণ করণপর্য্যন্ত মোকদ্দমা চালান, তবে ঐ মালের উপর কি তৎসম্পর্কে কোন মামুল দিতে হইবেক না। ও ঐ কার্য্যকারকের দ্বারা তদ্রূপ যে ক্ষতি হয়, প্রসীডেন্সীর কি স্থান বিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের অনুমতিক্রমে ঐ আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর সেই ক্ষতি পূরণ করা যাইবেক ইতি।

[Expenses of carriage, packing, &c., to be borne by the owners, and to be realized as Customs Duties. Bill for rent to be sent in monthly, and if not paid in ten days, goods may be sold in satisfaction.]

XCIV. The expenses of carriage, packing, and stowage of goods on their reception into or removal from a warehouse shall, if paid by the Officer in charge of the Custom House, or by the warehouse-keeper, be chargeable on the goods, and be defrayed by the importer, owner, or consignee in like manner as the Customs Duties, before the goods are removed. If the goods be lodged in a public warehouse, the importer, owner, or consignee shall further pay monthly, on receiving a bill or written demand for the same from the warehouse-keeper, the rent and warehouse dues. If any bill for rent or warehouse dues be not discharged within ten days from the date of presentation, the Officer in charge of the Custom House shall have power, in liquidation of his demand (any private transfer or assignment of the goods notwithstanding), to cause to be sold by public auction, after due notice in the *Official Gazette*, such sufficient portion of the goods as he may select.

[Officer in charge of Custom House to have power to proceed against goods or under the bond at his option; and to detain goods and sell after ten days, if the demand be not paid. Proceeds of sale to be written off on the bond, and surplus paid over to the owner of the goods. No transfer to bar this process.]

XCV. If any importer, owner, or consignee shall omit to pay any Duty or penalty that shall fall due on account of goods warehoused under this Act, it shall be lawful for the Officer in charge of the Custom House either to proceed upon the bond executed by such importer, owner, or consignee, or to cause such portion as to him shall seem fit of the warehoused goods, on account of which the Duty or penalty is demanded, to be detained in satisfaction thereof, and if the demand be not discharged within ten days from the date of such detention (due notice thereof being given to the importer, owner, or consignee), the goods so detained shall be liable to be sold by public auction in satisfaction of the demand after due notice in the *Official Gazette*. The proceeds of any sale so made of goods so detained, shall be written off upon the bond in discharge thereof to the amount received, less the charges of the sale; and if any surplus be obtained from such sale beyond the amount demanded, such surplus shall be paid over to the importer, owner, or consignee of the goods. No transfer or assignment of goods shall prevent the Officer in charge of the Custom House from proceeding against such goods in the manner above provided for any demand of Customs Duties or penalty claimed thereon.

[Goods may be removed from one warehouse to another, application being made according to prescribed form.]

XCVI. Any importer, owner, or consignee of

[বহনী ও বন্ধা-জন প্রভৃতির খরচ আমিরদের দিতে হইবার ও কষ্টমের মাসুলের ন্যায় আদায় হইবার কথা। ভাড়ার বিল মাসের দিবার ও দশ দিনের মধ্যে ভাড়া না দেওয়া গেলে মাল বিক্রয়ের কথা।]

৯৪ ধারা। মাল কোন গুদামে গ্রাহ্য করণ কিম্বা গুদামহইতে স্থানান্তরকরণ সময়ে, তাহার বহনীর ও বন্ধা বান্ধিবার ও সাজাইয়া রাখিবার খরচ যদি কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কি গুদামরক্ষক দেন, তবে সেই খরচ ঐ মালের উপর বসান যাইবে ও আমদানীকারক কি স্বামী কি কানসাইনী মাল স্থানান্তর করিবার পূর্ব্বে কষ্টমের মাসুলের ন্যায় সেই খরচ দিবেন। যদি সেই মাল সরকারী গুদামে রাখা যায়, তবে ঐ আমদানীকারক কি স্বামী কি কানসাইনী গুদামরক্ষকের স্থানে বিল কি লিখিত দাবীপত্র পাইলে মা সে২ ভাড়া ও গুদামের প্রাপ্য দিবেন। ভাড়ার কি গুদামের জন্যে প্রাপ্য টাকার ঐ বিল দেখাইবার পর দশ দিনের মধ্যে যদি ঐ টাকা না দেওয়া যায়, তবে সেই মাল হস্তান্তর করণের প্রতিজ্ঞা হইলেও কি বরাতক্রমে অন্য ব্যক্তিকে দেওয়া গেলেও কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব তাহার যত দ্রব্যেতে দাওয়ার পরিশোধ হইতে পারে তত দ্রব্যের নীলাম হইবার উপযুক্ত সম্বাদ সরকারী গেজেটে প্রকাশ করিয়া, তাহা নীলাম করিয়া ঐ দাওয়ার টাকা লইতে পারিবেন ইতি।

[কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের স্বেচ্ছামতে ঐ মালের উপর কিম্বা একরারনামার বলে টাকা আদায় করিতে পারিবার কথা, ও দাওয়ার টাকা দেওয়া না গেলে ঐ মাল আটক করিয়া দশ দিনের পর বিক্রয় করিবার কথা। ও বিক্রয়োৎপন্ন টাকা একরারনামার লিখিত টাকাহইতে বাদ দিয়া অবশিষ্ট টাকা মালের স্বামিকে দিবার কথা। সম্পত্তি হস্তান্তর হইলেও ঐ কার্য্যের বাধা না হইবার কথা।]

৯৫ ধারা। এই আইনমতে গুদামজাৎ করা মালের উপর কিছু মাসুল কি দণ্ডের টাকা দিতে হইলে যদি আমদানীকারক কি স্বামী কি কানসাইনী ঐ টাকা না দেন, তবে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব, হয়, আমদানীকারকের কি স্বামির কি কানসাইনীর লিখিত একরারনামামতে কার্য্য করিবেন, অথবা গুদামজাৎ যে মালের জন্যে ঐ মাসুলের কি দণ্ডের টাকা দিতে হয় তাহার যে অংশ উপযুক্ত বোধ করেন সেই অংশ ঐ টাকার পরিশোধার্থে আটক করিয়া রাখিতে পারিবেন। ও সেই আটক করিবার তারিখঅবধি দশ দিনের মধ্যে যদি সেই দাওয়ার পরিশোধ না হয়, তবে আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে উপযুক্ত সম্বাদ দেওয়া গেলে পর ও উপযুক্ত বিজ্ঞাপন সরকারী গেজেটে প্রকাশ হইলে পর ঐ আটক করা মাল ঐ দাওয়ার পরিশোধে নীলাম হইতে পারিবেক। ও আটক করা সেই মাল তদ্রূপ নীলাম হইয়া যে টাকা পাওয়া যায়, তাহাহইতে নীলামের খরচ বাদে অবশিষ্ট টাকা ঐ একরারমতের প্রাপ্ত বলিয়া জমা হইবে। যদি ঐ নীলামের দ্বারা ঐ দাওয়ার টাকার অধিক পাওয়া যায়, তবে সেই উদ্বৃত্ত টাকা ঐ মালের আমদানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে দেওয়া যাইবে। ও সেই মাল হস্তান্তর হইলেও কি বরাৎ করিয়া দেওয়া গেলেও মালের উপর কষ্টমের কোন মাসুল কি দণ্ডের টাকা প্রাপণার্থে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের ঐ মাল লইয়া পূর্ব্বোক্ত বিধানক্রমে কার্য্য করিবার বাধা হইবেক না ইতি।

[নির্দ্দিষ্ট পাঠে দরখাস্ত করিলে মাল এক গুদামহইতে অন্য গুদামে লওয়া যাইবার কথা।]

৯৬ ধারা। এই আইনমতে যে মাল গুদামজাত করা

goods warehoused under this Act, or any agent of such importer, owner, or consignee, may, with the permission of the Chief Officer of Customs of the Port, and on such conditions and with such security as the Chief Customs Authority of the Presidency or place shall direct, remove goods from one public or private warehouse to another warehouse in the same Port. When any person shall desire so to remove any goods, he shall make application in the form marked E annexed to this Act, or in such other form as the Chief Customs Authority shall from time to time prescribe.

[Bonded goods may be removed from one Port to another.]

XCVII. Goods warehoused under this Act at any Port or place in British India may in like manner be removed by sea or by inland carriage in order to be re-warehoused at any other Port or place in British India in which the like kind of goods may lawfully be warehoused on importation. Such goods may also again be removed (when required) to any other such Port to be there again re-warehoused. When any person shall desire so to remove any goods, he shall make application to the Chief Officer of Customs of the Port at which they are warehoused, stating the particulars of the goods to be removed, the name of the Port to which it is intended that they shall be removed, together with such other information and in such manner and form as the Chief Customs Authority of the Presidency or place shall from time to time prescribe.

[Officers at Port of removal to transmit account of goods to Officers at Port of destination.]

XCVIII. When permission is granted for the removal of any goods from one warehousing Port to another under the last preceding Section, an account containing the particulars thereof shall be transmitted by the proper Officer of the Port of removal to the proper Officer of the Port of destination, and the person requiring the removal shall enter into a bond, with one sufficient surety, in a sum equal at least to the Duty chargeable on such goods, for the due arrival and warehousing thereof at the Port of destination, within such time as the Chief Customs Authority of the Presidency or place shall direct. Such bond may be taken by the proper Officer, either of the Port or place of removal, or of the Port or place of destination, as shall best suit the residence or convenience of the persons interested in such removal. If such bond shall be taken at the Port or place of destination, a certificate thereof, signed by the proper Officer of such Port, shall, at the time of the entering of such goods, be produced to the proper Officer of the Port of removal, and such bond shall not be discharged unless such good shall be produced to the proper Officer, and duly re-warehoused at the Port of destination, within the time allowed for such removal or shall

যায় তাহার কোন আমদানীকারক কি স্বামী কি কারসাইনী, কিম্বা আমদানীকারকের কি স্বামির কি কারসাইনীর কোন এজেণ্ট বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের অনুমতিক্রমে ও প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের আজ্ঞামতের নিয়ম ও জামিনীক্রমে আপনারদের মাল ঐ বন্দরের সরকারী কি সাধারণ লোকেরদের এক গুদামহইতে অন্য গুদামে লইয়া যাইতে পারিবেন। যখন সেইরূপে কোন ব্যক্তি মাল লইয়া যাইতে চাহেন, তখন এই আইনের পশ্চাৎ লিখিত E চিহ্নিত পাঠে কিম্বা কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করিবেন সেই পাঠে দরখাস্ত করিবেন ইতি।

[একরারনামামতে বদ্ধ মাল এক বন্দরহইতে অন্য বন্দরে লইয়া যাইবার কথা।]

৯৭ ধারা। এই আইনমতে যে কোন মাল ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে গুদামজাৎ করা যায়, ব্রিটনীয় ভারতবর্ষের অন্য যে কোন বন্দরে তদ্রূপ মাল ন্যায্যমতে আমদানী হইলে গুদামজাৎ করা যাইতেপারে সেই বন্দরে তাহা পুনরায় গুদামজাৎ করিবার জন্যে সমুদ্র পথে কি গাড়িপ্রভৃতি দ্বারা স্থানান্তর করা যাইতে পারিবে। ও ঐ মাল প্রয়োজনমতে পুনর্ব্বার অন্য গুদামজাৎ হইবার জন্যে স্থানান্তর করা যাইতে পারিবে। যখন কোন ব্যক্তি কোন মাল তদ্রূপে স্থানান্তর করিতে চাহেন, তখন যে বন্দরে মাল গুদামজাৎ হইয়াছে তাহার কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের নিকটে দরখাস্ত করিয়া যে মাল যে বন্দরে স্থানান্তর করিবার অভিপ্রায় থাকে, সেই মালের বৃত্তান্ত ও সেই বন্দরের নাম ও প্রসীডেন্সীর কি স্থান বিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে সম্বাদ ও যে ধারা ও যে পাঠ নির্দ্দিষ্ট করেন তাহা সেই ধারামতে ও সেই পাঠে লিখিবেন ইতি।

[ঐ মাল যে বন্দরে যাইবে সেই বন্দরের কার্য্যকারকেরদের নিকটে যে বন্দরহইতে মাল স্থানান্তর করা যায় সেই বন্দরের কার্য্যকারকেরদের মালের বৃত্তান্ত পাঠাইবার কথা।]

৯৮ ধারা। পূর্ব্বধারামতে যখন গুদামজাৎ করণের এক বন্দরহইতে অন্য বন্দরে মাল স্থানান্তর হইবার অনুমতি হয় তখন যে বন্দরহইতে মাল চালান হইবে সেই বন্দরের উপযুক্ত কর্ম্মকারক ঐ লক্ষিত বন্দরের উপযুক্ত কার্য্যকারকের নিকটে ঐ মালের বেওরাযুক্ত তফসীল পাঠাইবেন। ও যে ব্যক্তি ঐ মাল স্থানান্তর হইবার প্রার্থনা করেন তিনি, প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব যত দিন নির্দ্ধার্য্য করেন, তত দিনের মধ্যে ঐ মাল লক্ষিত বন্দরে পঁহুছিবার ও গুদামজাৎ হইবার একরারনামা লিখিয়া দিবেন, ও সেই মালের উপর যত মাসুল লাগে অন্যূন তত টাকার তাইনে ঐ একরারনামা করিয়া উপযুক্ত এক জন জামিন দিবেন। ঐ মাল স্থানান্তর করণে যে ব্যক্তিরদের সম্পর্ক থাকে তাঁহারদের নিবাস কি সুবিধা বুঝিয়া, যে বন্দর কি স্থানহইতে ঐ মাল স্থানান্তর করা যাইবে, অথবা যে বন্দরে কি স্থানে লইয়া যাইবার অভিপ্রায় হয়, ইহার মধ্যে কোন বন্দরের কি স্থানের কষ্টমের উপযুক্ত কর্ম্মকারক সাহেব ঐ একরারনামা লইতে পারিবেন। যে বন্দরে কি স্থানে ঐ মাল চালান হইবে সেই বন্দরে কি স্থানে যদি একরারনামা লওয়া যায়, তবে ঐ মাল এণ্টর করিবার সময়ে ঐ একরারনামার সর্টিফিকট, ঐ বন্দরের উপযুক্ত কর্ম্মকারকের দ্বারা দস্তখৎ হইলে, মাল যে বন্দরহইতে স্থানান্তর করা যাইবে সেই বন্দরের উপযুক্ত কর্ম্মকারককে দর্শান যাইবে, ও সেই মাল স্থানান্তর করিবার নির্দ্ধারিত সময়ের মধ্যে

be otherwise accounted for to the satisfaction of such proper Officer; nor until the full Duties due upon any deficiency of such goods not so accounted for shall have been paid.

[Remover may enter into a general bond.]

XCIX. It shall be lawful for the Chief Customs Authority of any Presidency or place to permit any person desirous of removing warehoused goods to enter into a general bond, with such sureties, in such amount, and under such conditions, as such Chief Customs Authority shall approve, for the removal from time to time of any goods from one warehouse to another, either in the same or in a different Port, and for the due arrival and re-warehousing of such goods at the Port of destination, within such time as such Chief Customs Authority shall direct.

[Settlement of Duty on warehoused goods not to be delayed beyond three years.]

C. Provided that in no case shall the settlement of Duty on warehoused goods be delayed beyond three years from the date of the first warehousing of the goods in British India.

[Goods on arrival at Port of destination to be subject to same laws as goods on first importation.]

CI. Upon the arrival of such goods at the Port or place of destination, they shall be entered and warehoused in the same manner and under the laws and rules, in so far as such laws and rules can be made applicable, which regulate the entry and warehousing of goods on the first importation thereof.

[Goods brought into one Indian Port, but intended for another Indian Port may be trans-shipped without payment of Duty, on security being given.]

CII. When goods are brought in any vessel to any Port in British India and application is made to trans-ship such goods for removal to some other Port in British India, such trans-shipment shall be allowed without the payment of Duty at the Port of trans-shipment, provided that the person requiring such trans-shipment shall enter into a bond, with such security as may be required of him, in a sum equal to the Duty chargeable on such goods, for the due arrival and entry thereof at the Port of destination within such time as the Chief Officer of Custom of the Port shall direct. Such goods shall then be treated in all respects as warehoused goods, removed under the provisions of Section XCVII. of this Act. An Officer of Customs shall, in every case, be deputed to superintend the removal of such goods from vessel to vessel.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৬ ডিসেম্বর।]

যদি উপযুক্ত কার্য্যকারকের নিকটে উপস্থিত না করা যায় ও লক্ষিত বন্দরে পুনরায় গুদামজাৎ না করা যায় কিম্বা না করণের হেতু ঐ উপযুক্ত কর্ম্মকারকের সন্তোষমতে প্রকাশ না হয় কিম্বা যে মালের হিসাব উক্ত প্রকারে দেওয়া যায় নাই তাহার ন্যূন অংশের উপর যত মাসুল দেনা হয় তাহা না দেওয়া যায়, তবে ঐ একরারনামার ফারখতী হইবেক না ইতি।

[স্থানান্তরকারকের সাধারণ একরারনামা করিতে পারিবার কথা।]

৯৯ ধারা। যে কোন ব্যক্তি গুদামজাৎ করা মাল স্থানান্তর করিতে চাহেন, তাঁহাকে কোন প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব, কোন মাল সময়ে২ এক গুদামহইতে স্থানান্তর করিয়া সেই কি অন্য বন্দরের অন্য গুদামে গচ্ছিত করিবার, ও উক্ত সাহেব যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্য লক্ষিত বন্দরে মাল উপযুক্তমতে পঁহুছিবার ও গুদামজাৎ হইবার যত টাকার যে জামিন ও যে নিয়ম নির্দ্দিষ্ট করেন তত টাকার সেই জামীনে ও সেই নিয়মক্রমে সাধারণ একরারনামা করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[গুদামজাৎ করা মালের উপর মাসুল নির্দ্ধার্য্য করণের কার্য্য তিন বৎসরের অধিক কাল বিলম্ব না হইবার কথা।]

১০০ ধারা। পরন্তু কোন মাল যে তারিখে ব্রিটনীয় ভারতবর্ষে গুদামজাৎ করা যায়, সেই তারিখ অবধি ঐ গুদামজাৎ মালের উপর মাসুল নির্দ্ধার্য্য করণের তিন বৎসরের অধিক বিলম্ব কখন হইবেক না ইতি।

[প্রথমে আমদানী হইলে মালের উপর যে বিধান খাটে লক্ষিত বন্দরে পঁহুছিলে সেই বিধান খাটিবার কথা।]

১০১ ধারা। কোন মাল প্রথমে আমদানী হইলে তাহা যেরূপে ও যে২ আইন ও বিধিমতে এণ্টর ও গুদামজাৎ হয় পূর্ব্বোক্ত মালের উপর ঐ২ আইন ও বিধি যে পর্য্যন্ত খাটিতে পারে সেই পর্য্যন্ত খাটিবে, ও তাহা লক্ষিত বন্দরে কি স্থানে পঁহুছিলে ঐ রূপে এণ্টর হইবে ও গুদামজাৎ করা যাইবে ইতি।

[কোন মাল ভারতবর্ষের এক বন্দরে আনীত হইলেও অন্য বন্দরে আমদানী করিবার অভিপ্রায় থাকিলে তাহার জামিন লইয়া মাসুলবিনা অন্য জাহাজে চালান করিবার কথা।]

১০২ ধারা। কোন মাল ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কোন জাহাজে পঁহুছিলে, যদি সেই মাল ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন বন্দরে প্রেরণার্থে অন্য জাহাজে দিবার দরখাস্ত হয়, তবে সেই বন্দরের মাসুল না দিয়া তাহা অন্য জাহাজে তুলিয়া দিবার অনুমতি হইতে পারিবে। কিন্তু যে ব্যক্তি ঐ মাল অন্য জাহাজে তুলিয়া দিবার প্রার্থনা করেন, তিনি বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের নিরূপিত সময়ের মধ্যে ঐ মাল লক্ষিত বন্দরে উপযুক্তমতে পঁহুছিবার ও এণ্টর হইবার একরারনামা লিখিয়া দিবেন, অর্থাৎ সেই মালের উপর যত টাকা মাসুল লাগিতে পারে তত টাকার তাইদে যে প্রকারের জামিন দিবার হুকুম হয় সেই প্রকারের জামিনীক্রমে ঐ একরারনামা করিবেন। তাহা হইলে গুদামজাৎ যে মাল এই আইনের ৯৭ ধারার বিধানমতে স্থানান্তর করা যায় তাহার ন্যায় সর্ব্বতোভাবে জ্ঞান হইবে। সেই মাল এক জাহাজহইতে অন্য জাহাজে তুলিবার সময়ে তাহার তত্ত্বাবধারণ করিবার জন্যে কষ্টমের কোন এক কার্য্যকারক সর্ব্বদাই নিযুক্ত থাকিবেন ইতি।

[On arrival of goods at Port of destination, they may, after formal re-warehousing, be entered for exportation or home use on payment of Duties.]

CIII. If, on the arrival of goods so removed at the Port of destination, the person making the removal shall be desirous forthwith to export such goods or to pay Duty thereon for home use, without actually lodging the goods in the warehouse for which they had been entered, the Officers of Customs at such Port of destination may, after all the formalities of entering and examining such goods for re-warehousing have been duly performed, permit the goods to be entered and shipped for exportation, or to be entered and delivered for home use, upon payment of the Duties due thereon, in like manner as if such goods had been actually lodged in such warehouse. All goods so exported, or for which the Duties have been so paid, shall be deemed to have been duly cleared from the warehouse.

[Reserved Duty to be paid on the re-exportation of bonded goods.]

CIV. When any goods imported and warehoused as provided in this Act shall have been re-exported by Sea within the period during which such goods are by this Act permitted to continue in warehouse, and all charges or penalties which have been incurred on account of such goods shall have been paid, the bond executed at the time of lodging the goods in warehouse shall be deemed to have been discharged, and shall be cancelled accordingly.

[On goods being removed otherwise than for export, &c., full Duty to be paid.]

CV. If any goods warehoused as provided in this Act shall be removed or taken from the warehouse otherwise than for exportation by Sea, or if any goods shall not have been cleared from the warehouse and exported at the expiration of the time during which such goods are permitted by this Act to remain in warehouse, the Officer in charge of the Custom House shall demand the full amount of Import Duty which is chargeable on account of such goods, and all charges or penalties which have been incurred; and if the amount so claimed be not paid within ten days from the date of the demand, the Officer in charge of the Custom House shall have power to realize the same, either by putting the bond in suit, or, at his option, by causing the goods or any sufficient portion thereof, to be sold by public auction in satisfaction of the demand after due notice in the *Official Gazette*.

[Removal of goods to be noted on the bond, with particulars.]

CVI. When any goods warehoused as provided in this Act shall be removed from any public or private warehouse, the Officer in charge of the Custom House shall cause such removal to be noted on the back of the bond. Every note so made shall specify the quantity and description of

[মাল লক্ষিত বন্দরে পঁহুছিলে ধারামতে গুদাম হইয়া মাসুল দেওয়া গেলে পর রপ্তানী হইবার কিম্বা দেশে ব্যবহার হইবার জন্যে এণ্টর করিবার কথা।]

১০৩ ধারা। পূর্ব্বোক্তমতে স্থানান্তর করা মাল লক্ষিত বন্দরে পঁহুছিলে পর, যে ব্যক্তি তাহা স্থানান্তর করেন তিনি যে গুদামে এণ্টর হইবার জন্যে সেই মালের ছাড় দেওয়া গিয়াছিল সেই গুদামে তাহা না রাখিয়া যদি অগৌণে ঐ মাল রপ্তা করিতে কি দেশে ব্যবহার হইবার নিমিত্তে মাসুল দিতে চাহেন, তবে ঐ লক্ষিত বন্দরের কষ্টমের কার্য্যকারকেরা ঐ মাল পুনশ্চ গুদামজাৎ করিবার জন্যে এণ্টর ও দুষ্টীকরণপ্রভৃতি ধারামত সকল কর্ম্ম করিলে পর, উক্ত প্রকারে গুদামজাৎ হইবার মত তাহা রপ্তানী হইবার জন্যে এণ্টর হইবার ও জাহাজে তুলিয়া দিবার কিম্বা তাহার মাসুল দেওয়া গেলে পর দেশে ব্যবহার হইবার জন্য তাহা এণ্টর হইয়া সমর্পিত হইবার অনুমতি দিতে পারিবেন। ও যে সকল মাল উক্ত প্রকারে রপ্তানী হয় কি যাহার মাসুল উক্ত প্রকারে দেওয়া যায় তাহা গুদামহইতে উপযুক্তমতে বাহির হইয়াছে এমত জ্ঞান হইবেক ইতি।

[একরারনামাতে রক্ষিত মাল পুনরায় রপ্তানী হইলে তাহার উপর না দেওয়া মাসুল দিবার কথা।]

১০৪ ধারা। এই আইনের বিধানমতে আমদানী ও গুদামজাৎ হওয়া মাল এই আইনমতে যত কাল গুদামে রাখিবার অনুমতি হয়, সেই কালের মধ্যে যদি পুনরায় সমুদ্রপথে রপ্তানী হয়, ও ঐ মালের জন্যে যে মাসুল কি দণ্ড দিতে হইয়াছে তাহা সমুদয় দেওয়া যায়, তবে এ মাল গুদামে রাখিবার সময়ে যে একরারনামা হইয়াছিল তাহার ফারখৎ হইয়াছে জ্ঞান হইবেক ও তদনুসারে রহিত হইবে ইতি।

[কোন মাল রপ্তানী করণপ্রভৃতি ভিন্ন অন্য কারণে স্থানান্তর করা গেলে তাহার সম্পূর্ণ মাসুল দিবার কথা।]

১০৫ ধারা। এই আইনের বিধানমতে গুদামজাৎ করা মাল, যদি সমুদ্রপথে রপ্তানী হইবার কারণভিন্ন অন্য কারণে গুদামহইতে স্থানান্তর করা যায়, কি বাহির করিয়া লওয়া যায়, অথবা এই আইনক্রমে ঐ মাল যত কাল গুদামে রাখিতে অনুমতি হয় সেই কাল অতীত হইলে পর যদি তাহা গুদামহইতে বাহির করিয়া লইয়া রপ্তানী না হয়, তবে তাহার উপর আমদানীর যত মাসুল লাগে ও যে কিছু খরচ ও অর্থদণ্ড দিতে হয় তাহা সমুদয় কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব দাওয়া করিবেন, ও উক্তরূপের দাওয়া করা টাকা যদি দাওয়া করণের তারিখ অবধি দশ দিনের মধ্যে না দেওয়া যায়, তবে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব আপনার বিবেচনামতে সেই একরারনামার উপর মোকদ্দমা করিয়া, অথবা ঐ দাওয়ার পরিশোধে ঐ মাল কি তাহার উপযুক্ত অংশ সরকারী গেজেটে উপযুক্তমতে বিজ্ঞাপন দিয়া নীলাম করিয়া ঐ দাওয়ার টাকা আদায় করিতে পারিবেন ইতি।

[মাল স্থানান্তর করা গেলে সেই কথা বেওরা সমেত একরারনামায় লিখিবার কথা।]

১০৬ ধারা। এই আইনমতে গুদামজাৎ কোন মাল যখন সরকারী কি সাধারণ ব্যক্তিদের কোন গুদামহইতে স্থানান্তর করা যায়, তখন কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই স্থানান্তর হওয়ার মন্তব্য কথা ঐ একরারনামার পৃষ্ঠে লেখাইবেন। সেই মন্তব্য কথায় এই২ বিষয় নির্দ্দিষ্ট থাকিবে, অর্থাৎ

goods removed, the purposes for which they have been removed, the date of removal, the name of the person removing them, the number and date of the Export Pass under which they have been taken away, if removed for exportation by Sea, or of the Import Pass or order, if removed for home consumption, and the amount of Duty paid.

[A register of bonds to be kept. When the bonds are to be cancelled and returned to the obligee.]

CVII. A register shall be kept of all bonds entered into for Customs Duties on goods warehoused as provided in this Act, and entry shall be made in such register of all particulars specified in the last preceding Section. When the register shall show that the entire quantity of the goods covered by any bond has been withdrawn from warehouse, either owing to the goods being passed for home consumption on the payment of Duties, or owing to their re-exportation by Sea, it shall be competent to, and shall be the duty of, the Officer in charge of the Custom House, to cancel such bond as discharged in full, and to deliver it so cancelled to the person who shall have executed or who shall be authorized to receive it.

যত ও যে প্রকারের মাল স্থানান্তর করা যায় ও যে কারণে ও যে তারিখে স্থানান্তর হয়, ও যিনি স্থানান্তর করেন তাঁহার নাম, ও যদি সমুদ্রপথে রপ্তানী হইবার জন্যে স্থানান্তর করা যায়, তবে রপ্তানীর যে পাসক্রমে তাহা বাহির করিয়া লওয়া যায় তাহার নম্বর ও তারিখ, কিম্বা যদি দেশে ব্যবহার হইবার জন্যে লওয়া যায়, তবে আমদানীর পাস কি হুকুমের নম্বর ও তারিখ, ও যত মাসুল দেওয়া গেল তাহা ইতি।

[একরারনামার রেজিষ্টর রাখিবার কথা। ও যে সময়ে ঐ একরারনামা বাতিল হইয়া একরারকারিকে ফিরিয়া দেওয়া যাইবে তাহার কথা।]

১০৭ ধারা। এই আইনমতে গুদামজাৎ মালের উপর কষ্টমের মাসুলের জন্যে যে সকল একরারনামা করা যায় তাহার রেজিষ্টর রাখিতে হইবেক। ও ঐ একরারনামার পৃষ্ঠে মন্তব্য কথার যে বৃত্তান্ত লিখিবার আদেশ ইহার পূর্ব্বের ধারাতে হইয়াছে সেই সকল কথা উক্ত রেজিষ্টরে লিখিতে হইবে। ও যে সকল মাল একরারনামাক্রমে বন্ধ হইয়াছে তাহার মাসুল দিয়া দেশে ব্যবহারার্থে পাস হইয়া, কিম্বা সমুদ্রপথে পুনরায় রপ্তানী হইবার নিমিত্তে ঐ সমুদয় মাল গুদামহইতে বাহির করিয়া লওয়া গিয়াছে ইহা যখন রেজিষ্টরক্রমে দৃষ্ট হয়, তখন কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই একরারনামা সম্পূর্ণরূপে ফারুখৎ হইয়াছে বলিয়া তাহা বাতিল করিতে পারিবেন, ও যিনি ঐ একরারনামা করিয়াছিলেন, কিম্বা যিনি তাহা গ্রহণ করিতে ক্ষমতা পান তাঁহাকে তদ্রূপের ঐ বাতিল করা একরারনামা দিতে পারিবেন ও তাহা দেওয়া তাঁহার কর্ত্তব্যের মধ্যে হইবে ইতি।

[Provisions relating to private warehouses applicable to Bengal Bonded Warehouse Association.]

CVIII. All the provisions of this Act relating to private warehouses shall be applicable to all warehouses wherein the Bengal Bonded Warehouse Association shall receive bonded goods.

[সাধারণ লোকেরদের গুদাম সম্পর্কীয় বিধান বঙ্গদেশস্থ বণ্ডেড ওয়েরহৌস এসোসিএসনে খাটিবার কথা।]

১০৮ ধারা। সাধারণ লোকেরদের গুদাম সম্পর্কীয় এই আইনের সকল বিধান বেঙ্গল বণ্ডেড ওয়েরহৌস এসোসিএসন যে সকল গুদামে একরারকরা মাল গ্রহণ করিতে পারেন তাহার প্রতি খাটিবে ইতি।

EXPORTATION.

রপ্তানীর কথা।

[Permission for entry outwards to be obtained before export cargo is put on board.]

[রপ্তানীর মাল জাহাজে বোঝাই করিবার পূর্ব্বে ঐ জাহাজ বিদেশে গমনের নিমিত্তে এণ্টর হইবার অনুমতির কথা।]

CIX. No vessel shall be entitled to entry outwards, or to take on board any part of her export cargo, until a written application for such purpose shall have been made to the Officer in charge of the Custom House by the Master or Commander of such vessel, or by his authorized agent, nor until an order shall have been given thereon by such Officer for such entry or shipment of cargo. Every written application made under this Section shall specify the name, tonnage, and nation of the vessel, the name of the Master or Commander, and the name of every place for which cargo is to be shipped. If any goods be taken on board of any vessel at any Port in British India before she shall have been entered outwards at such Port, the Master or Commander of such vessel shall forfeit a sum not exceeding one thousand Rupees.

১০৯ ধারা। কোন জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব কি তাঁহার ক্ষমতাপ্রাপ্ত এজেণ্ট ঐ ভিন্ন দেশে গমন করিবার নিমিত্তে জাহাজে এণ্টর হইবার কিম্বা রপ্তানী করিবার দ্রব্য জাহাজে লইবার অনুমতির প্রার্থনা কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের নিকটে না করিলে, এবং ঐ কার্য্যকারক তদনুসারে আজ্ঞা না দিলে, ঐ জাহাজ তদ্রূপে এণ্টর করা যাইবে না ও তাহাতে মাল বোঝাই হইবে না। এই ধারাক্রমে যে প্রত্যেক লিখিত দরখাস্ত করিতে হইবে তাহার মধ্যে ঐ জাহাজের নাম, ও তাহাতে যত টন বোঝাই ধরে ও জাহাজ যে দেশের হয়, ও জাহাজের অধ্যক্ষের কি কাপ্তানের নাম, ও যে স্থানের নিমিত্তে মাল বোঝাই হয় সেই প্রত্যেক স্থানের নাম লিখিতে হইবে। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কোন জাহাজ বিদেশে যাইবার নিমিত্তে এণ্টর না হইয়া যদি সেই জাহাজে সেই বন্দরে মাল তোলা যায়, তবে ঐ জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের এক হাজার টাকাপর্য্যন্ত জরীমানা হইতে পারিবে ইতি।

[Period allowed for the shipment of export cargo.]

CX. A period of fifteen working days, or such further period as the Officer in charge of the Custom House shall direct, shall be allowed for the shipment of export cargo on board of every vessel. If the period occupied in such shipment be in excess of that allowed, the vessel shall be charged with the expense of the Officer of Customs at a rate not exceeding five Rupees per diem (Sundays and holidays excepted) for such excess period. Due allowance shall in such case be made for any period during which a vessel, after the completion of the discharge of import cargo, shall be laid up by the withdrawal of the Preventive Officer upon application from the Master or Commander. If the Master or Commander of any vessel so laid up shall, before application is made by him or his agent for a Custom House Officer to superintend the receipt of cargo, cause or suffer to be put on board of such vessel any goods whatever, such Master or Commander shall forfeit a sum not exceeding one thousand Rupees, and the goods, if protected by a pass, shall be liable to be relanded for examination at the expense of the vessel, and if not protected by a pass, shall be liable to confiscation.

[রপ্তানী হইবার মাল বোঝাই করিবার সময়ের অনুমতির কথা।]

১১০ ধারা। কর্ম্ম চলিবার পনের দিন, কিম্বা তদতিরিক্ত কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যত দিন আজ্ঞা করেন তত দিনের মধ্যে রপ্তানী হইবার মাল জাহাজে বোঝাই করিবার অনুমতি হইবেক। ও যত দিনের অনুমতি হয় তদপেক্ষা অধিক দিন যদি জাহাজে মাল বোঝাই করিতে লাগে, তবে রবিবার ও ছুটীর দিনভিন্ন সেই অধিক দিনের দিনপ্রতি কষ্টমের কার্য্যকারক সাহেবের খরচ পাঁচ টাকার অনধিক হিসাবে ঐ জাহাজের দিতে হইবে। এমত স্থলে আমদানীর মাল বাহির করিয়া দিলে পর অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের প্রার্থনামতে প্রিবেণ্টিব আফিসরের অনুপস্থানে ঐ জাহাজ যত দিন মেরামৎ প্রভৃতির জন্যে পড়িয়া থাকে তত দিন উপযুক্তমতে বাদ দেওয়া যাইবেক। সেইরূপে যে জাহাজের মেরামৎ-প্রভৃতি হয় তাহার অধ্যক্ষ কি কাপ্তান সাহেব কিম্বা তাঁহার এজেণ্ট মাল তুলিবার তত্ত্বাবধারণার্থে ঐ কষ্টম হৌসের কোন কার্য্যকারককে পাঠাইবার প্রার্থনা করিবার পূর্ব্বে যদি সেই অধ্যক্ষ কি কাপ্তান সাহেব কোন প্রকারের মাল সেই জাহাজে আনান কি আনাইতে দেন তবে তাঁহার এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক। এবং সেই মাল যদি ছাড় চিঠীর দ্বারা রক্ষিত হয় তবে দৃষ্টি হইবার জন্যে জাহাজের খরচে পুনরায় কিনারায় তুলিয়া দেওয়া যাইতে পারিবে, কিম্বা ছাড়চিঠীর দ্বারা রক্ষিত না হইলে জব্দ হইবার যোগ্য হইবেক ইতি।

[Goods not to be shipped except on proper days and places, nor until entry and clearance.]

CXI. Except with the written permission of the Officer in charge of the Custom House, no goods, with the exception of passengers' baggage, shall, on any Sunday, or on any holiday, or day on which the shipping of cargo is or shall be prohibited by the Chief Customs Authority of the Presidency or place, be shipped or waterborne to be shipped for exportation from any Port in British India; nor, except with such written permission, shall any goods be so shipped or waterborne to be shipped on any day except between such hours as the Chief Customs Authority shall from time to time appoint by public notice in the *Official Gazette*; nor from any place in any such Port except a wharf duly appointed for such purpose; nor without the presence of the proper Officer of Customs; nor before due entry outwards of the exporting vessel, and of the goods; nor before such goods shall have been duly cleared for shipment. Any person who shall cause or suffer any goods to be shipped or waterborne to be shipped contrary to any of the provisions of this Section shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees; and any goods so unauthorizedly removed for shipment, together with any vessel in which they are being so removed, shall be liable to confiscation.

[*Government Gazette*, 16*th December*, 1862.]

[উপযুক্ত দিনে ও স্থানে না হইলে ও এণ্টর ও চালান হইবার অনুমতি না হইলে জাহাজে মাল না তুলিবার কথা।]

১১১ ধারা। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের লিখিত অনুমতিভিন্ন, চড়নদারেরদের মালছাড়া অন্য কোন মাল কোন রবিবারে কি ছুটীর দিনে কিম্বা প্রশীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব যে দিনে মাল বোঝাই করিতে নিষেধ করিয়া থাকেন কি করেন সেই দিনে; ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দর কি স্থানহইতে রপ্তানী হইবার জন্যে জাহাজে তোলা যাইবে না কি নৌকায় করিয়া লওয়া যাইবে না। এবং উক্ত প্রকারের লিখিত অনুমতিভিন্ন কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ সরকারী গেজেটে বিজ্ঞাপন দিয়া যে২ ঘণ্টা নিরূপণ করেন কোন দিনে সেই২ ঘণ্টা ভিন্ন অন্য সময়ে, কিম্বা মাল জাহাজে তুলিয়া দিবার যে ঘাটা উপযুক্তরূপে নিরূপিত হয় তদ্ভিন্ন কোন বন্দরের অন্য কোন স্থানহইতে, কিম্বা কষ্টমের উপযুক্ত কর্ম্মকারকের অনুপস্থিত কালে কিম্বা জাহাজ বিদেশে লইবার নিমিত্তে মাল তুলিবার জন্যে ও ঐ মাল উপযুক্তরূপে এণ্টর না হইলে কিম্বা জাহাজে তুলিবার নিমিত্তে ঐ মালের উপযুক্ত অনুমতিপত্র না হইলে মাল জাহাজে তোলা যাইবে না কি তুলিবার নিমিত্তে নৌকা দ্বারা জাহাজে চালান হইবে না। যদি কোন ব্যক্তি এই ধারার বিধান অমান্য করিয়া কোন মাল জাহাজে আনায় কি তুলিবার জন্যে নৌকা করিয়া লয় কিম্বা জাহাজে তুলিতে কি নৌকায় করিয়া লইয়া যাইতে দেয়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাহার এক হাজার টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। ও তদ্রূপ বিনা হুকুমে যে কোন মাল জাহাজে তুলিবার নিমিত্তে লইয়া যায় তাহা ও যে জাহাজে ঐ মাল তোলা যায় তাহা সুদ্ধ জব্দ হইবার যোগ্য হইবেক ইতি।

[Penalty for obstructing Customs Officer in opening package and examining goods shipped.]

CXII. It shall be lawful for an Officer of Customs to open any package, and fully to examine any goods shipped or brought for shipment at any place in British India. Any person who shall obstruct an Officer of Customs in the discharge of his duty under this Section shall forfeit a sum not exceeding five hundred Rupees.

[বন্ধ খুলিবার কিম্বা জাহাজে বোঝাই করা মাল দুষ্টি করিবার সময়ে কষ্টমের কার্য্যকারককে বাধা দিবার দণ্ডের কথা।]

১১২ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে যে কোন বন্ধ কি মাল জাহাজে বোঝাই করা যায় কিম্বা বোঝাই করণার্থে আনীত হয়, সেই বন্ধ কষ্টমের কোন কার্য্যকারক খুলিতে ও সেই মাল সম্পূর্ণরূপে দুষ্টি করিতে পারিবেন। কষ্টমের কার্য্যকারকের এই ধারামতের কার্য্য নির্ব্বাহ করণকালে যদি কোন ব্যক্তি তাঁহার বাধা দেন তবে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[Officer in charge of Custom House to send Officers of Customs on board of any vessel clearing from his Port.]

CXIII. It shall be competent to the Officer in charge of the Custom House at any Port in British India at any time to send at his discretion one or more Officers of Customs on board of any vessel clearing from such Port. Every Officer of Customs so sent shall remain on board of such vessel by day and by night, until it shall be otherwise ordered by the Officer in charge of the Custom House. Provided that it shall be competent to the Officer in charge of the Custom House to direct whenever he may see fit so to do, and on such conditions as he may see fit to impose, that the shipment of cargo may take place without the presence of a Custom House Officer.

[বন্দরহইতে জাহাজের গমন করিবার অনুমতি হইলে তাহাতে কষ্টম হৌসেরকার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের কষ্টমের কার্য্যকারককে পাঠাইবার কথা।]

১১৩ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে কোন জাহাজের গমন কালে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব আপন ইচ্ছামতে কোন সময়ে কষ্টমের এক কি ততোধিক জন কর্ম্মকারককে সেই জাহাজে পাঠাইতে পারিবেন। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যত কাল প্রকারান্তরের আজ্ঞা না করেন তত কালপর্য্যন্ত ঐ প্রেরিত কষ্টমের কার্য্যকারক দিবারাত্রি ঐ জাহাজে থাকিবেন। পরন্তু তিনি যখন ও যে নিয়ম করা উপযুক্ত জ্ঞান করেন, তখন সেই নিয়মানুসারে কষ্টম হৌসের কার্য্যকারকের অনুপস্থিত কালেও জাহাজে মাল বোঝাই করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[On entry outwards bond-note to be given for the shipping and landing.]

CXIV. Before any warehoused goods, or goods subject to Duties of Excise, or goods entitled to drawback of Customs on exportation, or goods exportable only under particular rules or restrictions, shall be permitted to be exported, the exporter or his agent shall, if required so to do, deliver to the Officer in charge of the Custom House a bond-note or account of such goods, and shall give security by bond in such sum not exceeding twice the Duty leviable on such goods as the Officer in charge of the Custom House shall direct with one sufficient surety that such goods shall be duly shipped, exported, and landed at the place for which they are entered outwards, or shall be otherwise accounted for, to the satisfaction of such Officer. Such bond-note, when certified by the proper Officer of Customs, shall be the export entry for such goods.

[বিদেশে গমনার্থে এণ্টর হইলে মাল জাহাজে তুলিবার ও নাথাইবার একরারনামা দিবার কথা।]

১১৪ ধারা। কোন গুদামজাৎ করা মাল কি যাহার উপর একসাইসের মাসুল লাগে, অথবা রপ্তানী হইলে যাহার কিছু মাসুল ফিরিয়া পাওয়া যাইতে পারে কিম্বা কেবল বিশেষ বিধি কি নিষেধক্রমে যাহা রপ্তানী হইতে পারে এমত কোন মাল রপ্তানী হইবার অনুমতি প্রাপণের পূর্ব্বে, ঐ রপ্তানীকারকের কি তাহার এজেণ্টের নিকটে আজ্ঞা হইলে, তিনি কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে ঐ মালের বণ্ডনোট কি তফসীল দিবেন। ও সেই মাল উপযুক্তরূপে তোলা যাইবে ও রপ্তানী হইবে ও যে স্থানে পঁহুছিবার নিমিত্তে নিয়মিতরূপে এণ্টর হয় সেই স্থানে জাহাজহইতে নামান যাইবে, কিম্বা প্রকারান্তর হইলে তাহার বিবরণ ঐ কার্য্যকারকের সন্তোষমতে জ্ঞাত করা যাইবে, এই মর্ম্মের একরারনামা ঐ রপ্তানীকারকপ্রভৃতি লিখিয়া দিবেন অর্থাৎ সেই মাল আমদানী হইলে তাহার উপর যত টাকা মাসুল লাগে তাহার দ্বিগুণ টাকার ভাইনে ও উপযুক্ত এক জন জামিন দিয়া ঐ একরারনামা লিখিয়া দিবেন। ঐ বণ্ড নোটে যখন কষ্টমের উপযুক্ত কার্য্যকারক সার্টিফিকট লিখিয়া দেন তখন তাহা ঐ মালের রপ্তানীর এণ্টরী হইবে ইতি।

[Exporter to deliver shipping bill before shipping any goods.]

CXV. No goods shall be shipped or waterborne to be shipped for exportation, until the exporter or his agent shall have filled in and delivered to the Officer in charge of the Custom House, or other proper Officer, a shipping bill of such goods in the form marked F appended to this Act, or in such other form as may from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place.

[রপ্তানীকারকের কোন মাল জাহাজে তুলিবার পূর্ব্বে ঐ মালের ফর্দ্দ দিবার কথা।]

১১৫ ধারা। রপ্তানীকারক কি তাঁহার এজেণ্ট এই আইন সংক্রান্ত F চিহ্নিত পাঠে কিম্বা প্রদীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে মালের ফর্দ্দ লিখিয়া কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে কিম্বা অন্য উপযুক্ত কার্য্যকারককে না দিলে কোন মাল জাহাজে তোলা যাইবে না কিম্বা তুলিবার জন্যে নৌকায় করিয়া লওয়া যাইবে না ইতি।

[Boat-note.]

CXVI. When any goods shall be sent for the purpose of being shipped for exportation on board of any vessel, there shall be sent with each boat-load or other separate despatch a boat-note specifying the number of packages so sent and the marks and numbers or other description thereof. Each boat-note shall be signed by the proper Officer of Customs, and shall be delivered to the Officer of Customs who is on board of the vessel on which such goods are to be shipped, if any such Officer be on board. If no such Officer be on board, every such boat-note shall be delivered to the Master or Commander of the vessel, or to an Officer of the vessel appointed by such Master or Commander to receive it. Every person so receiving any such boat-note shall be bound, on pain of forfeiting a sum not exceeding five hundred Rupees to deliver it, when required so to do by any Officer of Customs authorized to make such requisition.

[No vessel to depart without a Port-clearance.]

CXVII. No vessel, whether laden, partially laden, or in ballast, shall depart from any Port in British India until a Port-clearance shall have been granted by the Officer in charge of the Custom House or other Officer duly authorized to grant the same. Every application for Port-clearance shall be made at least twenty-four hours before the intended departure of the vessel, and every Master or Commander of a vessel so applying for Port-clearance shall answer to the proper Officer of Customs such questions touching her departure and destination as shall be demanded of him. If any vessel shall depart or attempt to depart without a Port-clearance, the Master or Commander shall forfeit a sum not exceeding one thousand Rupees, which may be recovered from the Master or Commander or from the owner of the vessel.

[To be continued.]

[নৌকার চালানের কথা।]

১১৬ ধারা। যখন কোন মাল রপ্তানী হইবার নিমিত্তে কোন জাহাজে তুলিবার জন্যে প্রেরিত হয়, তখন নৌকা যত বার বোঝাই হইয়া যায় কি অন্য বার অন্য প্রকারে মাল পাঠান যায় তত বার তাহার সঙ্গে চালান পাঠাইতে হইবে, অর্থাৎ যত বস্তা দেওয়া যায় ও প্রত্যেক বস্তার যে চিহ্ন ও নম্বর কি অন্য দেওয়া থাকে তাহা ঐ চালানে লেখা থাকিবে। প্রত্যেক চালানে কষ্টমের উপযুক্ত কার্য্যকারক স্বাক্ষর করিবেন, ও যে জাহাজে ঐ মাল বোঝাই করিতে হইবে সেই জাহাজে যদি কষ্টমের উপযুক্ত কার্য্যকারক থাকেন তবে তাঁহাকে দিতে হইবেক। যদি তদ্রূপ কোন কার্য্যকারক জাহাজে না থাকেন তবে ঐ চালান জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেবকে, কিম্বা ঐ চালান গ্রহণ করিতে যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহাকে দেওয়া যাইবেক। উক্ত চালান যিনি লন, তাঁহার স্থানে তাহা দাওয়া করিতে ক্ষমতাপন্ন কষ্টমের কোন কার্য্যকারক দাওয়া করিলে তাঁহার দিতেই হইবে, না দিলে পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[বন্দরহইতে অনুমতিপত্র না পাইলে জাহাজের যাইতে না পারিবার কথা।]

১১৭ ধারা। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কিম্বা বন্দরহইতে জাহাজের যাইবার অনুমতিপত্র দিতে উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক কোন জাহাজের গমনের অনুমতিপত্র না দিলে, ঐ জাহাজ সম্পূর্ণ কি কদর বোঝাই হউক কিম্বা তাহাতে নিলমই থাকুক ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে গমন করিবে না। জাহাজ যে সময়ে প্রস্থান করিবে তাহার অতি ন্যূন চব্বিশ ঘণ্টা পূর্ব্বে ঐ অনুমতিপত্র প্রার্থনা করিতে হইবে, ও কোন জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব জাহাজের বন্দরহইতে প্রস্থান করিবার তদ্রূপ অনুমতিপত্র প্রার্থনা করিলে কষ্টমের উপযুক্ত কার্য্যকারক সাহেব জাহাজের প্রস্থান ও লক্ষিত স্থানের বিষয়ে তাঁহাকে যে২ কথা জিজ্ঞাসা করেন তাহার উত্তর তাঁহার দিতে হইবেক। যদি কোন জাহাজ গমন করণের অনুমতিপত্রবিনা গমন করে, কি যাইতে উদ্যোগ করে, তবে ঐ জাহাজাধ্যক্ষের, কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক, ও ঐ দণ্ডের টাকা জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের কি স্বামির স্থানে আদায় হইতে পারিবেক ইতি।

[ক্রমশঃ প্রকাশ্য।]

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

THE following Report of the Select Committee on the Bill for regulating Public Conveyances in the Town and Suburbs of Calcutta, with the Bill as revised by the Select Committee, is, by order of the President, published for general information:—

WE, the majority of the Select Committee on the Bill for regulating Public Conveyances in the Town and Suburbs of Calcutta, have the honor to submit our Report, annexing a copy of the Bill as revised by us. The Bill, as it now stands, is very different from the Bill as read in Council, for we have found it necessary to make many alterations and additions, and have in many respects

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব ডিপার্টমেণ্ট।

কলিকাতা নগরের ও শহরতলীর মধ্যে সাধারণ লোকেরদের গমনীয় গাড়ীপ্রভৃতির বিধান করণার্থে আইনের যে মুসাবিদা হইয়াছিল, তাহা বিবেচনা করণার্থ বিশেষ কমিটীর পশ্চাৎ লিখিত রিপোর্ট এবং তাঁহারদের ঐ আইনের সংশোধিত মুসাবিদা প্রণীতেণ্ট সাহেবের আজ্ঞাক্রমে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

কলিকাতা নগরের ও শহরতলীর মধ্যে সাধারণ লোকেরদের গমনীয় গাড়ীপ্রভৃতির বিধান করণার্থ আইনের মুসাবিদা বিবেচনা করিবার নিমিত্ত মনোনীত কমিটীর অধিকাংশ ব্যক্তি আমরা, আপনারদের রিপোর্ট ও তৎপশ্চাতে আপনারদের সংশোধিত এ মুসাবিদার নকল সম্ভ্রমপুরঃসর অর্পণ করিতেছি। ইহার কৌন্সেলে পঠিত ঐ মুসাবিদার সঙ্গে এইক্ষণকার অর্পিত এই মুসাবিদার অনেক বৈলক্ষণ্য হইয়াছে কারণ অনে-

assimilated the Bill to the Act for the Regulation of Hackney Carriages in London, most of the provisions of which, with a little modification, appear to be very suitable to the requirements of Calcutta.

In the Bill as read in Council there was a marked distinction between Carriages that were only to be "registered," and those which were required to be both "registered and licensed." The owners of Carriages which were only registered were to be permitted to fix their own rates of fare, a table of which they were required by the Bill to stick up in their premises. Only those Carriages which were both registered and licensed could be compelled to take a fare according to a scale fixed by Government, and no Carriages needed to be licensed as well as registered except those which stood for hire in streets on the public stands. It appears to us that the owners of the great majority of the Carriages let for hire in this Town would in such case keep their Carriages in their own Stables in order that they might be privileged to charge their own rates of fare, and if they did so the law would be practically perfectly useless. We have deemed it right to do away with the distinction between Carriages registered and licensed, and Carriages registered only, and to make, with certain exceptions which we shall proceed to notice, all Hackney Carriages at all reasonable times accept a fare when required so to do, and charge a uniform rate which we have laid down absolutely in the Bill.

We have divided Hackney Carriages into three classes, and each Carriage will be registered as belonging to one or other of these classes. Carriages of the First Class will be such only as belong to Coach Builders, Hotel-keepers, and Livery Stable-keepers. For Carriages of this class we have thought it undesirable to assign any fixed rate of fare. We think that in their case the matter may well be left to arrangement between the parties. The special reasons which make it necessary to fix the fare for Carriages of an inferior description do not apply with the like force to Carriages of the First Class, which will be very much fewer in number, will be much less frequently used, and will belong to owners whom there can never be any difficulty in finding out.

Carriages of the Second and Third Classes will in fact correspond more nearly with the English Hackney Cabs: and we have accordingly dealt with them as such so far as circumstances seem to admit. When these Carriages ply as Hackney Carriages, strictly so called, they will be allowed to charge only the fares prescribed in the Bill. But the Carriages, of an inferior kind, such as will for the most part compose the Third Class, very frequently ply less as Hackney Carriages than as

কাংশ পরিবর্ত্তন করা ও নূতন অনেক কথা দেওয়া আমারদের আবশ্যক বোধ হইল ও লণ্ডন নগরে ছকড়া গাড়ীর বিধানকরণার্থ যে আইন প্রচলিত আছে তাহার অনেক বিধান কিঞ্চিৎ মতান্তর হইলে কলিকাতা নগরের নিমিত্তে অতি উপযুক্ত হয় এমত বোধ হওয়াতে এই মুসাবিদার অনেকাংশ সেই আইনের তুল্য করিয়াছি।

কৌন্সেলে যে মুসাবিদা পূর্ব্বে পঠিত হইয়াছিল তাহাতে যে গাড়ীর কেবল রেজিষ্টর করিতে হয় ও যে গাড়ীর রেজিষ্টর করা এবং অনুমতিপত্র লওয়া উভয় কার্য্য করিতে হয়, এই দুই প্রকার গাড়ীর বৈলক্ষণ্য স্পষ্টরূপে নির্দ্দিষ্ট হইয়াছিল। যে গাড়ীর কেবল রেজিষ্টর করিবার বিধি ছিল, সেই গাড়ীর স্বামিরদিগকে আপনারদের ভাড়ার হার নিরূপণ করিতে অনুমতি ছিল, এবং সেই ভাড়ার ফর্দ্দ আপনারদের বাড়ীর মধ্যে টকাইয়া রাখিতে ঐ মুসাবিদাক্রমে আজ্ঞা হইয়াছিল। ও যে গাড়ীর রেজিষ্টর করিতে এবং অনুমতিপত্রও লইতে হয় কেবল সেই গাড়ীর ভাড়া গবর্ণমেণ্টের নিরূপিত হারানুসারে লইবার বিধি ছিল, এবং যে গাড়ী ভাড়া হইবার নিমিত্তে রাস্তার উপযুক্ত স্থানে দাঁড়াইয়া থাকে তদ্ভিন্ন অন্য কোন গাড়ীর অনুমতিপত্র লওয়া এবং রেজিষ্টর করা এই উভয় কার্য্যের প্রয়োজন ছিল না। তৎপ্রযুক্ত আমরা বোধ করিলাম যে এই নগরের মধ্যে যে সকল গাড়ীর ভাড়া হইয়া থাকে সেই গাড়ীর স্বামিরা আপনারদের নিরূপিত হারানুসারে ভাড়া লইতে পারে এই নিমিত্তে অধিকাংশ লোক আপনারদের গাড়ী আপনং আস্তাবলের মধ্যে রাখিবে, তাহা হইলে উক্ত আইন কার্য্যক্রমে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়। অতএব যে গাড়ীর রেজিষ্টর করা এবং অনুমতিপত্র লওয়া উভয় করিতে ও যে গাড়ীর কেবল রেজিষ্টর করিতে হয় তাহার বৈলক্ষণ্য রহিত করিয়া, ছকড়া কোন গাড়ী কোন কেহ যুক্তিমত কোন সময়ে ভাড়া করিতে চাহিলে তাহা ভাড়া দিতে হইবে ও এই মুসাবিদার স্পষ্টরূপে লিখিতমতে একি হারে ভাড়া লইতে হইবে এই বিধান করা উচিত বোধ হইয়াছে, কিন্তু বর্জ্জিত কোনং স্থলের নিয়মও করিলাম। তাহার বিশেষ এই।

ছকড়া গাড়ীর তিন শ্রেণী করিলাম, ইহার মধ্যে কোন এক শ্রেণীমতে প্রত্যেক গাড়ীর রেজিষ্টর করিতে হইবে। গাড়ী নির্ম্মাতারদের ও হোটেল রক্ষকেরদের ও আড়গড়াওয়ালারদের গাড়ী প্রথম শ্রেণীতে ধরা যাইবে, এই শ্রেণীর গাড়ীর ভাড়ার কোন হার নিরূপণ না করা ও সেই ভাড়া নিরূপণের কার্য্য ঐ ব্যক্তিরদের হস্তে রাখা উচিত বোধ হইল, ফলতঃ সেই প্রকারের গাড়ী অতি অল্প ও তাহার ব্যবহার অনেকবার হইবে না, ও সেই প্রকার গাড়ীর স্বামিরদের সন্ধান পাওয়া ক্লেশকর নহে, অতএব সামান্য প্রকারের অন্য গাড়ীর ভাড়া নিরূপণ করা বিশেষ যেং হেতুতে আবশ্যক হয় সেইং হেতু প্রথম শ্রেণীর গাড়ীর প্রতি তাদৃশ প্রবলরূপে বর্ত্তে না।

দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর গাড়ী ইংলণ্ডীয় ছকড়া গাড়ীর সঙ্গে প্রায় মিলে, অতএব বিষয় বুঝিয়া যেপর্য্যন্ত হয় সেইপর্য্যন্ত তদ্বিষয়ে ইংলণ্ডীয় গাড়ীর নিয়ম হইবার প্রস্তাব করিলাম। সেই গাড়ী যখন ইংলণ্ডীয় ছকড়া গাড়ীর ন্যায় গমনাগমন করে তখন মুসাবিদার নির্দ্দিষ্ট হারানুসারে ভাড়া লইবার অনুমতি হইবে। কিন্তু তদপেক্ষা অধম যে গাড়ী প্রায়ই তৃতীয় শ্রেণীর মধ্যে গণ্য হইবে তাহা দিনমানের ভাড়াটিয়া গাড়ীর মত প্রায় চলিবে না, বিশেষ স্থানে লোকেরদিগকে লইয়া যাইবার কিম্বা পথে যাইতেং লোকদিগকে তুলিয়া লইবার গা-

Stage Carriages or Omnibuses. For a Stage Carriage or Omnibus, plying generally and on no fixed line, it is of course almost an impossibility to fix any equitable rate of fares: we have therefore left the charge to be made in such cases to be fixed by agreement between the employer and employed. While these exceptions are made as to the different classes of Carriage and the fares to be paid for the use of them, the three classes are in almost all other respects subject alike to the general provisions of the Bill.

As to the table of fares which we have prepared, we need only call attention to the fact that it provides rates for time as well as for distance. It will be at the option of the hirer, when he hires the Carriage, to say whether he will pay by time or by distance: but if nothing be said about it when the hiring takes place, the fare will be payable according to time. We think that the rates which we have prescribed are quite high enough to guard the Carriage proprietor from loss by the introduction of fixed rates.

We have made it compulsory on every driver of a Hackney Carriage to take out a license. The license will be a general license to drive Hackney Carriages, and will not be confined to any particular Carriage. But no Hackney Carriage, to whatever class it may belong, may, under any circumstances (except in cases which cannot be possibly avoided), be driven by one who is not a licensed driver. Every driver will have to wear a badge, and will be subject to punishment for misconduct of any kind. All offences and disputes under or arising out of the provisions of the Bill are to be heard and disposed of by the nearest Magistrate. And as questions as to distance may often be raised, we have provided that in case of disputes as to the fare calculated according to the distance, a book of distances signed by the Registering Officer shall be conclusive evidence of all distances therein stated.

We leave it open to the Government to say who shall be the Registering Officer. The Commissioner of Police is perhaps in a better position than any other Officer for fulfilling all the duties of the post.

Provision is made for the delivering up of expired registry plates and tickets as well as of plates and tickets when they are defaced or obliterated: also for the case of their being stolen, and for the use by unlicensed persons of counterfeit plates or tickets intended to resemble true ones. And we have collected together in one Section all the offences for which drivers are liable to a penalty under the Act, assigning a uniform penalty for such offences.

We have somewhat enlarged the provisions regarding Palankeens, assimilating them generally to the rules as to Hackney Carriages, and laying down fixed rates of fares.

Such is the general nature of the alterations

ড়ীর মত ব্যবহার হইবে। বিশেষ স্থলে যাইবার কিম্বা পথে লোকদিগকে তুলিয়া লইবার যে গাড়ী সাধারণ মতে যায় ও বিশেষ কোন পথে না চলে, এই মত কোন গাড়ীর ভাড়ার যথার্থ হার নিরূপণকরা অসাধ্য, অতএব তদ্রূপ স্থলে কোচমানের সঙ্গে চড়নদারেরদের ভাড়া নিরূপণ করিবার নিয়ম হইয়াছে। গাড়ীর ভিন্ন২ শ্রেণীর ও তাহার ভাড়ার এই প্রকারের নিয়ম হইলেও সেই তিন শ্রেণীর গাড়ীর প্রায় অন্য সমস্ত বিষয়ে এই আইনের সাধারণ বিধানমতে কার্য্য হইবেক।

ভাড়ার যে তর্দ্দ প্রস্তুত করিয়াছি তদ্বিষয়ে আমারদের এই মাত্র বক্তব্য। গমনীয় স্থানের দূরত্বানুসারে যেমন ভাড়া নিরূপণ হইয়াছে তেমনি সময়ানুসারেও নিরূপণ হইল। অতএব যে ব্যক্তি গাড়ী লন তিনি সময়ানুসারে কি গমনীয় স্থানের দূরত্বানুসারে গাড়ীর ভাড়া দিবেন, ইহা প্রথমে জানাইবেন। যদি এই বিষয়ের কোন কথা পূর্ব্বে না হয় তবে সময়ানুসারে ভাড়া দিতে হইবে। ভাড়ার যে হার নির্দ্ধারিত করিয়াছি তদ্বিবেচনায় বোধ হয় গাড়ীর স্বামিরদের কোন ক্ষতির সম্ভাবনা নাই।

ছকড়া গাড়ীর প্রত্যেক কোচমানের অনুমতিপত্র অবশ্য লইবার বিধি করিয়াছি। তাহাতে বিশেষ কোন গাড়ী নহে, কিন্তু সাধারণমতে ছকড়া গাড়ী চালাইবার অনুমতি হইবে, ও যাহার তদ্রূপ অনুমতিপত্র থাকে এমত ব্যক্তিভিন্ন, কোন ব্যক্তি কোন প্রকারে ছকড়া গাড়ী চালাইতে পারিবে না, কেবল অগত্যা, পারিবে। প্রত্যেক কোচমানের একটা চিহ্ন ধারণ করিতে হইবেক, ও কোন প্রকারের অত্যাচার করিলে তাহার দণ্ড হইতে পারিবেক। এই আইনের বিধানানুযায়ি কার্য্যসম্পর্কে যে সকল অপরাধ ও বিবাদ হয়, তাহা নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেব শুনিয়া নিষ্পত্তি করিবেন এবং কোন স্থানের দূরত্ব বিষয়ে অনেক, বার তর্ক হইতে পারিবে এই কারণে দূরত্বানুসারে ভাড়ার হিসাব করণের বিবাদ ভঞ্জনার্থে দূরত্ব নিরূপণের বহী প্রস্তুত হইবার বিধান হইয়াছে, রেজিষ্টরকারক সাহেব তাহাতে দস্তখৎ করিবেন ও সেই বহীর লিখিত সকল স্থানের দূরত্ব বিষয়ে ঐ বহীর কথা চূড়ান্ত প্রমাণ হইবেক।

রেজিষ্টরকারকের পদে কাহাকে নিযুক্ত করিতে হইবেক এই কথা গবর্ণমেণ্টের নিরূপণার্থে রাখিয়াছি। কিন্তু পোলীসের কমিস্যনর সাহেবের কর্ম্ম বিবেচনায় তিনি সেই পদের কর্ম্ম নির্ব্বাহার্থে অন্য সকল কার্য্যকারক হইতে উপযুক্ত, এমত বোধ হয়।

রেজিষ্টরী করা তামার পাত ও টিকিটের মেয়াদ রহিত হইলে, কি ক্ষয় হইয়া তাহার খোদিত কথা অদৃশ্য হইলে, তাহা ফিরিয়া দিবার বিধান করা গেল। এবং চুরী হইলে, কিম্বা কোন ব্যক্তি অনুমতি প্রাপ্ত না হইলেও প্রকৃত পাতের কি টিকিটের ন্যায় জাল করা পাত কি টিকিট ব্যবহার করিলে, তদ্বিষয়েরও বিধান হইয়াছে। কোচমানেরদের যে সকল অপরাধের নিমিত্তে দণ্ড হইতে পারে, সেই সকল অপরাধের একি প্রকার দণ্ড নিরূপণ করিয়া একি ধারার মধ্যে সংগ্রহ করা গেল।

পালকীর বিধান কিছু বিস্তৃত করিয়া ছকড়া গাড়ীর বিধির ন্যায় সাধারণমতে করা গিয়াছে ও ভাড়ার হার নিরূপণ হইয়াছে।

ইত্যাদি প্রকারে মুসাবিদা পরিবর্ত্তনের সাধারণ কথা

we have made: but we think it unnecessary to enter more minutely into their details, as we annex the Bill as amended by us.

(Sd.) ABDOOL LUTEEF.
" T. H. COWIE.
" W. MAITLAND.

The 27th November, 1862.

AMENDED BILL.

A Bill for regulating Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta.

[Preamble.]

WHEREAS it is expedient to regulate Hackney Carriages and Palankeens in the Town and Suburbs of Calcutta; It is enacted as follows:—

[Laws repealed.]

I. Clause 3, Section XXIII. of Act XXI. of 1857 (*to make better provision for the order and good government of the Suburbs of Calcutta and the Station of Howrah*). and Clauses 8 and 9, Section XIX. of Act XLVIII. of 1860 (*for regulating the Police of the Towns of Calcutta, Madras, and Bombay*), shall be of no effect in the Town and Suburbs of Calcutta as regards the drivers of Hackney Carriages under this Act.

[Carriages to be registered and licensed.]

II. From and after the first day of March next every Hackney Carriage, within the Town and Suburbs of Calcutta, shall be annually registered and licensed by a Registering Officer who shall be appointed for the purpose by the Government, and who shall keep a Register in which he shall on registration enter every Hackney Carriage under either the First, the Second, or the Third Class.

[What Carriages to be registered under First Class.]

III. No Carriages shall be registered under the First Class except such as belong to Coach Builders, Hotel Keepers, or Livery Stable Keepers.

[Application for registry. Application may be granted or refused.]

IV. The owner of any Carriage who is desirous of registering it as a Hackney Carriage must apply to the Registering Officer stating the Class in which he desires that the Carriage may be registered; and he shall submit the Carriage for the inspection of the Registering Officer at such convenient time and place as the said Officer shall appoint. The Registering Officer shall, on examination of the Carriage, decide whether the Carriage is fit to be registered in the Class applied for, and shall accordingly either register it in that Class, or refuse to grant the application.

[Form of Register.]

V. The following particulars shall be entered in the Register:—

1*st*:—The Class and number assigned to the Carriage in the Register.

ব্যক্ত করিলাম। সংশোধিত মুসাবিদা পশ্চাতে দেওয়াতে তাহার অধিক বৃত্তান্ত লিখিবার প্রয়োজন নাই।

আবদুল লতীফ।
টি এচ কৌই।
ডবলিউ মেটলাণ্ড।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

আইনের সংশোধিত মুসাবিদা।

কলিকাতা নগরের ও শহরতলীর ছকড়া গাড়ীর ও পালকীর বিধান করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।]

কলিকাতা নগরের ও শহরতলীর ছকড়া গাড়ীর ও পালকীর বিধান করা বিহিত, এই হেতুতে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[যে২ আইন রদ হইল তাহার কথা।]

১ ধারা। কলিকাতা শহরতলীর ও তাবড়া মোকামের সুনিয়ম ও সুশাসন করিবার আরো উত্তম বিধান করণার্থ ১৮৫৭ সালের ২১ আইনের ২৩ ধারার ৩ প্রকরণ, এবং কলিকাতা ও মাদ্রাজ ও বোম্বাই নগরের পোলীসের বিধান করণার্থ ১৮৬০ সালের ৪৮ আইনের ১২ ধারার ৮ ও ৯ প্রকরণ, কলিকাতা নগরে ও শহরতলীতে এই আইনমতের ছকড়া গাড়ীর কোচমান সম্পর্কে প্রবল হইবেক না ইতি।

[গাড়ীর রেজিষ্টরী করিবার ও অনুমতিপত্র লইবার কথা।]

২ ধারা। আগামি মার্চ মাসের প্রথম তারিখঅবধি কলিকাতা নগরের ও শহরতলীর প্রত্যেক ছকড়া গাড়ী রেজিষ্টর কার্য্যকারকদ্বারা বৎসরে২ রেজিষ্টর করিতে ও তাহার অনুমতিপত্র লইতে হইবেক। ও রেজিষ্টর কার্য্যকারককে গবর্ণমেণ্ট নিযুক্ত করিবেন, ও তিনি রেজিষ্টরী বহী রাখিয়া তাহাতে প্রত্যেক ছকড়া গাড়ী প্রথম কি দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীমতে রেজিষ্টর করিবেন ইতি।

[যে গাড়ী প্রথম শ্রেণীর মধ্যে রেজিষ্টর করিতে হইবে তাহার কথা।]

৩ ধারা। গাড়ী নির্ম্মাতারদের কি হোটেলরক্ষকেরদের কি আড়গড়াওয়ালারদের গাড়ীভিন্ন কোন গাড়ী প্রথম শ্রেণীর মধ্যে রেজিষ্টর হইতে পারিবেক না ইতি।

[রেজিষ্টরী করিবার দরখাস্তের কথা ও তাহা গ্রাহ্য কি অগ্রাহ্য হইতে পারিবার কথা।]

৪ ধারা। যদি কোন গাড়ীর স্বামী আপনার গাড়ী ছকড়া গাড়ী বলিয়া রেজিষ্টর করাইতে চাহেন, তবে যে শ্রেণীর মধ্যে ঐ গাড়ী রেজিষ্টর করাইতে ইচ্ছা করেন তাহা লিখিয়া আপনার প্রার্থনাপত্র রেজিষ্টর সাহেবকে দিবেন ও উক্ত সাহেব উপযুক্ত যে সময় ও স্থান নিরূপণ করেন সেই সময়ে ও স্থানে তাঁহার দৃষ্টি করিবার জন্যে ঐ গাড়ী আনাইবেন। তাহাতে রেজিষ্টর সাহেব গাড়ী দৃষ্টি করিয়া যে শ্রেণীর মধ্যে রেজিষ্টর করিবার প্রার্থনা হইয়াছে, তাহার উপযুক্ত গাড়ী কি না, ইহা নিশ্চিত করিয়া তদনুসারে সেই শ্রেণীর মধ্যে রেজিষ্টর করিবেন, অথবা ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন ইতি।

[রেজিষ্টর লিখিবার পাঠের কথা।]

৫ ধারা। পশ্চাৎ লিখিত কথা রেজিষ্টরে লিখিতে হইবেক। অর্থাৎ

প্রথম। রেজিষ্টরে ঐ গাড়ীর যে শ্রেণী ও নম্বর নির্দ্ধার্য্য হয়।

2nd.—The name and residence of the owner of the Carriage.

3rd.—The number of horses to be employed in drawing such Carriage.

4th.—The number of persons the Carriage is licensed to carry.

[Period of Registry.]

VI. The registration shall take place annually upon such day in each year as the Registering Officer shall appoint: but any person wishing within the year to use as a Hackney Carriage, a Carriage not so in use on the last preceding day of annual Registration, may have such Carriage registered on application to the Officer aforesaid. When any registered Carriage is transferred within the year, it shall be registered anew in the name of the person to whom it has been transferred. The person in whose name any Carriage is registered under this Act for the time being, shall be deemed the owner of such Carriage for the purposes of this Act.

[Fee for registry. A plate, specifying class and number, to be affixed to Carriage.]

VII. A fee of two Rupees shall be paid for each registration under this Act; and on any Carriage being registered under the Second or Third Class, the Registering Officer shall provide for such Carriage a plate bearing the Class and the number of such Carriage in the Register and the number of persons it is licensed to carry, and shall cause such plate to be affixed in such conspicuous part outside of such Carriage as shall to the said Registering Officer seem proper.

[Penalty for letting Carriage without having proper plate.]

VIII. The owner of any Carriage registered either under the Second or under the Third Class, who shall allow such Carriage to be let or used for hire without having a proper plate duly affixed to such Carriage as required by the preceding Section, shall be liable to a penalty not exceeding fifty Rupees.

[Penalty for not registering.]

IX. Whoever keeps or is the proprietor of any Carriage required by this Act to be Registered and shall omit to have the same so registered, shall be liable to a fine not exceeding one hundred Rupees. Any Police Officer may seize and remove to a Police Station such Carriage together with the Horse drawing the same. If the Carriage, so seized, be not claimed, and if any fine imposed be not paid within ten days, such Carriage, together with the Horse seized with it, may be sold by auction, and the proceeds applied to the payment of the fine and all costs and charges incurred on account of the detention and sale, and the surplus (if any), if not claimed by the owner within a further period of twenty days, shall be forfeited to the Government.

[*Government Gazette*, 16*th December*, 1852.]

দ্বিতীয়। গাড়ীর স্বামির নাম ও বাসস্থান।

তৃতীয়। সেই গাড়ী টানিবার নিমিত্তে যত ঘোড়া যোজনা করা যায়।

চতুর্থ। গাড়ীতে যত ব্যক্তির চড়িবার অনুমতি হয় ইতি।

[রেজিষ্টর করিবার সময়ের কথা।

৬ ধারা। রেজিষ্টর সাহেব প্রতিবৎসরের যে তারিখ নিরূপণ করেন, সেই তারিখে বৎসরের গাড়ী রেজিষ্টর করিতে হইবেক। কিন্তু রেজিষ্টর করণের সেই নিরূপিত দিনে যে গাড়ী ছকড়াগাড়ী মতে ব্যবহার না হইত, এমত গাড়ী যদি কোন ব্যক্তি বৎসরের মধ্যে ছকড়াগাড়ীর ন্যায় ব্যবহার করিতে চাহেন, তবে পূর্ব্বোক্ত কার্য্যকারকের নিকটে প্রার্থনা করিলে সেই গাড়ী রেজিষ্টর করাইতে পারিবেন। রেজিষ্টরী করা কোন গাড়ী যদি বৎসরের মধ্যে অন্য লোকের হস্তগত হয়, তবে যাঁহার হস্তগত হইল তাঁহার নামে পুনশ্চ রেজিষ্টর করিতে হইবে। কোন গাড়ী এই আইনমতে যাঁহার নামে যে সময়ে রেজিষ্টর করা থাকে, তিনি এই আইনের কার্য্যের নিমিত্তে ঐ গাড়ীর স্বামী বলিয়া জ্ঞান হইবেন ইতি।

[রেজিষ্টর করিবার ফীসের কথা। ও গাড়ীর শ্রেণী ও নম্বর নিরূপণের পাত গাড়ীতে লাগাইবার কথা।]

৭ ধারা। এই আইনমতে প্রত্যেকবার রেজিষ্টরী করণের দুই টাকা লাগিবে, এবং কোন গাড়ী দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীমতে রেজিষ্টর হইলে রেজিষ্টর সাহেব সেই গাড়ীর এক পাত দিবেন, তাহাতে ঐ গাড়ীর যে শ্রেণী ও নম্বর রেজিষ্টর থাকে তাহা ও যত ব্যক্তির চড়িবার অনুমতি হয় তাহা খোদা থাকিবেক। এবং উক্ত রেজিষ্টর সাহেব ঐ গাড়ীর বহির্ভাগের যে স্থান উপযুক্ত বোধ করেন, সকল লোকের দৃষ্টি গোচর এমত কোন স্থানে সেই পাত লাগাইতে আজ্ঞা করিবেন ইতি।

[উপযুক্ত পাত না থাকিলে গাড়ীর ভাড়া দিবার দণ্ডের কথা।]

৮ ধারা। দ্বিতীয় কি তৃতীয় শ্রেণীর মধ্যে যে কোন গাড়ী রেজিষ্টর হয়, তাহাতে ইহার পূর্ব্ব ধারামতে উপযুক্ত পাত উচিতমতে সংলগ্ন না হইলে, যদি স্বামী সেই গাড়ী ভাড়া দেন, কি ভাড়ার নিমিত্তে ব্যবহার হইতে দেন, তবে তাঁহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক ইতি।

[রেজিষ্টর না করণের দণ্ডের কথা।]

৯ ধারা। এই আইনমতে যে গাড়ী রেজিষ্টর করিবার আজ্ঞা হয়, এমত কোন গাড়ী কোন ব্যক্তি রাখিয়া কি তাহার স্বামী হইয়া, যদি রেজিষ্টর না করান, তবে তাঁহার এক শত টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে। পোলীসের কোন কর্ম্মকারক তদ্রূপ কোন গাড়ী ও তাহা যে ঘোড়াতে টানে সেই ঘোড়াসুদ্ধ ধরিয়া থানায় লইয়া যাইতে পারিবে। তদ্রূপে ধৃত গাড়ীর উপর যদি কোন ব্যক্তির দাওয়া না হয়, ও যে অর্থদণ্ডের আজ্ঞা হয় তাহা দশ দিনের মধ্যে না দেওয়া যায়, তবে সেই গাড়ী ও তৎসহ ধৃত ঘোড়া নীলাম হইতে পারিবেক। তাহাতে যে টাকা পাওয়া যায় তাহাহইতে ঐ অর্থদণ্ড ও তাহা রাখিবার ও নীলাম করিবার সকল খরচখরচা লওয়া যাইবেক, ও যদি কিছু উদ্বৃত্ত থাকে, তবে তৎপরে বিশ দিনের মধ্যে স্বামী তাহার দাওয়া না করিলে তাহা গবর্ণমেণ্টে জব্দ হইবে ইতি।

(Registry may be cancelled when Carriage is unfit for use.]

X. The Registering Officer may cancel the registration of any Carriage under this Act whenever it shall appear to him that such Carriage, or any Horse or Harness used with such Carriage, is unfit for public use, due regard being had to the class in which such Carriage may have been registered.

[Owner of registered Carriage to give notice of change of residence. Penalty for neglect.]

XI. As often as any registered owner of a Carriage registered under this Act shall change his residence, he shall give notice thereof in writing signed by him to the said Registering Officer specifying in such notice his new residence. Every registered owner who shall change his residence and shall neglect for one week to give notice of such change, shall be liable to a penalty not exceeding twenty Rupees.

[Penalty on owner for not delivering up plate on expiration of period of registry.]

XII. Upon the expiration of the period for which any Carriage may have been registered under this Act, the owner thereof shall cause the plate of such Carriage, affixed under Section VII. of this Act, to be delivered to the said Registering Officer; and any person who, after the expiration of the period aforesaid shall wilfully neglect for three days to deliver the plate to the said Officer, and every person who shall use or detain any plate affixed in respect of a registration which is no longer in force, shall, for every such offence, be liable to a penalty not exceeding one hundred Rupees. Every person who shall for the purpose of deception use or have any plate resembling or intended to resemble any plate affixed under this Act shall, for every such offence, be liable to a penalty not exceeding two hundred Rupees. It shall be lawful for the Registering Officer, or for any person employed by him for that purpose, to prosecute any person so neglecting to deliver up a plate, at any time within twelve calendar months after the expiration of the registration in respect of which such plate was affixed: and it shall be lawful for any Police Officer, or any person employed for that purpose by the Registering Officer, to seize and take away any such plate or any plate used for the purpose of deception as aforesaid, wheresoever the same may be found, and to deliver the same to the Registering Officer.

[Owner entitled to have new plate, on loss or obliteration of former one. Proviso.]

XIII. Whenever the writing on any plate shall become obliterated or defaced, so that the same shall not be distinctly legible, and also whenever any plate shall be proved to the satisfaction of the Registering Officer to have been lost or mislaid, the owner of the Carriage in which such plate was affixed shall deliver such plate (if he shall have the same in his possession) to the Registering

[গাড়ী অব্যবহার্য্য হইলে রেজিষ্টরী ব্যর্থ হইতে পারিবার কথা।]

১০ ধারা। কোন গাড়ী যে শ্রেণীর মধ্যে রেজিষ্টর হয় তদ্বিবেচনার যখন রেজিষ্টর সাহেব সেই গাড়ী কি তাহাতে যে ঘোড়া কি সাজ ব্যবহার হয় তাহা সাধারণ লোকেরদের ব্যবহারের অনুপযুক্ত বোধ করেন, তখন তিনি এই আইনমতে সেই গাড়ীর রেজিষ্টরী করণ অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

[রেজিষ্টরী করা গাড়ীর স্বামির বাসস্থান পরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ দিবার কথা ও না দিলে দণ্ডের কথা।]

১১ ধারা। এই আইনমতে যে গাড়ী রেজিষ্টর হয় তাহার রেজিষ্টরী স্বামী যত বার আপন বাসস্থান পরিবর্ত্তন করেন, তত বার সেই কথার সম্বাদ লিখিয়া ও আপন নূতন বাসস্থান জানাইয়া সেই জ্ঞাপনপত্রে স্বাক্ষর করিয়া, তাহা রেজিষ্টর সাহেবকে দিবেন। কোন রেজিষ্টরী স্বামী বাসস্থান পরিবর্ত্তন করিয়া এক সপ্তাহের মধ্যে সেই সম্বাদ না দিলে তাঁহার বিশ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবে ইতি।

[রেজিষ্টরীর মিয়াদ গত হইলে স্বামির পাত ফিরিয়া না দেওনের দণ্ডের কথা।]

১২ ধারা। কোন গাড়ী এই আইনমতে যত কালের নিমিত্তে রেজিষ্টর হয়, সেই কাল অতীত হইলে পর সেই গাড়ীর স্বামী এই আইনের ৭ ধারামতে যে পাত লাগান তাহা উক্ত রেজিষ্টর সাহেবকে ফিরিয়া দেওয়াইবেন। ও যদি কোন ব্যক্তি সেই কাল অতীত হইলে পর তিন দিনপর্য্যন্ত উক্ত কার্য্যকারককে ঐ পাত ফিরিয়া দিতে ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, এবং যে রেজিষ্টরী কার্য্য বলবৎ নহে তৎসম্পর্কীয় যে পাত লাগান গিয়াছিল তাহা যদি কোন ব্যক্তি ব্যবহার করেন কি রাখেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাঁহার এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক। এই আইনমতে যে পাত লাগান যায় তাহার স্বরূপ, কিম্বা তাহার মত দেখাইবার জন্যে, কোন পাত যদি কোন ব্যক্তি প্রতারণাভাবে ব্যবহার করে কি আপনার কাছে রাখে, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে তাহার দুই শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক। যদি কোন ব্যক্তি উক্ত প্রকারের কোন পাত ফিরিয়া দিতে ত্রুটি করেন, তবে রেজিষ্টরী করণের যে কালের নিমিত্তে ঐ পাত লাগান গিয়াছিল তাহা অতীত হইলে পর ইংলণ্ডীয় পঞ্জিকামতের দ্বাদশ মাসের মধ্যে কোন সময়ে ঐ রেজিষ্টর সাহেব কিম্বা সেই কর্ম্মের নিমিত্তে তৎকর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তি তাহার নামে নালিশ করিতে পারিবেন। এবং সেইপাত ও পূর্ব্বোক্তমত প্রতারণার নিমিত্তে যে পাতের ব্যবহার হয় তাহা যে কোন স্থানে পাওয়া যায়, সেই স্থানহইতে পোলীসের কোন কর্ম্মকারক কিম্বা রেজিষ্টর সাহেবের দ্বারা সেই কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি কাড়িয়া লইয়া রেজিষ্টর সাহেবকে ফিরিয়া দিতে পারিবেন ইতি।

[পাত হারাইলে কি অক্ষর ক্ষয় পাইলে স্বামির নূতন পাত পাইতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৩ ধারা। কোন পাতের লিখিত কথার অক্ষর ক্ষয় পাইয়া কি উঠিয়া গিয়া স্পষ্টরূপে পাঠ্য না হইলে, এবং কোন পাত হারাইয়াছে কি অলক্ষ্য স্থানে রাখা গিয়াছে ইহা রেজিষ্টর সাহেবের অভোধমতে প্রমাণ হইলে, সেই পাত যে গাড়ীতে লাগান ছিল সেই গাড়ীর স্বামির নিকটে থাকিলে, তিনি রেজিষ্টর সাহেবকে দিবেন, এবং রেজিষ্টর সাহেব সময়ের দুই টাকার অনধিক যত নিরূপণ করেন তাহা দিলে তিনি

Officer, and shall be entitled to have a new plate affixed upon payment of such sum of money, not exceeding two Rupees, as the Registering Officer shall from time to time appoint. Provided that if any plate which shall have been proved as aforesaid to have been lost or mislaid shall afterwards be found, the same shall forthwith be delivered to the Registering Officer; and every person into whose possession any such plate as last aforesaid shall be or come, and who shall refuse or neglect for three days to deliver the same to the said Registering Officer, and also every registered owner who shall use or permit to be used any plate after the writing thereon shall have become obliterated, defaced, or obscured, so that the same shall not be distinctly legible, shall, for every such offence, be liable to a penalty not exceeding fifty Rupees.

[Drivers of Hackney Carriages to be licensed. Particulars thereof.]

XIV. It shall be lawful for the Registering Officer to grant a license to act as driver of Hackney Carriages to any person who shall apply for the same, and to whom it may seem proper to the said Officer to grant it: Provided that no person shall be so licensed who is under fourteen years of age. In every such license shall be specified the number of the license and the name and place of abode and age of the person to whom such license is granted. Every license shall bear date on the day on which the same shall be granted, and shall continue in force for one year from the date thereof unless the same shall be sooner revoked.

[Fee for license. Driver to wear a metal ticket.]

XV. For every license to act as driver granted under this Act a fee of eight annas shall be paid: and the Registering Officer shall, at the time of granting any license, deliver to the driver to whom the same may be granted, a metal ticket upon which shall be marked or engraved his employment and a number corresponding with the number which shall be inserted in the license. The driver to whom such ticket is delivered shall at all times, while acting as driver of a Hackney Carriage or while attending before any Magistrate, carry such ticket exposed to view.

[No unlicensed person to act as driver. Penalty on owner for suffering unlicensed person to act as driver. Proviso.]

XVI. It shall not be lawful for any person to act as driver of a Hackney Carriage, whether such person shall or shall not be the proprietor of such Carriage, unless such person shall have been licensed under this Act, and the license granted to him shall continue in force. Every owner who shall knowingly suffer any person, not duly licensed under this Act, to act as driver of any Hackney Carriage of which he shall be the owner, shall be liable to a penalty not exceeding one hundred

নূতন পাত লাগাইবার জন্যে পাইতে পারিবেন। পরন্তু পূর্ব্বোক্তমতে হারাইয়াছে কি অলক্ষ্য স্থানে রাখা গিয়াছে বলিয়া যে পাতের প্রমাণ হইয়াছে সেই পাত পুনরায় পাওয়া গেলে তাহা অগৌণে রেজিষ্টর সাহেবকে ফিরিয়া দিতে হইবেক, এবং শেষোক্ত প্রকারের পাত যে ব্যক্তির হস্তগত থাকে কি হয় তিনি যদি তিন দিনপর্য্যন্ত তাহা রেজিষ্টর সাহেবকে দিতে অস্বীকার কি শৈথিল্য করেন এবং উক্ত প্রকারে কোন পাতের লিখিত অক্ষর ক্ষয় পাইয়া কি বিকৃত কি অপ্রকাশ হইয়া স্পষ্টরূপে পাঠ্য না হইলে যদি রেজিষ্টরকরা কোন স্বামী তাহা ব্যবহার করেন কি তাহার ব্যবহার হইতে দেন, তবে তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে তাঁহার ৫০ টাকাপর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক ইতি।

[ছকড়া গাড়ীর কোচমানেরদের অনুমতিপত্র লইতে হইবার কথা ও সেই অনুমতিপত্রের মর্ম্মের কথা।]

১৪ ধারা। যে কোন ব্যক্তি ছকড়া গাড়ীর কোচমানী কর্ম্ম করিবার অনুমতিপত্র প্রার্থনা করে, তাহাকে রেজিষ্টর সাহেব তদ্রূপ অনুমতিপত্র পাওনের যোগ্য জ্ঞান করিলে তাহা দিতে পারিবেন। কিন্তু চৌদ্দ বৎসরের ন্যূন বয়স্ক কোন ব্যক্তিকে অনুমতিপত্র দিতে হইবেক না। উক্ত অনুমতিপত্রেতে ঐ পত্রের নম্বর ও তাহা যে ব্যক্তিকে দেওয়া যায় তাহার নাম ও বাসস্থান ও বয়স লেখা থাকিবে। প্রত্যেক অনুমতিপত্র যে তারিখে দেওয়া যায় সেই তারিখ তাহাতে লেখা থাকিবে, এবং সেই তারিখঅবধি এক বৎসরের মধ্যে তাহা বাতিল না করা গেলে এক বৎসরপর্য্যন্ত বলবৎ থাকিবে ইতি।

[অনুমতিপত্রের নিমিত্তে ফীসের কথা এবং কোচমানের ধাতুময় টিকিট ধারণ করিবার কথা।]

১৫ ধারা। কোচমানীকর্ম্ম করিবার যে প্রত্যেক অনুমতিপত্র এই আইনমতে দেওয়া যায় তাহার ৷৷০ আনা ফীস লাগিবে, ও রেজিষ্টর সাহেব তদ্রূপ অনুমতিপত্র যাহাকে দেন তাহাকে সেই পত্র দেওনসময়ে ধাতুনির্ম্মিত টিকিট দিবেন, তাহাতে ঐ কোচমানের কর্ম্ম ও তাহার অনুমতিপত্রে যে নম্বর থাকে তৎসমান নম্বর চিহ্নিত কি খোদিত থাকিবেক। সেই টিকিট যে কোচমানকে দেওয়া যায় সেই ব্যক্তি যে সময় ছকড়া গাড়ীর কোচমানী কর্ম্ম করে, কিম্বা কোন মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে উপস্থিত হয়, সেই সময়ে ঐ টিকিট সর্ব্বদাই সকলের দৃষ্টিগোচর ভাবে ধারণ করিবে ইতি।

[অনুমতিপত্র না পাইলে কোন ব্যক্তির কোচমানী কর্ম্ম না করিবার কথা ও কোন গাড়ীর স্বামী তদ্রূপ ব্যক্তিকে সেই কর্ম্ম করিতে দিলে তাহার দণ্ডের কথা ও বর্জ্জিত কথা।

১৬ ধারা। কোন ব্যক্তি ছকড়া গাড়ীর স্বামী হইলে কি না হইলেও যদি এই আইনমতে অনুমতিপত্র না পায়, ও তাহার প্রাপ্ত সেই অনুমতিপত্র বলবৎ না থাকে, তবে সে ঐ গাড়ীর কোচমানী কর্ম্ম করিতে পারিবে না। এই আইনমতের অনুমতিপত্র যে ব্যক্তি উপযুক্তমতে না পায় তাহাকে যদি কোন ছকড়া গাড়ীর স্বামী জানিয়া শুনিয়া আপন গাড়ীর কোচমানী কর্ম্ম করিতে দেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে এক শত টাকার অনধিক জরিমানা হইতে পারিবেক। কিন্তু কোন গাড়ীর স্বামী আপনি যদি ২৪ ঘণ্টার অনধিক কোন কাল-

Rupees for every such offence. Provided always that nothing in this Act contained shall subject to penalty any proprietor who shall himself act, or who shall employ any unlicensed person to act, as such driver as aforesaid for any time not exceeding twenty-four hours, or any unlicensed person who shall be so employed for the said time, upon proof being adduced by the proprietor, to the satisfaction of the Magistrate before whom such proprietor or driver shall be required to attend to answer for such offences respectively, that such employment was occasioned by unavoidable necessity. Provided also that every proprietor who shall so employ such unlicensed driver, and every such unlicensed driver, shall be subject to all the powers, provisions, penalties, and proceedings of and under this Act for any act done or omitted to be done by such driver during such employment, in like manner as if such driver had been duly licensed.

পর্য্যন্ত তদ্রূপ কোন কোচমানী কর্ম্ম করেন কিম্বা অনুমতিপত্র অপ্রাপ্ত কোন ব্যক্তিকে তাহা করিতে দেন, কিম্বা যদি অনুমতিপত্র অপ্রাপ্ত কোন ব্যক্তি উক্ত কালের নিমিত্তে এ কর্ম্ম করে এবং সেই অপরাধহেতুক উত্তর করিবার জন্যে যে মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে সেই স্বামির কি কোচমানের উপস্থিত হইবার আজ্ঞা হয় তাঁহার সন্তোষমতে যদি স্বামী প্রমাণ করেন যে অত্যন্ত আবশ্যকপ্রযুক্ত সেই ব্যক্তি ঐ কর্ম্ম করিয়াছিল তবে এই ধারার কোন কথাক্রমে ঐ স্বামির কি কোচমানের দণ্ড হইবেক না। আরো তদ্রূপ অনুমতিপত্র অপ্রাপ্ত কোচমানকে যে স্বামী নিযুক্ত করেন তিনি এবং অনুমতিপত্র অপ্রাপ্ত সেই কোচমান তৎকর্ম্মকরণ সময়ে যে কোন কর্ম্ম করে কি যে কর্ম্ম করিতে ত্রুটি করে তাহার বিষয়ে, অনুমতিপত্র উপযুক্তমতে প্রাপ্ত হওয়ার ন্যায়, এই আইনের নির্দ্দিষ্ট ও এই আইনঅনুযায়ি সকল ক্ষমতা ও বিধান ও দণ্ড ও মোকদ্দমাঘটিত কার্য্য বর্ত্তিবে ইতি।

[Particulars of licenses to be entered in books, and certified copy to be given, on payment of fee, to any person applying.]

[অনুমতিপত্রের মর্ম্ম বহীতে লিখিবার কথা ও কোন ব্যক্তি তাহার নকল চাহিলে ফীস দিয়া পাইতে পারিবার কথা।]

XVII. The particulars of every license which shall be granted as aforesaid shall be entered in books to be kept for that purpose at the Office of the said Registering Officer; and every person applying at all reasonable times shall be furnished with a certified copy of the particulars respecting any licensed person on payment of a fee of two annas for each copy.

১৭ ধারা। যে প্রত্যেক অনুমতিপত্র পূর্ব্বোক্তমতে দেওয়া যায় তাহার বৃত্তান্ত লিখিবার বহী উক্ত রেজিষ্টর সাহেবের আফিসে রাখিতে হইবে ও সেই বৃত্তান্ত ঐ বহীতে লেখা যাইবে। যদি কোন ব্যক্তি অনুমতি পত্রপ্রাপ্ত ব্যক্তির বিষয়ের ঐ বৃত্তান্তের সর্টিফিকটযুক্ত নকল চাহে তবে উপযুক্ত কোন সময়ে তাহা প্রার্থনা করিলে ও প্রত্যেক কেতা নকলের নিমিত্তে দুই আনা দিলে তাহা পাইতে পারিবে ইতি।

[Penalty for neglecting to deliver up ticket on expiration of license, or for wearing false ticket.]

[অনুমতিপত্রের মিয়াদ অতীত হইলে টিকিট ফিরিয়া না দিবার কিম্বা মিথ্যা টিকিট ধারণ করিবার দণ্ডের কথা।]

পশ্চাৎ লিখিত কথা। নীচের লিখিত কএক জিলার বিষয়ে উপযুক্ত অবগতি না থাকাতে, তাহা পশ্চাৎ লিখিত ফর্দ্দে ধরা যায় নাই। সেই২ জিলার কালেক্টর সাহেবদিগকে আদেশ হইতেছে যে, তাঁহারদের রাজস্ব সম্পর্কীয় আফিসের সকল শাখায় যত আমলাগণ নিযুক্ত থাকেন তাহারদের নানা সিরিশ্তার কর্ম্ম পৃথক২ লিখিয়া ঐ সকল আমলাগণের বিস্তারিত ফর্দ্দ পাঠান। বাঁকুড়া জিলাতে যেমন হইতেছে তেমনি যদি অন্য কোন জিলাতে কোন আমলারা ফৌজদারী এবং রাজস্ব সম্পর্কীয় উভয় ডিপার্টমেণ্ট হইতে বেতন পান। তবে যে ডিপার্টমেণ্টহইতে যত পান তাহা স্পষ্ট করিয়া লিখিতে হইবেক।

চাম্পারণ।

বাঁকুড়া।

দারজীলিঙ।

আসামের সকল জিলা।

ছোট নাগপুরের সকল জিলা।

এচ এল ডাম্পিয়র
সেক্রেটারী

1. DISTRICT.	2. No. of Estates on the Towjee.	3. Existing Scale.			4. Proposed Scale.			5.	6.	Remarks.
		Towjee Nuvees.	Mohurirs under the Towjee Nuvees.		Towjee Nuvees.	Mohurirs under the Towjee Nuvees.		Monthly Increase.	Monthly Decrease.	
		Salary.	No.	Aggregate salary.	Salary.	No.	Aggregate salary.			
Bhaugulpore, ...	3,499	Rs. 18	3	Rs. 30	Rs. 18	3	Rs. 30	.....	.....	
Monghyr, ...	3,588	„ 18	3	„ 30	„ 18	3	„ 30	.....	.....	
Purneah, ...	1,761	„ 18	3	„ 30	„ 18	2	„ 20	.....	Rs. 10	
Beerbhoom, ...	580	„ 18	1	„ 10	„ 18	1	„ 10	.....	.....	
Burdwan, ...	5,235	„ 18	4	„ 40	„ 18	4	„ 40	.....	.....	
Hooghly, ...	3,397	„ 18	3	„ 30	„ 18	3	„ 30	.....	.....	
Midnapore, ...	2,905	„ 20	10	„ 114	„ 18	3	„ 30	.....	Rs. 86	
Bullooah, ...	1,605	„ 18	3	„ 30	„ 18	2	„ 20	.....	„ 10	
Chittagong, ...	33,604	„ 25	16	„ 156	„ 25	16	„ 156	.....	.....	
Tipperah, ...	1,731	„ 18	3	„ 30	„ 18	2	„ 20	.....	Rs. 10	
Balasore, ...	1,277	„ 30	3	„ 32	„ 20	2	„ 20	.....	„ 22	
Cuttack, ...	3,010	„ 19	4	„ 46	„ 18	3	„ 30	.....	„ 17	
Pooree, ...	401	„ 18	2	„ 20	„ 18	1	„ 10	.....	„ 10	
Backergunge, ...	4,578	„ 18	4	„ 45	„ 18	4	„ 45	.....	.....	
Dacca, ...	9,126	„ 18	6	„ 64	„ 18	6	„ 64	.....	.....	
Furreedpore, ...	551	„ 13	2	„ 20	„ 15	1	„ 10	.....	Rs. 8	

Mymensingh, ...	5,595	„	18	5	„	50	„	18	5	„	50	.....	.....	
Sylhet, ...	57,726	„	30	36	„	334	„	30	36	„	334	.....	.....	
Jessore, ...	4,612	„	18	4	„	40	„	18	4	„	40	.....	.....	
Nuddea, ...	2,987	„	25	3	„	27	„	18	3	„	30	.....	Rs. 4	
24-Pergunnahs, ...	1,809	„	19	3	„	37	„	19	2	„	24	.....	„ 13	
Behar, ...	4,902	„	18	6	„	66	„	18	5	„	50	.....	„ 16	The Towjee Nuvees in this District is called "Mohasib."
Patna, ...	4,983	„	18	5	„	50	„	18	5	„	50	.....	.....	
Sarun, ...	4,154	„	18	3	„	40	„	18	3	„	40	.....	.....	
Shahabad, ...	4,162	„	18	4	„	40	„	18	4	„	40	.....	.....	
Tirhoot, ...	7,078	„	18	7	„	70	„	18	6	„	60	.....	Rs. 10	
Bograh, ...	846	„	13	1	„	10	„	15	1	„	10	Rs. 2	.....	
Dinagepore, ...	735	„	18	1	„	10	„	18	1	„	10	.....	.....	
Maldah, ...	495	„	15	1	„	10	„	15	1	„	10	.....	.....	The Towjee Nuvees in this District is called "1st Mohurir."
Moorshedabad, ...	2,714	„	18	3	„	30	„	18	3	„	30	.....	.....	The Towjee Nuvees in this District is called "Head Mohurir."
Pubnah, ...	992	„	18	1	„	10	„	18	1	„	10	.....	.....	
Rajshahye, ...	1,634	„	18	3	„	30	„	18	2	„	20	.....	Rs. 10	
Rungpore, ...	535	„	18	1	„	10	„	18	1	„	10	.....	.....	

১ জিলা	২ তৌজীতে যত মহাল আছে	৩ এইক্ষণে যে হারে বেতন পান।			৪ যে হারে বেতন দিবার প্রস্তাব হইল			৫ মাসিক বৃদ্ধি	৬ মাসিক ন্যূনতা	মন্তব্য কথা।
		তৌজী-নবীস	তৌজীনবীসের অধীন মুহুরির		তৌজী নবীস	তৌজীনবীসের অধীন মুহুরির				
		বেতন	যত জন	মোটে বেতন	বেতন	যত জন	মোটে বেতন			
ভাগলপুর	৩৪২৯	১৮৲	৩	৩০৲	১৮৲	৩	৩০৲			
মুঙ্গের	৩৫৮৮	১৮৲	৩	৩০৲	১৮৲	৩	৩০৲			
পুরনিয়া	১৭৬১	১৮৲	৩	৩০৲	১৮৲	২	২০৲		১০৲	
বীরভূম	৫৮০	১৮৲	১	১০৲	১৮৲	১	১০৲			
বর্দ্ধমান	৫২৩৫	১৮৲	৪	৪০৲	১৮৲	৪	৪০৲			
হুগলী	৩৩২৭	১৮৲	৩	৩০৲	১৮৲	৩	৩০৲			
মেদিনীপুর	২৯০৫	২০৲	১০	১১৪৲	১৮৲	৩	৩০৲		৮৪৲	
ভুলুয়া	১৬০৫	১৮৲	৩	৩০৲	১৮৲	২	২০৲		১০৲	
চাটিগাঁ	৩৩,৬০৪	২৫৲	১৬	১৫৬৲	২৫৲	১৬	১৫৬৲			
ত্রিপুরা	১৭৩১	১৮৲	৩	৩০৲	১৮৲	২	২০৲		১০৲	
বালেশ্বর	১২৭৭	৩০৲	৩	৩২৲	২০৲	২	২০৲		২২৲	
কটক	৩০১০	১২৲	৪	৪৬৲	১৮৲	৩	৩০৲		১৭৲	
পুরী	৪০১	১৮৲	২	২০৲	১৮৲	১	১০৲		১০৲	
বাকরগঞ্জ	৪৫৭৮	১৮৲	৪	৪৪৲	১৮৲	৪	৪৪৲			

| | | |

CIRCULAR ORDERS OF THE HIGH COURT OF THE JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

CRIMINAL SIDE.

No. 10.

To the Sessions Judges in the Lower Provinces, and to the Judicial Commissioners of Assam and Chota Nagpore.

Dated Calcutta, the 14th November 1862.

I am directed to forward the accompanying copy of a letter No 4077, dated the 4th instant, from the Government of Bengal and of its enclosures, and to request that you will, as soon after the close of the year 1862 as practicable, furnish the information therein required in the form prescribed by the Government of India.

By order of the High Court,

(Signed) H. T. PRINSEP,
Registrar.

No. 4077.

From J. Geoghegan, Esquire, Under Secretary to the Government of Bengal, to the Registrar of the High Court.

Fort William, the 4th November, 1862.

I am directed to forward to you copy of a letter No. 6035, dated 28th ultimo, from the Secretary to the Government of India, in the Home Department, together with its enclosure, and to request that the Judges of the High Court will have the goodness to favor the Lieutenant Governor with a Return prepared in the form laid down by the Government of India as soon after the close of the year as may be practicable.

(Signed) J. GEOGHEGAN,
Under Secy. to the Govt. of Bengal.

No. 6035.

From E. C. Bayley, Esquire, Secretary to the Government of India, to the Hon'ble A. Eden, Offg. Secy. to the Government of Bengal.

Dated Fort William, the 28th October 1862.

I am directed by the Governor General in Council to request that, with the permission of the Hon'ble the Lieutenant Governor, you will have the goodness to submit to this Department, as early as may be possible, after the beginning of 1863, a Return in the annexed Form, shewing the number of Criminals sentenced during the year 1862 for terms of seven years and upwards, and the number of such persons who have been sentenced to *Transportation* under the power given to the Courts by Section 59 of the Indian Penal Code.

(Signed) E. C. BAYLEY,
Secretary to the Govt. of India.

বঙ্গদেশের ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের সরক্যুলর অর্ডর।

ফৌজদারী।

১০ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সেশন জজ সাহেব এবং আসাম ও ছোটনাগপুরের জুডিসিয়ল কমিসানর সাহেব বরাবরেষু।

কলিকাতা ১৮৬২ সাল ১৪ নবেম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের বর্ত্তমান মাসের ৪ তারিখের ৪০৭৭ নম্বরের পশ্চাৎ লিখিত পত্র ও তৎসহলিত পত্র তোমার নিকটে আজ্ঞাক্রমে পাঠাইয়া আদেশ করিতেছি যে ১৮৬২ সালের পর যত শীঘ্র হয় তত শীঘ্র তুমি ভারতবর্ষের গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট পাঠে আদিষ্ট সম্বাদ দেও।

হাই কোর্টের সাহেবেরদের আজ্ঞাক্রমে।

এচ টি প্রিন্সেপ। রেজিষ্ট্রার।

৪০৭৭ নম্বর।

হাই কোর্টের শ্রীযুত রেজিষ্ট্রার সাহেবের নিকটে

বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী শ্রীযুত জে গিওগান সাহেবের পত্র। ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল ৪ নবেম্বর।

হোম ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী সাহেবের গত মাসের ২৮ তারিখের ৬০৩৫ নম্বরের পত্রের নকল ও তৎসহলিত পাঠ তোমার নিকটে পাঠাইয়া আদেশ করিতেছি যে, বর্ত্তমান বৎসর গত হইলে পর হাই কোর্টের জজ সাহেবেরা সাধ্যমতে অরা করিয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট পাঠের লিখিত এক রিটর্ণ শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকটে পাঠান।

জে গিওগান।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের ছোট সেক্রেটারী।

৬০৩৫ নম্বর।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী শ্রীযুত অনরবিল এ ইডন সাহেবের নিকটে ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী শ্রীযুত ই সি বেলি সাহেবের পত্র।

ফোর্ট উলিয়ম ১৮৬২ সাল ২৮ অক্টোবর।

হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের আজ্ঞাক্রমে আদেশ করিতেছি যে ১৮৬৩ সালের আরম্ভ হইবার পরে সাধ্যমতে অরা করিয়া পশ্চাৎ লিখিত পাঠের এক রিটর্ণ শ্রীযুত অনরবিল লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সম্মতি গ্রহণপূর্ব্বক এই ডিপার্টমেণ্টে পাঠাও। ঐ পাঠের অভিপ্রায় এই। ১৮৬২ সালের মধ্যে যত জন অপরাধির সাত বৎসর ও তাহার অধিক কাল কয়েদ হইবার দণ্ড হইয়াছে এবং ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৫৯ ধারাক্রমে আদালতে যে ক্ষমতার্পণ হইয়াছে তদনুসারে যত জন অপরাধির দ্বীপান্তরে প্রেরণের আজ্ঞা হইয়াছে তাহা দৃষ্ট হয়।

ই সি বেলি।
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

Districts.	No. of persons sentenced to imprisonment for 7 years.	No. of persons sentenced to imprisonment for terms exceeding seven years and not exceeding ten years.	No. of persons sentenced to imprisonment for terms exceeding ten years and not exceeding 14 years.	No. of persons sentenced to transportation for 7 years in lieu of imprisonment under Section 59 of the Penal Code.	No. of persons sentenced to transportation for terms exceeding 7 years and not exceeding 10 years in lieu of imprisonment under Section 59 of the Penal Code.	No. of persons sentenced to transportation for terms exceeding 10 years and not exceeding 14 years in lieu of imprisonment under Section 59 of the Penal Code.

True Copies.
J. H. Belchambers,
Assistant Registrar.

জিলা	যত জনের সাত বৎসর কয়েদ হইবার আজ্ঞা হইয়াছে।	যত জনের সাত বৎসরের অধিক ও দশ বৎসরের অনধিক কয়েদ হইবার আজ্ঞা হইয়াছে।	যত জনের দশ বৎসরের অধিক ও চৌদ্দ বৎসরের অনধিক কয়েদ হইবার আজ্ঞা হইয়াছে।	দণ্ডবিধির আইনের ৫৯ ধারা-মতে যত জনের কয়েদ হওনের পরিবর্ত্তে ৭ বৎসর দ্বীপান্তর প্রেরণের আজ্ঞা হইয়াছে।	দণ্ডবিধির আইনের ৫৯ ধারা-মতে যত জনের কয়েদ হওনের পরিবর্ত্তে ৭ বৎসরের অধিক ও ১০ বৎসরের অনধিক কাল দ্বীপান্তর প্রেরণের আজ্ঞা হইয়াছে।	দণ্ডবিধির আইনের ৫৯ ধারামতে যত জনের কয়েদ হওনের পরিবর্ত্তে ১০ বৎসরের অধিক ও ১৪ বৎসরের অনধিক দ্বীপান্তর প্রেরণের আজ্ঞা হইয়াছে।

জে এচ বেলচেম্বর্স।

আসিষ্টাণ্ট রেজিষ্টার।

CIVIL SIDE.

No. 11.

To the Civil Judges in the Lower Provinces.

Dated Calcutta, the 18th November 1862.

IN modification of the late Sudder Court's Circular No. 27, of the 3rd September 1859, the Court are pleased to direct that every Moonsiff should remit to the Treasury of the Collector, at least once at the commencement of each month, the money that may happen to be in deposit at the close of the preceding month, but Moonsiffs should, at the same time, be warned against ever retaining more money than is covered by the security given by their Nazirs. Whenever that sum is reached, a remittance should be at once made to the Government Treasury.

2. As several instances have recently occurred where this practice has not been observed, the Court wish to impress strongly upon Judges the necessity for rigidly insisting upon its observance and of reporting to the Court any instance in which the wishes of the Court in this respect may be disregarded.

By order, &c.,

(Signed) H. T. PRINSEP,

Registrar.

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর্ সাহেবের হুকুম।

৫১৬৭ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ৩ ডিসেম্বর।

পাদরী শ্রীযুত রবার্ট পেরি সাহেব (Reverend Robert Parry,) জিলটে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

পাদরী শ্রীযুত জে এ পেজ সাহেব (Reverend J. A. Page,) বাকরগঞ্জে বিবাহের রেজিষ্ট্রার হইবেন।

১৮৬২ সাল ৪ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ গ্রাপেল সাহেব (Mr. W. Grapel, M. A.,) প্রসীডেন্সী কালেজে নীতি ও মনস্তত্ত্ব বিদ্যার ও তর্ক শাস্ত্রের অধ্যাপকের কর্ম্ম করিবেন।

নিম্নের লিখিত মহাশয়েরা চাটিগাঁয়ে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত এফ এ এলফিনিষ্টন ডালরিম্পল সাহেব (Mr. F. A. Elphinstone Dalrymple.)

কাপ্তান শ্রীযুত জে এম গ্রেহাম সাহেব (Captain J. M. Graham.)

শ্রীযুত জে ই ব্রুস সাহেব (Mr. J. E. Bruce.)

শ্রীযুত বাবু কালীকিঙ্কর রায়।

শ্রীযুত বাবু গৌরচন্দ্র রায়।

শ্রীযুত বাবু প্রাণহরি লালা।

শ্রীযুত মৌলবী হামিদুদ্দীন আহম্মদ পুরথিয়াতে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনক্রমে ডেপুটী কালেক্টর হইবেন, ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ৫ ডিসেম্বর।

শ্রীযুত ডবলিউ জে আলেন সাহেব (Mr. W. J. Allen,) পরীক্ষক বোর্ডের সভাপতি হইবেন।

দেওয়ানী।

১১ নম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের শ্রীযুত সিবিল জজ সাহেব বরাবরেষু।

কলিকাতা ১৮৬২ সাল ১৮ নবেম্বর।

পূর্ব্বকার সদর আদালতের ১৮৫৯ সালের ৩ সেপ্টেম্বর তারিখের ২৭ নম্বরের সরকুলর অর্ডর সত্তান্বর করিয়া, হাইকোর্টের সাহেবেরা আদেশ করিতেছেন যে, মুনসেফেরদের নিকটে কোন মাসের শেষে যত টাকা আমানৎ থাকে তাহা তৎপর মাসের, আরম্ভে অর্থাৎ মাসে অতি ন্যূন এক বার, কালেকটর সাহেবের ত্রেজুরীতে পাঠান। কিন্তু তাঁহাদের নাজিরেরা যতটাকা জামিন দিয়াছেন তাহার অধিক টাকা কখন নিকটে না রাখেন, এই বিষয়ে মুনসেফদিগকে সতর্ক করা উচিত। তত্তুল্য টাকা তাঁহারদের নিকটে গচ্ছিত হইলেই তাহা অগৌনে গবর্ণমেণ্ট ত্রেজুরীতে পাঠাইতে হইবেক।

২। সম্প্রতি অনেকবার উক্ত নিয়মমতে কার্য্য হইবার ত্রুটি হইয়াছে। অতএব উক্ত বিধি অতি দৃঢ়রূপে পালন করা ও তদ্বিষয়ে হাই কোর্টের সাহেবেরদের অভিপ্রায় হেয় হইলে তাহার রিপোর্ট করা আবশ্যক এই কথায় হাইকোর্টের সাহেবেরা জজ সাহেবদিগকে বিশেষমতে মনোযোগ করাইতে চাহেন।

আজ্ঞাক্রমে

এচ টি প্রিনসেপ। রেজিষ্ট্রার।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

নিম্নের লিখিত মহাশয়েরা পরীক্ষক বোর্ডের মেম্বর হইবেন। অর্থাৎ

শ্রীযুত এস ওয়াকোপ সাহেব (Mr. S. Wauchope, C. B.)

শ্রীযুত ই জি বর্চ সাহেব (Mr. E. G. Birch.)

শ্রীযুত জে পি গ্রাণ্ট সাহেব (Mr. J. P. Grant.)

শ্রীযুত জে এস আর্ম্মষ্ট্রং সাহেব (Mr. J. S. Armstrong,) কমিল্লাতে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির সেক্রেটারী হইবেন।

১৮৬২ সাল ৬ ডিসেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা কলিকাতার অনরারি মাজিষ্ট্রেট হইবেন। অর্থাৎ

শ্রীযুত ফ্রেডারিক জেনিংস সাহেব (Mr. Frederick Jennings.)

শ্রীযুত উলিয়ম স্পিঙ্ক সাহেব (Mr. William Spink.)

শ্রীযুত জান রেনফ্রি সাহেব (Mr. John Remfry.)

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ রঙ্গপুরের সদর আমীন ও সদর মুনসেফ হইবেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত বাকরগঞ্জের প্রধান সদর আমীনের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু কুলদানন্দ মুখুয্যা মালদহের সদর আমীন ও ঐ জিলার সদর মোকামের মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু নবরত্ন মল্লিক রঙ্গপুরের সদর আমীনের ও ঐ জিলার সদর মোকামের মুনসেফের কর্ম্ম করিবেন।

ছুটী।

১৮৬২ সাল ৪ ডিসেম্বর।

ফৈজাবাদের আফীণের সব ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর নিকলসন সাহেব (Mr. R. Nicholson,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বারাণসের আফীণের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত টি উইলসন সাহেব (Mr. T. Wilson,) চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ছয় মাসের ছুটী পাইয়াছেন।

পাটনার সদর আমীন শ্রীযুত বাবু মাধবচন্দ্র চৌধুরী গত আগষ্ট মাসের ২৩ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

ফরীদপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রমোহন রায় অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৫ ডিসেম্বর।

ত্রিহুতের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

বেহারের আফীণের সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর কিং সাহেব (Mr. R. King,) আপন কর্ম্মে গমনার্থ প্রস্তুত হইবার নিমিত্তে তেইশ দিনের ছুটী পাইয়াছেন।

নড়াইলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজ শ্রীযুত বাবু অভয়কুমার দত্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

লেপ্টেনেণ্ট শ্রীযুত জেরপ্রভৃতি সাহেবেরদের পোলীসে নিযুক্ত হওনের যে কথা বর্ত্তমান মাসের ৯ তারিখের গেজেটে প্রকাশ হইয়াছে তাহা ঐ মাসের ৫ তারিখ অবধি প্রবল না হইয়া গত মাসের ৫ তারিখ অবধি প্রবল হইবে।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট বেহারের অশ্বারোহী রাইফল কোর নামে এক দল সৈন্য বেহারে নিযুক্ত হইবার অনুমতি দিয়াছেন। সেই দলে পশ্চাৎ লিখিত লেপ্টনেণ্ট সাহেবেরা নিযুক্ত হন। অর্থাৎ

শ্রীযুত জে ফর্লং সাহেব (Mr. J. Forlong,) কাপ্তান ও কমাণ্ডেণ্ট।

শ্রীযুত সি টি মেটকাফ সাহেব (Mr. C. T. Metcalfe,) লেপ্টেনেণ্ট ও দ্বিতীয় অধ্যক্ষ।

শ্রীযুত এফ হলওয়ে সাহেব (Mr. F. Holloway,) লেপ্টেনেণ্ট।

শ্রীযুত এফ কলিন রিজ সাহেব (Mr. F. Collingridge,) কর্ণেট ও আডুটাণ্টের কর্ম্ম করিবেন।

৫৩৬২ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৭ নবেম্বর।

শ্রীযুত জে এচ রেবনশ সাহেব (Mr. J. H. Ravenshaw,) মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়া শাহাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টরসাহেব আসিষ্টাণ্ট হইবেন. কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২ ডিসেম্বর।

বারাসতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অভয়চরণ মল্লিক চব্বিশপরগনার সদর মোকামে নিযুক্ত হইয়াছেন, আরও কলিকাতার ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

শ্রীযুত সি সি ষ্টিবনস্ সাহেব (Mr. C. C. Stevens,) বীরভূমের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত জে ওয়েষ্টলাণ্ড সাহেব (Mr. J. Westland,) যশোহরের মাজিষ্ট্রেট ও কালেকটর সাহেবের আসিষ্টাণ্ট হইবেন, ও ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শাহাবাদের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু হরশহায় সিংহ ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ৯ ডিসেম্বর।

সাবেক আসেসর ও ডেপুটী কালেকটর শ্রীযুত ডবলিউ হেশাম সাহেব (Mr. W. Heysham,) চব্বিশপরগনাতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর হইবেন ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্ট মতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি ওয়েলেন সাহেব (Mr. C. Waylen,) রঙ্গপুরের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১০ ডিসেম্বর।

শ্রীযুত এল বি বি কিংসাহেব (Mr. L. B. B. King,) দ্বিতীয় অর্থাৎ দক্ষিণখণ্ডের জরিপীকার্য্যের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন, ও ত্রিপুরাতে ও ছিলটে, মন্নমুনন সিংহে ও ঢাকাতে ও ভুলুয়াতে ও বাকরগঞ্জে ১৮২২ সালের ৭ আইন এবং ১৮২৫ সালের ৯ আইনমতে কালেকটরের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডাক্তর শ্রীযুত জে এফ এন্ ওয়াইজ সাহেব (Dr. J. F. N. Wise, M. D.,) চাটিগাঁয়ের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক হইবেন।

ডাক্তর শ্রীযুত জে ইউয়ার্ট সাহেব (Dr. J. Ewart, M. D.) মেডিকাল কালেজে, অমুষ্য ব্যবচ্ছেদ ও দ্রব্যতত্ত্ব ও পশ্বাদিব্যবচ্ছেদ ও পশুতত্ত্ব বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিবেন।

চম্পারণের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আঝারুল হক্ বাকরগঞ্জে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

বাকরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু প্রতাপচন্দ্র চাটুর্য্যা B.A. ও B.L. চাম্পারণে নিযুক্ত হইয়াছেন ও সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী দলীল উদ্দীন আহম্মদ বনর্গা এলাকাখণ্ডের কর্ম্মের ভারপ্রাপ্ত হইয়াছেন, ও নদীয়াতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

বালেশ্বরের আসেসর ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু অতুল বেহারী পাল, ঐ জিলাতে ১৮৩৩ সালের ২ আইনমতে ডেপুটী কালেকটরও হইবেন।

পিরোজপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী আবদুল গফুর হাবড়াতে নিযুক্ত হইয়াছেন, ও সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র বাড়ুয্যা মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা-প্রাপ্ত হইয়া বারুরগঞ্জে নিযুক্ত হইয়াছেন ও কিয়ৎ-কালের নিমিত্তে পিরোজপুর এলাকাখণ্ডের কর্ম্মের ভার তাঁহার হস্তে থাকিবে।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী ওয়াহীফুদ্দীন্ পাবনাতে নিযুক্ত হইয়া-ছেন সেই জিলাতে তিনি ফৌজদারী মোকদ্দমার কার্য্য বধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২১ ধারার নি-র্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত সি এফ মন্‌ট্রেসর সাহেব (Mr. C. F. Montresor,) গত অক্টোবর মাসের ২৮ তারিখ অর্থাৎ তাঁহার ভারতবর্ষে প্রত্যাগমনের তারিখঅবধি চব্বিশপরগনার মাজিষ্ট্রেট ও আলীপুর জেলের সুপরিণ্টেণ্ডেণ্ট হইলেন।

ছুটী।

১৮৬২ সাল ৬ ডিসেম্বর।

পাবনার একটিৎ ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু তারা কৃষ্ণ হাজরা অঙ্কিত কার্য্যকারকেদের ছুটীর বধির ৮ ধারামতে দুই মাস ২২ দিনের ছুটী পাই-ছেন।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

রঙ্গপুরের সিবিল আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত জি কে পুল সাহেব (Mr. G. K. Poole,) রাজধানীতে স্থাপিত চিকিৎসা সভার সম্মুখে উপস্থিত হওনার্থে চারি সপ্তাহের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ১০ ডিসেম্বর।

ত্রিহুতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত এচ ডবটন সাহেব (Mr. H. Doveton,) অঙ্কি-ত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দশ দিনের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

কিশোরগঞ্জের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক-টর শ্রীযুত বাবু রামশঙ্কর সেন গত মাসের ২৪ তারিখে আপন কর্ম্মের ভার গ্রহণ করাতে গত সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত হইল।

গোলাঘাটের অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিস্যনর শ্রীযুত জে থরনটন সাহেব (Mr. J. Thornton,) গত আগষ্ট মাসের ২৪ তারিখে যে তিন মাসের ছুটী পান তৎপরি-বর্ত্তে এক মাসের ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

সর্ব্ব সাধারণের জ্ঞাপনার্থে সম্বাদ দেওয়া যাইতেছে যে মোকদ্দমার মিয়াদের বিধি করিবার ১৮৫৯ সালের ১৪ আইনের ২৪ ধারার লিখিত বিধানমতে শ্রীযুত লে-প্টেনেণ্ট গবরুনর সাহেব ১৮৬১ সালের ১১ আইন ও ১৮৬২ সালের ১৪ আইনমতে মতান্তরিত ঐ আইন সান্তাল পরগনানামে খ্যাত আইন বহির্ভূত দেশে প্রচল করিয়াছেন। ১৮৬২ সাল ১০ ডিসেম্বর।

শ্রীযুত এচ সি গিবসন সাহেব (Mr. H. C. Gibson,) জিলা শিবসাগরের অনরারি মাজিষ্ট্রেটের পদহইতে ও বঙ্গ ও বেহারের কমিস্যান অফ দি পীসের পদহইতে অপসৃত হইয়াছেন।

১৮৬২ সাল ১১ ডিসেম্বর।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরুনর সাহেব বনগাঁয়ের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের যে এলাকা এইক্ষণে নির্দ্দিষ্ট আছে সেই এলাকার মধ্যে ১৮৬০ সালের ৪২ আইন ও ১৮৬১ সালের ১২ আইনের বিধান প্রচল করণার্থে কৃষ্ণনগরের ও শান্তিপুরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার কর্ত্তাদিগকে অন্য হুকুম না হওনপর্য্যন্ত বনগাঁ-এলাকাখণ্ডের মধ্যে সমতুল্য ও সমভাবের ক্ষমতাক্রমে কার্য্য করিতে অনুমতি দিয়াছেন।

এ ইডেন।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিৎ সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্‌তিহার।

NOTICE.

The Cachar Mela will, as usual, be held at Silchar, commencing on Tuesday the 30th December 1862, corresponding with 16th Pous 1269, and continuing for as many days as considered necessary.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 23rd August, 1862.

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে যথারীতি সিলচার মোকামে "কাছাড় মেলা" হইবেক, তাহা ১৮৬২ ইংরেজীর ৩০ ডিসেম্বর, মতাবেক ১২৬৯ বাঙ্গালার ১৬ ই পৌষ মঙ্গলবারে আরম্ভ হইয়া যত দিন প্রয়োজনীয় বোধ হয় তত দিন প্রচলিত থাকিবেক ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

কাছাড়। ২৩ আগষ্ট ১৮৬২ ইং।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২০ মে ডিসেম্বর তারিখে মোং উলুবেড়িয়ার ডাক বাঙ্গলায় দামুদর ও হুগলি নদীর মধ্যস্থিত বাঁশপাতি নামক খালের ১৮৬৩ সালের ১লা জানুআরি নাগাইদ উক্ত সালের ৩১শে ডিসেম্বর তারিখপর্য্যন্ত ১ বৎসর জন্য মাশুল আদায় প্রকাশ্য নীলামে ইজারা বিলি করা যাইবেক।

যে ব্যক্তি উর্দ্ধ ডাকে ইজারা লইবেক তাহাকে নীলামের সময়ে ৫০০৲ পাঁচ শত টাকা ডিপাজিট করিতে হইবেক এবং সন ১৮৬৩ সালের ১লা জানুআরির পূর্ব্বে তাহাকে কবুলতিতে দস্তখৎ করিতে হইবেক।

উপরোক্ত ইজারার বিষয় অন্যান্য সংবাদ নিম্ন স্বাক্ষরিত সাহেবের সমীপে পাওয়া যাইবেক।

H. W. GARNAULT, *Lieut., R. E.,*
Offg. Executive Engineer,
Damoodah Division.

BURDWAN,
1st December, 1862.

[*Government Gazette*, 10*th December*, 1862.]

আফিমের ইশ্‌তেহার।

ইশ্‌তেহার দেওয়া যাইতেছে যে সন ১৮৬৩ সাল তারিখ ৫ জানুআরি সোমবার পূর্ব্বাহ্ন দিবা এগার ঘণ্টার সময়ে মোকাম কলিকাতার এক্সচেঞ্জ ঘরে সন ১৮৬১। ৬২ সালের উৎপন্ন আফিমের প্রথম নীলাম হইবেক এবং ঐ নীলামে ৩৩০০ সিন্দুক আফিম বিক্রয় হইবেক তাহার বিশেষ এই।

বেহারের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১৮৬০
বানারসের এজেন্সীর উৎপন্ন আফিম ——— ১৪৪০

জুমলা সিন্দুক ৩৩০০

১ দফা। এইক্ষণে যে নীলামের ইশ্‌তেহার হইল তাহার সাধারণ নিয়ম অর্থাৎ শরত সকল চলিতমত গবর্ণমেণ্ট ও এক্সচেঞ্জ গেজেটের প্রকাশিত সন ১৮৬২ সালের ৮ নবেম্বর তারিখের লিখিত ইশ্‌তেহার দৃষ্টি করিলে অথবা রেবিনিউ বোর্ডের দপ্তরখানায় দরখাস্ত করিলে সবিশেষ জানিতে পারিবেন।

৩ দফা। ডিপাজিট অর্থাৎ আমানৎ পেশগীর টাকা দাখিলের শেষ তারিখ এবং কিলিয়রেন্স অর্থাৎ কিস্মতের টাকা দিয়া আফিম খালাসের শেষ তারিখ সন ১৮৬৩ সালের ১০ এবং ২০ জানুআরি এই দুই দিবস ক্রমান্বয়ে স্থির করা গেল অতএব নীলামি খরিদারান যে সকল প্রমিস্‌রী নোট অর্থাৎ তমসুক লিখিয়া দিয়া থাকেন তাহার খালাস করণার্থে বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ অথবা কোম্পনির কাগজ কিয়া অন্য কোন রকম সরকারী মাতবরী দস্তাবেজাত যাহা আমানতের হিসাবে দাখিল হইয়া থাকে তাহা সন ১৮৬৩ সালের ১০ জানুআরি শনিবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না এবং ঐ আফিমের ল.উ খালাসিসবরে কিস্মতেরপুরা টাকার দরুণ বাঙ্গাল ব্যাঙ্কের রসিদ সন ১৮৬৩ সালের ২০ জানুআরি মঙ্গলবার বেলা দুই প্রহর ৪ ঘণ্টার পর আর লওয়া যাইবেক না।

৪ দফা। উপরোক্ত এই নীলামের ইশ্‌তেহারের লিখিত পরিমাণ আফিম ভিন্ন সন ১৮৬১।৬২ সালের উৎপন্ন নীচের লিখিত পরিমাণ বেহার ও বানারসের আফিম কিঞ্চিৎ কমী বা বেশী হউক পাশ্চাৎ লিখিত তারিখহায়ে অথবা তাহার কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ নীলামে ধরা যাইবেক আর যদিস্যাৎ কোন হেতুপ্রযুক্ত নীলামের তারিখ বদল করার আবশ্যক হয় তবে সাহেবান বোর্ডের ক্ষমতা থাকিল যে আবশ্যক মতে তারিখ বদল করিবেন।

	বেহারের সিন্দুক	বানারসের সিন্দুক	জুমলা সিন্দুক
সন ১৮৬৩ সালের ৪ ফেব্রুআরি বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৪ মার্চ বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৬ এপ্রেল সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৬ মে বুধবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৮ জুন সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৯ জুলাই বৃহস্পতিবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ১০ আগষ্ট সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৭ সেপ্টেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৫ অক্টোবর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৯ নবেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৬০	১৪৪০	৩৩০০
ঐ ৭ ডিসেম্বর সোমবার অথবা কিঞ্চিৎ অগ্রপশ্চাৎ	১৮৫৩	১৪৬৪	৩৩১৭
বিমোজীব হুকুম সাহেবান আলিশান বোর্ড রেবিনিউ	২০৪৫৩	২৮৮৪	৩৬৩১৭

ফোর্ট উলিয়ম সন ১৮৬২ সাল তারিখ ৪ ডিসেম্বর।

ডবলিউ জে হার্শেল। একটিং জোট সেক্রেটারী।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা মেদিনীপুর।

ইস্তাহারনামা কাছারি কালেক্টরি জেলা মেদিনীপুর।

যেহেতুক শ্রীলশ্রীযুক্ত সাহেবান বোর্ডের অভিপ্রায়মতে মহিমাবর শ্রীযুত কমিসানর সাহেবের সন ১৮৬২ সালের ১৬ নবেম্বর তারিখের ১২৪ নম্বর চিঠীর অনুমতিঅনুসারে অত্র জেলার খাস মহাল পং খতমপুরের মহাল নিশ্চিন্তা গবর্ণমেণ্টের জমিদারি নীচের লিখিত নিয়মানুসারে সন ১৮৬৩ সালের ১৩ জানের তারিখ মোতাবক বাঙ্গলা সন ১২৬৯ সালের ১ মাঘ তারিখ মোতাবক আমলী সন ১২৭০ সালের ২ মাঘ তারিখে সদর কাছারিতে পবলিকসেলে নীলাম হইবেক।

নিয়ম।

১ দফা। উর্দ্ধ মুল্যের উপর সর্ব্ব উচ্চ ডাককরণিয়াকে বিক্রয় করা যাইবেক।

২ দফা। খরিদের মুল্য ১০০৲ টাকার অনূর্দ্ধ হইলে তাহা সমুদয় তৎক্ষণাৎ দাখিল করিতে হইবেক খরিদের মুল্য ১০০৲ শত টাকার অধিক হইলে তাহার শতকরা ২৫৲ টাকার হিসাবে বায়না তৎক্ষণাৎ দিতে হইবেক সমুদয় পণের টাকা নীলামের দিনকে এক দিবস গণনা করিয়া ১৫ দিবসের দিবা দুই প্রহরপর্য্যন্ত দাখিল না করা গেলে বায়নার টাকা সরকারে জব্দ হইবেক এবং মহাল পুনঃনীলাম করা যাইবেক আর পুনঃনীলামের ক্ষতিপূরণের দায়িক প্রথম খরিদার হইবেক।

৩ দফা। ঐ নীলামের পূর্ব্বে যে সকল পাট্টা দেওয়া গিয়াছে ও যে পাট্টা বর্ত্তমান আছে তাহা নিয়মিত কালপর্য্যন্ত ঐ নীলামহওয়া স্বত্বেও বহাল থাকিবেক এবং বন্দোবস্তী কাগজের দ্বারায় ও প্রচলিত আইনক্রমে যাহার যে স্বত্ব আছে তাহা বহাল থাকিবেক ও খোদকস্তা প্রজা যে মালের কর্ম্মকারকের কৃত জমাবন্দীতে দস্তখৎ করিয়াছে তাহার স্বত্বকে খরিদার সম্মান করিতে বাধ্য থাকিবেক।

৪ দফা। মহালের সদর জমা সরকারে আদায় করিবার জন্য খরিদার দায়ি থাকিবেক।

৫ দফা। নির্দ্ধারিত যে জমা ঐ মহালে ধার্য্য আছে তদসেওয়ায় নীলাম খরিদার সদর জমার উপর শতকরা ১৲ এক টাকার হিসাবে বেশী জমা দিতে হইবেক এই অতিরিক্ত জমা রাস্তা ইত্যাদি মেরামতির জন্য ব্যয় হইবেক এবং এই অতিরিক্ত জমা ও অপরাপর বাকির ন্যায় আদায় হইবেক সন ১৮৬২ সাল তারিখ ৩ ডিসেম্বর।

নম্বর	নম্বর তৌজী	নাম মহাল ও পরগনা	জমি	সদর জমা	নিরূপিত উচ্চ মূল্য	কৈফিয়ৎ
।০	খতমপুর ইষ্টেট	।০				
১	১২২	নিশ্চিন্তা পং খতলপুর	৪২৭।২॥	৩৮৯।৴২দ	১৭৪৪৶৩	সন ১২৭১ সালের শেষপর্য্যন্ত মেয়াদে ইজারা বিলি আছে

H. MADOCKS, *Offg. Collector.*

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ ব্যক্তিরদের ইশতিহার

স্থাবরাস্থাবর সম্পত্তিসংক্রান্ত কারবার ও বিচারের নিয়মবোধক বিচারপদ্ধতির বিজ্ঞাপন।

যে ব্যবস্থা ও বিচারের নিয়মঘটিত ইংরাজি পুস্তকের বর্ণনা ১৮৫৪ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ১০ পৃষ্ঠায় ১৮৫৩ সালের ২০ নবেম্বর তারিখের সরক্যুলর অর্ডরে ও ১৮৫৫ সালের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৫৩৪ পৃষ্ঠায় উক্ত সনের ১৯ জুলাই তারিখের সরক্যুলর অর্ডরে মুদ্রিত হইয়াছে ও যাহা বি এল পরীক্ষোত্তীর্ণদিগের শিক্ষা করিতে হয় এবং যাহা মুন্সেফি ও ওকালতি পরীক্ষার্থে অবধারণ হইয়াছে ও সর্ব্ব প্রধান আদালতে ব্যবহার আছে সেই ইংরাজি পুস্তক হইতে অনুবাদ করিয়া "বিচারপদ্ধতি" নামা পুস্তক প্রস্তুত ও মুদ্রিত করা গিয়াছে যে মহাশয়ের উক্ত পুস্তক ক্রয় করার অভিপ্রায় হয় আমার নিকট নীচের লিখিত মুল্যসহ পত্র লিখিলে পুস্তক প্রেরণ করা যাইবেক প্রতি পুস্তকের মুল্য ১৲ এক টাকামাত্র এই পুস্তক বিচারক ও উকিল ও মোক্তার ও ভূম্যধিকারিপ্রভৃতিরও প্রয়োজনীয় বটে।

শ্রীদুর্গাকান্ত চক্রবর্ত্তী।

ঢাকা বাঙ্গলাবাজার ৺ বাবু হরিশ্চন্দ্র বসু ডিপুটী কালেক্টর মহাশয়ের বাটীতে।

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইনসকল কলিকাতার থাকর কোম্পানির ও পি এস ডিরোজারীও কোম্পানির পুস্তকালয়ে ও শ্রীরামপুরের গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া যাইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মুল্য ... ... ২৲ টাকামাত্র

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন মুল্য ... ... ২৲ দুই টাকামাত্র

ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন ... ... ॥০ আনামাত্র

১৮৬২ সালের ৬ আইন মুল্য ... ... ৶০ আনামাত্র

[*Government Gazette, 16th December*, 1862.]

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধচন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজ ও উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া বিক্রয়ার্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

ZEMINDARY NOTICE.

To be let out in Putnee, the Property of the late Owen John Elias, Esquire, that well known and desirable Zemindary 10 Annas Share of Pergunnah Sautsoyka in Zillah East Burdwan, consisting of two Turruffs. The Turruff Mahomedpore, and Turruff Digparrah. The former containing 86 Mouzahs and Mehals and 23 Kismuts, and the latter containing 40 Mouzahs and Mehals and 13 Kismuts. For further particulars, apply to the Executrix, Mrs. Elias, No. 43, Park Street, Calcutta.

জমীদারী।

পত্তনী দেওয়া যাইবেক।

বিখ্যাত ভূম্যধিকারী মৃত ৺ ওয়ান্‌জান্‌ এলিয়াস সাহেবের বিপুল লভ্য জনক ও বহু মূল্যবান জমীদারী জিলা পূর্ব্বাংশ বর্দ্ধমানের সামিল সাতসৈকা পরগণার রকম (৷৷৵০) দশ আনীর সমুদায় মৌজা মহাল ও কিস্মৎ (অর্থাৎ [৷৵০] ছয় আনী তরফ মাম্মদপুরের ৮৬ মৌজা ও ২৩ কিস্মৎ, এবং [৷০] চারি আনী তরফ দীর্ঘ পাড়ার ৪০ মৌজা ও ১৩ কিস্মৎ) পত্তনী দেওয়া যাইবেক। গ্রহণেচ্ছুকগণ সহর কলিকাতার চৌরঙ্গীর পার্কষ্ট্রীটের ৪৩ নং ভবনে আমার নিকট তত্ত্ব করিলে বিশেষ বিবরণ জানিতে পারিবেন।

শ্রীমত্যা বারবারা ওয়ান্‌জান্‌ এলিয়াস সাহেব।
উক্ত ইষ্টেটের এক জিক্যুটীক্স।

নিম্নাঙ্কিত পুস্তকাদি কলিকাতাস্থ আমড়াতলা পূর্ণচন্দ্র যন্ত্রে শ্রীরামপুরের ছাপাখানায় থেকর ওষ্টেল রেজেরিও কোং নিকট রঙ্গপুর ও গুয়াহাটী আসামে বিক্রেয় আছে মূল্য পাঠাইলে পাইবেন।

সটীক শ্রীমদ্ভাগবত ... ৩৩৲	আরব্যোপাখ্যান ১নাং ৫	রিচার্ডসন কৃত ইং পারস্য	শব্দসাধন মুক্তাবলী ৩ খণ্ড ৩
শব্দাম্বুধি ৩৮০০০ শং ২৷৷০	পঞ্চম খণ্ডে ... ... ৫৲	এবং পারস্য ও ইং ডিক্সা	চমৎকার হিরাজাদ ১৲
শব্দকল্পতরুপ্রত্যেকফরমা৵	অপূর্ব্বোপাখ্যান, ২১প্রং২	নরি ২ বালম ..... ৫০৲	আলালের ঘরের দুলাল ৸০
নূতনাভিধান ২১০০০ ঐ ১৲	বত্রিশ সিংহাসন, গদ্য ১৲	রোম দেশীয় ইতিহাস ৬৲	মাজিষ্ট্রেটী উপদেশ ৬৲
অমরার্থ দীধিতি ... ১৷৷০	আদ্যকৃত ইং বাং ডিক্সনরি	গ্রীক দেশীয় ঐ ঐ ৩৲	তিলোত্তমা কাব্য ১৲
হরিভক্তি বিলাস সটীক ১০৲	অর্থাৎ ইং শব্দের ইং ও	ইংলণ্ড দেশীয় ঐ ঐ ৩৲	নাট্য পরিশিষ্ট নাটক ২৲
সর্ব্বার্থ পূর্ণচন্দ্র ইহাতে অ	বাং অর্থসমূলিত ৭২০ পৃষ্ঠা	ভারতবর্ষীয় ঐ ঐ ৩৲	প্রস্থান ভেদ ... ৷০
ষ্টাদশ পুরাণের অনুবাদ	এ প্রকার ডিক্সনরি পূর্ব্বে	পঞ্চাবেতিহাস ... ...১৲	সটীক শ্রীমদ্ভগবদ্গীতা আ-
গৌড়ীয় ভাষায় ১ অবধি	কখন প্রকাশ হয় নাই...৫৲	প্রাচীন ঐ ..., ...২৲	নন্দ গি রিরটীকাসমূলিত ৭৲
৩৪ সংখ্যাপর্য্যন্ত ... ৮৷৷০	শিবসংকীর্ত্তন ... ১৲	ন্যায়দর্শন ২৷৷০	কবিকঙ্কন কৃত চণ্ডী ১৲
এবং প্রতিমাসে একং খণ্ড	ইং রাজী শকুন্তলা .....১৲	পুরাবৃত্ত বিবরণ ... ...১৲	দণ্ড বিধর আইন ৩৲
প্রকাশ হইতেছে ৷০	ইং প্রবোধচন্দ্র নাটক ১৲	চাহার দরবেশ ... ১৲	ফৌজদারী আইন ২৲
শ্রীমদ্ভাগবত গৌড়ীয় ভাষায়	পুরাণের অনুক্রমণিকা ৷০	প্রিয়ম্বদ... ... ... ১৲	সুললিত নাটক ৷০
অনুবাদিত ১।২।৩।৪।	হিতোপদেশ ইংবাংসং ২	কেরি বাং ইং ডিক্সনরি ৫০৲	লীলাঙ্গন ঐ ৸০
৫।৬।৭।৮।৯।১০ ৬৸০	কাঞ্জীর বিচার ৷৷০	বিদ্যাকল্পদ্রুম ৩২৲	হস্তাক্ষরে লিখিত।
একাদশস্কন্ধশ্লোক ও পদ্য ২	অন্নদামঙ্গল ও বিদ্যাসুন্দর	পূর্ণচন্দ্রোদয় বার্ষিক... ৮৲	মূল গ্রন্থ ... ... ৩০৲
যোগবাশিষ্ঠ ১নাং২৬ সর্গ৪	মানসিংহচৌরপঞ্চাশতএক	রাজা রামমোহন রায়ের	আয়ুর্ব্বেদ ঐ ... ২০৲
জ্ঞানরত্নাকর ... ২৲	জেলেদে ১০ খণ্ড প্রতিমূর্ত্তি	জীবন চরিত্র ও গীতাবলী।৷০	অভিধান চূড়ামণি ঐ ২৫৲
অষ্টাদশ পর্ব্ব মহাভারত	রোবক ও হকিম মৌলবী	বেদান্তসার ... ১৲	সারাবলী ঐ ... ১০৲
প্রায় সহস্র পৃষ্ঠা ১ খণ্ড ৪৲	আবদুল মজিদকৃত পারস্য	কোলব্রুকের অমরকোষ ৮৲	নানাপ্রকার মুদ্রাঙ্কন লৌহ
সপ্তকাণ্ড রামায়ণ প্রং ...২৲	ভাষার অভিধান ৪	হিতোপদেশ অর্থসমূলিত ১	যন্ত্রের আমদানী হইয়াছে
		চাণক্য ও নবরত্নেরশ্লোক ৵	
		ইস্কুল টাক্স ৷	শ্রীঅদ্বৈতচন্দ্র আঢ্য।
		গবর্ণমেণ্টআইন ইং ১৭৯৩	
		নাং ১৮৩৩।১ বালম ১০০	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ১৬ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিক্রুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত হইল।

Numb. 1221. ১২২১) (২৯৫)

গবর্ণমেণ্ট গেজেট

গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে প্রকাশিত।

CALCUTTA, TUESDAY, DECEMBER 23, 1862.

কলিকাতা মঙ্গলবার ১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE.

The following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 12th December 1862, and is hereby promulgated for general information:—

Act No. XXIII. of 1862.

An Act to amend Act XI. of 1862 *(to amend the duties of Customs on Goods imported and exported by Sea.)*

[Preamble.]

Whereas it is expedient to amend the law relating to Customs Duties: It is enacted as follows:—

[New Article substituted for Article 18 of Schedule A.]

I. Article 18 of Schedule A of the said Act XI. of 1862 and the Note thereto are repealed, and instead thereof, the following words shall be read as Article 18, and the Note thereto:—

Article 18.—Machinery used exclusively for purposes of agriculture, navigation, mining, or manufacture, or for Railway purposes, and materials forming necessary component parts of such machinery ... ... Free.

And the Officer in charge of the Custom House, subject to the orders of the local Government acting under the general instructions of the Government of India, shall decide what Articles come within the definition of such machinery, or materials forming component parts thereof, and such decision shall be final in law.

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

লেজিসলেটিব।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্ণর জেনেরল বাহাদুরের নিম্ন লিখিত আইন বিষয়ে শ্রীলশ্রীযুক্ত গবর্ণর জেনরল বাহাদুর ইঙ্গরেজী ১৮৬২ সালের ১২ ডিসেম্বর তারিখে স্বীয় সম্মতি প্রকাশ করেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ২৩ আইন।

১৮৬২ সালের ১১ আইন (অর্থাৎ সমুদ্রপথে আমদানী ও রপ্তানী করা মালের উপর মামুল সংশোধন করিবার আইন) সংশোধনার্থ আইন।

[হেতুবাদ।]

কষ্টমের মামুল সম্পর্কীয় আইন সংশোধন করা বিহিত। এই হেতুক পশ্চাৎ লিখিত বিধান হইল।

[A চিহ্নিত তফসীলের ১৮ প্রকরণের পরিবর্ত্তে নূতন প্রকরণের কথা।]

১ ধারা। ১৮৬২ সালের উক্ত ১১ আইনের A চিহ্নিত তফসীলের ১৮ প্রকরণ ও তৎসম্পর্কীয় মন্তব্য কথা রদ হইয়াছে। তৎপরিবর্ত্তে পশ্চাৎ লিখিত কথা ১৮ প্রকরণ ও তৎসম্পর্কীয় মন্তব্য কথাস্বরূপ পাঠ করিতে হইবেক।

১৮ প্রকরণ। কেবল চাষ করণ ও জাহাজ চালাওনের বিদ্যা কি আকরাদি খনন কি শিল্পকর্ম্ম কি রেলরোডের কার্য্যঘটিত যন্ত্র ও সেই২ যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ যে দ্রব্য ... ... তাহার মামুল নাই।

এবং উক্ত যন্ত্রের মধ্যে কি২ যন্ত্র ও সেই যন্ত্রের প্রয়োজনীয় অংশস্বরূপ কি২ দ্রব্য ধরিতে হইবেক, তাহা ভারতবর্ষের গবর্ণমেণ্টের সাধারণ উপদেশানুসারে স্থানবিশেষের গবর্ণমেণ্ট যে আজ্ঞা করেন, তদনুসারে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব নির্দ্ধার্য্য করিবেন, ও তাঁহার সেই নিষ্পত্তি আইনসম্পর্কে সিদ্ধান্ত হইবেক ইতি।

[Proviso after Article 23 of Schedule A.]

II. The following Proviso shall be read after Article 23 of the said Schedule A :—

Provided that 10 per Cent. *ad valorem* shall be charged on all Spirits used exclusively in arts and manufactures, or in Chemistry, subject to such rules as the local Government shall from time to time prescribe, for ascertaining that such Spirits are unfit for use as a beverage and incapable of being converted to that purpose. And the Officer in charge of the Custom House, subject to the general instructions of the local Government, shall decide what Spirits fall within this proviso, and his decision thereon shall be final in law.

[Additional Article of Schedule A.]

III. The following additional Article shall be read as part of Schedule A of the said Act.

Firewood	...	... Free.

[Act to be read as part of Act XI. of 1862.]

IV. This Act shall be read and taken as part of the said Act XI. of 1862.

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

A Bill to consolidate and amend the Laws relating to the administration of the Department of Sea Customs in India.

[Continued from page 963.]

[No Pilot, &c., to take charge of, &c., any vessel proceeding to sea without production of Port-clearance]

CXVIII. Except when duly appointed by the Master Attendant, no Pilot shall take charge of and no Commander of a Steam Tug shall take in tow any vessel proceeding to Sea, unless the Master or Commander of such vessel shall produce a Port-clearance. Every person convicted before a Magistrate of an infraction of this rule, shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[The Master of a vessel, on applying for Port-clearance, to deliver a Manifest and Certificates.]

CXIX. The Master or Commander of every vessel intending to leave any Port in British India shall, at the time of applying for Port-clearance, deliver to the Officer in charge of the Custom House, or other duly authorized Officer, a Manifest in duplicate according to such form as may from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place, containing a full and true specification of all goods to be exported in the vessel, and shall also deliver to the Offi-

[A চিহ্নিত তফসীলের ২৩ প্রকরণের পর যোজিত কথা।]

২ ধারা। উক্ত A চিহ্নিত তফসীলের ২৩ প্রকরণের পর পশ্চাৎ লিখিত বর্জনসূচক কথা পাঠ করিতে হইবেক অর্থাৎ

পরন্তু কেবল শিল্পকর্ম্মে কিম্বা বিদ্যাঘটিত অন্যান্য কর্ম্মে কি কি মিয়া বিদ্যাতে যে শরাব ব্যবহার হয়, তাহা পানাদির অব্যবহার্য্য, ও পানাদির উপযুক্ত করা যাইতে পারে না, ইহা নিশ্চয় করণার্থে স্থানবিশেষের গবর্ণমেণ্ট সময়ে২ যে বিধি করেন, তৎক্রমে সেই শরাবের মূল্যানুসারে তাহার উপর শতকরা ১০৲ টাকার হিসাবে মাসুল ধার্য্য হইবেক। ও এই বর্জনীয় কথার মধ্যে যে প্রকারের শরাব ধরিতে হইবেক, ইহা কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব স্থানবিশেষের গবর্ণমেণ্টের সাধারণ আদেশানুসারে নির্দ্ধার্য্য করিবেন। ও তদ্বিষয়ে তাঁহার যে নিষ্পত্তি হয় তাহা আইনসম্পর্কে সিদ্ধান্ত হইবেক ইতি।

[A চিহ্নিত তফসীলের অতিরিক্ত প্রকরণের কথা।]

৩ ধারা। পশ্চাৎ লিখিত নূতন প্রকরণ উক্ত আইনের A চিহ্নিত তফসীলের অংশস্বরূপ পাঠ করিতে হইবেক, অর্থাৎ

জ্বালানি কাষ্ঠের ... ... মাসুল নাই।

[এই আইন ১৮৬২ সালের ১১ আইনের অংশস্বরূপ পাঠ হইবার কথা।

৪ ধারা। এই আইন ১৮৬২ সালের উক্ত ১১ আইনের অংশস্বরূপে পাঠ ও জ্ঞান করিতে হইবেক ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।
JOHN ROBINSON, *Bengalee Translator.*

ভারতবর্ষে সমুদ্রদ্বারা আমদানী ও রফ্তানী করা দ্রব্যের উপর মাসুলের আইন সংগ্রহ ও সংশোধন করণার্থ আইনের মুসাবিদা।

[৯৬৩ পৃষ্ঠাহইতে চলিতেছে।]

জাহাজ প্রস্থান করিবার অনুমতিপত্র না দেখাইলে আড়কাটি সাহেব প্রভৃতির সমুদ্রে গমনকারি জাহাজের ভারপ্রভৃতি গ্রহণ না করিবার কথা।]

১১৮ ধারা। সমুদ্রে গমনোদ্যত কোন জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব যদি সমুদ্রে গমনের অনুমতিপত্র না দেখান, তবে মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের দ্বারা উচিতমতে নিযুক্ত না হইলে কোন আড়কাটী সাহেব ঐ জাহাজ জিম্মায় লইবেন না ও টগষ্টিমরের কোন কাপ্তান সাহেব ঐ জাহাজ টানিয়া লইতে পারিবেন না। যদি কোন ব্যক্তির এই বিধিলঙ্ঘনাপরাধ মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে প্রমাণ হয় তবে তাঁহার এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[জাহাজাধ্যক্ষ প্রস্থান করিবার অনুমতিপত্র প্রার্থনা করিলে তাঁহার মানিফেষ্ট ও সর্টিফিকেট দিতে হইবার কথা।]

১১৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে যে জাহাজ যাইতে প্রস্তুত হয় সেই জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব বন্দর হইতে প্রস্থান করিবার অনুমতিপত্র প্রার্থনা করণকালে দুই কেতা মানিফেষ্ট কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক সাহেবকে দিবেন, তাহা লিখিবার পাঠ প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ নির্দ্দিষ্ট করিবেন। জাহাতে যে সকল মাল রফ্তানী হইবেক তাহার সম্পূর্ণ ও যথার্থ বিবরণ তাহাতে লেখা থাকিবেক।

cer in charge of the Custom House, or other duly authorized Officer, such Certificates as the Officer in charge of the Custom House, acting under the general instructions of such Chief Customs Authority, shall require. The Officer in charge of the Custom House, or other duly authorized Officer, when satisfied with the said Certificates, and with the correctness of the Manifest, shall grant a Port-clearance to the Master or Commander, and shall return at the same time to such Master or Commander one copy of the Manifest duly countersigned by the proper Officer of Customs.

[Port-clearance not to be granted until all documents are delivered and charges paid.]

CXX. The Officer in charge of the Custom House shall be competent to refuse Port-clearance to any vessel until the required Manifest and Certificates are produced, and until all Port-dues and other charges or penalties, due by such vessel, or by the Master or Commander thereof, shall have been duly paid or their payment duly guaranteed.

[Goods on board to correspond with the Manifest.]

CXXI. If any goods liable to any Duty on importation, or taken from the warehouse to be exported, or entitled to drawback on exportation, which are enumerated in the Manifest of any vessel, shall not be duly shipped before the departure of such vessel, or shall not be duly certified by the proper Officer as short-shipped, such goods shall be liable to confiscation. If any goods not enumerated in such Manifest, shall be taken on board of any such vessel, the Master or Commander shall forfeit a sum not exceeding fifty Rupees in respect of every package of such goods. If any goods duly shipped on board such vessel be landed at any place other than that for which they shall have been so cleared, the Master or Commander of such vessel shall, unless the fact be accounted for to the satisfaction of the Officer in charge of the Custom House, forfeit a sum not exceeding three times the value of such goods so landed.

[Goods passed for shipment after Port clearance has been granted how to be treated.]

CXXII. Upon all goods that are passed through the Custom House for shipment on an application presented after Port-clearance shall have been granted, 2 per cent. upon the market value of free goods and upon the Tariff value of rated goods shall in every case be levied in addition to any Duty to which such goods shall be ordinarily liable. Provided that nothing in this Section shall be deemed to apply to any shipment of treasure or opium.

আরো কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের সাধারণ উপদেশমতে কর্ম্ম করত যে সর্টিফিকট দিতে আজ্ঞা করেন তাহাও ঐ অধ্যক্ষ কি কাপ্তান সাহেব উক্ত কার্য্যকারক সাহেবকে কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারককে দিবেন। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কার্য্যকারক উক্ত সর্টিফিকট সুবোধ জনক জান করিলে ও মানিফেষ্ট শুদ্ধ জানিলে অধ্যক্ষকে কি কাপ্তান সাহেবকে প্রস্থান করিবার অনুমতিপত্র দিবেন, ও কষ্টমের উপযুক্ত কার্য্যকারক সাহেবের নিয়মিতরূপে দস্তখৎকরা ঐ মানিফেষ্টের উক্ত এক কেতা নকল সেই সময়ে ঐ অধ্যক্ষকে কি কাপ্তান সাহেবকে ফিরিয়া দিবেন ইতি।

[সমস্ত দলীল ও খরচাদি না দেওয়া গেলে প্রস্থান করিবার অনুমতিপত্র না দিবার কথা।]

১২০ ধারা। উক্ত আজ্ঞামতের মানিফেষ্ট ও সর্টিফিকট যত কাল না দেখান যায় ও সেই জাহাজের কিম্বা জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেবের নিকটে বন্দরের ও অন্য২ যে বিষয়ের খরচ কি জরিমানা প্রাপ্য হয় তাহা সমস্ত যত কাল না দেওয়া যায় কি তাহা দিবার উপযুক্ত জামিন না দেওয়া যায় তত কালপর্য্যন্ত কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব বন্দরহইতে প্রস্থান করিবার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[মানিফেষ্টের সঙ্গে জাহাজে থাকা মাল মিলিবার কথা।]

১২১ ধারা। আমদানী হইবার সময়ে যাহার উপর মাসুল লাগিতে পারে, কিম্বা রপ্তানী হইবার জন্যে যাহা গুদামহইতে বাহির করা যায়, কিম্বা রপ্তানী হইলে যাহার কিছু মাসুল ফিরিয়া পাইবার অধিকার থাকে, এমত কোন মাল কোন জাহাজের মানিফেষ্টে লেখা গেলেও যদি ঐ জাহাজের প্রস্থান করিবার পূর্ব্বে ঐ জাহাজে নিয়মিতরূপে না দেওয়া যায়, কিম্বা জাহাজে দেওয়া যায় নাই বলিয়া যদি উপযুক্ত কার্য্যকারক নিয়মিতরূপে সর্টিফিকট না দেন, তবে সেই সকল মাল জব্দ হইতে পারিবেক। কোন মাল মানিফেষ্টে লিখিত না হইয়া যদি তদ্রূপ কোন জাহাজে তুলিয়া দেওয়া যায়, তবে তদ্রূপ মালের প্রত্যেক বস্তাপ্রভৃতির উপর ঐ জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের ৫০৲ টাকার অনধিক দণ্ড হইবেক। কোন মাল উক্ত জাহাজে উপযুক্তমতে তোলা গেলে পর, যে স্থানে গমন করিবার অনুমতিপত্র পাওয়া যায়, তদ্ভিন্ন যদি অন্য কোন স্থানে নামান যায় ও তদ্বিষয়ের হেতু কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের সুবোধমতে প্রকাশ না হয়, তবে উক্ত প্রকারের নামান মালের যত মূল্য হয়, জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের তাহার তিন গুণের অনধিক দণ্ড হইবেক ইতি।

[প্রস্থান করিবার অনুমতিপত্র দেওয়া গেলে পর জাহাজে তুলিবার জন্যে যে মালের পান হয় তদ্বিষয়ের যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১২২ ধারা। বন্দরহইতে জাহাজের প্রস্থান করিবার অনুমতিপত্র দেওয়া গেলে পর, যে মাল কষ্টম হৌস দিয়া পান হইয়া ঐ জাহাজে তুলিবার প্রার্থনা হয়, তাহার নিয়মিত যে মাসুল দিতে হয় তদ্ভিন্ন বেমাসুলী মালের বাজার মূল্যের উপর এবং যে দ্রব্যের মূল্যানুসারে মাসুল হয় তাহার তারিফলিখিত মূল্যের উপর শতকরা ২৲ টাকার হিসাবে মাসুল আদায় হইবেক। পরন্তু খাজানা কি আধীন জাহাজে তুলিবার বিষয়ে এই ধারার কোন কথা খাটে এমন জান করিতে হইবেক না ইতি।

[Duty on goods not shipped or re-landed may be returned on application. Proviso.]

CXXIII. Upon an application being made, the Duty levied upon goods not shipped or upon goods shipped and afterwards re-landed, may be returned to the exporter. Provided that no such refund shall be allowed unless application to re-land shall have been made, or notice of non-shipment shall have been given, before the vessel on which such goods were intended to be shipped or from which they were re-landed, shall have left the Port, or within forty-eight hours after the granting of Port-clearance to such vessel.

[যদি কোন মাল জাহাজে না দেওয়া যায় কিম্বা জাহাজে দিয়া পুনরায় নামান যায়, তবে দরখাস্ত করিলে তাহার মাসুল ফিরিয়া পাইবার কথা ও বর্জ্জিত কথা।]

১২৩ ধারা। কোন মাল যদি জাহাজে তোলা না যায় কিম্বা জাহাজে তুলিয়া যদি পুনরায় নামান যায়, তবে তাহার উপর যে মাসুল আদায় হইয়াছিল তাহা ঐ মাল রপ্তানীকারকের দরখাস্তমতে তাহাকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে। পরন্তু মাল যে জাহাজে তুলিয়া দিবার অভিপ্রায় ছিল কিম্বা যে জাহাজহইতে পুনর্ব্বার নামান যায় সেই জাহাজ বন্দরহইতে প্রস্থান করিবার পূর্ব্বে কিম্বা জাহাজের গমনের অনুমতিপত্র দেওয়ার পর আটচল্লিশ ঘণ্টার মধ্যে কিনারায় মাল আনাইবার দরখাস্ত না হইলে কিম্বা জাহাজে বোঝাই না হইবার সম্বাদ না দেওয়া গেলে ঐ মাসুল ফিরিয়া দিবার অনুমতি হইবেক না ইতি।

[Commanders of vessels not bringing to at prescribed stations to be fined.]

CXXIV. If any vessel departing from any Port in British India shall, when required, fail to bring to at such station as shall have been appointed by the Chief Customs Authority for the landing of Officers from such vessel or for further examination previous to such departure, the Master or Commander of such vessel shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees.

[কাপ্তান সাহেবেরা নিরূপিত স্থানে জাহাজ না লাগাইলে তাঁহারদের দণ্ডের কথা।]

১২৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে যে জাহাজ গমন করিতেছে সেই জাহাজহইতে কষ্টমের কার্য্যকারকের নামিয়া আসিবার নিমিত্তে কিম্বা জাহাজের গমনের পূর্ব্বে অধিক অনুসন্ধানার্থে জাহাজের লাগান করিবার যে২ স্থান কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব নিরূপণ করেন সেই২ স্থানে যদি জাহাজ না লাগায়, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[Goods re-landed from a vessel put back from stress of weather, how to be disposed of.]

[জাহাজ ঝড়ের বেগে ফিরিয়া আইলে তাহাহইতে যে মাল নামান যায় তাহার যেরূপে কার্য্য হইবেক তাহার কথা।]

CXXV. If any vessel, after having cleared from any Port in British India, shall return to such Port, and any owner or shipper of cargo in such vessel, or the agent of any such owner or shipper, shall desire to land the same for re-export, an Officer of Customs shall be sent to watch the vessel and to take charge of the cargo during such re-landing or removal from on board; and the goods on board of such vessel shall not be allowed to be trans-shipped or re-exported free of Duty, by reason of the previous settlement of Duty at the time of first export, unless such goods shall be lodged in such place as shall be allowed by the Officer in charge of the Custom House, and shall remain while on land, or while on board of any other vessel, under special charge of an Officer of Customs until the time of re-export. All charges attending such custody shall be borne by the exporter. Provided that, in any case of return to Port, after Port-clearance, it shall be lawful for the exporter, or for the Master or Commander, to enter the vessel and to land the cargo under the rules for the importation of goods; in which case the Export Duty shall be refunded to, and the amount paid in drawback shall be reclaimed from, such exporter; and if any goods, on account of which drawback has been paid, be not found on board of any such vessel, the Master or Commander shall forfeit a sum not exceeding the entire value thereof, unless the fact be accounted for to

১২৫ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে কোন জাহাজ গমন করিলে পর যদি সেই বন্দরে ফিরিয়া আইসে, ঐ জাহাজের বোঝাই মালের স্বামী কি বোঝাইকারক কিম্বা তাঁহার এজেণ্ট যদি পুনর্ব্বার রপ্তানী হইবার জন্যে সেই মাল নামাইতে ইচ্ছা করেন, তবে ঐ জাহাজে চৌকী রাখিতে ও সেই মাল জাহাজহইতে নামাইবার কি স্থানান্তর করিবার সময়ে তাহা জিম্মায় লইতে কষ্টমের এক জন কার্য্যকারককে পাঠান যাইবেক। ও তদ্রূপ জাহাজের সেই মাল কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যে স্থানে রাখিতে অনুমতি দেন, সেই স্থানে যদি না রাখা যায় ও পুনরায় রপ্তা না হওয়াপর্য্যন্ত যত কাল ডাঙ্গায় কি অন্য কোন জাহাজে থাকে ততকাল যদি কষ্টমের কার্য্যকারকের বিশেষ জিম্মায় না থাকে, তবে প্রথমবার রপ্তানী হইবার সময়ে মাসুল দেওয়া গিয়াছিল এই কারণে সেই মাল বিনা মাসুলে পুনরায় জাহাজে তোলা যাইতে কি রপ্তানী হইতে পারিবে না। উক্ত প্রকারে জিম্মায় রাখার সকল খরচ রপ্তানীকারকের দিতে হইবেক। কিন্তু বন্দরহইতে জাহাজ গমন করিয়া তদ্রূপে প্রত্যাগমন করিলে রপ্তানীকারক কিম্বা জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব মাল আমদানী করিবার বিধি অনুসারে জাহাজ এণ্টর করিয়া ঐ মাল নামাইয়া দিতে পারিবেন। তাহা হইলে মালের রপ্তানী মাসুল ফিরিয়া দেওয়া যাইবে এবং ফেরৎ মাসুল বলিয়া যাহা রপ্তানীকারককে দেওয়া গিয়াছিল তাহা তাহার স্থানে পুনশ্চ লওয়া যাইবে। ও যে২ দ্রব্যের কিছু মাসুল ফিরিয়া দেওয়া গিয়াছিল তাহা যদি সেই জাহাজের মধ্যে না পাওয়া যায় ও জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব যদি তাহার হেতু কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের সন্তোষমতে জানাইতে না পারেন, তবে, ঐ মালের সম্পূর্ণ মূল্য যত টাকা হয় ঐ অধ্যক্ষের কি

the satisfaction of the Officer in charge of the Custom House.

DRAWBACK.

[Drawback of Customs allowed on the re-export of certain goods under certain conditions.]

CXXVI. Upon the re-export by Sea of any goods, except Salt and Opium, imported into British India from any Foreign Port or place; and upon which Duties of Customs have been paid on importation, the amount of such Duty shall be repaid as drawback. Provided that in every such case the goods be identified to the satisfaction of the Officer in charge of the Custom House; and that the re-export be made within two years from the date of import as shown by the Custom House Register, or within such extended term as the Chief Customs Authority of the Presidency or place shall, on sufficient cause for such extension being shown, in any case determine. Articles on which, though they be not country articles, an export Duty is chargeable by law, shall not, on re-exportation, be entitled to claim exemption from such Duty by reason of their having paid Duty on importation. But it shall be lawful for the Chief Customs Authority in any such case to direct that no reservation of any part of the import Duty be made on the re-exportation of such articles.

[No drawback to be allowed, unless claim is made at the time of re-export, and the amount demanded within one year.]

CXXVII. No payment of drawback shall be made upon any goods re-exported from any Port in British India, unless the claim to receive such drawback be made and established at the time of re-export, nor unless payment be demanded within one year from the date of entry for shipment. No such payment of drawback shall be made until the vessel carrying the goods has put out to Sea.

[Goods not entitled to drawback if of less value than the amount of drawback claimed.]

CXXVIII. No drawback shall be allowed upon the exportation of any goods entered for drawback, which shall be of less value than the amount of the drawback claimed. All such goods so entered shall be liable to confiscation.

[No drawback on goods not entered in Export Manifest.]

CXXIX. No drawback shall be allowed upon goods not included in the Export Manifest.

[No drawback allowed on the export of goods from one Indian Port to another in the same Presidency, but if thence again exported out of India, drawback may be allowed.]

CXXX. No drawback shall be allowed upon goods exported from one Port in British In-

কাপ্তান সাহেবের তত টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

ফেরৎ মাসুলের বিধি।

[কোন২ মাল পুনর্বার রপ্তানী হইলে তাহার কিছু মাসুল বিশেষ নিয়মমতে ফিরিয়া দিবার কথা।]

১২৬ ধারা। নিমক ও আফীনভিন্ন কোন মাল ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থানহইতে ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আমদানী হইয়া পুনর্ব্বার সমুদ্রপথে রপ্তানী হইলে, যদি আমদানীকালে তাহার উপর কষ্টমের মাসুল দেওয়া গিয়া থাকে তবে সেই সম্পূর্ণ মাসুল ফেরৎ মাসুলের ন্যায় ফিরিয়া দেওয়া যাইবে। পরন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে, কষ্টম হৌসের কার্য্যের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেবের স্বদ্বোধমতে ঐ দ্রব্যের অনন্যতা নির্দ্ধার্য্য করা প্রয়োজন। ও কষ্টম হৌস রেজিষ্টরে তাহার আমদানী হইবার যে তারিখে দৃষ্ট হয় সেই তারিখঅবধি দুই বৎসরের মধ্যে অথবা মিয়াদ বৃদ্ধি করণের উপযুক্ত কারণ দর্শান গেলে প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব ততোধিক যে কাল নিরূপণ করেন সেই কালের মধ্যে ঐ মাল পুনর্ব্বার রপ্তানী হয়। দেশীয় মাল না হইলেও যাহার উপর আইনমতে রপ্তানীর মাসুল লাগিতে পারে তাহার উপর আমদানীর সময়ে মাসুল দেওয়া গিয়াছিল এই কারণে পুনর্ব্বার রপ্তানী হইবার সময়ে মাসুলহইতে মুক্ত হইবার দাওয়া হইতে পারিবে না। কিন্তু তদ্রূপ কোন স্থলে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব আজ্ঞা করিতে পারিবেন যে ঐ দ্রব্যের পুনর্ব্বার রপ্তানীকালে আমদানীর মাসুলের কোন অংশ রাখা না যায় ইতি।

[পুনর্বার রপ্তানী করিবার সময়ে ঐ মাসুল ফিরিয়া পাইবার কথা না জানাইলে ও এক বৎসরের মধ্যে দাওয়া না করিলে ফিরিয়া না পাইবার কথা।]

১২৭ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দর হইতে পুনশ্চ রপ্তানী হওয়া কোন মালের মাসুল ফিরিয়া পাইবার দাওয়া পুনশ্চ রপ্তানী হইবার সময়ে না করা গেলে ও সিদ্ধ না হইলে, এবং জাহাজে মাল বোঝাই করণার্থে এণ্টর হইবার তারিখঅবধি এক বৎসরের মধ্যে দাওয়া না করা গেলে, সেই মাসুলের টাকা ফিরিয়া দেওয়া যাইবে না। মাল যে জাহাজে রপ্তানী হয় সেই জাহাজ যত কাল সমুদ্রপথে না পঁহুছে তত কাল ঐ ফেরৎ মাসুল দেওয়া যাইবে না ইতি।

[যত মাসুল ফিরিয়া পাইবার দাওয়া হয় মাল তাহার ন্যূন মূল্যের হইলে মাসুল ফিরিয়া না পাইবার কথা।]

১২৮ ধারা। মাসুল ফেরৎ পাইবার জন্যে যে মাল এণ্টর হয় তাহার মূল্য যদি দাবীমত ফেরৎ মাসুলের ন্যূন হয়, তবে কিছু মাসুল ফিরিয়া দেওয়া যাইবে না। তদ্রূপ লিখিত সকল মাল জব্দ হইতে পারিবেক ইতি।

[রপ্তানীর মানিফেষ্টে অলিখিত মালের উপর ফেরৎ মাসুল না দিবার কথা।]

১২৯ ধারা। রপ্তানীর মানিফেষ্টে যে মাল লেখা নাই তাহার ফেরৎ মাসুল দিবার অনুমতি হইবে না ইতি।

[ভারতবর্ষের এক রাজধানীর এক বন্দরহইতে অন্য বন্দরে যে মাল রপ্তানী হয় তাহার ফেরৎ মাসুলের অনুমতি না হইবার কথা। কিন্তু সেই বন্দরহইতে ভারতবর্ষের বাহিরে রপ্তানী হইলে মাসুল ফিরিয়া দিবার অনুমতির কথা।]

১৩০ ধারা। কোন মাল ব্রিটনীয় ভারতবর্ষের এক বন্দরহইতে বেমাসুলী বন্দরভিন্ন অন্য বন্দরে রপ্তানী

dia to another such Port, not being a free Port. But drawback may be allowed upon goods which, after having been charged with Duty at one Port in British India, and thence exported to another such Port not being a free Port, are thence again re-exported to a Foreign Port. Provided that in every such case the goods be identified to the satisfaction of the Officer in charge of the Custom House at the Port of final exportation, and that such final exportation be made within three years from the date of first importation into British India.

হইলে তাহার কিছু ফেরত মাসুলের অনুমতি হইবেক না। কিন্তু কোন মালের উপর ব্রিটনীয় ভারতবর্ষের কোন এক বন্দরে মাসুল দেওয়া গেলে পর যদি সেই বন্দরহইতে বেমাসুলী বন্দরভিন্ন অন্য কোন বন্দরে রফ্তানী হইয়া তথাহইতে ভিন্নদেশীয় বন্দরে পুনশ্চ রফ্তানী হয় তবে তাহার কিছু মাসুল ফিরিয়া পাইবার অনুমতি হইতে পারিবেক। পরন্তু তদ্রূপ প্রত্যেক স্থলে প্রয়োজন যে শেষে যে বন্দরে ঐ মাল রফ্ত হয় সেই বন্দরের কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্তকার্য্যকারক সাহেবের সন্তোষহইতে ঐ মালের অনন্যতা নিশ্চয় হয় ও ব্রিটনীয় ভারতবর্ষে প্রথমবার আমদানীর তারিখ-অবধি তিন বৎসরের মধ্যে ঐ শেষবার রফ্ত করা যায় ইতি।

[Declaration to be made by parties claiming drawback.]

CXXXI. Any person, or the duly authorized agent of any person, claiming drawback on any goods duly exported, shall make and subscribe a declaration, that such goods have been actually exported, and have not been re-landed, and are not intended to be re-landed, at any Port in British India; and that such person was at the time of entry and shipment, and continues to be entitled to drawback thereon.

[ফেরৎ মাসুল দাওয়াকারিদের যে প্রতিজ্ঞাপত্র লিখিতে হইবেক তাহার কথা।]

১৩১ ধারা। নিয়মিতরূপে রফ্তানী করা কোন মালের কিছু মাসুল যদি কোন ব্যক্তি কিম্বা তাঁহার উপযুক্ত ক্ষমতাপন্ন এজেণ্ট ফিরিয়া পাইবার দাওয়া রাখেন, তবে তিনি এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া দস্তখৎ করিবেন যে, উক্ত মাল নিশ্চয়রূপে রফ্তানী হইয়াছে ও তাহা ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে জাহাজহইতে পুনরায় নামান হয় নাই, ও নামাইবার কোন কল্পনা নাই। ও সেই মাল এণ্টর করিবার ও জাহাজে তুলিবার সময়ে সেই ব্যক্তির ফেরৎ মাসুল পাইবার অধিকার ছিল এখনও আছে ইতি।

[Drawback goods, if not exported, or if re-landed, to be forfeited.]

CXXXII. If any goods which have been cleared to be exported for drawback shall not be duly exported to a Foreign Port, or shall be unshipped or re-landed at any Port in British India (not having been duly re-landed or discharged as short-shipped under the care of the proper Officers), such goods, together with any vessel used in so unshipping or re-landing them, shall be liable to confiscation: and the Master or Commander of the exporting vessel, and any person by whom or by whose orders or means such goods shall be so un-shipped or re-landed, or who shall aid or be concerned therein, shall forfeit a sum not exceeding three times the value of such goods, or not exceeding one thousand Rupees.

[ফেরৎ মাসুলের মাল রফ্তানী না হইলে কি জাহাজহইতে পুনরায় নামান না গেলে জব্দ হইবার কথা।]

১৩২ ধারা। ফেরৎ মাসুল পাইবার উপযুক্ত কোন মালের রফ্তানী হইবার অনুমতি হইলে পর যদি ভিন্নদেশীয় বন্দরে উপযুক্তরূপে রফ্তানী না হয় কিম্বা উপযুক্ত কার্য্যকারকের তত্ত্বাবধারণে নিয়মিতরূপে নামান না গিয়া কি জাহাজে না দেওয়ার মত তাহার ছাড় না হইয়া যদি ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে জাহাজহইতে তোলা যায়, কি কিনারায় পুনর্ব্বার নামান যায়, তবে সেই মাল ও জাহাজহইতে তাহা তুলিয়া লইবা কি কিনারায় আনিবার কার্য্যে যে নৌকাদির ব্যবহার হয় তাহা জব্দ হইতে পারিবে। ও রফ্তানীর জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেবের এবং যে ব্যক্তির দ্বারা কি যাঁহার আজ্ঞা কি উদ্যোগক্রমে তাহা জাহাজহইতে নামাইয়া দেওয়া যায় কি কিনারায় আনা যায় কিম্বা সেই কর্ম্মে যে ব্যক্তি সাহায্য করে কি যাহার সম্পর্ক থাকে তাহার ঐ মালের মূল্যের তিন গুণ টাকা কিম্বা এক হাজার টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[Drawback of Duties on wine allowed for Officers of the Navy.]

CXXXIII. A drawback of the whole of the Duties of Customs shall be allowed for wine intended for the consumption of any Officer of Her Majesty's Navy, on board of any of Her Majesty's ships in actual service, unless such wine shall have been warehoused without payment of Duty on the first entry thereof. The quantity of wine on which drawback may be so allowed in any one year for the use of any such Officer shall not exceed the proportions specified below; that is to say:—

[যুদ্ধ জাহাজের আফিসর সাহেবেরদের নিমিত্তে যে ওয়াইন হয় তাহার মাসুল ফিরিয়া দিবার কথা।]

১৩৩ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজীয় আফিসর সাহেবেরা শ্রীশ্রীমতীর যে জাহাজে কর্ম্ম করিতেছেন সেই জাহাজে তাঁহারদের ব্যবহারের জন্যে যে ওয়াইন শরাব হয়, তাহা প্রথমে এণ্টর হইবার সময়ে মাসুল দিয়া গুদামজাত হইলে তাহার উপর সমুদয় মাসুল ফিরিয়া দেওয়া যাইবে। উক্ত আফিসরেরদের ব্যবহারের নিমিত্তে কোন বৎসরে যত ওয়াইন শরাবের মাসুল ফেরৎ দিবার অনুমতি হইতে পারে তাহা পশ্চাৎ নির্দ্দিষ্ট পরিমাণের অধিক হইবে না অর্থাৎ

	Gallons.
For every Admiral	1,260
Vice-Admiral	1 050
Rear-Admiral	840
Captain of the 1st and 2nd rate ...	630
Captain of 3rd, 4th, and 5th rate ...	420
Captain of an inferior rate ...	210
Lieutenant or other Commanding Officer, and for every Marine Officer, Master, Purser, or Surgeon	105

একং জন আডমিরল সাহেবের	১২৬০
বৈস আড় মিরল সাহেবের	১০৫৭
রিয়র আডমিরল সাহেবের	৮৪০
১ ও ২ শ্রেণীর কাপ্তান সাহেবের ...	৬৩০
৩ ও ৪ ও ৫ শ্রেণীর কাপ্তান সাহেবের ...	৪২০
অধঃস্থ শ্রেণীর কাপ্তান সাহেবের ...	২১০
লেপ্টেনেণ্ট ও অন্যং অধ্যক্ষ সাহেবের... ও মারিন আফিসর ও মাষ্টর ও পরসর ও ডাক্তর সাহেবের	১০৫

[Persons entering such wine for drawback to declare the name and rank of Officer claiming the same.]

[যাঁহারা ফেরৎ মামুলের ঐ ওয়াইন এণ্টর করেন তাঁহারদের ঐ ওয়াইন গ্রহণকারি কার্য্যকারক সাহেবের নাম ও পদ জানাইবার কথা।]

CXXXIV. Every person clearing and claiming drawback for wine as provided in the last preceding Section, shall state in the entry the name of the Officer for whose use such wine is intended, and of the ship in which he serves, as well as the place and date of the last supply for which drawback was allowed. All such wine shall be delivered into the charge of the proper Officers of Customs at the Port of shipment, to be shipped under their care; and when the Officer commanding the ship shall have certified the receipt of such wine into his charge, and the proper Officer of Customs shall have certified the shipment, the drawback shall be computed and delivered to the person entitled to receive the same.

১৩৪ ধারা। যে প্রত্যেক ব্যক্তি ইহার পূর্ব্বের ধারার বিধানমতে ওয়াইন এণ্টর ও বাহির করিয়া লইয়া তাহার মামুল ফিরিয়া পাইবার দাওয়া করেন, তিনি ঐ ওয়াইন যে আফিসর সাহেবের নিমিত্তে হয় তাঁহার নাম ও তিনি যে জাহাজে কর্ম্ম করেন তাহার নাম ও যাহার মামুল ফেরৎ দিবার অনুমতি হয় এমত ওয়াইন তৎপূর্ব্বে যে স্থানে ও তারিখে শেষবার দেওয়া হইয়াছিল তাহা ঐ এণ্টরীতে লেখাইবেন। ও সেই ওয়াইন যে বন্দরে জাহাজে দেওয়া যাইবেক সেই বন্দরের কষ্টমের উপযুক্ত আফিসরেরদের তত্ত্বাধীনে জাহাজে তুলিবার নিমিত্তে তাঁহারদের জিম্মায় দেওয়া যাইবে। ও সেই জাহাজের তৎকালীন অধ্যক্ষ সাহেব সেই ওয়াইন আপনার জিম্মায় গ্রহণের সর্টিফিকট, ও কষ্টমের উপযুক্ত কর্ম্মকারক সাহেব সেই ওয়াইন জাহাজে তুলিবার সর্টিফিকট দিলে, ঐ ফেরৎ মামুলের হিসাব করা যাইবে ও যাঁহার পাইবার অধিকার থাকে তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

[Officer in charge of Custom House may permit transfer of wine from one Naval Officer to another, &c.]

[জাহাজীয় এক কর্ম্মকারকহইতে অন্য কর্ম্মকারককে ওয়াইন হস্তান্তর করিবার অনুমতি কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের দিতে পারিবার কথা।]

CXXXV. The Officer in charge of the Custom House may permit the transfer of any such wine from one Naval Officer to an other Naval Officer, on board of the same or of any other such ship, as part of his authorized proportion; or may permit the trans-shipment of any such wine from one ship to another for the use of the same Naval Officer; or the re-landing and warehousing of any such wine for future re-shipment. The Officer in charge of the Custom House may also receive back the Duties for any such wine, and allow the same to be cleared for home use.

১৩৫ ধারা। জাহাজীয় কোন আফিসর হত ওয়াইন পাইতে ক্ষমতাপন্ন হন তাহার একাংশ স্বরূপে জাহাজীয় এক আফিসর সাহেবের তদ্রূপ ওয়াইন এক কি কি অন্য জাহাজের অন্য আফিসর সাহেবকে দিতে, কিম্বা আপনার নিমিত্তে সেই ওয়াইন এক জাহাজহইতে অন্য জাহাজে পাঠাইতে, কিম্বা উত্তর কালে পুনরায় জাহাজে দিবার নিমিত্তে কিনারায় আনিতে ও গুদাম জাৎ করিতে, কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব অনুমতি দিতে পারিবেন। আর উক্ত কার্য্যকারক সাহেব তদ্রূপ কোন ওয়াইনের মামুল পুনর্গ্রহণপূর্ব্বক দেশে ব্যবহারার্থে ছাড়িয়া দিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

[If the wine be not laden on board, or be unladen without permission, it shall be confiscated.]

[ঐ ওয়াইন জাহাজে না দেওয়া গেলে কিম্বা দিয়া বিনা অনুমতিতে নামান গেলে তাহা জব্দ হইবার কথা।]

CXXXVI. If any such wine be not laden on board the ship for which it was intended, or be unladen from such ship without permission of the proper Officer of Customs, such wine shall be liable to confiscation.

১৩৬ ধারা। উক্ত ওয়াইন যে জাহাজের নিমিত্তে ছিল, সেই জাহাজে যদি বোঝাই না করা যায় কিম্বা কষ্টমের উপযুক্ত কর্ম্মকারক সাহেবের অনুমতিবিনা যদি ঐ জাহাজহইতে নামান যায়, তবে তাহা জব্দ হইতে পারিবেক ইতি।

[Provisions and stores for the use of Her Majesty's Navy exempted from Duty.]

[শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের ব্যবহারার্থে আহারীয় দ্রব্যের ও সরঞ্জামের মামুল ক্ষমা হইবার কথা।]

CXXXVII. Provisions and stores for the use of Her Majesty's Navy shall, in like manner, be passed free of Duty; and where Duties shall have been paid on such provisions and stores, drawback in full of all such Duties, whether of Customs or Excise, shall be allowed on the production of a

১৩৭ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর যুদ্ধ জাহাজের নিমিত্তে যে আহারীয় দ্রব্য ও সরঞ্জাম হয় তাহা উক্তমতে বিনামামুলে ছাড়িয়া দেওয়া যাইবে। ও যদি সেই আহারীয় দ্রব্য ও সরঞ্জামের উপর পূর্ব্বে মামুল দেওয়া গিয়া থাকে, তবে যে জাহাজের নিমিত্তে ঐ দ্রব্যাদি দেওয়া যায় সেই জাহাজের অধ্যক্ষ সাহেবের [illegible] উপযুক্তমতে

certificate from the Officer commanding the ship for which they are intended, or from some other Officer duly authorized to grant the same.

COASTING TRADE.

[No Duties to be charged on goods carried in any coasting vessel. Proviso.]

CXXXVIII. No Duties of Customs shall be levied on any goods lawfully carried in any coasting vessel. Provided that nothing in this Section shall apply to Opium, Salt, or Spirits; or to goods brought from any Foreign Port or place to any Port in British India, and there trans-shipped for, or thence carried to, any other Port in British India without payment of Duty; or to goods removed in bond.]

[No drawback for goods shipped in a coasting vessel.]

CXXXIX. No drawback shall be allowed for any goods shipped in any coasting vessel; but this shall not interfere with the allowance of drawback for goods duly manifested and exported in any native vessel, other than a coasting vessel.

[Local Government may determine in what cases goods may be carried in coasting vessel, &c.]

CXL. The local Government may from time to time determine, by rules to be published in the *Official Gazette*, on what conditions, and on what conditions only, goods may be carried coastwise, though not shipped to be so carried at any Port in British India; also in what cases, and in what cases only, goods may be shipped in a vessel to be carried coastwise before all goods brought in such vessel from a Foreign Port shall have been unladen. If, in contravention of any such rule so published, any goods shall be taken into or put out of any coasting vessel; or any coasting vessel shall touch at any Foreign Port or place, or deviate from her voyage, unless forced by unavoidable circumstances; or the Master or Commander of any coasting vessel which shall have touched at a Foreign Port or place shall fail to declare the same in writing to the Officer in charge of the Custom House at the Port in British India at which such vessel shall afterwards first arrive, the Master or Commander of such vessel shall forfeit a sum not exceeding one thousand Rupees, and shall further be liable to pay double Duty upon all goods landed or shipped at such Foreign Port or place, in addition to the ordinary Duty which shall in every case be levied on such goods.

[Times and places for shipping of goods.]

CXLI. Except with the written permission of the Officer in charge of the Custom House, no goods, with the exception of passengers' baggage, shall, on any Sunday, or on any holiday or day on which the shipping of cargo is or shall be pro-

ক্ষমতাপন্ন অন্য আফিসর সাহেবের ঐ মর্ম্মের এক সর্টিফিকট দেখান গেলে কষ্টমের কি একসাইজের উক্ত সকল মাসুল সম্পূর্ণরূপে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

সমুদ্রকূলের ব্যবসায়ের বিধি।

[সমুদ্রকূলে গমনকারি জাহাজে কোন মাল চালান হইলে তাহার মাসুল না লাগিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৩৮ ধারা। সমুদ্রকূলে গমনকারি জাহাজে কোন মাল আইনমতে চালান হইলে তাহার মাসুল লাগিবে না। কিন্তু এই ধারার কথা অফীনের কি নিমকের কি মদিরার উপর, কিম্বা যে কোন দ্রব্য ভিন্নদেশীয় কোন বন্দর কি স্থান হইতে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে আমদানী হইয়া মাসুল না দিয়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্য কোন বন্দরে পাঠাইবার জন্যে জাহাজে তোলা যায় কি চালান হয় কি একরারনামাক্রমে বন্ধ যে মাল স্থানান্তর করা যায় তাহার উপর খাটিবে না ইতি।

[সমুদ্রকূলে গমনকারি জাহাজে মাল বোঝাই হইলে তাহার ফেরৎ মাসুল না দিবার কথা।]

১৩৯ ধারা। সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজে মাল বোঝাই হইলে তাহার কোন মাসুল ফিরিয়া দিবার অনুমতি হইবে না। কিন্তু সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজভিন্ন দেশীয় কোন জাহাজে মাল উপযুক্তরূপে মানিফেষ্টক্রমে রপ্তানী করা গেলে তাহার ফেরৎ মাসুল দিবার বাধা এই ধারার কোন কথাতে হইবেক না ইতি।

[যেং স্থলে মাল সমুদ্রকূলে গমনকারি জাহাজে চালান হইতে পারিবে তাহা স্থানবিশেষের গবর্ণমেণ্টের নিরূপণ করিতে পারিবার কথা।]

১৪০ ধারা। কোন মাল সমুদ্রকূলে গমনকারি জাহাজে চালান হইবার নিমিত্তে ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে জাহাজে বোঝাই না করা গেলেও যে নিয়মমতে সমুদ্রকূলে চালান হইতে পারিবে ও তদ্ভিন্ন অন্য নিয়মে চালান হইতে পারিবে না তাহা, এবং সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজে মাল ভিন্নদেশহইতে আগত হইলে, সেই জাহাজের সমস্ত মাল নামাইবার পূর্ব্বে উক্ত মাল যেস্থলে সমুদ্রকূলে চালান হইবার নিমিত্তে ঐ জাহাজে তোলা যাইতে পারিবেক ও যে স্থলভিন্ন তোলা যাইতে পারিবে না, তাহার বিধি স্থানবিশেষের গবর্ণমেণ্ট সরকারী গেজেটে প্রকাশ করিয়া সময়েং নির্দ্ধার্য্য করিতে পারিবেন। তদ্রূপ প্রকাশিত উক্ত কোন বিধি লঙ্ঘন পূর্ব্বক যদি কোন মাল সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজে দেওয়া যায় কি তাহাহইতে বাহির করিয়া লওয়া যায়, কিম্বা অনিবার্য্য কোন ঘটনা প্রযুক্ত না হইলে যদি ঐ জাহাজ কোন ভিন্নদেশীয় বন্দরে কি স্থানে থামে, কিম্বা পথ ত্যাগ করিয়া অন্য পথে যায়, কিম্বা সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজ যদি ভিন্ন দেশীয় কোন বন্দরে কি স্থানে লাগান্ করে ও তৎপরে সেই জাহাজ ব্রিটনীয় ভারতবর্ষের যে বন্দরে প্রথমে পঁহুছে সেই বন্দরের কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কর্ম্মকারক সাহেবকে, যদি ঐ জাহাজের অধ্যক্ষ কি কাপ্তান সাহেব লিখিত পত্রদ্বারা উক্ত কথা জানাইতে ত্রুটি করেন, তবে তাঁহার এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইবেক ও তদ্রূপ প্রত্যেক স্থলে ঐ মালের নিয়মিত মাসুল আদায় হইবেক, তদ্ভিন্ন সেই ভিন্নদেশীয় বন্দরে কি স্থানে যে সকল মাল নামান হয় কি বোঝাই করা যায় তাহার দ্বিগুণ মাসুল তিনি দিবার যোগ্য হইবেন ইতি।

[মাল জাহাজে তুলিবার সময়ের ও স্থানের কথা।]

১৪১ ধারা। কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের লিখিত অনুমতিভিন্ন রবিবারে কি বন্দরের কোন দিনে, কিম্বা অন্য যে দিনে প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব জাহাজ বোঝাই করিতে নিষেধ করেন কি

hibited by the Chief Customs Authority of the Presidency or place, be unshipped from any vessel arriving coastwise, or be shipped, or water-borne to be shipped, for carriage coastwise at any Port in British India; nor, except with such written permission, shall any goods be so unshipped, or shipped, or water-borne to be shipped, on any day except between such hours as the Chief Customs Authority shall from time to time appoint by public notice in the *Official Gazette*, nor from any place in any such Port except a wharf duly appointed for such purpose; nor without the presence or authority of the proper Officer of Customs. Any person who shall cause or suffer any goods to be unshipped, shipped, or water-borne to be shipped contrary to any of the provisions of this Section, shall in every such case forfeit a sum not exceeding five hundred Rupees, and any goods so unauthorizedly unshipped or removed for shipment shall be liable to confiscation.

[Master of coasting vessel to keep a cargo book. Penalty for carrying goods not entered in book, &c.]

CXLII. The Master or Commander of every coasting vessel shall keep, or cause to be kept, a cargo book in which shall be stated the names of the Master or Commander, the vessel, the Port to which she belongs, and the Port to which on each voyage she is bound. At every Port of lading such Master or Commander shall enter, or cause to be entered, in such book the name of such Port, and an account of all goods there taken on board of such vessel with descriptions of the packages, and the quantities and descriptions of the goods contained therein, or stowed loose, and the names of the respective shippers and consignees, in so far as such particulars are known to him. At every Port of discharge of such goods, such Master or Commander shall enter, or cause to be entered, in such book the respective days on which such goods or any of them are delivered out of such vessel, and the respective times of departure from any Port of lading, and of arrival at every Port of discharge. Such Master or Commander shall, on demand, produce such book for the inspection of any Officer of Customs, and such Officer shall be at liberty to make any note or remark therein; and if, upon examination, any package entered in the cargo book as containing Foreign goods, shall be found not to contain such goods, such package, with its contents, shall be liable to confiscation; or if any package shall be found to contain Foreign goods not entered in such book, such goods shall be liable to confiscation. If any such Master or Commander shall fail correctly to keep such cargo book or to produce the same on demand; or if at any time there be found on board of any such vessel any goods not entered in such book as laden, or any goods noted as delivered; or if any

করিবেন, সেই দিনে, চট্টনদারেরদের দ্রব্য ব্যতীত কোন দ্রব্য সমুদ্রকূলে আগত কোন জাহাজহইতে তোল যাইবেক না, কিম্বা ব্রিটনীয় ভারবর্ষের কোন বন্দরে সমুদ্রকূলে চালান হইবার নিমিত্তে জাহাজে বোঝাই হইব না কিম্বা তুলিবার নিমিত্তে নৌকা করিয়া লওয়া যাইবে না, কিম্বা অন্য কোন দিনেও কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সরকারী গেজেটে বিজ্ঞাপন দ্বারা যেং ঘণ্টা নিরূপণ করেন সেইং ঘণ্টার মধ্য কোন সময়ভিন্ন অন্য সময়ে কিম্বা মাল তুলিবার কি নামাইবার উক্ত বন্দরের উপযুক্তরূপে নির্দ্ধারিত পোস্তাঘাটভিন্ন অন্য কোন স্থানে, উক্ত লিখিত অনুমতিভিন্ন কিম্বা কষ্টমের উপযুক্তকার্য্যকারকের অসাক্ষাতে কি অনাজ্ঞাতে কোন মাল উক্ত প্রকারে জাহাজহইতে নামান যাইবে না কি জাহাজে তোলা যাইবে না, কি তুলিবার নিমিত্তে নৌকা দ্বারা লওয়া যাইবে না। এই ধারার বিধান বিরুদ্ধে যদি কোন ব্যক্তি কোন মাল জাহাজহইতে নামান কি জাহাজে তোলান কি নৌকা করিয়া লইয়া যান কি নামাইতে কি তোলাইতে কি লইয়া যাইতে দেন, তবে তদ্রূপ প্রত্যেক স্থলে তাঁহার পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে ও তদ্রূপ যে মাল বেআইনীমতে নামান যায় কিম্বা জাহাজে তুলিবার নিমিত্তে স্থানান্তর করা যায় তাহা জব্দ হইতে পারিবেক ইতি।

[সমুদ্রকূলে গমনকারি জাহাজাধ্যক্ষের বোঝাই মালের বহী রাখিবার এবং অলিখিত মাল লইবার দণ্ডের কথা।]

১৪২ ধারা। সমুদ্রকূলে গমনকারি প্রত্যেক জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব বোঝাই মালের বহী রাখিবেন কি রাখাইবেন। তাহাতে জাহাজের, ও জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের নাম, ও যে বন্দরের জাহাজ তাহার নাম ও যে বার যে বন্দরে যাইবে সেই বন্দরের নাম লেখা থাকিবে। বোঝাই দ্রব্য লইবার প্রত্যেক বন্দরে ঐ জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ বন্দরের নাম ও সেই স্থানে যে সকল মাল ঐ জাহাজে তোলা যায় তাহার তফসীল এবং বস্তা যে প্রকারের হয় ও তাহাতে যত ও যে প্রকারের দ্রব্য থাকে ও যে মাল-আলগা যায় তাহা যত ও যে প্রকারের হয় ও জাহাজে বোঝাইকারি ও কানসাইনীরদের নাম যে পর্য্যন্ত অবগত থাকেন তাহা ঐ বহীতে লিখিবেন কি লেখাইবেন। সেই মাল যে বন্দরে জাহাজহইতে নামাইয়া দেওয়া যায় তাহাতে যেং দিনে উক্ত মাল কি তাহার কোন অংশ ঐ জাহাজহইতে নামান যায় সেইং দিন, ও বোঝাই করিবার কোন বন্দরহইতে প্রস্থান করিবার ও মাল নামাইবার প্রত্যেক বন্দরে পঁহুছিবার সময় ঐ বহীতে লিখিবেন কি লেখাইবেন। কষ্টমের কোন আফিসর সাহেব ঐ বহী দেখিতে চাহিলে জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব তাহা দেখাইবেন ও সেই কার্য্যকারক সাহেব তাহাতে যে মন্তব্য কথা লিখিতে চাহেন তাহা লিখিতে পারিবেন। পরে বোঝাই মালের বহীতে ভিন্নদেশীয় দ্রব্যের বস্তা বলিয়া যে বস্তা লেখা থাকে তাহার মধ্যে সেই দ্রব্য নাই ইহা যদি দেখা যায়, তবে সেই বস্তা ও তাহাতে যাহা থাকে তাহা জব্দ হইতে পারিবে, কিম্বা ভিন্নদেশীয় যে দ্রব্য ঐ বহীতে লেখা নাই এমত দ্রব্য যদি কোন বস্তাতে পাওয়া যায়, তবে সেই দ্রব্য জব্দ হইতে পারিবে। যদি তদ্রূপ জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ বোঝাই মালের বহী শুদ্ধরূপে না লেখেন কি দাওয়ামতে না দেখান কিম্বা কোন দ্রব্য বোঝাই দ্রব্য বলিয়া উক্ত বহীতে লেখা না থাকিলে কিম্বা বাহির করা গেল বলিয়া লেখা গেলেও যদি ঐ জাহাজে পাওয়া যায়, কিম্বা বোঝাই করা বলিয়া যাহা লেখা হইয়াছে কিম্বা বাহির করা গেল বলিয়া যাহা লেখা যায় নাই

goods entered as laden, or any goods not noted as delivered, be not on board, the Master or Commander of such vessel shall forfeit a sum not exceeding five hundred Rupees.

এমত কোন দ্রব্য যদি ঐ জাহাজে না থাকে, তবে ঐ জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের পাঁচ শত টাকা পর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[Coasting vessels to deliver in Manifest of export cargo and obtain Port-clearance before leaving the original Port of lading.]

[সমুদ্রকূলে গমনকারি জাহাজের মাল বোঝাই করিবার প্রথম বন্দরহইতে প্রস্থান করিবার পূর্ব্বে রফানী মালের মানিফেষ্ট দিবার ও বন্দরহইতে প্রস্থান করিবার অনুমতিপত্র পাইবার কথা।]

CXLIII. Before any coasting vessel shall depart from the Port of lading, an account, with duplicate thereof in the form marked G appended to this Act, or in such other form as may from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place, shall be filled in and signed by the Master or Commander and delivered to the Officer in charge of the Custom House. Such Officer shall retain the duplicate and return the original account dated and signed by him; and such account shall be the clearance of the vessel for the voyage, and the pass for the goods expressed therein. If any such account be false, the Master or Commander shall forfeit a sum not exceeding five hundred Rupees.

১৪৩ ধারা। সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজ বোঝাই করিবার বন্দরহইতে প্রস্থান করিবার পূর্ব্বে, ঐ জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব এই আইনের পশ্চাৎ লিখিত G চিহ্নিত পাঠে কিম্বা অন্য যে পাঠ প্রসীডেনসীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ নিরূপণ করেন সেই পাঠে এক তফসীল ও তাহার এককেতা নকল লিখিয়া ও স্বাক্ষর করিয়া কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবকে দিবেন। সেই কার্য্যকারক সাহেব ঐ নকল রাখিবেন, ও আসল তফসীলে তারিখ লিখিয়া ও দস্তখৎ করিয়া ফিরিয়া দিবেন। ঐ তফসীল ঐ জাহাজের তৎকালীন গমনের অনুমতিপত্র ও তাহার লিখিত মালের পাস জ্ঞান হইবেক। যদি তদ্রূপ কোন তফসীল মিথ্যা হয় তবে জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[Officer in charge of Custom House may require a bond from the owner, agent, or Master before Port-clearance is granted.]

[প্রস্থান করিবার অনুমতিপত্র দিবার অগ্রে স্বামির কি এজেণ্টের কি জাহাজাধ্যক্ষের স্থানে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের একরারনামা লইবার কথা।]

CXLIV. The Officer in charge of the Custom House may, on good and sufficient reason, refuse Port-clearance to any vessel declared to be bound to any Port in British India, unless the Owner, Agent, Master, or Commander shall give a bond with sufficient security for the production to the Officer in charge of the Custom House of a certificate from an Officer of the Port to which such vessel is said to be bound, of her arrival at such Port within a fair and reasonable time to be prescribed in each case by the Officer requiring the bond. On failure to produce such certificate, or to show sufficient reason for its non-production, the parties to the bond shall be bound to pay a penal sum equal to double the amount of Customs Duties which would have been chargeable on the export cargo of the vessel had she been declared to be bound to a Foreign Port.

১৪৪ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে জাহাজের গমন করিবার কথা হয় এমত কোন জাহাজের স্বামী কি এজেণ্ট কি অধ্যক্ষ কি কাপ্তান সাহেব পশ্চাৎ লিখিত প্রকারের একরারনামা উপযুক্ত জামিনসহিত না দিলে, কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব উত্তম ও উপযুক্ত কারণ জানিলে, ঐ জাহাজের গমন করিবার অনুমতিপত্র দিতে অস্বীকার করিতে পারিবেন। ঐ একরারনামার মর্ম্ম এই যে, ঐ জাহাজের যে বন্দরে গমন করিবার কথা আছে সেই বন্দরে একরারনামা দিবার আদেশকারক সাহেবের নির্দ্ধারিত উপযুক্ত ও যুক্তিমত কোন সময়ের মধ্যে, ঐ জাহাজ পঁহুছিবার এত্থান সর্টিফিকট জাহাজের কথিতমতে গমনীয় বন্দরের কার্য্যকারক সাহেবের স্থানে লইয়া তাঁহাকে দেখাইবেন। যদি তদ্রূপ সর্টিফিকট না দেখান কিম্বা না দেখাইবার উপযুক্ত কারণ না দর্শান, তবে জাহাজের ভিন্নদেশীয় বন্দরে গমনের কথা হইলে, ঐ জাহাজের রফানীকরা মালের উপর যত মাসুল লওয়া যাইত তাহার দ্বিগুণ মাসুল পূর্ব্বোক্ত একরারনামাতে বদ্ধ ব্যক্তিদের দণ্ডস্বরূপে দিতে হইবেক ইতি।

[Grant and revocation of general pass.]

[সাধারণ পাস দিবার ও রহিত করিবার কথা।]

CXLV. The Chief Customs Authority of any Presidency or place may, on cause being shown, permit a general pass to be given, on any conditions which may be deemed expedient, for the lading and clearance, and for the entry and unloading of any coasting steam vessel at any Ports of despatch or destination, or at any intermediate Port at which she may touch for the purpose of receiving goods or passengers. Any such general pass may be revoked by notice in writing under the hand of the proper Officer, delivered to the Master or Commander, or to the owner of such steam vessel, or to any of the crew on board.]

১৪৫ ধারা। কোন প্রসীডেনসীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবকে কারণ দেখান গেলে তিনি সমুদ্রকূলে গমনকারি কোন বাষ্পীয় জাহাজ যে বন্দরহইতে প্রেরিত হয় কি যে বন্দরে যাইবে কিম্বা পথিমধ্যে যে২ বন্দরে মাল তুলিবার ও চড়নদারদিগকে গ্রহণ করিবার জন্যে থামিবে, তাহাতে বিবেচনাসিদ্ধ বিহিত নিয়মক্রমে মাল বোঝাই করিয়া প্রস্থান করিবার ও এণ্টর হইয়া মাল নামাইবার এক সাধারণ পাস পাইবার অনুমতিদিতে পারিবেন। উপযুক্ত কার্য্যকারক সাহেবের স্বাক্ষরিত এত্তেলা ঐ বাষ্পীয় জাহাজাধ্যক্ষকে কি কাপ্তান সাহেবকে কি স্বামিকে কিম্বা জাহাজস্থ কোন এক জন নাবিককে দেওয়া গেলে তদ্রূপ সাধারণ পাস বাতিল হইতে পারিবেক ইতি।

[Time for delivery of pass.]

CXLVI. Within twenty-four hours after the arrival of any coasting vessel at the Port of discharge, and before any goods are unladen therefrom, the pass, with the name of the place or wharf where the lading is to be discharged noted thereon, shall be delivered to an Officer of the Port, who shall note thereon the date of delivery. Any Master or Commander who shall fail so to deliver a pass within twenty-four hours after arrival, shall forfeit a sum not exceeding two hundred Rupees.

[Goods on board coasting vessel, if excisable, not to be unladen without permission of Excise Officer.]

CXLVII. If any of the goods on board of any coasting vessel be subject to any Duty of Excise, such goods shall not be unladen without the permission of the proper Officer of Excise.

[Penalty for goods laden in Indian Ports and carried coastwise and *vice versa*, and for goods found on board coasting vessel without being entered in Port-clearance.

CXLVIII. If any goods shall be laden on board of any vessel in any Port or place in British India, and carried coastwise, or if any goods which have been brought coastwise, shall be unladen in any such Port or place contrary to this or any other Act relating to the Customs, or if any goods be found on board of any coasting vessel without being entered in the Port-clearance thereof, such goods shall be liable to confiscation, and the Master or Commander of such vessel shall, in every such case, forfeit a sum not exceeding five hundred Rupees.

[Customs Officers may go on board and examine any coasting vessel.]

CXLIX. Any Officer of Customs may go on board of any coasting vessel in any Port or place in British India, and may at any period of her voyage search any such vessel and examine all goods on board, and all goods then lading or unlading, and may demand any document which ought to be on board of any such vessel. The Officer in charge of the Custom House may further require that any such document belonging to any coasting vessel then in Port shall be brought to him for inspection. If the Master or Commander of any such vessel shall refuse to produce any such document on demand, or to bring the same to the Officer in charge of the Custom House when so required, such Master or Commander shall forfeit a sum not exceeding two hundred Rupees.

CARGO-BOATS.

[Goods found in unlicensed Cargo-boats to be confiscated, and owners of boats fined.]

CL. After the local Government shall have notified with regard to any Port that special establishments of boats for the landing and shipping

[পাস দিবার সময়ের কথা।]

১৪৬ ধারা। সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজ মাল নামাইবার বন্দরে পঁহুছিলে পর ২৪ ঘণ্টার মধ্যে ও কোন মাল নামান যাইবার পূর্ব্বে, বোঝাই মাল যে স্থানে কি ঘাটে নামাইতে হইবে তাহার নাম পাসে লেখা হইলে, সেই পাস বন্দরের এক জন কর্ম্মকারক সাহেবকে দেওয়া যাইবেক, তিনি ঐ পাস পাইবার তারিখ ঐ পাসে লিখিবেন। যদি কোন জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব বন্দরে পঁহুছিলে পর ২৪ ঘণ্টার মধ্যে তদ্রূপে পাস না দেন, তবে তাঁহার দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[সমুদ্রকূলে গমনকারি জাহাজস্থ মালের উপর একসাইসের মামুল দিতে হইলে একসাইসের কর্ম্মকারকের অনুমতিবিনা না নামাইবার কথা।]

১৪৭ ধারা। সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজস্থ কোন দ্রব্যের উপর যদি একসাইসের মামুল লাগে, তবে একসাইসের উপযুক্ত কার্য্যকারক সাহেবের অনুমতি না হইলে সেই দ্রব্য জাহাজহইতে নামাইতে হইবে না ইতি।

[জাহাজের গমনের অনুমতি পত্রের অলিখিত মাল ভারতবর্ষের কোন বন্দরে বোঝাই হইয়া সমুদ্রকূলে নীত কি আনীত হইলে ও জাহাজে পাওয়া গেলে দণ্ডের কথা।]

১৪৮ ধারা। যদি এই আইন কি কষ্টম বিষয়ি অন্য কোন আইন বিপক্ষে, কোন মাল ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে কোন জাহাজে বোঝাই হইয়া সমুদ্রকূলে চালান হয়, কিম্বা সমুদ্রকূলে আনীত হইয়া তদ্রূপ কোন বন্দরে কি স্থানে নামান যায়, কিম্বা সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজের গমনের অনুমতি পত্রের অলিখিত কোন মাল যদি তাহাতে পাওয়া যায়, তবে সেই মাল জব্দ হইতে পারিবে, ও তদ্রূপ প্রত্যেক স্থলে জাহাজাধ্যক্ষের কি কাপ্তান সাহেবের পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজে কষ্টমের আফিসরেরদের গমনপূর্ব্বক দৃষ্টি করিবার কথা।]

১৪৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে কি স্থানে সমুদ্রকূলে গমনকারি কোন জাহাজে কষ্টমের কোন কার্য্যকারক গমনপূর্ব্বক ঐ জাহাজের গমনের কোন কালে, তাহাতে অনুসন্ধান লইয়া ঐ জাহাজে যে সকল মাল থাকে ও তৎকালে যে সকল মাল বোঝাই হইতেছে কি নামাইয়া দেওয়া যাইতেছে তাহা দৃষ্টি করিতে পারিবেন, ও ঐ জাহাজে যে কোন কাগজপত্র থাকা উচিত সেই কাগজপত্রের দাওয়া করিতে পারিবেন। আরো সমুদ্রকূলে গমনকারি জাহাজ বন্দরে থাকিতে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব তদ্রূপ কোন কাগজপত্র দৃষ্টি করিবার জন্যে আপনার নিকটে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ জাহাজাধ্যক্ষ কি কাপ্তান সাহেব ঐ কাগজপত্র যদি দাওয়ামতে দেখাইতে কিম্বা কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের আজ্ঞামতে আনাইতে স্বীকার না করেন তবে ঐ অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের দুই শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

মাল তুলিবার নৌকার কথা।

[বিনানুমতির নৌকাতে যে মাল পাওয়া যায় তাহা জব্দ হইবার ও স্বামিদের জরীমানা হইবার কথা।]

১৫০ ধারা। কোন বন্দরে বাণিজ্য দ্রব্য জাহাজে তুলিবার ও নামাইবার নৌকা বিশেষমতে নিযুক্ত করিয়া রাখা, কিম্বা সেই বন্দরে মালের যে নৌকা গমনা-

portation, testifying to the due entry at such Port of the full quantity of such spirits so exported, less an allowance for ullage and wastage at such rates as shall from time to time be authorized by the local Government.

[Duties on country spirits exported from one Indian Port to another how to be adjusted.]

CLIX. Spirits manufactured in British India and exported under bond from any Port in British India, to any other Port in British India, not being a free Port, shall be chargeable at the Port of destination with Duties of Customs at the ordinary rate fixed for Duties on spirits of the like kind imported into such Port.

[Rum Shrub, &c., how to be charged with Duty. May be exported under the same rules as spirits.]

CLX. Rum Shrub, cordials, and other liquors prepared in a licensed distillery under supervision of the Surveyor or Officer in charge of the distillery, shall be charged with Duty according to the quantity of spirit used in their preparation. The provisions of this Act respecting spirits manufactured after the English method, except such as relate to guage and proof, shall apply to such liquors. When any such liquors are removed for exportation, without payment of Duty, the bond to be executed by the person removing them shall be in the form marked H annexed to this Act, or in such other form as may from time to time be prescribed by the Chief Customs Authority of the Presidency or place.

[Penalty for irregularly re-landing spirituous liquors.]

CLXI. Every person who, without a special pass from an Officer of Excise at the place of exportation, re-lands or attempts to re-land any spirituous liquors shipped for exportation, shall for every such offence forfeit a sum not exceeding five hundred Rupees; and all such liquors, together with the casks or vessels containing the same, and the carts, boats, or animals employed in carrying them, shall be liable to confiscation.

AGENTS.

[Agents transacting business for others must be duly authorized.]

CLXII. No person shall act in any Custom House as an agent for the transaction of any business relating to the entrance or clearance of any vessel, goods, or baggage, unless authorized so to do by the Officer in charge of the Custom House. It shall be lawful for such Officer to require any person so authorized to give a bond with sufficient securities, in any sum not exceeding five thousand Rupees, for the faithful behaviour of such person, as regards the Custom House Regulations and Officers. Every person who, not being so authorized, shall act as an agent, shall

করেন তত বাদ দিয়া, ঐ সমুদয় মদিরা উপযুক্তমতে উক্ত বন্দরে পঁহুছিয়াছে ও এস্তর হইয়াছে, আমদানীর বন্দরের কষ্টম হৌসের কার্য্যকারক সাহেবের উক্ত মর্ম্মের এক সর্টিফিকট ঐ রপ্তানীকারক কি তাহার এজেণ্ট দেখাইলে, ঐ একরারনামা বাতিল হইবেক ইতি।

[দেশীয় মদিরা ভারতবর্ষের এক বন্দরহইতে অন্য বন্দরে রপ্তানী হইলে, তাহার মাসুল নিষ্পত্তির কথা।]

১৫৯ ধারা। যে মদিরা ব্রিটনীয় ভারতবর্ষে প্রস্তুত হইয়া ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরহইতে বেমাসুলী বন্দরভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের অন্য বন্দরে একরারনামাতে রপ্তানী হয়, তাহা যখন লক্ষিত বন্দরে পঁহুছে, তখন সেই বন্দরে সেই প্রকারের মদিরা আমদানী হইলে তাহার কষ্টমের যে মাসুলের হার নির্দ্ধারিত থাকে উক্ত মদিরারও সেই মাসুল লাগিবেক ইতি।

[রম শরাবপ্রভৃতির মাসুল ধার্য্য করিবার কথা ও মদিরার বিধির ন্যায় তাহার রপ্তানী হইবার কথা।]

১৬০ ধারা। রমশরাব ও কর্ডিয়লপ্রভৃতি যে শরাব ভাটিখানার সরবেয়র কি তাহার কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের তত্ত্বাধীনে অনুমতিপ্রাপ্ত ভাটিখানাতে প্রস্তুত হয়, তাহা প্রস্তুত করণে যত উগ্র শরাব ব্যবহার হয় তদনুসারে তাহার উপর মাসুল ধার্য্য হইবে। ও ইংলণ্ডীয় নিয়মমতের প্রস্তুত মদিরার বিষয়ে, পরিমাণ ও তীব্রতার পরীক্ষা লইবার বিধিভিন্ন অন্য যে সকল বিধি এই আইনেতে হইয়াছে, তাহা ঐ শরাবের উপর খাটিবেক। সেই প্রকারের শরাব যখন রপ্তানী হইবার জন্যে মাসুল না দিয়া স্থানান্তর করা যায়, তখন যে ব্যক্তি তাহা স্থানান্তর করেন তাঁহার পশ্চাৎ লিখিত H চিহ্নিত পাঠে কিম্বা প্রসীডেন্সীর কি স্থানবিশেষের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সময়ে২ অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে একরারনামা লিখিয়া দিতে হইবে ইতি।

[উগ্রশরাব অনিয়মিতরূপে জাহাজহইতে নামাইবার দণ্ডের কথা।]

১৬১ ধারা। উগ্র শরাব রপ্তানী হইবার জন্যে জাহাজে তোলা গেলে পর যদি কোন ব্যক্তি রপ্তানীর স্থানের একসাইস কার্য্যকারক সাহেবের বিশেষ পাস বিনা জাহাজহইতে নামান কি নামাইতে উদ্যোগ করেন, তবে তাঁহার তদ্রূপ প্রত্যেক অপরাধের নিমিত্তে ৫০০৲ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক। ও সেই শরাব ও তাহা যে পিপাতে কি পাত্রেতে থাকে তাহা ও [বহিবার নিমিত্তে যে গাড়ী কি নৌকা কি গবাদি জন্তু নিযুক্ত হয় তাহা সমুদয় জব্দ হইতে পারিবে ইতি।

এজেণ্টেরদের বিধি।

[যাঁহারা অন্যেরদের নিমিত্তে কর্ম্ম করেন, তাঁহারদের উপযুক্তমতে ক্ষমতা প্রাপ্ত হইবার কথা।]

১৬২ ধারা। কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের অনুমতি প্রাপ্ত না হইলে, কোন ব্যক্তি কোন কষ্টম হৌসে কোন জাহাজের কি মালের কি বোঝাই দ্রব্যের পরিচয় কি গমন সম্পর্কীয় কোন কার্য্য নির্ব্বাহার্থে অন্য ব্যক্তির কর্ম্মকারকস্বরূপে কর্ম্ম করিতে পারিবেন না। যখন তদ্রূপ কোন ব্যক্তি উক্ত প্রকারের অনুমতিপ্রাপ্ত হন তখন কষ্টম হৌসের বিধান ও কর্ম্মকারক সম্পর্কে সেই ব্যক্তির বিশ্বস্তরূপে আচরণ করিবার প্রতিভূস্বরূপে উক্ত কার্য্যকারক সাহেব তাঁহার স্থানে একরারনামা ও পাঁচ সহস্রের অনধিক টাকার তাইদে উপযুক্ত জামিন লইতে পারিবেন। যদি কোন ব্যক্তি উক্ত প্রকারের অনুমতিপ্রাপ্ত না হইয়া অন্য ব্যক্তির কর্ম্মকারকস্বরূপে কর্ম্ম করেন, তবে তাঁহার তদ্রূপ

for every such offence forfeit a sum not exceeding five hundred Rupees.

[Agent to produce authority if required.]

CLXIII. When any person shall make application to any Officer of Customs to transact any business on behalf of any other person, such Officer may require the person so applying to produce a written authority from the person on whose behalf such business is to be transacted, and in default of the production of such authority may refuse to transact such business. The clerk or servant or known agent of any person or of any Mercantile firm, may transact business at the Custom House, on account of such person or firm, if such person or firm shall identify to the Officer in charge of the Custom House the person so empowered to transact his or their business, and shall deposit with such Officer a written authority to pay to such person all drawbacks, refunds, and other monies for which he shall produce receipts.

DUPLICATE BILLS OF ENTRY, &c.

[Importer or Exporter may be required to deliver a duplicate of the Bill of Entry or clearance.]

CLXIV. Upon the entry or clearance of any goods, for importation or exportation, the importer, exporter, owner, or consignee, or the agent of such importer, exporter, owner, or consignee, shall, if the Officer in charge of the Custom House so require, deliver to such Officer a duplicate of the Bill of Entry or Clearance thereof. In such duplicate all sums and numbers may be expressed in figures.

[Penalty for non-compliance with the foregoing regulation.]

CLXV. Every importer, exporter, owner, consignee, agent, or other person entering or clearing any goods, who shall wilfully fail to comply with the provisions of the last preceding Section, in so far as they are applicable to the entry or clearance of such goods, shall forfeit a sum not exceeding two hundred Rupees.

TAKING OF SAMPLES.

[Officer in charge of Custom House may take samples of goods.]

CLXVI. An Officer in charge of a Custom House may, on the entry or clearance of any goods or at any time afterwards, take samples of such goods for examination, or for ascertaining the value thereof on which Duties are payable or for any other necessary purpose. Every such sample shall, if the owner so desire, and if it be possible, be restored to the owner; otherwise it shall be disposed of and accounted for to the owner as the

প্রত্যেক অপরাধের নিমিত্ত পাঁচ শত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

[উক্ত কর্ম্মকারকের প্রতি আজ্ঞা হইলে তাঁহার ক্ষমতাপত্র দেখাইতে হইবার কথা।]

১৬৩ ধারা। যখন কোন ব্যক্তি অন্য কোন ব্যক্তির পক্ষে কোন কর্ম্ম নির্ব্বাহ করিবার অনুমতি কষ্টমের কোন কার্য্যকারক সাহেবের নিকটে প্রার্থনা করেন, তখন ঐ কার্য্যকারক সাহেব সেই ব্যক্তিকে, যাঁহার পক্ষে ঐ কর্ম্ম নির্ব্বাহ করিবেন তাঁহার লিখিত ক্ষমতাপত্র দেখাইতে আজ্ঞা করিবেন। তদ্রূপ ক্ষমতাপত্র দেখাইতে না পারিলে তাঁহাকে সেই কর্ম্ম নির্ব্বাহ করিবার অনুমতি দিতে অস্বীকার করিতে পারিবেন। কোন ব্যক্তির কি কোন সওদাগরী কুঠীর কেরাণী কি চাকর কি প্রসিদ্ধ কর্ম্মকারক সেই ব্যক্তির কি কুঠীর নিমিত্তে কষ্টম হৌসে কর্ম্ম নির্ব্বাহ করিতে পারিবেন, কিন্তু ইহাতে প্রয়োজন যে সেই ব্যক্তি কি কুঠী আপনার কর্ম্ম নির্ব্বাহ করিতে যে কেরাণীপ্রভৃতিকে ক্ষমতা দেন তাঁহাকে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের সম্মুখে স্বীকার করেন, ও মাসুলহইতে বাদ দেওয়া টাকার কি ফেরৎপ্রভৃতি অন্য টাকার রসীদ দিলে সেই কেরাণীপ্রভৃতির সেই টাকা গ্রহণ করিতে পারিবার লিখিত ক্ষমতাপত্র ঐ কার্য্যকারক সাহেবের নিকটে রাখিবেন ইতি।

বিল অফ এনট্রী প্রভৃতির নকলের বিধি।

[আমদানী কি রপ্তানীকারককে মাল দাখিল করিবার কি লইয়া যাইবার অনুমতির প্রমাণপত্রের দোকন্ত দিবার আজ্ঞা হইতে পারিবার কথা।]

১৬৪ ধারা। কোন মাল আমদানী কি রপ্তানী করিবার জন্যে গচ্ছিত কি স্থানান্তর করা গেলে, কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেবের আজ্ঞামতে, সেই মালের আমদানী কি রপ্তানীকারক কি স্বামী কি কানসাইনী, কিম্বা সেই আমদানী কি রপ্তানীকারকের কি স্বামির কি কানসাইনীর এজেণ্ট ঐ মাল গচ্ছিত কি স্থানান্তর করিবার অনুমতিপত্র ও তাহার নকল সেই কার্য্যকারক সাহেবকে দিবেন। সেই নকলে যে টাকা ও সংখ্যা নির্দ্দিষ্ট থাকে তাহা অঙ্কমাত্রে লেখা যাইতে পারিবে ইতি।

[উক্ত বিধান না মানিবার দণ্ডের কথা।]

১৬৫ ধারা। কোন মালের আমদানী কি রপ্তানীকারক কি স্বামী কি কানসাইনী কি এজেণ্ট কি অন্য যে ব্যক্তি মাল গচ্ছিত কি স্থানান্তর করেন তিনি উক্ত মাল গচ্ছিত কি স্থানান্তর করণসম্পর্কীয় ইহার পূর্ব্বের ধারার বিধানমতে কার্য্য করিতে যদি ইচ্ছাপূর্ব্বক ত্রুটি করেন, তবে তাঁহার দুইশত টাকাপর্য্যন্ত দণ্ড হইবেক ইতি।

নমুনা লইবার কথা।

[কষ্টমহৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারকের মালের নমুনা লইতে পারিবার কথা।]

১৬৬ ধারা। কোন মাল যে সময়ে গচ্ছিত করা যায় কি বাহির করিয়া লওয়া যায়, সেই সময়ে কি তাহার পর কোন সময়ে, কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই মাল দৃষ্টি করিবার জন্যে, কিম্বা যে দ্রব্যের উপর মাসুল দিতে হয় তাহার মূল্য নিরূপণ করিবার জন্যে, কিম্বা আবশ্যক অন্য কর্ম্মের নিমিত্তে, নমুনাস্বরূপে ঐ দ্রব্যের কিঞ্চিৎ লইতে পারিবেন। দ্রব্যের স্বামী যদি ইচ্ছা করেন তবে নমুনাস্বরূপে যাহা লওয়া গেল তাহা ফিরিয়া দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবেক। নতুবা কষ্টমহৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যেমত আজ্ঞা করেন সেইমতে ঐ দ্রব্যের

Officer in charge of the Custom House shall direct.

MISCELLANEOUS PROVISIONS.

[Re-payment of Duties short levied or paid in excess.]

CLXVII. When Duty or other Customs dues or charges have been short levied through inadvertence, error, or misconstruction on the part of the Officers of Customs; or when Duty after having been levied has been erroneously refunded the person chargeable with such deficient Duty or charge, or to whom such refund has erroneously been made, shall pay the deficiency or re-pay the amounts paid to him in excess on demand being same within six months from the date of the first assessment; and it shall be lawful for the Officers of Customs to refuse to pass any goods belonging to such person until the said deficiency or excess be paid or repaid.

[Application for re-payment may be made within six months.]

CLXVIII. No Duty or other Customs dues or charges which shall have been charged and paid, and of which re-payment is claimed in consequence of the same having been charged or paid under an erroneous construction of law, or from other error, shall be returned unless such claim is made within six months from the date of such payment.

[In case of dispute the duty to be deposited pending orders of Chief Customs Authority.]

CLXIX. If any dispute shall arise as to the proper rate of duty payable in respect of any goods imported into, or exported from, any Port in British India, the importer, exporter, owner, or consignee of such goods, or his agent, shall deposit in the hands of the Officer in charge of the Custom House at the Port of importation or exportation, the amount of duty demanded by such Officer, pending the decision of the Chief Customs Authority. Upon payment of such deposit and the passing of a proper entry for such goods, the Officer in charge of the Custom House shall cause the goods to be delivered to such importer, exporter, owner, or consignee, or his agent.

[Local Government with sanction of Supreme Government may fix value of *ad valorem* articles.]

CLXX. It shall be lawful for the local Government of any Presidency or place, with the sanction of the Governor General of India in Council, to fix from time to time by public notice in the *Official Gazette*, a value for any article liable to *ad valorem* Duty, and the value so fixed shall, until it be altered by a similar notice, be taken to be the value of such article for the purpose of levying Duty on the same.

[Unvalued goods how to be assessed.]

CLXXI. In all cases in which goods are liable to duty according to the value thereof, and in

নমুনা বিক্রয়াদি হইয়া তাহার হিসাব স্বামিকে দেওয়া যাইবেক ইতি।

বিবিধ বিধি।

[কোন দ্রব্যের ন্যূন কি অধিক মাসুল লওয়া গেলে পর তাহা ফিরিয়া দিবার কথা।]

১৬৭ ধারা। যদি কষ্টমের কোন কার্য্যকারকেরদের অমনোযোগ কি ভ্রান্তিক্রমে কি বুঝিবার ভ্রমহেতুক কোন মাসুল কি কষ্টমসম্পর্কীয় কোন প্রাপ্য টাকা কি খরচ ন্যূন ধরিয়া লওয়া যায়, কিম্বা যদি মাসুল আদায় হইলে পর ভ্রান্তিক্রমে ফিরিয়া দেওয়া যায়, তবে সেই মাসুলের কি খরচের অবশিষ্টাংশ যে ব্যক্তির দিতে হয়, কিম্বা যাঁহাকে সেই মাসুলের টাকা ভ্রান্তিক্রমে ফিরিয়া দেওয়া গেল, তাঁহার নিকটে দাওয়া হইলে তিনি ঐ মাসুল প্রথমে ধার্য্য হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে সেই বাকী দিবেন কি সেই অধিক টাকা ফিরিয়া দিবেন। এবং যদি সেই বাকী না দেন কিম্বা অতিরিক্ত যাহা পাইয়াছিল তাহা যদি ফিরিয়া না দেন, তবে তাহা না দেওয়াপর্য্যন্ত কষ্টমের কার্য্যকারকেরা তাঁহার কোন দ্রব্য ছাড়িয়াদিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

[ফিরিয়া দিবার আদেশ ছয় মাসের মধ্যে হইতে পারিবার কথা।]

১৬৮ ধারা। যদি মাসুল কি কষ্টমসম্পর্কীয় প্রাপ্য অন্য টাকা কি খরচ নির্দ্ধার্য্য হইয়া দেওয়া যায়, ও পরে আইনের অর্থ বুঝিবার দোষেতে কি অন্য ভ্রান্তিতে তাহা ধার্য্য হইবার কি দিবার দোষহেতুক যদি কোন অংশ ফিরিয়া পাইবার দাওয়া হয়, তবে ঐ টাকা দিবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে সেই দাওয়া না হইলে তাহা ফিরিয়া দেওয়া যাইবেক না ইতি।

[বিবাদ হইলে কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের আজ্ঞা না হওনপর্য্যন্ত মাসুল গচ্ছিত থাকিবার কথা।]

১৬৯ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দর যে মালের আমদানী কি রফ্তানী হয় তাহার উপযুক্ত কত মাসুল দিতে হইবেক এই বিষয়ের যদি কোন বিবাদ হয়, তবে আমদানীর কি রফ্তানীর বন্দরে কষ্টম হৌসের কার্য্যের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব যত মাসুল চাহেন, তত মাসুল সেই দ্রব্যের আমদানী কি রফ্তানীকারক কি স্বামী কি কানসাইনী কি তাঁহার এজেণ্ট, কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব যত কাল ঐ বিবাদ নিষ্পত্তি না করেন তত কালপর্য্যন্ত ঐ কর্ম্মকারকের হাতে রাখিবেন। সেই মাসুল গচ্ছিত করিলে ও সেই মাল গচ্ছিত হইবার উপযুক্ত প্রমাণপত্র দেওয়া গেলে, কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই মাল ঐ আমদানী কি রফ্তানীকারককে কি স্বামিকে কি কানসাইনীকে কি তাহার কর্ম্মকারককে দেওয়াইবেন ইতি।

[যে দ্রব্যের মূল্যানুসারে মাসুল ধার্য্য হয় তাহার মূল্য সুপ্রীম গবর্ণমেণ্টের অনুমতিক্রমে স্থানবিশেষের গবর্ণমেণ্টের নির্দ্ধার্য্য করিবার কথা।]

১৭০ ধারা। যে দ্রব্যের মূল্যানুসারে মাসুল ধার্য্য হয় সেই দ্রব্যের মূল্য কোন প্রসীডেন্সীর কি স্থানবিশেষের গবর্ণমেণ্ট হুজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্ণর্ জেনরল বাহাদুরের সম্মতিক্রমে নির্দ্ধার্য্য করিয়া, তাহার সম্বাদ সময়ে২ সরকারী গেজেটে প্রকাশ করিতে পারিবেন। এমেই দ্রব্যের সেই মূল্য পরিবর্ত্তন হইবার সম্বাদ যত দিন তদ্রূপে প্রকাশ না হয়, তত দিনপর্য্যন্ত এ মূল্যানুসারে ঐ দ্রব্যের মাসুল আদায় হইবেক ইতি।

[যে দ্রব্যের মূল্য অনিরূপিত হয় তাহার মাসুল ধার্য্য করিবার কথা।]

১৭১ ধারা। যে সকল দ্রব্যের মূল্যানুসারে মাসুল ধার্য্য হয়, এমত কোন দ্রব্যের মূল্য যদি ইহার পূর্ব্বের

which no value has been fixed under the last preceding Section, the value shall be assessed at the wholesale cash price, less trade discount (2 per cent.), for which goods of the like kind and quality are sold, or are capable of being sold at the time and place of such importation or exportation, without any abatement or deduction whatever, except of so much as the Duties payable on the importation thereof shall amount to.

[Rates of wharfage fees to be fixed by the Chief Customs Authority.]

CLXXII. The Chief Customs Authority of any Presidency or place may from time to time fix the rate to be charged on goods left on any Custom House Wharf or other authorized landing place, or part of the Custom House premises for a period exceeding that prescribed by such Chief Customs Authority.

[Importer and exporter to pay expense incidental to compliance with Custom House rules.]

CLXXIII. The unshipping, carrying, shipping, and landing of all goods, and the bringing of them to the proper place for examination, or weighing and putting of them into and out of the scales, and the opening, unpacking, bulking, sorting, lotting, marking, and numbering of goods where such operations are necessary or permitted, and the removing of goods to, and the placing of them in, the proper place of deposit, until duly delivered, shall be performed by or at the expense of the importer or exporter respectively.

[Provision as to timber or wood to be charged with Duty by measurement.]

CLXXIV. The importer or person entering any timber or wood chargeable with Duty by measurement, shall, at his own expense, pile, sort, frame, or otherwise place the same in such manner as the Officer in charge of the Custom House shall deem necessary to enable the Officers to measure and take account thereof. In all cases in which timber or wood is measured in bulk, the measurement shall be taken to the full extent of the pile, and no allowance shall be made by the Officers on account of interstices.

[No compensation for loss or injury to goods while in Custom House, &c.]

CLXXV. No owner, consignee, importer, or exporter of goods shall be entitled to claim from any Officer of Customs compensation for any loss or injury that may occur to such goods at any time while they remain or are lawfully detained in any Custom House, or on any Custom House Wharf, or under charge of any Officer of Customs, unless it shall be proved that such loss or injury was occasioned by the wilful act or neglect of an Officer of Customs.

[Saving of anchorage and harbour dues, also special dues on opium, tobacco, ganja, spirits, and salt.]

CLXXVI. Nothing contained in this Act shall

ধারানুসারে নিরূপণ না হয়, তবে সেই প্রকারের ও তত্তুল্য গুণের দ্রব্য আমদানী কি রপ্তানী করণের সময়ে ও স্থানে সমদ যে মূল্যে মোটে বিক্রয় হয় কি হইতে পারে বাণিজ্যের খরাটস্বরূপে শতকরা ২৲ টাকা হিসাবে বাদ দিয়া সেই মূল্যানুসারে ঐ দ্রব্যের মাসুল ধার্য্য হইবেক, ও আমদানী হইলে তাহার যত মাসুল দিতে হয় তদ্ভিন্ন উক্ত মূল্যের কিছু ন্যূন ধরিতে হইবেক না ইতি।

[কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবকর্ত্তৃক ঘাটের মাসুল নির্দ্ধার্য্য হইবার কথা।]

১৭২ ধারা। কষ্টম হৌসের পোস্তা ঘাটে কিম্বা অনুমতিক্রমে মাল তুলিবার অন্য ঘাটে কি কষ্টম হৌসের জমীর কোন স্থানে কোন মাল থাকিতে পারিবার যত কাল কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব নিরূপণ করেন তাহার অধিক কাল থাকিলে ঐ মালের জন্যে যত ফীস দিতে হইবেক, ইহা কোন প্রসীডেন্সীর কি স্থানের কষ্টম হৌসের প্রধান কার্য্যকারক সাহেব সময়ের নির্দ্ধার্য্য করিতে পারিবেন ইতি।

[কষ্টম হৌসের বিধিমতে যে সকল খরচ লাগে তাহা আমদানী ও রপ্তানীকারকের দিবার কথা।]

১৭৩ ধারা। সকল মাল জাহাজহইতে উঠাইবার ও বহন করিবার ও জাহাজে তুলিবার ও ঘাটে নামাইবার ও দুষ্টি করণোপযুক্ত স্থানে আনিবার, ও ওজন করিবার ও পাল্লাতে তুলিয়া দিবার ও নামাইবার ও প্রয়োজনমতে কি অনুমতিক্রমে তাহা খুলিবার ও বস্তাহইতে বাহির করিবার ও সংগ্রহ ও বিলি করিবার ও লাট ও চিহ্ন ও নম্বর দিবার এবং তদ্দামহইতে না দেওনপর্য্যন্ত তাহা গচ্ছিত করিবার উপযুক্ত স্থানে আনাইবার ও রাখিবার কার্য্য আমদানী কি রপ্তানীকারকের করিতে হইবেক কিম্বা তাঁহারদের খরচে করা যাইবেক ইতি।

[যে বাহাদুরী কাষ্ঠের কি কাষ্ঠের পরিমাণানুসারে মাসুল লাগে তাহার বিধি।]

১৭৪ ধারা। যে বাহাদুরী কি অন্য কাষ্ঠের মাসুল পরিমাণানুসারে নিরূপণ হয় তাহা যে ব্যক্তি আমদানী করেন কি কষ্টম হৌসে দাখিল করেন তিনি আপন খরচে তাহা গাদি করিয়া কি বাছ ইয়া কি সাজাইয়া রাখিবেন, কিম্বা তাহার পরিমাণ করিবার ও হিসাব লইবার জন্যে কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব অন্য যেপ্রকারে সাজান আবশ্যক বোধ করেন সেই প্রকারে সাজাইয়া রাখিবেন। যদি বাহাদুরী কি অন্য কাষ্ঠের পরিমাণ করা যায় তবে কার্য্যকারকেরা তাহা মাপিবার সময়ে কাষ্ঠের মধ্যের ব্যবধানের নিমিত্তে কিছু বাদ না দিয়া সম্পূর্ণ গাদির পরিমাণ মোটে ধরিবেন ইতি।

[কষ্টম হৌসপ্রভৃতিতে মাল থাকিলে তাহার ক্ষতি কি হানি হইলে ক্ষতিপূরণ না করিবার কথা।]

১৭৫ ধারা। কোন মাল কষ্টম হৌসে কি কষ্টম হৌসের কোন গদীতে কিম্বা কষ্টমের কোন কার্য্যকারকের জিম্মায় থাকন কি আইনমতে আটক রাখণ কালে যদি ঐ মালের কিছু ক্ষতি কি হানি হয়, তবে সেই ক্ষতি কি হানি কষ্টমের কার্য্যকারকের স্বেচ্ছামত কোন ক্রিয়া কি ত্রুটিদ্বারা হইল ইহার প্রমাণ করিতে না পারিলে, ঐ মালের কোন স্বামী কি অংসনী কি আমদানী কি রপ্তানীকারক কষ্টমের কর্ম্মকারকের নিকটে ঐ ক্ষতিপূরণের দাওয়া করিতে পারিবে না ইতি।

[লঙ্গর করিবার ও বন্দরে থাকিবার স্থানের মাসুল ও আফীন ও তামাক ও গাঞ্জা ও শরাব ও লবণের উপর মাসুল আদায়ের কথা।

১৭৬ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে লঙ্গর

be construed to prevent the levy of any anchorage or harbour dues now leviable at any Port in British India, or the levy of any special Duties on opium, tobacco, ganja, spirits, or salt, under any law which is or shall be in force in any part of British India.

[Customs Officers not to serve on any jury or inquest.]

CLXXVII. No Commissioner, or Collector, or Officer of Customs engaged in the Preventive Service, or Officer of Customs whom a Commissioner or Collector shall deem it necessary to exempt on grounds of public duty shall be compelled to serve on any jury or inquest.

[Duplicates may be granted and amendments made on payment of fee.]

CLXXVIII. Duplicates of any certificate, manifest, bill, or other Custom House document, may, on payment of a fee of not less than one Rupee and not more than ten Rupees, be furnished, at the discretion of the Officer in charge of the Custom House, if he is satisfied that no fraud has been committed or is intended. The Officer in charge of the Custom House may also authorize any amendment to be made in any document, after it has been entered and recorded in the Custom House, upon payment of a like fee for every document so amended.

OFFENCES AND PENALTIES.

[Penalty for Commanders of tug steamers or pilot vessels receiving or discharging any goods without due authority.]

CLXXIX. If any goods be put on board of any tug-steamer or pilot vessel from any sea-going vessel inward bound, or if any goods be put out of any tug-steamer or pilot vessel for the purpose of being put on board of any outward bound vessel, or if any goods on which drawback shall have been granted shall be put on board of any tug-steamer or pilot vessel for the purpose of being re-landed without the authority of the Officers of Customs, such goods shall be liable to confiscation, and the Master or Commander of such tug-steamer or pilot vessel shall, in every such case, forfeit a sum not exceeding one thousand Rupees.

[Vessels in Port with a cargo and afterwards found in ballast and cargo unaccounted for, liable to confiscation.]

CLXXX. If any vessel be found within the limits of any Port in British India with cargo on board, and such vessel be afterwards found light or in ballast, and the Master or Commander be unable to give a due account of the Port or place in British India where such vessel shall have lawfully discharged her cargo, such vessel shall be liable to confiscation.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ২৩ ডিসেম্বর।]

করিবার স্থানের কি বন্দরের যে মাসুল আদায় হইতে পারে, কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের কোন স্থানে এই আইন এইক্ষণে বলবৎ আছে কি পরে হইবেক তদনুসারে আফীনের কি তামাকের কি গঞ্জার কি শরাবের কি লবণের উপর যে কোন বিশেষ মাসুল আদায় হইতে পারে, তাহা আদায় করিতে বাধা হইল এই আইনের কোন কথার এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[কষ্টমের কর্ম্মকারকেরদের জুরীয়রূপে, কি ইনকোষ্ট কালে না বসিবার কথা।]

১৭৭ ধারা। কষ্টমের কোন কমিস্যনর সাহেব কি কালেক্টর সাহেব কি প্রিবেণ্টিব আফিসর অর্থাৎ মাসুল চুরি নিবারণার্থ কার্য্যকারক কিম্বা কষ্টমের অন্য যে কর্ম্মকারককে কমিস্যনর সাহেব কি কালেক্টর সাহেব রাজকার্য্য কর্ম্মে নিযুক্ত থাকনো প্রযুক্ত জুরির কর্ম্মহইতে মুক্ত করা আবশ্যক বোধ করেন, তিনি মোকদ্দমার বিচার কালে কি কোন ব্যক্তির হঠাৎ মরণের কারণের সন্ধান-কালে জুরীয়রূপে নিযুক্ত হইবেন না ইতি।

[ফীস দেওয়া গেলে সর্টিফিকটপ্রভৃতির ডুপ্লিকেট পাইতে ও তাহা সংশোধন করিতে পারিবার কথা।]

১৭৮ ধারা। প্রবঞ্চনা হয় নাই, হইবার কল্পনাও নাই, কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব ইহা সদ্বোধমতে জ্ঞাত হইলে, এক টাকার অন্যূন ও দশ টাকার অনধিক ফীস লইয়া আপনার বিবেচনামতে কোন সর্টিফিকটের কি মানিফেষ্টের কি বিলের কি কষ্টম হৌসের অন্য কোনদলীলের নকল দিতে পারিবেন। আরো কোন দলীল কষ্টম হৌসে দাখিল হইয়া রিকার্ড হইলে পর, কষ্টম হৌসের কর্ম্মের ভারপ্রাপ্ত কার্য্যকারক সাহেব কোন দলীল সংশোধন করিবার অনুমতির নিমিত্তে পূর্ব্বোক্তমতে ফীস লইয়া কোন দলীলের কোন কথা সংশোধন করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

অপরাধের ও দণ্ডের কথা।

[টগষ্টিমরের কি আড়কাটী জাহাজের অধ্যক্ষেরা উপযুক্ত অনুমতি না পাইয়া কোন মাল গ্রহণ করিলে কি নামাইয়া দিলে তাঁহারদের দণ্ডের কথা।]

১৭৯ ধারা। কষ্টমের কার্য্যকারকেরদের অনুমতি প্রাপ্ত না হইয়া যদি বন্দরে আগমন সময়ে সমুদ্রগামি কোন জাহাজহইতে কোন টগষ্টিমরে কি আড়কাটী জাহাজে কোন মাল দেওয়া যায়, কিম্বা বন্দরহইতে গমন সময়ে জাহাজে দিবার জন্যে যদি টগষ্টিমরহইতে কি আড়কাটীজাহাজহইতে কোন মাল বাহির করা যায়, কিম্বা যে মালের উপর কিছু ফেরৎ মাসুল দেওয়া গিয়াছে তাহা কিনারায় আনিবার জন্যে যদি কোন টগষ্টিমরে কি আড়কাটী জাহাজে দেওয়া যায়, তবে সেই মাল জব্দ হইতে পারিবে, ও তদ্রূপ প্রত্যেক স্থলে সেই টগষ্টিমরের কি আড়কাটী জাহাজের অধ্যক্ষের কি কাপ্তান সাহেবের এক সহস্র টাকাপর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

[মাল বোঝাই হইয়া জাহাজ বন্দরে থাকিলে যদি পরে তাহাতে নিলম পাওয়া যায় কি যে মাল থাকে তাহার হিসাব না দেওয়া যায় তবে জাহাজ জব্দ হইবার কথা।]

১৮০ ধারা। যদি মালবোঝাই কোন জাহাজ, ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরের নামার মধ্যে দেখা যায় কিন্তু পরে সেই জাহাজ হালকা হয় কি তাহাতে কেবল নিলম পাওয়া যায় ও ব্রিটনীয় ভারতবর্ষের যে বন্দরে কি স্থানে ঐ জাহাজের বোঝাই মাল আইনমতে নামান গিয়াছিল এই বিষয়ের উপযুক্ত উত্তর যদি অধ্যক্ষ কি কাপ্তান সাহেব দিতে না পারেন তবে সেই জাহাজ জব্দ হইতে পারিবেক ইতি।

[Vessels and conveyance used in removal of run goods to be confiscated.]

CLXXXI. Every vessel, carriage, or other means of conveyance, and every horse or other animal used in the removal or conveyance of any goods liable to confiscation under this or any other Act relating to Customs, shall in like manner be liable to confiscation.

[Persons concerned in shipping or landing goods at any place other than a duly appointed Port, or knowingly concealing such goods, to be punished by nearest Magistrate, &c.]

CLXXXII. Any person shipping or landing goods, or aiding in the shipment or landing of goods, or knowingly keeping or concealing, or knowingly permitting or procuring to be kept or concealed, any goods shipped or landed or intended to be shipped or landed, contrary to the provisions of this Act; or who shall be found to have been on board of any vessel liable to forfeiture under this Act for having been within any bay, river, creek, or arm of the sea other than such as are declared under the provisions of Section XII. of this Act may be detained by any Officer of Police, Customs, or Excise. Any Officer so detaining any person shall forthwith take him before the nearest Magistrate or Justice of the Peace, and such person shall be liable, on conviction before such Magistrate or Justice of the Peace, to a penalty not exceeding one thousand Rupees, and in default of payment to simple imprisonment for six months.

[Penalty for searching persons on insufficient grounds.]

CLXXXIII. If any Officer of Police, Customs, or Excise shall require any person to be searched, without having reasonable ground to suppose that he has dutiable or prohibited goods about his person, such Officer shall forfeit a sum not exceeding one hundred Rupees.

[Person making false declarations to be punished.]

CLXXXIV. If any person shall knowingly make or subscribe any false declaration; or knowingly sign any declaration, certificate, or other instrument required by this Act to be verified by signature only, the same being false in any particular; or knowingly make or sign any declaration made for the consideration of an Officer of Customs, or any application presented to any such Officer, the same being untrue in any particular; or if any person required by this or any other Act relating to the Customs to answer any question put to him by an Officer of Customs shall not truly answer such question; or if any person shall counterfeit, falsify, or knowingly use, when counterfeited or falsified, any document required by this or by any other Act relating to the Customs,

(যে মাল জব্দ হইবার যোগ্য তাহা স্থানান্তর করণে যে নৌকা কি গাড়ী ব্যবহার হয় তাহাও জব্দ হইবার কথা।)

১৮১ ধারা। এই আইন কিম্বা কষ্টমসম্পর্কীয় অন্য কোন আইনমতে যে কোন মাল জব্দ হইবার যোগ্য হয়, তাহা স্থানান্তর করণের কি লইয়া যাইবার কার্য্যেতে যে প্রত্যেক জাহাজ কি গাড়ী কি বহনের অন্য বিষয় কি যে কোন ঘোড়া কি অন্য জন্তু ব্যবহার হয়, তাহাও উক্ত প্রকারে জব্দ হইতে পারিবেক ইতি।

(যে ব্যক্তিরা নিয়মমতের নির্দ্ধারিত বন্দরভিন্ন কোন স্থানে কোন মাল জাহাজে তোলে কি ঘাটে নামায়, কিম্বা জ্ঞানপূর্ব্বক সেই মাল গোপন করে, তাঁহারদের দণ্ড নিকটস্থ মাজিষ্ট্রেট সাহেবপ্রভৃতির দ্বারা হইবার কথা।)

১৮২ ধারা। যদি কোন ব্যক্তি এই আইনের বিধান বিরুদ্ধে কোন মাল জাহাজে তোলে কি জাহাজহইতে ঘাটে নামায়, কিম্বা মাল জাহাজে তুলিবার কি ঘাটে নামাইবার কার্য্যে সাহায্য করে, কিম্বা তদ্রূপে যে মাল জাহাজে তোলা কি নামান যায় কি তুলিবার কি নামাইবার অভিপ্রায় থাকে তাহা যদি কেহ জ্ঞানপূর্ব্বক রাখে কি গোপন করে, কিম্বা জ্ঞানপূর্ব্বক রাখিবার কি গোপন করিবার অনুমতি দেয় কি উপায় করে, অথবা এই আইনের ১২ ধারার নির্দ্দিষ্ট কোন উপসাগর কি নদী কি সমুদ্রের খাল কি খাঁড়ি ভিন্ন কোন উপসাগরপ্রভৃতিতে গমন করাপ্রযুক্ত যে জাহাজ এই আইনমতে জব্দ হইবার যোগ্য হয়, এমত কোন জাহাজে কোন ব্যক্তি গিয়াছে ইহা যদি দৃষ্ট হয় তবে পোলীসের কি কষ্টমের কি এক্সাইসের কোন কর্ম্মকারক তাহাকে আটক করিয়া রাখিতে পারিবেন। কোন কর্ম্মকারক কোন ব্যক্তিকে উক্ত প্রকারে আটক করিয়া রাখিলে তাহাকে অবিলম্বে নিকটস্থ মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের নিকটে উপস্থিত করিবেন। ও মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা জুষ্টিস অফ দি পীসের নিকটে তাহার দোষ প্রমাণ মতে সেই ব্যক্তির এক সহস্র টাকা পর্য্যন্ত দণ্ড হইতে পারিবেক, দণ্ডের টাকা না দিলে সে ছয় মাসপর্য্যন্ত বিনাপরিশ্রমে কয়েদ হইতে পারিবেক ইতি।

[অনুপযুক্ত হেতুতে গা তলাশী করিবার দণ্ডের কথা।]

১৮৩ ধারা। কোন ব্যক্তির গাত্রে কি বস্ত্রে মাসুল যোগ্য কি নিষিদ্ধ দ্রব্য আছে এমত সন্দেহ করিবার উপযুক্ত হেতু না থাকিতেও যদি পোলীসের কি কষ্টমের কি এক্সাইসের কোন কর্ম্মকারক তাহার বস্ত্রাদিতে সন্ধান লন, তবে সেই কর্ম্মকারকের এক শত টাকার অনধিক দণ্ড হইতে পারিবেক ইতি।

[যাহারা মিথ্যা কহে তাহারদের দণ্ডের কথা।]

১৮৪ ধারা। যদি কোন ব্যক্তি জ্ঞানপূর্ব্বক কোন মিথ্যাকথা কহে কি তাহাতে স্বাক্ষর করে, অথবা এই আইন অনুসারে যে কোন কথার কি সার্টিফিকটের কি অন্য দলীলের সত্যতার প্রমাণ কেবল স্বাক্ষরদ্বারা করিতে হয়, তাহাতে কোন মিথ্যা কথা আছে জানিয়া যদি কেহ তাহাতে স্বাক্ষর করে, কিম্বা কষ্টমের কোন কার্য্যকারকের বিবেচনার্থে যে কোন উক্তিকরা যায়, কিম্বা তদ্রূপ কোন কার্য্যকারকের নিকটে যে দর খাস্তকরা যায়, তাহার কোন কথা অসত্য জানিয়া যদি কেহ তাহাতে স্বাক্ষর করে, কিম্বা কষ্টমের কোন কার্য্যকারকের জিজ্ঞাসিত কোন কথার উত্তর এই আইন কিম্বা কষ্টমসম্পর্কীয় অন্য কোন আইনমতে যাহার দিতে হয় সেই ব্যক্তি যদি ঐ জিজ্ঞাসার যথার্থ উত্তর না দেয়, কিম্বা কষ্টম সম্পর্কীয় কোন কার্য্য কি ব্যাপার নির্ব্বাহ করণে যে কোন দলীলের ব্যবহার হয় তাহা যদি কোন ব্যক্তি জাল কি মিথ্যা করে, কিম্বা জালকি

or any instrument used in the transaction of any business or matter relating to the Customs; or shall fraudulently alter any document or instrument, or counterfeit the seal, signature, initials, or other mark of an Officer of Customs for the verification of any such document or instrument, or for the security of goods, or for any other purpose in the conduct of business relating to the Customs, or under the control of the Officers of Customs, such person shall for every such offence forfeit a sum not exceeding one thousand Rupees.

[Any person escaping may be afterwards detained.]

CLXXXV. If any person liable to be detained under this or any other Act relating to the Customs, shall not be detained at the time of committing the offence for which he is so liable, or shall, after detention, make his escape, such person shall at any time afterwards be liable to be detained and taken before any Magistrate or Justice of the Peace, to be dealt with as if he had been detained at the time of committing such offence.

[When persons are taken before a Justice for any offence under any Act relating to the Customs, such Justice may order them to be detained a reasonable time or admit them to bail.]

CLXXXVI. When any person detained for any offence against this or any other Act relating to the Customs, shall be taken before any Magistrate or Justice of the Peace, such Magistrate or Justice may, if he see reasonable cause, order such person to be detained in gaol or in the custody of the Police for such time as shall be necessary to enable him to obtain the orders of the Officers of Customs. But any person so detained shall be liberated on giving recognizance or security to the satisfaction of the Magistrate or Justice, or in the amount of the penalty sought to be recovered, to appear at such time and place as shall be appointed by such Magistrate or Justice for hearing the case.

[Offences for the adjudication whereof no special provision is made, how punishable, and penalties how to be recovered.]

CLXXXVII. All offences against this Act for the adjudication of which no special provision is made, shall be punishable in a summary manner by a Magistrate. Whenever a penalty shall be adjudged against any person under this Act, it shall be competent to the Magistrate or other authority adjudging the same, in case the amount be not discharged, either to enforce payment by distress and sale of the goods of the defaulter, or to award a period of imprisonment in commutation, according to be following scale, in addition to such imprisonment as such authority may be empowered by this Act to adjudge for the offence—

If the penalty do not exceed fifty Rupees, the term of imprisonment to be awarded in commutation shall not be more than one month. If the

মিথ্যা করা হইয়াছে জানিয়া যদি ব্যবহার করে, কিম্বা যদি কেহ কোন দলীল কি লিপি প্রতারণাপূর্ব্বক পরিবর্ত্তন করে, কিম্বা তদ্রূপ কোন দলীলের কি লিপির সত্যতাপ্রকাশার্থে কি মালের রক্ষার্থে কিম্বা কষ্টম সম্পর্কীয় কি কষ্টমের কার্য্যকারকেরদের তত্ত্বাধীন কর্ম্ম নির্ব্বাহ করণের কোন কার্য্যার্থে কষ্টমের কার্য্যকারকের যে মোহর কি স্বাক্ষর কি নামের আদ্যক্ষর কি অন্য চিহ্ন দেওয়া যায়, তাহা যদি কেহ জাল করে, তবে সেই ব্যক্তির তদ্রূপ প্রত্যেক অপরাধের জন্যে এক সহস্র টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[পলাতককে পরে আটক করিয়া রাখিবার কথা।]

১৮৫ ধারা। এই আইন কিম্বা কষ্টমসম্পর্কীয় অন্য কোন আইন মতে যাহাকে আটক করিয়া রাখা যাইতে পারে, এমত কোন ব্যক্তি যে দোষহেতুক আটক হইবার যোগ্য হয় সেই দোষ করণকালে যদি তাহাকে আটক করা না যায়, কিম্বা আটক করা গেলে পর যদি পলায়, তবে তাহাকে তৎপরে কোন সময়ে আটক করিয়া কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবের নিকটে উপস্থিত করা যাইতে পারিবেক, ও সেই অপরাধ করণ-সময়ে আটক করা গেলে তাহার প্রতি যদ্রূপ ব্যবহার হইত তদ্রূপই হইবেক ইতি।

[কষ্টমসম্পর্কীয় আইননির্দ্দিষ্ট অপরাধহেতুক ব্যক্তি-দিগকে জুষ্টিসের সম্মুখে উপস্থিত করা গেলে, তাহারদের উপযুক্ত কাল আটক হইবার কিম্বা হাজির-জামিন দিয়া মুক্ত হইবার কথা।]

১৮৬ ধারা। এই আইন কিম্বা কষ্টম সম্পর্কীয় অন্য কোন আইন বিপরীত অপরাধ করণ প্রযুক্ত কোন ব্যক্তি-কে আটক রাখিয়া কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীসের সম্মুখে উপস্থিত করা গেলে, সেই মাজিষ্ট্রেট সাহেব কি জুষ্টিস অফ দি পীস উপযুক্ত হেতু দৃষ্টি করিলে, কষ্টমের কার্য্যকারক সাহেবেরদের স্থানে আজ্ঞা পাইবার জন্যে যত কাল আবশ্যক হয়, তত কাল পর্য্যন্ত ঐ ব্যক্তিকে জেলখানায় কি পোলীসের রক্ষণে আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু উক্ত মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেব মোকদ্দমা শুনিবার যে সময় ও স্থান নির্দ্ধার্য্য করেন সেই সময়ে ও স্থান উপস্থিত হইব বলিয়া যদি সে আটক করা ব্যক্তি ঐ মাজিষ্ট্রেট কি জুষ্টিস সাহেবের বিবেচনাযত উপযুক্ত প্রতিজ্ঞাপত্র কি জামিন দেয়, কিম্বা যত টাকা আদায় হইবার আশাতে মোকদ্দমা হয় তত টাকার প্রতিভূ দেয় তবে মুক্ত হইতে পারিবেক ইতি।

[যে২ অপরাধের বিচারের স্পষ্ট বিধান হয় নাই তাহার দণ্ডের ও দণ্ড আদায়ের কথা।]

১৮৭ ধারা। এই আইনবিপরীতে যে সকল অপরাধের বিচার হইবার কোন স্পষ্ট বিধান হয় নাই তাহার দণ্ড মাজিষ্ট্রেট সাহেব সরাসরীমতে করিতে পারিবেন। এই আইনমতে কোন ব্যক্তির দণ্ড দিবার আজ্ঞা হইল, যদি সেই দণ্ড না দেওয়া যায়, তবে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারক ঐ দণ্ডের আজ্ঞা করেন, তিনি অপরাধির মাল ক্রোক ও বিক্রয় করিয়া ঐ টাকা আদায় করিতে পারিবেন, অথবা এই আইনমতে ঐ অপরাধহেতুক যত কাল কয়েদ করিতে ক্ষমতাপন্ন হন তদতিরিক্ত ঐ দণ্ডের টাকার পরিবর্ত্তে পশ্চাৎ নির্দ্দিষ্ট কাল পর্য্যন্ত অপরাধিকে কারারুদ্ধ করিতে পারিবেন। অর্থাৎ;

অর্থদণ্ড পঞ্চাশ টাকার অধিক না হইলে, তৎপরিবর্ত্তে এক মাসের অনধিক কাল কারারুদ্ধ হইবার আজ্ঞা করিবেন। অর্থদণ্ড এক শত টাকার অধিক না হইলে,

penalty do not exceed one hundred Rupees, the term of imprisonment to be awarded in commutation shall not be more than two months. If the penalty do not exceed five hundred Rupees, the term of imprisonment to be awarded in commutation shall not be more than four months. If the penalty exceed five hundred Rupees, the term of imprisonment to be awarded in commutation shall not be more than six months.

তৎপরিবর্ত্তে দুই মাসের অনধিক কাল কারাবদ্ধ হইবার আজ্ঞা করিবেন। অর্থদণ্ড পাঁচ শত টাকার অধিক না হইলে, তৎপরিবর্ত্তে চারি মাসের অনধিক কাল কারাবদ্ধ হইবার আজ্ঞা করিবেন। অর্থদণ্ড পাঁচ শত টাকার অধিক হইলে, তৎপরিবর্ত্তে ছয় মাসের অনধিক কাল কারাবদ্ধ হইবার আজ্ঞা করিবেন ইতি।

[Imprisonment to terminate upon payment of the fine.]

[অর্থদণ্ডের টাকা দেওয়া গেলে কারাহইতে মুক্ত হওনের কথা।]

CLXXXVIII. The imprisonment which is imposed in default of payment of fine shall terminate whenever that fine is either paid or levied by process of law.

১৮৮ ধারা। অর্থদণ্ডের টাকা যৎকালে দেওয়া যায় কি আইনমতের পরওয়ানাক্রমে আদায় হয়, তৎকালে ঐ অর্থদণ্ডের টাকা না দেওনপ্রযুক্ত যে কারাবন্ধনের আজ্ঞা হয় তাহা রহিত হইবেক ইতি।

[Termination of imprisonment upon payment of proportional part of fine.]

[অর্থদণ্ডের কতক টাকা দেওয়া গেলে তদনুসারে কারাবন্ধন রহিত হইবার কথা।]

CLXXXIX. If, before the expiration of the term of imprisonment fixed in default of payment, such a proportion of the fine be paid or levied that the term of imprisonment suffered in default of payment is not less than proportional to the part of the fine still unpaid, the imprisonment shall terminate.

১৮৯ ধারা। দণ্ডের টাকা দেওনের ত্রুটিপ্রযুক্ত কারাবন্ধনের যত কাল নিরূপণ হয়, তাহা অতীত না হইয়া যদি ঐ দণ্ডের কতক টাকা দেওয়া যায় কি আদায় হয় তবে অপরাধী যত কাল কারাবদ্ধ ছিল তদপেক্ষা যদি উক্ত নিয়মানুসারে তাহার অবশিষ্ট দেয় টাকা ন্যূন না হয়, তবে কারাবন্ধন রহিত হইবেক ইতি।

[Customs Officers committing or conniving at frauds how punishable.]

[কষ্টমের কার্য্যকারকেরা প্রতারণা করিলে কি উপেক্ষণ করিলে তাঁহারদের দণ্ডের কথা।]

CXC. If any Officer of Customs, or other person employed for the prevention of smuggling, shall practise or attempt to practise any fraud for the purpose of injuring the Customs revenue, or shall abet or connive at any such fraud or at any attempt to practise any such fraud, such Officer or other person shall be liable to imprisonment of either description for any term not exceeding two years, or to fine, or to both.

১৯০ ধারা। কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা মাসুল চুরি নিবারণার্থে অন্য যে ব্যক্তি নিযুক্ত হয় সে যদি কষ্টমের উৎপন্ন রাজস্বের হানি করণার্থে কোন প্রতারণা করে কি করিবার উদ্যোগ করে, কিম্বা তদ্রূপ প্রতারণার কোন কার্য্যের কি কোন উদ্যোগের সাহায্য করে কি তাহা জানিয়া উপেক্ষা করে, তবে সেই কার্য্যকারক কি অন্য ব্যক্তি দুই বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কোন এক প্রকারে কয়েদ হইতে পারিবেক কিম্বা তাহার অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[Customs Officers if guilty of breach of duty how punishable.]

[কষ্টমের কার্য্যকারকেরা অকর্ত্তব্য কর্ম্ম করিলে তাহারদের দণ্ডের কথা।]

CXCI. If any Officer of Customs, or other person employed for the prevention of smuggling, shall be guilty of a wilful breach of the provisions of this or any other Act relating to the Customs, or shall accept, or obtain, or attempt to obtain, from any person any property, gratuity, or benefit as a consideration for doing or forbearing to do any official act, every such Officer or person shall be liable to imprisonment for any term not exceeding two years, or to fine, or to both.

১৯১ ধারা। কষ্টমের কোন কার্য্যকারক কিম্বা অন্য যে ব্যক্তি মাসুল চুরি নিবারণার্থে নিযুক্ত হয় সে, যদি এই আইনের কিম্বা কষ্টম সম্পর্কীয় অন্য কোন আইনের বিধান ইচ্ছাপূর্ব্বক লঙ্ঘন করণের দোষী হয়, কিম্বা পদসম্পর্কীয় কোন কার্য্য করিবার কি না করিবার প্রতিফলস্বরূপে কোন ব্যক্তির স্থানে কোন দ্রব্য কি পারিতোষিক কি উপকার গ্রহণ করে কি প্রাপ্ত হয় কি প্রাপণের উদ্যোগ করে, তবে এমত প্রত্যেক কর্ম্মকারক কি ব্যক্তি দুই বৎসরের অনধিক কোন কালপর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবে কি তাহার অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[Obstruction to Customs Officers punishable.]

[কষ্টমের কার্য্যকারকেরদের কর্ম্মের বাধা দেওনের দণ্ডের কথা।]

CXCII. Whoever intentionally obstructs any Officer in the exercise of any powers given by this Act to such Officer, shall be liable to imprisonment for any term not exceeding six months, or a fine not exceeding one thousand Rupees, or to both.

১৯২ ধারা। কোন কার্য্যকারকের এই আইনদ্বারা দত্ত কোন ক্ষমতাক্রমে কার্য্য করণকালে, যদি কেহ ইচ্ছাপূর্ব্বক তাহাকে বাধা দেয়, তবে সে ছয় মাসের অনধিক কোন কালপর্য্যন্ত কারাবদ্ধ হইতে পারিবেক কিম্বা তাহার এক সহস্র টাকাপর্য্যন্ত অর্থদণ্ড কি উভয় দণ্ড হইতে পারিবেক ইতি।

[Officers of Customs or Excise may, on probable cause, stop carts, &c., and search for goods.]

[অনুচরসিদ্ধ কারণ থাকিলে গাড়ীপ্রভৃতি থামাইয়া তাহাতে অন্বেষণ করিতে কষ্টমের কি একসাইসের কর্ম্মকারকেরদের ক্ষমতার কথা।]

CXCIII. Any duly empowered Officer of Cus-

১৯৩ ধারা। কষ্টমের কি একসাইসের উপযুক্ত

toms or Excise, or other person acting in his aid, or duly employed for the prevention of smuggling, may, upon reasonable suspicion, examine any cart, waggon, or other means of conveyance for the purpose of ascertaining whether any smuggled goods are contained therein. If no such goods be found the Officer or other person so examining such cart, waggon, or other conveyance having had probable cause to suspect that smuggled goods were contained therein, shall not, on account of such search, be liable to any prosecution or action at law. Any person driving or conducting any such cart, waggon, or other conveyance who shall refuse to stop or allow any such examination when required so to do, shall forfeit a sum not exceeding one thousand Rupees.

[Officers authorized by writ of assistance may search houses for dutiable or prohibited goods.]

CXCIV. Any Officer of Customs or other person acting in his aid, and having a writ of assistance countersigned by the Commissioner or Deputy Commissioner of Police, or other chief Executive Officer of Police, may, in the day time, enter into and search any house, shop, cellar, warehouse, room, or other place; and may, in case of resistance, break open any door, chest, trunk, or other package, and seize any dutiable or prohibited goods; and put and secure the same in the Custom House; and may take with him any Police or other Public Officer for the purpose of assisting him in such search and seizure.

[Vessels, boats, goods, and persons may be seized or detained, and goods delivered to the proper Officer.]

CXCV. Any vessel, boat, or goods liable to forfeiture, and all persons liable to be detained for any offence under this or any other Act relating to the Customs, may be seized or detained in any place, either upon land or water, by any Officer of Customs or Excise, or by any person authorized so to seize, or duly employed for the prevention of smuggling. Every vessel, or boat, and all goods so seized, shall, as soon as conveniently may be, be delivered into the care of the proper Officer appointed to receive the same. The forfeiture of any vessel shall be deemed to include her tackle, apparel, and furniture. The forfeiture of any goods shall be deemed to include any package in which they are found, and all the contents thereof. The forfeiture of any cart, waggon, or other conveyance shall be deemed to include the cattle employed in drawing it.

[Police Officers seizing goods to carry them to the nearest Custom House.]

CXCVI. If any goods liable to forfeiture under this or any other Act relating to the Customs be taken by any public Officer or other person duly authorized to take them, such goods shall be carried to the Custom House nearest to the place

ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের কি তাঁহার সহায় ব্যক্তির কিম্বা মামুল চুরি নিবারণার্থে নিয়মিতরূপে নিযুক্ত অন্য ব্যক্তির যুক্তিমত কোন সন্দেহ থাকিলে, তিনি কোন গাড়ীতে কি মাল বহিবার অন্য যানাদিতে মামুল চোরা মাল আছে কি না ইহা নিশ্চয় জানিবার জন্যে সেই গাড়ীপ্রভৃতিতে অন্বেষণ করিতে পারিবেন। যদি তাহাতে তদ্রূপ কোন মাল না পাওয়া যায়, তবে সেই গাড়ীপ্রভৃতিতে মামুল চোরা মাল থাকার সন্দেহ করিবার অনুভবসিদ্ধ কারণে তাহাতে অন্বেষণকরা প্রযুক্ত অন্বেষণকারি সেই কার্য্যকারকের কি ব্যক্তির নামে কোন মোকদ্দমা কি নালিশ হইবে না। তদ্রূপ কোন গাড়ীপ্রভৃতি যে ব্যক্তি চালায় কি লইয়া যায়, সে আজ্ঞা পাইলে যদি থামিতে অস্বীকার না করে কিম্বা উক্ত প্রকারের অন্বেষণ হইবার অনুমতি না দেয় তবে তাহার এক সহস্র টাকার অনধিক অর্থদণ্ড হইবেক ইতি।

[সাহায্য গ্রহণের পরওয়ানাক্রমে ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকেরদের গৃহাদি প্রবেশ করিয়া মামুল যোগ্য কি নিষিদ্ধ দ্রব্যের অন্বেষণ করিবার কথা।]

১২৪ ধারা। সাহায্য গ্রহণের যে পরওয়ানাতে পোলীসের কমিস্যানর কি ডেপুটী কমিস্যানর সাহেবের কিম্বা পোলীসের কার্য্য নির্ব্বাহক প্রধান অন্যকার্য্যকার সাহেবের স্বাক্ষর থাকে এমত পরওয়ানা কষ্টমের কোন কার্য্যকারক কি তাহার সহায় অন্য ব্যক্তি প্রাপ্ত হইয়া দিন মানে কোন গৃহে কি দোকানে কি পাতাল ঘরে কি হদ্দমে কি ঘরে কি অন্য স্থানে প্রবেশ করিয়া, ও কেহ বাধা করিলে কোন দ্বার কি সিন্দুক কি বাক্স কি বস্তাদি ভাঙ্গিয়া খুলিয়া তাহাতে অন্বেষণ করিয়া মামুল যোগ্য কি নিষিদ্ধ কোন দ্রব্য লইয়া গিয়া কষ্টম হৌসে রাখিতে পারিবে। ও সেই দ্রব্য অন্বেষণের ও গ্রহণের কার্য্যে আপন সাহায্যের নিমিত্তে পোলীস সম্পর্কীয় কি রাজকীয় কোন কার্য্যকারককে লইতে পারিবেন ইতি।

[জাহাজ ও নৌকা ও মাল ও ব্যক্তিদিগকে ধরিয়া আটক করিয়া রাখিবার ও মাল উপযুক্ত কার্য্যকারককে দিবার কথা।]

১২৫ ধারা। এই আইন কিম্বা কষ্টম সম্পর্কীয় অন্য কোন আইনমতে যে কোন জাহাজ কি নৌকা কি মাল জব্দ হইবার যোগ্য ও যে কোন ব্যক্তি কোন অপরাধের নিমিত্তে আটক হইবার যোগ্য, সেই নৌকাদি কি সেই ব্যক্তিকে কষ্টমর কি একসাইসের কোন কর্ম্মকারক কিম্বা ধৃত করিবার ক্ষমতাপন্ন কোন ব্যক্তি কিম্বা মামুল চুরি নিবারণের কার্য্যে নিয়মিতরূপে নিযুক্ত কোন ব্যক্তি জলে কি স্থলে কোন স্থানে ধরিয়া আটক করিতে পারিবেন। যে সকল জাহাজ কি নৌকা ও মাল তদ্রূপে ধৃত হয় তাহা গ্রহণ করিবার উপযুক্ত কার্য্যকারকের জিম্মায় সাধ্যমতে ত্বরা করিয়া সমর্পণ করা যাইবে। জাহাজ জব্দ হইবার কথা হইলে, তাহার রশী কাছীপ্রভৃতি সরঞ্জামও জব্দ হওয়া, ও কোন মাল জব্দ হইবার কথা হইলে, সেই মাল যে কোন বস্তাদির মধ্যে পাওয়া যায় তাহা ও তন্মধ্যে সকল বস্তু জব্দ হওয়া, ও কোন গাড়ী কি অন্য বাহন জব্দ হইবার কথা হইলে, সেই গাড়ীপ্রভৃতিতে যে জন্তু যোজনা থাকে তাহাও জব্দ হওয়া জানা করিতে হইবেক ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরা মাল ধরিলে নিকটস্থ কষ্টম হৌসে লইয়া যাইবার কথা।]

১২৬ ধারা। এই আইন কিম্বা কষ্টম সম্পর্কীয় অন্য কোন আইনমতে জব্দ হইবার যোগ্য কোন মাল রাজকীয় কোন কার্য্যকারক কিম্বা ঐ মাল ধরিবার উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ব্যক্তি ধরিলে, সেই মাল যে স্থানে ধরা যায় তাহার নিকটস্থ কষ্টম হৌসে চালান হইবে ও তথায়

where the goods were taken, and shall forthwith be there delivered to the Officer appointed to receive the same. If there be no Custom House within a convenient distance of the place of seizure such goods shall be delivered to the nearest Revenue Officer.

[Goods stopped by Police Officers may be detained until trial of persons charged with stealing them.]

CXCVII. If any such goods shall be taken by any Police Officer on suspicion that they had been stolen, such Officer may carry such goods to the Police Office to which the offender is taken, there to remain until the trial of the offender. In every such case the Police Officer shall give notice in writing to the Officers of Customs of his having so detained such goods, with the particulars of the same; and immediately after the trial of such offender all such goods shall be conveyed to and deposited in the Custom House, to be proceeded against according to law. If any Police Officer making detention of any such goods shall neglect so to convey the same to such Custom House, or to give notice of having stopped the same, such Officer shall forfeit a sum not exceeding one hundred Rupees.

[Chief Customs Authority may restore seizures.]

CXCVIII. The Chief Customs Authority of any Presidency or place may, by special order, direct any vessel, boat, goods, or commodities whatever seized under this or any Act relating to the Customs, to be delivered to the owner thereof, whether condemnation shall have taken place or not, upon such conditions as such Chief Customs Authority shall prescribe.

[Vessels and goods seized may be disposed of as the Chief Customs Officer may direct.]

CXCIX. Any vessel, boat, or goods which shall have been seized and condemned for any breach of this or any other law relating to the Customs, shall, as soon as conveniently may be after the condemnation thereof, be disposed of in such manner as the Chief Officer of Customs of the Port shall direct.

[Persons may be searched if Officers have reason to suspect smuggled goods concealed upon them.]

CC. Any Officer of Customs duly employed in the prevention of smuggling may search any person on board of any vessel or boat in any Port in British India, or any person who shall have landed from any vessel or boat. Provided that such Officer shall have good reason to suppose that such person has any dutiable or prohibited goods secreted about his person. If any person shall obstruct any such Officer in going, remaining, or returning from on board, or in searching any vessel or boat or person, every such person shall forfeit a sum not exceeding five hundred Rupees. If any person on board of any such vessel or boat, or who may have landed from any such vessel or boat, shall,

গ্রহণার্থে যে কার্য্যকারক নিযুক্ত থাকেন তাঁহার হস্তে অবিলম্বে সমর্পণ করা যাইবে। মাল যে স্থানে ধৃত হয় সেই স্থানহইতে যত দূর অনায়াসে যাওয়া যায় এমত স্থানে কষ্টম হৌস না থাকিলে সেই মাল রাজস্বের নিকটস্থ কার্য্যকারকের প্রতি সমর্পণ করা যাইবেক ইতি।

[পোলীসের কর্ম্মকারকেরা যে মাল থামাইয়া রাখে তাহা চুরি করিবার অভিযোগ যে ব্যক্তিদের নামে হয় তাহারদের বিচার না হওয়াপর্য্যন্ত মাল আটক করিয়া রাখিবার কথা।]

১৯৭ ধারা। পোলীসের কোন কর্ম্মকারক কোন মাল চোরা হইবার সন্দেহক্রমে তাহা আটক করিলে অপরাধিকে যে পোলীস আফিসে চালান করা যায় সেই আফিসে ঐ কার্য্যকারক ঐ মাল লইয়া যাইতে পারিবেক ও অপরাধির বিচার না হওয়াপর্য্যন্ত মাল তথায় থাকিবে। এমত প্রত্যেক স্থলে পোলীসের কর্ম্মকারক সেই মালের বৃত্তান্ত ও তাহা উক্ত প্রকারে আটক করিবার সম্বাদ লিখিয়া কষ্টমের কার্য্যকারকদিগকে জ্ঞাত করিবেন ও সেই অপরাধির বিচার হইলে পর সেই সকল মাল কষ্টম হৌসে চালান হইয়া গচ্ছিত করা যাইবেক ও আইনানুসারে তদ্বিষয়ের কার্য্য হইবে। তদ্রূপ কোন মাল পোলীসের যে কোন কার্য্যকারক আটক করিয়া রাখেন তিনি যদি উক্ত প্রকারে তাহা কষ্টম হৌসে চালান না করেন কিম্বা তাহা আটক করিবার সম্বাদ না দেন তবে সেই কার্য্যকারকের এক শত টাকার অনধিক দণ্ড হইবেক ইতি।

[কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের ঐ আটক করা দ্রব্য ফিরিয়া দিবার ক্ষমতার কথা।]

১৯৮ ধারা। এই আইন কিম্বা কষ্টমসম্পর্কীয় কোন আইনমতে যে কোন জাহাজ কি নৌকা কি মাল কি দ্রব্য ধৃত হয় তৎসম্পর্কীয় দোষ প্রমাণ হইলে কি না হইলেও কোন প্রসীডেন্সীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব বিশেষ আজ্ঞাক্রমে কোন নিয়ম নির্দ্দিষ্ট করণপূর্ব্বক তদনুসারে সেই জাহাজপ্রভৃতি স্বামিকে দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

[ধৃত জাহাজ ও মাল কষ্টমের প্রধান কার্য্যকারকের আজ্ঞাক্রমে বিক্রয়াদি হইবার কথা।]

১৯৯। কোন জাহাজ কি নৌকা কি মাল ধৃত হইয়া এই আইন কিম্বা কষ্টমসম্পর্কীয় অন্য কোন আইন লঙ্ঘন করণের দোষ হেতুক জব্দ হইবার যোগ্য প্রকাশ হইলে পর সেই জাহাজপ্রভৃতি সাধ্যমতে ত্বরা করিয়া বন্দরের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেবের আদেশানুসারে বিক্রয়াদি হইবেক ইতি।

[কোন ব্যক্তির বস্ত্রাদিতে মাসুল চোরা দ্রব্য বদ্ধ থাকার সন্দেহ হইলে সেই ব্যক্তিদের বস্ত্রের অন্বেষণ হইবার কথা।]

২০০ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের কোন বন্দরে যে কোন জাহাজ কি নৌকা থাকে তদন্তর্গত কোন ব্যক্তির কিম্বা সেই জাহাজ কি নৌকাহইতে যে ব্যক্তি উত্তরিয়াছে তাহার বস্ত্রাদিতে মাসুল চুরি নিবারণার্থ নিয়মিতরূপে নিযুক্ত কষ্টমের কোন কার্য্যকারক অন্বেষণ করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে সেই ব্যক্তির বস্ত্রাদিতে মাসুল যোগ্য কি নিষিদ্ধ কোন দ্রব্য থাকার সন্দেহ করিবার উপযুক্ত কারণ থাকে। তদ্রূপ কোন কার্য্যকারকের কোন জাহাজে গমনের কি থাকনের কি প্রত্যাগমনের কালে কি কোন জাহাজে কি নৌকাতে কি ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ কালে যদি কোন ব্যক্তি তাহাকে বাধা দেয় তবে সেই ব্যক্তির পাঁচ শত টাকার অনধিক দণ্ড হইবেক। কোন ব্যক্তি তদ্রূপ কোন জাহাজে কি নৌকাতে থাকিলে কিম্বা

upon being asked by any such Officer whether he has any dutiable goods upon his person or in his possession, affirm that he has not, and if any such goods shall, after such denial, be discovered to be or to have been upon the person or in the possession of such person, such goods shall be liable to confiscation, and such person shall forfeit a sum not exceeding three times the value of such goods.

[Persons before search may require to be taken before a Justice, &c.]

CCI. Before any person shall be searched by any such Officer, such person may require such Officer to take him before a Magistrate or Justice of the Peace or Collector of Revenue or superior Officer of Customs, who, if he see no reasonable cause for search, shall discharge such person ; but, if otherwise, shall direct such person to be searched. If a female, she shall not be searched by any but a female.

[Persons in Her Majesty's Service detained, to be secured on board until warrant procured.]

CCII. Where any person employed on the crew of any of Her Majesty's Ships, shall be lawfully detained under any law relating to the Customs, such person upon notice thereof by the detaining Officer to the Commanding Officer of the Ship, shall be placed in security by such Commanding Officer on board of such ship, until the detaining Officer shall have obtained a warrant from a Magistrate or Justice of the Peace for bringing up such person to be dealt with according to law. A Magistrate or Justice of the Peace shall, upon complaint made to him by such Officer of Customs, stating the offence for which such person is liable to detention, duly grant such warrant.

[Powers of Customs Officers in respect to confiscations and fines.]

CCIII. In every case in which, under this Act, goods are liable to confiscation or to increased rates of Duty ; or in which, under this Act, any person in charge of or owning a vessel, or landing or unshipping goods, or passing them through the Custom House, is liable to a penalty, an Officer in charge of a Custom House may adjudicate such confiscation or penalty. When the local Government shall so direct, such confiscation or penalty may also be adjudged by a Deputy or Assistant Collector or other Officer of Customs. Provided that the power to adjudicate confiscation shall not extend, as regards a Deputy Collector, to goods of a greater value than one thousand Rupees, nor, as regards an Assistant Collector, or other Officer, to goods of a greater value than one hundred Rupees ; and that the power to impose penalties shall not extend as regards a Deputy Collector to a fine exceeding fifty Rupees,

তদ্রূপ কোন জাহাজ কি নৌকাহইতে উত্তরিলে তাঁহার বস্ত্রাদিতে কি তাঁহার নিকটে মাসুল যোগ্য কোন দ্রব্য থাকার কি না থাকার বিষয়ে তদ্রূপ কোন কার্য্যকারক জিজ্ঞাসা করিলে, সে যদি বলে যে না ও তদ্রূপ অস্বীকার করিবার পর যদি তদ্রূপ কোন দ্রব্য সেই ব্যক্তির বস্ত্রাদিতে কি তাহার নিকটে আছে কি ছিল প্রকাশ হয়, তবে সেই দ্রব্য জব্দ হইতে পারিবে ও সেই ব্যক্তির সেই দ্রব্যের মূল্যের তিন গুণের অনধিক অর্থদণ্ড হইবেক ইতি।

[অন্বেষণ করিবার পূর্ব্বে কোন ব্যক্তিরদের জুষ্টিসের সম্মুখে আনীত হইবার কথা।]

২০১ ধারা। তদ্রূপ কোন কার্য্যকারকের দ্বারা কোন ব্যক্তির বস্ত্রাদিতে অন্বেষণ হইবার পূর্ব্বে সেই ব্যক্তি ঐ কার্য্যকারককে অনুরোধ করিতে পারিবেন যে আমাকে কোন মাজিষ্ট্রেট সাহেবের কি জুষ্টিস অফ দি পীসের কি রাজস্বের কালেক্টর সাহেবের কি কষ্টমের উপরিস্থ কার্য্যকারকের নিকটে লইয়া যাও। পরে তিনি সেই বস্ত্রাদিতে অন্বেষণ করিবার কোন উপযুক্ত হেতু দৃষ্টি না করিলে সেই ব্যক্তিকে মুক্ত করিতে পারিবেন নতুবা তাহার বস্ত্র দিতে অন্বেষণ হইবার আজ্ঞা করিবেন। যদি স্ত্রী হয় তবে স্ত্রীলোকভিন্ন কেহ তাহার বস্ত্রাদিতে অন্বেষণ করিতে পারিবে না ইতি

[মহারাণীর কর্ম্মে নিযুক্ত কোন ব্যক্তি ধৃত হইলে ওয়ারেণ্ট না হওয়াপর্য্যন্ত তাহাকে জাহাজে আটক করিয়া রাখিবার কথা।]

২০২ ধারা। শ্রীশ্রীমতী মহারাণীর কোন জাহাজের নাবিকগণের মধ্যে কোন ব্যক্তিকে কষ্টম সম্পর্কীয় কোন আইনমতে ন্যায্যরূপে আটক করিয়া রাখা গেলে, যে কার্য্যকারক তাঁহাকে আটক করিয়া রাখেন তিনি জাহাজের অধ্যক্ষকে তদ্বিষয়ের সয়াদ দিলে সেই ব্যক্তির প্রতি আইনানুসারে কার্য্য হওনার্থে তাঁহাকে উপস্থিত করিবার পরওয়ানা ম্যজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীসের স্থানে প্রাপ্ত না হওনপর্য্যন্ত ঐ অধ্যক্ষ সাহেব ঐ ব্যক্তিকে ঐ জাহাজে সতর্কতাবে রাখিবেন। ঐ ব্যক্তিকে যে অপরাধহেতুক আটক করা গিয়াছে তাহা কষ্টমের উক্ত কার্য্যকারক কোন মাজিষ্ট্রেট কি জুষ্টিস অফ দি পীস সাহেবকে জ্ঞাত করিলে, তিনি নিয়মিতরূপে পরওয়ানা দিবেন ইতি।

[জব্দ করণের ও অর্থদণ্ডের বিষয়ে কষ্টমের কার্য্যকরকেরদের ক্ষমতার কথা।]

২০৩ ধারা। এই আইনমতে যখন কোন দ্রব্য জব্দ হইবার যোগ্য হয় কি কোন দ্রব্যের উপর বর্দ্ধিত হারে মাসুল লইতে হয়, কিম্বা জাহাজের কর্ম্মের ভারপ্রাপ্ত কোন ব্যক্তি কি স্বামী কিম্বা যে ব্যক্তি কোন মাল জাহাজে তুলে কি জাহাজহইতে নামায় কি কষ্টম হৌসের দ্বারা পাস করায় এমত কোন ব্যক্তি যখন এই আইনানুসারে অর্থদণ্ডের যোগ্য হয়, তখন কষ্টম হৌসের কর্ম্মের ভার প্রাপ্ত কার্য্যকারক সাহেব সেই জব্দ করণের কি অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। স্থানবিশেষের গবর্ণমেণ্ট আজ্ঞা করিলে ডেপুটী কি আসিষ্টাণ্ট কালেক্টর কিম্বা কষ্টমের অন্য কার্য্যকারক সাহেবও জব্দ করণের কি অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ডেপুটী কালেক্টর জব্দ করণের আজ্ঞা করিবার ক্ষমতাপ্রাপ্ত হইলে তিনি এক সহস্র টাকার অধিক মূল্যের দ্রব্যের বিষয়ে কিম্বা আসিষ্টাণ্ট কালেক্টর কি অন্য কার্য্যকারক ঐ ক্ষমতা পাইলে এক শত টাকার অধিক মূল্যের দ্রব্যের বিষয়ে সেই আজ্ঞা করিতে পারিবেন না। এবং অর্থদণ্ড আজ্ঞা করিবার ক্ষমতা ডেপুটী কালেক্টরকে দেওয়া গেলে তিনি পঞ্চাশ টাকার অধিক ও আসিষ্টাণ্ট কালেক্-

nor as regards an Assistant Collector, or other Officer, to a fine exceeding ten Rupees. All cases adjudicated by a Deputy or Assistant Collector or other Officer may on appeal be revised by the Chief Customs Authority of the Presidency or place.

টর কি অন্য কার্য্যকারক সেই ক্ষমতা পাইলে দশ টাকার অধিক অর্থদণ্ড করিতে পারিবেন না। ডেপুটী কি আসিষ্টাণ্ট কালেক্টর কি অন্য কার্য্যকারক যে কোন মোকদ্দমা নিষ্পত্তি করেন তাহার উপর আপীল হইলে ঐ প্রসীডেনসীর কি স্থানের কষ্টমের প্রধান কার্য্যকারক সাহেব সেই মোকদ্দমার পুনর্ব্বিচার করিতে পারিবেন ইতি।

[Goods may be detained, and Port clearance refused pending the payment of fines to which the parties concerned may be liable.]

[কোন মালের সঙ্গে যাহারদের সম্পর্ক থাকে তাহারদের অর্থদণ্ড না দেওনপর্য্যন্ত মাল আটক থাকিবার ও বন্দরহইতে জাহাজের গমনের অনুমতিপত্র না দিবার কথা।]

স্বামী কি কোম্পানি এইং শব্দেতে কল্পনাকারি কি অধিকারি, কি পাট্টাদার কি এজেণ্ট কি আসেনী-প্রভৃতিস্বরূপে যে একি ব্যক্তির কি কোম্পানির অর্থাৎ ব্যবসায় সমাজভুক্ত লোকেরদের রক্ষণে এই আইন-অনুযায়ি সর্ব্বসাধারণের উপকারার্থ কোন বিষয় থাকে কিম্বা যাঁহারদের কথা এই আইনেতে উল্লেখ হইয়াছে তাঁহারদিগকে বুঝাইবে।

"ভূমি।"

ভূমি শব্দের মধ্যে, বাটী, ও ভূমি, ও খোত, ও কোন প্রকারের পাট্টাক্রমে ভোগ্য ভূমি ধরিতে হইবেক।

"নিয়ম।"

নিয়ম এই শব্দেতে এই আইনের ১১ ধারার লিখিতমতে গবর্ণমেণ্টের সঙ্গে এই আইনঅনুযায়ি বিষয়ের কল্পনাকারিদের কি স্বামিরদের চুক্তির যে বিশেষ নিয়ম থাকে তাহা বুঝাইবে।

"মামুল।"

মামুল এই শব্দেতে এই আইনঅনুযায়ি বিষয়ের কোন প্রকারের ব্যবহারার্থে কিম্বা তদ্রূপ কোন বিষয়ের ব্যবহার সম্পর্কীয় কোন কার্য্য নির্ব্বাহার্থে যে কোন টাক্স কি যে টাকা লাগে কি দিতে হয় তাহাও বুঝাইবে ইতি।

[সর্ব্বসাধারণের উপকারার্থ বিষয় বলিয়া যাহা জ্ঞান হইবে তাহার কথা।]

২ ধারা। এই আইনের মধ্যে এইং বিষয় সর্ব্বসাধারণের উপকারার্থ বিষয় বলিয়া জ্ঞান হইবে। অর্থাৎ কোন সাঁকো ও রাজপথ ও রেলরোড ও ট্রামরোড ও জল সেচনার্থ কি নৌকাদির গমনার্থ খাল ও পুষ্করিণী ও নদী কি বন্দর উত্তম করণার্থ কোন বিষয় ও গুদি ও পোস্তা ও জেটীওজলসম্পর্কীয় বিষয়, ও গ্যাসসম্পর্কীয় বিষয় ও খনি, ও লৌহ কি তাম্রসম্পর্কীয় বিষয় ও জলপ্রণালী প্রস্তুত করণার্থ বিষয় ও ইলেক্‌ট্রিক টেলিগ্রাফ ও উক্ত কোন বিষয় দ্বারা কার্য্যনির্ব্বাহার্থ সকল বিষয়। এই আইনেতে সর্ব্বসাধারণের উপকারার্থ বিষয় বলিয়া উক্ত যে সকল বিষয় লিখিত হইয়াছে, তদ্ভিন্ন হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুর সরকারী গেজেটে প্রকাশ-

those named above shall be included among works of public utility within this Act.

AS TO THE PRELIMINARY PROCEEDINGS TO BE TAKEN AND THE REGISTRATION OF WORKS.

[Promoters to make a preliminary application accompanied by statement.]

III. The promoters of any work of public utility who shall desire to proceed under this Act shall make a preliminary application in writing to the Government explaining the general object and nature of the work, and its intended locality. Every such application shall further be accompanied by a statement of the estimated cost of the construction of the said work, and the mode in which the promoters propose to provide the funds for constructing, maintaining, and working the same.

[Government may reject application or call for further information, &c.]

IV. If the Government shall not be satisfied with any such application or statement it may reject it, or it may call on the promoters to supply any further information, or to amend such application or statement on any point on which such further information or amendment shall to the Government seem requisite.

[Government may issue certificate to authorize preliminary survey.]

V. If the promoters shall desire to undertake any preliminary survey on account of the proposed work before preparing and submitting the statement aforesaid, they shall declare the same in their preliminary application, and it shall be lawful for the Government, if satisfied of the expediency of permitting such survey, to issue a certificate authorizing the same. Such certificate shall declare the names of the persons entitled to use it, the time for which it shall be in force, and the district or districts or locality for which it shall be valid, and shall contain such further regulations for the guidance of the persons using the said certificate as to the Government shall from time to time seem fit. The persons named in such certificate shall be authorized to enter upon any lands in the manner and for the time declared in such certificate to undertake any survey or other investigation necessary for the proper prosecution of the proposed work and while acting under the authority given in the said certificate, such persons shall be deemed to be public servants whose duty is to make a survey under Clause 10 of Section 21 of the Indian Penal Code. Provided that such persons shall not be authorized to enter any house or building or the curtilage of any house or enclosed garden without the assent of the occupier, or to cut down any tree or otherwise injure or destroy any property.

[*Government Gazette*, 30*th December*, 1862.]

পূর্ব্বক অন্য কোন প্রকারের বিষয় তন্মধ্যে গণ্য হইবার আজ্ঞা সময়ে২ করিতে পারিবেন ইতি।

প্রথমস্থলীয় কর্ত্তব্যকর্ম্মের এবং বিষয় রেজিষ্টর করণের বিধান।

[কল্পনাকারিদের কার্য্যের বৃত্তান্তসম্বলিত প্রার্থনাপত্র দিবার কথা।]

৩ ধারা। সর্ব্বসাধারণের উপকারার্থ কোন বিষয়ের যে কল্পনাকারিগণ এই আইনঅনুসারে কার্য্য করিতে মনস্থ করেন, তাঁহারা সেই বিষয়ের সাধারণ অভিপ্রায় ও ভাব ও যে স্থানে তাহা করিবার কল্পনা করেন, তাহা প্রথমে প্রার্থনাপত্রে নির্ণয় করিয়া লিখিয়া গবর্ণমেণ্টকে দিবেন। আরো উক্ত বিষয় প্রস্তুত করণে যত ব্যয় সম্ভাবনা ও কল্পনাকারিগণ তাহা প্রস্তুত ও রক্ষা করণের ও তদ্দ্বারা কার্য্য চালাওনের টাকা যে প্রকারে আদায় করিতে মনস্থ করেন ইহার বৃত্তান্ত তদ্রূপ প্রত্যেক প্রর্থনাপত্রের সঙ্গে দিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্টের ঐ দরখাস্ত অগ্রাহ্য করিতে কিম্বা অধিক সম্বাদাদি দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।]

৪ ধারা। যদি তদ্রূপ কোন প্রার্থনাপত্র কি বৃত্তান্ত গবর্ণমেণ্টের সন্তোষজনক না হয়, তবে গবর্ণমেণ্ট তাহা অগ্রাহ্য করিতে পারিবেন, কিম্বা গবর্ণমেণ্টের বিবেচনায় যদ্বিষয়ের অধিক সম্বাদ প্রাপ্ত হওয়া কি যদ্বিষয় সংশোধন করা আবশ্যক হয়, তদ্বিষয়ের অধিক সম্বাদ দিতে কিম্বা সেই প্রার্থনাপত্র কি বৃত্তান্ত তদনুসারে সংশোধন করিতে ঐ কল্পনাকারিগণকে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[প্রথমে পরিমাণাদি লওনার্থ ক্ষমতাদানের সর্টিফিকট গবর্ণমেণ্টের দিবার কথা।]

৫ ধারা। যদি কল্পনাকারিগণ পূর্ব্বোক্ত বৃত্তান্ত প্রস্তুত ও অর্পণ করণের পূর্ব্বে প্রস্তাবিত বিষয়ের নিমিত্তে প্রথমে পরিমাণাদি লইতে ইচ্ছুক হন, তবে সেই কথা আপনারদের প্রথম প্রার্থনাপত্রে জ্ঞাত করিবেন। এবং গবর্ণমেণ্ট তদ্রূপ পরিমাণাদি লওনের অনুমতি দেওয়া বিহিত জ্ঞান করিলে তাহা করিবার ক্ষমতার্পণের সর্টিফিকট দিবেন। সেই সর্টিফিকটক্রমে যাঁহারা কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারদের নাম, ও তাহা যত কাল ও যে জিলার কি যে২ জিলার কি স্থানের মধ্যে বলবৎ হইবেক তাহা এবং উক্ত সর্টিফিকটক্রমে যাঁহারা কার্য্য করিবেন তাঁহারদের কার্য্যের যে বিধি গবর্ণমেণ্ট সময়ে২ উচিত বোধ করেন তাহাও সেই সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকিবে। ঐ সর্টিফিকটের লিখিত ব্যক্তিরদের প্রস্তাবিত কর্ম্ম উপযুক্ত রূপে নির্ব্বাহার্থে যে কোন স্থানের পরিমাণাদি কি প্রকারান্তরের অনুসন্ধান লওয়া আবশ্যক হয় তাহা লওনার্থে তাঁহারা উক্ত সর্টিফিকটের নিরূপিতমতে ও সময়ে কোন ভূমিতে গমন করিতে পারিবেন। তাঁহারা উক্ত সর্টিফিকটের লিখিত ক্ষমতাক্রমে যত কাল কর্ম্ম করেন তত কালপর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার ১০ প্রকরণমতে জরীপ করা যাঁহারদের কর্ত্তব্য এমত রাজকীয় কার্য্যকারকস্বরূপ জ্ঞান হইবেন। পরন্তু বাটীপ্রভৃতি নিবাসির অনুমতি বিনা কোন বাটীতে কি ঘরে কি প্রাঙ্গণে কি আবৃত বাগানে প্রবেশ করিতে কিম্বা কোন বৃক্ষ ছেদন কি কোন সম্পত্তির প্রকারান্তরে হানি কি নাশ করিতে ক্ষমতাপন্ন হইবেন না ইতি।

[Deposit of caution money by promoters, before issue of certificate to authorize preliminary survey.]

VI. It shall be lawful for the Government, before issuing a certificate as aforesaid, to call on the promoters to deposit, as caution money, such sum and in such manner as the Government shall in each case determine to be applied by the Government to make good any damage done in the course of such survey by the persons using the said certificate. And any surplus remaining in the hands of the Government after the payment of any claims for damage which shall have been proved to the satisfaction of the Government shall be re-paid to the promoters on their demand within three months after the expiry of such certificate.

[প্রথমস্থলীয় পরিমাণাদি লইবার ক্ষমতাপত্রের সর্টিফিকট প্রাপণের পূর্ব্বে কল্পনাকারিগণের প্রতিভূস্বরূপে টাকা গচ্ছিত করিবার কথা।]

৬ ধারা। গবর্ণমেণ্ট পূর্ব্বোক্ত প্রকারে সর্টিফিকট দিবার পূর্ব্বে প্রত্যেক স্থলে প্রতিভূস্বরূপে যত টাকা যে প্রকারে নিরূপণ করেন ঐ কল্পনাকারিগণকে তত টাকা সেই প্রকারে গচ্ছিত করিতে আজ্ঞা করিতে পারিবেন। পরে যে ব্যক্তিরা উক্ত সর্টিফিকটানুসারে কার্য্য করেন তাঁহারা উক্তরূপে পরিমাণাদি লওনের সময়ে যে কোন ক্ষতি করেন তাহার প্রতিকার গবর্ণমেণ্ট ঐ টাকাহইতে করিতে পারিবেন। ও গবর্ণমেণ্টের সন্তোষমতে কোন ক্ষতির প্রমাণ হইলে, তজ্জন্যে কোন দাওয়াক্রমে প্রতিকারের টাকা দিলে পর গবর্ণমেণ্টের হস্তে অবশিষ্ট যাহা থাকে তাহা ঐ সর্টিফিকটের নির্ণীত কালের পর তিন মাসের মধ্যে কল্পনাকারিগণের দাওয়ামতে তাঁহারদিগকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

[Preliminary application to be published by promoters.]

VII. The promoters shall, with all convenient despatch after the submission to the Government of their preliminary application, publish the same, but not the statement that accompanies it, unless they so wish, in the Official Gazette, and also, if possible, in at least two Newspapers (one of which shall be printed in English) in some Town in the Province in which the work is proposed to be executed, and shall repeat such publication at least six times within a period of two months from the date of submission of such application to the Government; and shall further cause to be delivered within the same period to the Collector of every district in which any part of such work is proposed to be constructed or such other Officer as the Government shall from time to time direct, six copies of such application with a faithful translation of the same into the vernacular language of the country; and shall in like manner publish from time to time and deliver as aforesaid copies and translations of any amended applications submitted to the Government.

[কল্পনাকারিগণের প্রথম স্থলীয় প্রার্থনাপত্র প্রকাশ করিতে হইবার কথা।]

৭ ধারা। কল্পনাকারিগণ আপনারদের প্রথমস্থলীয় প্রার্থনাপত্র গবর্ণমেণ্টকে দিলে পর, সাধ্যমতে ত্বরা করিয়া সরকারী গেজেটে প্রকাশ করিবেন এবং যদি হইতে পারে তবে যে প্রদেশে ঐ বিষয় প্রস্তুত করিবার কল্পনা করেন সেই প্রদেশের কোন নগরের অতি ন্যূন দুই সম্বাদপত্রে প্রকাশ করিবেন, (কিন্তু তন্মধ্যে এক সম্বাদপত্র ইঙ্গলণ্ডীয় ভাষা লিখিত হয়) এবং ঐ প্রার্থনাপত্র যে তারিখে গবর্ণমেণ্টে দেওয়া যায় সেই তারিখঅবধি দুই মাসের মধ্যে অতি ন্যূন ছয়বার প্রকাশ করিবেন, কিন্তু ঐ প্রার্থনাপত্রসহিত যে বৃত্তান্তপত্র দেওয়া যায় তাহা প্রকাশ করিতে অনিচ্ছুক হইলে নাই করুন। আরো যে জিলার মধ্যে আপনারদের প্রস্তাবিত উক্ত বিষয়ের কোন অংশ পড়িবে, সেই জিলার কালেক্টর সাহেবকে কিম্বা গবর্ণমেণ্ট অন্য যে কার্য্যকারককে সময়ে২ আজ্ঞা করেন তাঁহাকে সেই প্রার্থনাপত্রের ছয় কেতা নকল ও দেশীয় ভাষায় তাহার যথার্থ অনুবাদ সেই সময়ের মধ্যে অর্পণ করিবেন। গবর্ণমেণ্টের নিকটে কোন সংশোধিত প্রার্থনাপত্র দিলে, তাহাও সময়ে২ পূর্ব্বোক্তমতে প্রকাশ করিবেন ও তাহার তত কেতা নকল ও অনুবাদ পূর্ব্বোক্ত প্রকারে দিবেন ইতি।

[And copies of the same by Collector.]

[কালেক্টর সাহেবের দ্বারা উক্ত নকল প্রকাশ হইবার কথা।]

VIII. The Collector or other Officer as aforesaid shall, on receipt of such copies of the preliminary application, make public its contents in the localities where the work is proposed to be constructed in such manner as to him seems best.

৮ ধারা। কালেক্টর সাহেব কিম্বা পূর্ব্বোক্ত অন্য কার্য্যকারক প্রথমস্থলীয় প্রার্থনাপত্রের উক্ত নকল প্রাপ্ত হইলে পর যে স্থানে উক্ত বিষয় প্রস্তুত করিবার প্রস্তাব হয় সেই স্থানে আপনি যেমত বিহিত বোধ করেন সেইমতে ঐ প্রার্থনাপত্রের মর্ম্ম প্রকাশ করাইবেন ইতি।

[Government to decide as to provisional registry of work or not.]

[উক্ত বিষয় কিয়ৎকালীনরূপে রেজিষ্টরী করিবার কি না করিবার বিষয়ে গবর্ণমেণ্টের নিষ্পত্তি করিবার কথা।]

IX. At any time not sooner than three months after the receipt of the said application and statement or of any amended application or statement, the Government, on being satisfied by the promoters that the above conditions have been complied with shall be authorized to consider finally such application, and any objections that shall have been raised against the construction of the proposed work, and to declare whether the said work may be provisionally registered under this Act or not.

৯ ধারা। কল্পনাকারিগণ পূর্ব্বোক্ত নিয়মানুসারে কার্য্য করিয়াছেন গবর্ণমেণ্ট ইহা সন্তোষমতে জানিয়া উক্ত প্রার্থনা ও বৃত্তান্তপত্র কিম্বা সংশোধিত কোন প্রার্থনা কি বৃত্তান্তপত্র প্রাপ্ত হইলে পর তিন মাসের অন্যূন কোন কালের মধ্যে সেই প্রার্থনার, এবং প্রস্তাবিত বিষয় প্রস্তুত করণের যে কোন আপত্তি হইয়া থাকে তাহার বিবেচনা চূড়ান্তরূপে করিয়া সেই বিষয় এই আইনমতে কিয়ৎকালীনরূপে রেজিষ্টর হইতে পারে কি না ইহা নির্দ্ধার্য্য করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[Procedure before provisional registry of a railway or tramway in continuation of an existing line or a branch thereof.]

X. Provided that previously to declaring that any work may be provisionally registered under this Act, being a railway or tramway in continuation of or forming a branch of any existing line, or being a line that might reasonably be expected to be united with any existing railway either as a continuation or a branch, and at the same time being at some one point within 50 miles distance of such existing railway, the Government shall afford to the owners of such existing line reasonable time and opportunity to declare whether they offer any opposition to the proposed line, and on a full consideration of such opposition and of the application of the promoters and of any objections aforesaid and of the relative public advantages of all proposals made in the matter, the Government shall be authorized to declare its decision on the said application.

[Government may impose special conditions on promoters.]

XI. Provided further that, before declaring its decision as aforesaid, the Government shall inform the promoters of any special conditions that the Government shall consider it necessary to impose on them, having regard to the special circumstances of each case, in respect to the provision of the land for the proposed work, the construction, maintenance, or working of the same, the regulation of the use of the said work as regards the security and convenience of the public, and such other matters as to the Government may from time to time seem right.

[Duration of provisional, and right of definitive registry.]

XII. The Government, on causing a work to be provisionally registered under this Act, shall determine for what period, being not less than six months, such registry shall be in force. And at any time within such period the promoters may claim to have the registry made definitive as hereinafter provided.

[Promoters to deposit caution money before definitive registry.]

XIII. Unless for any cause the Government shall otherwise determine, the promoters, before they are entitled to claim the definitive registry of the proposed work, shall deposit with the Government, in such manner as shall be approved by the Government, a sum not exceeding 10 per cent. on the whole estimated cost of the said work as caution money to be disposed of in the manner agreed in the said conditions, unless it be otherwise dealt with as hereinafter provided. And any sum remaining in the hands of the Government from any caution money lodged under Section VI. of this Act shall be held to be a payment in part of the caution money required under this Section.

[*Government Gazette, 30th December, 1862.*]

[যে রেলরোড কি ট্রামরোড কি তাহার যে শাখা থাকে তাহার বৃদ্ধি করণের রেলরোড কি ট্রামরোড কিয়ৎকালীনরূপে রেজিষ্টর করণের পূর্ব্বে যাহা কর্ত্তব্য তাহার কথা।]

১০ ধারা। কিন্তু বর্ত্তমান কোন রেলরোডের কি ট্রামরোডের বৃদ্ধি করণার্থে কি তাহার শাখাস্বরূপ হওনার্থে, কিম্বা বর্ত্তমান রেলরোডহইতে পঞ্চাশ মাইলের মধ্য কোন স্থানে হওয়াতে উক্ত বর্ত্তমান রেলরোডের বৃদ্ধিকরণার্থে কি তাহার শাখাস্বরূপে সংযুক্ত হইবার যুক্তিমত যাহার সম্ভাবনা হয় এইমত কোন রেলরোড কি ট্রামরোড এই আইনমতে কিয়ৎকালীনরূপে রেজিষ্টর হইতে পারিবার আজ্ঞা প্রকাশ করণের পূর্ব্বে, গবর্ণমেণ্ট সেই বর্ত্তমান রেলরোডের কি ট্রামরোডের স্বামিদিগকে ঐ প্রস্তাবিত পথের বিষয়ে কোন আপত্তি করিবার যুক্তিমত অবকাশ ও সুযোগ দিবেন, এবং তদ্বিপক্ষ কথা ও কল্পনাকারিগণের প্রার্থনা ও পূর্ব্বোক্তমতের কোন আপত্তি ও উক্ত প্রস্তাবিত কর্ম্মে সর্ব্বসাধারণের যে লভ্য সম্ভাবনা এই সকল বিষয়ের সম্পূর্ণ বিবেচনা করিলে পর গবর্ণমেণ্ট উক্ত প্রার্থনাপত্র বিষয়ে স্বীয় নিষ্পত্তি প্রকাশ করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

[কল্পনাকারিগণের পালনার্থে গবর্ণমেণ্টের কোন বিশেষ নিয়ম করিবার কথা।]

১১ ধারা। আরো পূর্ব্বোক্ত প্রকারের নিষ্পত্তি প্রকাশ করণের পূর্ব্বে, গবর্ণমেণ্ট স্থলবিশেষে গতিক বিশেষ বিবেচনায় প্রস্তাবিত বিষয় করণার্থে ভূমি গ্রহণ ও সেই বিষয় প্রস্তুত ও রক্ষাকরণ, ও তদ্দ্বারা কার্য্য চালাওন বিষয়ে এবং সর্ব্বসাধারণের নিরাপদ ও স্বচ্ছন্দতা রক্ষা করিয়া উক্ত বিষয় ব্যবহারের বিধানসম্পর্কীয় এবং গবর্ণমেণ্টের বিবেচনার সময়২ অন্য যেং বিষয় বিহিত হয় তৎসম্পর্কীয় বিশেষ যে কোন নিয়ম গবর্ণমেণ্ট ঐ কল্পনাকারিগণের পালনের আবশ্যক জ্ঞান করেন তাহা তাহারদিগকে জ্ঞাত করাইবেন ইতি।

[কিয়ৎকালীন রেজিষ্টর প্রবল থাকিবার কালের ও চূড়ান্তমতে রেজিষ্টরী করণের অধিকারের কথা।]

১২ ধারা। গবর্ণমেণ্ট যখন এই আইনঅনুসারে কোন বিষয় কিয়ৎকালীনরূপ রেজিষ্টর করান তখন ছয় মাসের অন্যূন যত কাল সেই রেজিষ্টরীকরণ বলবৎ থাকিবে তাহাও নিরূপণ করিবেন। এবং উক্ত কালের মধ্য কোন সময়ে কল্পনাকারিগণ, পশ্চাৎ লিখিত বিধানমতে সেই রেজিষ্টরীকরণ চূড়ান্ত করিবার দাওয়া করিতে পারিবেন ইতি।

[চূড়ান্তরূপে রেজিষ্টর হওনের পূর্ব্বে কল্পনাকারিগণের প্রতিভূস্বরূপে টাকা গচ্ছিত করিবার কথা।]

১৩ ধারা। যদি গবর্ণমেণ্ট কোন কারণবশতঃ প্রকারান্তরের নির্দ্ধারণ না করেন, তবে প্রস্তাবিত বিষয় চূড়ান্তরূপে রেজিষ্টর করিবার দাওয়ার ক্ষমতা হইবার পূর্ব্বে গবর্ণমেণ্ট যেরূপে সম্মত হন সেইরূপে কল্পনাকারিগণ উক্ত বিষয় প্রস্তুত করিবার আনুমানিক সম্পূর্ণ ব্যয়ের উপর শতকরা দশ টাকার অনধিক প্রতিভূস্বরূপে গবর্ণমেণ্টের নিকটে গচ্ছিত করিবেন। এবং যদি সেই টাকা পশ্চাৎ লিখিত বিধানমতে প্রকারান্তরে ব্যয় না হয়, তবে তাহাতে উক্ত নিয়মের নির্দ্দিষ্ট কার্য্য হইবেক। এই আইনের ৬ ধারাক্রমে যে টাকা প্রতিভূস্বরূপে গচ্ছিত করা যায় তাহার কিছু টাকা গবর্ণমেণ্টের হস্তে থাকিলে তাহাও এই ধারার আজ্ঞানুসারে প্রতিভূর একাংশস্বরূপে জ্ঞান হইবেক ইতি।

[And to complete agreement under special conditions. Publication of agreement, and definitive registry of work.]

XIV. The promoters, before such claim for definitive registry shall be admitted, shall further complete an agreement with the Secretary of State for India in Council through the Government under the conditions aforesaid, or under such other conditions as may be agreed between the said promoters and the Government. And thereupon the Government shall cause such agreement with the conditions thereof to be published in the Official Gazette, and shall declare that the work is definitively registered as a public work under this Act.

[Definitive registry of works already in operation, &c. Proviso.]

XV. It shall be lawful for the Government, on the application of a Company, to cause to be definitively registered under this Act any public work undertaken by such Company under an agreement with the Secretary of State or the Government, whether it be already in operation or in course of construction or contemplated before the passing of this Act, as though such work had been proposed to be undertaken under the provisions of this Act hereinbefore contained. Provided that, at the time of so registering any work, the Government shall cause the said contract to be published in the Official Gazette with all the conditions attaching thereto, and declare that the said work has been so registered definitively.

[Government may apply any public land, &c., for purposes of any public work to be constructed by private persons. Proviso.]

XVI. It shall be lawful for the Government to apply any land in its lawful possession, also any public road or place for the purposes of any public work to be constructed at the expense and risk of any private person or Company. Provided that every such work shall be held to be a public work under this Act, and shall be definitively registered accordingly, and that the conditions under which such work is undertaken shall be published in the Official Gazette; also that the prosecution and construction of every such work shall be subject to the provisions of Section X. of this Act.

[Government may vary conditions under Section XI. Proviso.]

XVII. The Government may, from time to time, with the assent of the owners of any work under this Act, vary the conditions to be agreed to under Section XI. of this Act. Provided that such variation shall forthwith be published in the Official Gazette, and that after such publication the amended conditions shall be in force in supersession of those first made.

[Issue of certificate for Government, authorizing entry on lands and surveys after registry.]

XVIII. After the definitive registry of any work under this Act, it shall be lawful for the

[এবং বিশেষ নিয়মানুসারে চুক্তি করিবার ও সেই চুক্তিপত্র ও উক্ত বিষয়ের চূড়ান্তরূপে রেজিষ্টরকরণ প্রকাশ করিবার কথা।]

১৪ ধারা। চূড়ান্তরূপে রেজিষ্টর করণের উক্ত প্রকারের দাওয়া গ্রাহ্য হইবার পূর্ব্বে কল্পনাকারিগণ পূর্ব্বোক্ত নিয়মানুসারে কিম্বা তাঁহারা গবর্ণমেণ্টের সঙ্গে অন্য যে নিয়মে সম্মত হন তদনুসারে ভারতবর্ষের নিমিত্তে হজুর কৌন্সেলে শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের সঙ্গে গবর্ণমেণ্টের দ্বারা চুক্তি করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট সেই চুক্তি ও তাহার সমস্ত নিয়ম সরকারী গেজেটে প্রকাশ করাইবেন, ও সেই বিষয় এই আইনঅনুযায়ি সাধারণের উপকারার্থ বিষয় বলিয়া চূড়ান্তরূপে রেজিষ্টর হইয়াছে ইহা প্রকাশ করিবেন ইতি।

[যে বিষয়ের এক্ষণে ব্যবহার হইতেছে তাহা চূড়ান্তমতে রেজিষ্টরী করণের কথা ও বর্জ্জিত কথা।]

১৫ ধারা। কোন কোম্পানি শ্রীযুত সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের কি গবর্ণমেণ্টের সঙ্গে চুক্তিক্রমে সাধারণের উপকারার্থ যে২ বিষয় প্রস্তুত করেন তন্মধ্যে কোন বিষয়ের কার্য্য চলিতেছে, কোন বিষয় বা প্রস্তুতকরণ অবস্থায় আছে অথবা এই আইন প্রচলিত হইবার পূর্ব্বে কোন বিষয় প্রস্তুত করণের কল্পনা মাত্র হইলেও গবর্ণমেণ্ট ঐ কোম্পানির প্রার্থনাক্রমেই বিষয় এই আইনের পূর্ব্বলিখিত বিধানমত প্রস্তুত করিবার কল্পিত বিষয়ের ন্যায়, এই আইনমতে চূড়ান্তরূপে রেজিষ্টর করাইতে পারিবেন। কিন্তু তদ্রূপে রেজিষ্টরকরণ সময়ে গবর্ণমেণ্ট উক্ত চুক্তিপত্র ও তদ্ঘটিত সমস্ত নিয়ম সরকারী গেজেটে প্রকাশ করিয়া উক্ত বিষয় চূড়ান্তরূপে রেজিষ্টর হইয়াছে ইহা প্রকাশ করিতে পারিবেন ইতি।

[সর্ব্বসাধারণের উপকারার্থ কোন বিষয় সাধারণ ব্যক্তির প্রস্তুত করণার্থ গবর্ণমেণ্টের রাজকীয় ভূম্যাদি দিতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৬ ধারা। সাধারণের উপকারার্থে যে কোন বিষয় সাধারণ কোন ব্যক্তির কি কোম্পানির অর্থ ব্যয়ে ও তাঁহারদের দায়ে প্রস্তুতকরা যাইবে, তজ্জন্যে গবর্ণমেণ্ট আইনমত স্বকীয় অধিকৃত কোন ভূমি এবং কোন রাজপথ কি স্থান দিতে পারিবেন। পরন্তু ইহাতে প্রয়োজন যে তদ্রূপ প্রত্যেক বিষয়, এই আইনানুযায়ি সাধারণের ব্যবহারার্থ জ্ঞান হয়, ও তদনুসারে চূড়ান্তরূপে রেজিষ্টর করা যায়, ও সেই বিষয় যে নিয়মানুসারে প্রস্তুত করিবার প্রস্তাব হয় সেই নিয়ম সরকারী গেজেটে প্রকাশ করা যায় এবং তদ্রূপ প্রত্যেক বিষয় নির্ব্বাহ ও প্রস্তুত করণসম্পর্কে এই আইনের ১০ ধারার বিধান খাটে ইতি।

[১১ ধারামতের নিয়ম গবর্ণমেণ্টের পরিবর্ত্তন করিতে পারিবার কথা ও বর্জ্জিত কথা।]

১৭ ধারা। এই আইনের ১১ ধারামতে যে নিয়ম নির্দ্ধারিত হয় তাহা গবর্ণমেণ্ট এই আইনঅনুযায়ি কোন বিষয়ের স্বামিরদের সম্মতিক্রমে সময়ে২ পরিবর্ত্তন করিতে পারিবেন। কিন্তু সেই পরিবর্ত্তনীয় কথা সরকারীগেজেটে অগ্রে প্রকাশ করিতে হইবে, এবং প্রকাশ হইলে পর পূর্ব্বকৃত নিয়ম রহিত হইয়া ঐ সংশোধিত নিয়ম প্রবল হইবে ইতি।

[রেজিষ্টর হইবার পর ভূমিতে গমন করণের ও পরিমাণাদি লওনের ক্ষমতার সর্টিফিকট গবর্ণমেণ্টের দিতে পারিবার কথা।]

১৮ ধারা। এই আইনমতে কোন বিষয় চূড়ান্তরূপে রেজিষ্টর হইলে পর গবর্ণমেণ্ট সময়ে২ স্বীয়

Government from time to time, in such wise as to it shall appear fit, to issue certificates to authorize the Company, their servants, and agents to enter upon any lands and to undertake such surveys or levels or other examinations as may be necessary for the proper prosecution of the said work; also to dig and bore into the sub-soil, and to indicate the intended boundaries of the land to be taken and the positions of the proposed works, by suitable land marks, and to perform all other necessary preliminary acts of the like nature, and such certificates shall declare the names of the persons entitled to use them, the time for which they shall be in force, and the districts or locality for which they shall be valid, and shall contain such further regulations for the guidance of the persons using them as to the Government shall from time to time seem fit. And while acting under the authority given in the said certificate, such persons shall be deemed to be public servants whose duty it is to make a survey under Clause 10 of Section 21 of the Indian Penal Code. Provided, however, that such persons shall not enter any house or building or the curtilage of any house or enclosed garden without giving 24 hours' notice, or without the assent of the occupier thereof, nor shall they cut down any tree or otherwise injure or destroy any property unless the same be essentially necessary.

[Appointment of Commissioners to examine plans, &c.]

XIX. The Company shall, on the completion of the necessary surveys and the like, submit to the Government such drawings, maps, and plans of the proposed work, as well as of the land required for it, as the Government shall in each case require. And thereupon the Government shall appoint one or more Commissioners, who may be Government Officers, to examine the said drawings, maps, and plans, and to determine finally, in concert with the agents of the Company, the exact position of the work or of the parts thereof, as well as the boundaries of the land to be taken for the said work, and shall notify such appointment in the Official Gazette, and shall cause such notification to be published in the district where the work is proposed to be undertaken in such manner as shall seem best to the Government.

[Determination of position of works and examination of boundaries by Commissioners.]

XX. The Commissioners appointed as aforesaid shall proceed at any time, but not sooner than 30 days after such notification, to settle, in concert with the agents of the Company, the exact position of the work or of the parts thereof, and thereafter with all practicable despatch to examine the boundaries of the land proposed to be taken for the work, and the said Commissioners may call upon the Company to make any variation in their project and in the position of the works or any part of them and in the boundaries of the

বিবেচনামতে ঐ কোম্পানিকে ও তাঁহারদের চাকরদিগকে ও এজেণ্টদিগকে কোন ভূমিতে গমনপূর্ব্বক উক্ত বিষয় উপযুক্তমতে নির্ব্বাহ করণার্থ প্রয়োজনমতে পরিমাণাদি লওনের কি সমতা নির্ণয়ের কি প্রকারান্তরের অনুসন্ধান লওনের এবং মৃত্তিকাতে খনন ও গর্ত্ত করণের এবং যে ভূমি লওয়া যাইবে তাহার কল্পিত সীমা নিরূপণ ও উপযুক্ত চিহ্ন দিয়া প্রস্তাবিত বিষয়ের স্থান নিরূপণ করণের এবং তত্তুল্য প্রকারের প্রথমস্থলীয় অন্য যে সকল কার্য্য আবশ্যক হয় তাহা নির্ব্বাহকরণের ক্ষমতাপর্ণের সর্টিফিকট দিতে পারিবেন। ও সেই সর্টিফিকট মতে যাঁহারা কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন তাঁহারদের নাম ও তাহা যত কাল ও যে২ জিলাতে কি স্থানে বলবৎ হইবে তাহাও সেই সর্টিফিকটে নির্দ্দিষ্ট থাকিবে, ও যাঁহারা তদনুসারে কর্ম্ম করেন তাঁহারদের কার্য্যের অন্য যে২ বিধান গবর্ণমেণ্ট সময়২ উচিত বোধ করেন তাহাও থাকিবে। ঐ সর্টিফিকটের নির্দ্দিষ্ট ক্ষমতাক্রমে ঐ ব্যক্তিরা যত কাল কর্ম্ম করেন তত কালপর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ২১ ধারার ১০ প্রকরণমতে জরীপ করা যাঁহারদের কর্ত্তব্য এমত রাজকীয় কার্য্যকারকস্বরূপ জ্ঞান হইবেন। পরন্তু উক্ত ব্যক্তিরা ২৪ ঘণ্টা পূর্ব্বে সম্বাদ না দিলে কিম্বা বাটীপ্রভৃতির নিবাসিরদের অনুমতি না পাইলে কোন ঘরে কি বাটীতে কি প্রাঙ্গণে কি আবৃত বাগানে প্রবেশ করিবেন না এবং নিতান্ত আবশ্যক না হইলে কোন বৃক্ষ ছেদন কি কোন সম্পত্তির প্রকারান্তরে অপকার কি নাশ করিবেন না ইতি।

[নক্সাপ্রভৃতি দৃষ্টি করণার্থে কমিস্যনরদিগকে নিযুক্ত করিবার কথা।]

১৯ ধারা। উক্ত কোম্পানি আবশ্যক মত পরিমাণাদি লওনের কার্য্য সমাপ্ত করিলে পর, গবর্ণমেণ্ট স্থলবিশেষে যে আজ্ঞা করেন তদনুসারে ঐ প্রস্তাবিত বিষয়ের ও তজ্জন্যে যে ভূমির প্রয়োজন হয় তাহার পাণ্ডুলিপি ও ম্যাপ ও নক্সা গবর্ণমেণ্টে অর্পণ করিবেন। তাহা হইলে গবর্ণমেণ্ট উক্ত পাণ্ডুলিপি ও ম্যাপ ও নক্সা দৃষ্টিকরণার্থে ও কোম্পানির এজণ্টেরদের সঙ্গে পরামর্শ করিয়া ঐ বিষয়ের কি তাহার কোন অংশের প্রকৃত স্থান ও তজ্জন্যে যে ভূমি লইতে হইবেক তাহার সীমা চূড়ান্ত মতে নির্দ্ধার্য্য করণার্থে এক কি অধিক জন কমিস্যনরকে নিযুক্ত করিবেন। গবর্ণমেণ্টের কার্য্যকারকেরদেরহইতে সেই কমিস্যনরেরা মনোনীত হইতে পারিবেন, এবং তাঁহারদের উক্ত প্রকারে নিযুক্ত হওয়ার সম্বাদ সরকারী গেজেটে প্রকাশ করিবেন, এবং যে জিলার মধ্যে ঐ বিষয় প্রস্তুত করিবার প্রস্তাব হয় সেই জিলাতে ঐ গবর্ণমেণ্ট যদ্রূপ বিহিত বোধ করেন তদ্রূপে ঐ সংবাদ প্রকাশ করাইবেন ইতি।

[কমিস্যনরেরদের উক্ত বিষয় প্রস্তুত করিবার স্থান নিরূপণের ও ভূমির সীমা দৃষ্টি করণের কথা।]

২০ ধারা। পূর্ব্বোক্ত সম্বাদ প্রকাশকরণের অন্যূন ৩০ দিন গত হইলে পর পূর্ব্বোক্ত মতের নিযুক্ত কমিস্যনরেরা কোন সময়ে উক্ত কোম্পানির এজেণ্টেরদের সঙ্গে পরামর্শ করিয়া উক্ত বিষয় কি তাহার কোন অংশ প্রস্তুত করিবার প্রকৃত স্থান নিরূপণ করিবেন, ও তৎপরে তাঁহারা যাহামতে অত্যন্ত গমনপূর্ব্বক ঐ বিষয়ের নিমিত্তে যে ভূমি লইবার প্রস্তাব হয় তাহার সীমা দৃষ্টি করিবেন, এবং উক্ত কমিস্যনরেরদের বিবেচনামতে সাধারণ লোকেরদের নিরাপদ ও স্বচ্ছন্দতা রক্ষার্থে এবং সাধারণ কোন লোকের সম্পত্তির অনুপযুক্তমত কোন ক্ষতি নিবারণার্থে কিম্বা অন্য

land proposed to be taken, that may to the said Commissioners seem necessary to secure the safety or convenience of the public, or to prevent any undue interference with private property, or for any other reasonable cause, and any such variation if agreed to by the Company shall thereon be considered to be finally adopted; but if the Company shall not agree, the question in dispute shall be submitted to the Government, and the decision of the Government shall be final, provided that the Company shall not be bound to carry out the proposed work if any variation be insisted upon by the Government to which the Company will not assent.

[Government may extend time for giving notices, &c., under foregoing Sections.]

XXI. The Government shall be authorized to extend the periods allowed for giving any notices or for performing any acts required under the foregoing Sections as from time to time may seem to it proper.

AS TO THE TAKING LANDS, THE TITLE THEREIN, AND THE PAYMENT THEREOF.

[Government may take land after declaration that it is required for a work.]

XXII. When the boundaries of the land required for the work shall have been settled as aforesaid, and the Company shall have caused the said land to be measured and suitable land plans to be prepared of the same, the Government shall cause a declaration to be made under the signature of a Secretary to the Government, or some Officer duly authorized to certify the orders of the Government, that the land aforesaid is required for the said work, and such declaration shall be conclusive that the land may be taken under this Act. After making such declaration the Government may proceed to take any such land as though it had been required to be taken at the public expense and for a public purpose, and as though a declaration had been made as required under Act VI. of 1857 (*for the acquisition of land for public purposes.*)

[What to be deemed the boundaries, plans, and measurements required under Act VI. of 1857.]

XXIII. The boundaries as determined by the Commissioners, and the plans and measurements aforesaid of the said land when verified and found to be correct or when duly corrected by the Collector or other Officer appointed to proceed under the said Act VI. of 1857, shall be held to be the boundaries, plans, and measurements required under Section IV. of the said Act, so far as the said lands are concerned.

[Subsequent declaration by Government for obtaining land in extension of a work.]

XXIV. If at any time land shall be required for any necessary or reasonable extension of or addition to any work under this Act, it shall be

কোন বিশিষ্ট হেতুতে আবশ্যক হইলে, তাঁহারা ঐ কোম্পানিকে আপনারদের কল্পনার, ও কল্পিত বিষয় কি তাহার কোন অংশ যে স্থানে থাকিবে তাহার, ও যে ভূমি লইবার প্রস্তাব হয় তাহার সীমার কোন প্রকারে পরিবর্ত্তন করিতে আজ্ঞা করিবেন এবং কোম্পানি যদি তদ্রূপ কোন পরিবর্ত্তনীয় বিষয়ে সম্মত হন তবে তাহা চূড়ান্তরূপে গ্রাহ্য হইয়াছে জ্ঞান হইবে। যদি সম্মত না হন তবে বিবাদীয় বিষয় গবর্ণমেণ্টের প্রতি অর্পিত হইবে, ও গবর্ণমেণ্টের নিষ্পত্তি চূড়ান্ত হইবে, পরন্তু গবর্ণমেণ্ট তদ্রূপ কোন পরিবর্ত্তনের আজ্ঞা দৃঢ়মতে করিলেও যদি কোম্পানি তাহাতে সম্মত না হন তবে ঐ প্রস্তাবিত কার্য্যনির্ব্বাহ করিতে বদ্ধ নহেন ইতি।

[পূর্ব্বধারামতে সম্বাদাদি দিবার সময় বৃদ্ধি করিবার কথা।]

২১ ধারা। ইহার পূর্ব্ব কোন ধারামতে যে সম্বাদ দিবার কি যে কোন কার্য্য করিবার আজ্ঞা হইয়াছে তাহা দেওনের কি করণের নির্দ্ধারিত কাল গবর্ণমেণ্ট সময়ে২ আপন বিবেচনামতে বৃদ্ধি করিতে সক্ষম হইবেন ইতি।

ভূমি গ্রহণের ও তাহাতে অধিকারের ও তাহার মূল্য দানের বিধান।

[কোন বিষয়ের নিমিত্তে ভূমি লওয়ার প্রয়োজন প্রকাশ হইলে পর গবর্ণমেণ্টের ঐ ভূমি লইতে পারিবার কথা।]

২২ ধারা। কোন বিষয় প্রস্তুত করণার্থে যে ভূমির প্রয়োজন হয় তাহার সীমা পূর্ব্বোক্তমতে নির্দ্ধারিত হইলে ও কোম্পানি উক্ত ভূমির পরিমাণ ও উপযুক্ত নক্সা প্রস্তুত করাইলের পর উক্ত বিষয় করণার্থে পূর্ব্বোক্ত ভূমির প্রয়োজন হইয়াছে এই কথা গবর্ণমেণ্টের কোন সেক্রেটরী সাহেবের কিম্বা গবর্ণমেণ্টের আজ্ঞাতে স্বাক্ষর করিবার উপযুক্তমতে ক্ষমতাপ্রাপ্ত কোন কার্য্যকারকের স্বাক্ষরক্রমে গবর্ণমেণ্ট প্রকাশ করাইবেন। ও তদ্রূপ প্রকাশিত কথা এই আইনঅনুসারে ঐ ভূমি গৃহীত হইতে পারিবার বিষয়ে সিদ্ধান্ত। তদ্রূপ কথা প্রকাশ করিলে পর রাজকীয় অর্থব্যয়ে ও রাজকীয় অভিপ্রায়ার্থে ঐ ভূমি লওয়ার প্রয়োজন হওনমতে, এবং রাজকীয় কার্য্যের নিমিত্তে ভূমি গ্রহণার্থ ১৮৫৭ সালের ৬ আইনের বিধানমতে ঐ কথা প্রকাশ হওনের ন্যায়, গবর্ণমেণ্ট তদ্রূপ কোন ভূমি গ্রহণ করিতে পারিবেন ইতি।

[১৮৫৭ সালের ৬ আইনমত ভূমির সীমা ও নক্সা ও পরিমাণ স্বরূপ যাহা জ্ঞান হইবে তাহার কথা।]

২৩ ধারা। কমিস্যনরেরদের নির্দ্ধারিত উক্ত ভূমির সীমা এবং পূর্ব্বোক্ত নক্সা ও পরিমাণ শুদ্ধ প্রকাশ হইয়া যথার্থ দৃষ্ট হইলে, কিম্বা কালেকটর সাহেবের দ্বারা কি ১৮৫৭ সালের উক্ত ৬ আইনমতের কার্য্য করণার্থে নিযুক্ত অন্য কার্য্যকারকের দ্বারা উপযুক্তমতে সৎশোধন হইলে পর, সেই সীমা ও নক্সা ও পরিমাণ উক্ত ভূমিসম্পর্কে উক্ত আইনের ৪ ধারার আজ্ঞামত সীমা ও নক্সা ও পরিমাণ জ্ঞান হইবে ইতি।

[কোন কার্য্য বৃদ্ধি করণার্থে গবর্ণমেণ্টের ভূমি লইবার অন্য আজ্ঞা প্রকাশ করণের কথা।]

২৪ ধারা। যদি কোন সময়ে এই আইনঅনুযায়ি কোন বিষয় আবশ্যক কি যুক্তিমতে বিস্তারিত কি বৃদ্ধি করণের প্রয়োজন হয় তবে ঐ ভূমিতে সর্ব্বসাধারণের

lawful for the Government to make all requisite declarations for the purpose of obtaining such land under this Act, after such and only such of the preliminary proceedings and enquiries hereinbefore required as to the Government shall in each case seem sufficient for the protection of the rights of the public and of individuals concerned. Provided that nothing shall be done contrary to the provisions of Section X. of this Act, and that all proceedings for the actual taking possession of the land shall be conducted in accordance with the provisions of the said Act VI. of 1857.

[Land may be taken for temporary purpose.]

XXV. Land may be taken under this Act for a temporary purpose in like manner as under the said Act VI. of 1857.

[Land to vest absolutely in Government who will be responsible for payment of all claims.]

XXVI. All land taken under this Act shall vest absolutely in the Government as though it had been taken for a public purpose under the said Act VI. of 1857, and it shall be lawful for the Government to dispose of any land taken under this Act in any manner that it may think fit. The Government alone shall be responsible for the payment of all claims on account of such land to all persons whatever, and the Company shall in no wise be responsible for any such payment otherwise than to the Government, and then only as is herein declared and provided and as shall be specially agreed in the conditions aforesaid.

[Promoters when to be placed in possession of land.]

XXVII. When all the conditions as aforesaid applicable to the transfer of the land to the Company shall have been fully complied with, and not till then, the Government shall cause the Company to be placed in possession of such land in accordance with such conditions, and the title of the Government or of the Company to such land shall not be liable to be questioned on account of any informality in any proceeding taken under this Act.

[Payment of certain expenses by Company.]

XXVIII. All expenses attending the proceedings of the Commissioners to be appointed under Section XIX. of this Act, and all expenses incurred by the Government in taking up the and required for the Company under the said Act VI. of 1857, shall be paid by the said Company, unless otherwise specially agreed; and the Government shall determine the sum due on account of such expenses, and shall be authorized to deduct such amount from any sum lodged as caution money as aforesaid if it be not otherwise paid by the Company; and any sum remaining unpaid both as aforesaid, and on account of land or compensation for which the Company are liable under the said

ও বিশেষ যে ব্যক্তিদের সংস্থ থাকে তাঁহারদের ক্ষতি নিবারণার্থে গবর্ণমেণ্ট প্রত্যেক স্থলে এই আইনের লিখিত প্রথম স্থলীয় যে কার্য্য ও অনুসন্ধান আবশ্যক জ্ঞান করেন তদ্ভিন্ন কোন কার্য্য ও অনুসন্ধান না করিয়া গবর্ণমেণ্ট এই আইনঅনুসারে ঐ ভূমিগ্রহণের প্রয়োজনীয় সমস্ত আজ্ঞা প্রচার করিতে পারিবেন। কিন্তু ইহাতে প্রয়োজন যে এই আইনের ১০ ধারার বিধানের বিরুদ্ধ কোন কার্য্য না হয় এবং ভূমি অধিকার করণের সমস্ত কার্য্য ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধানানুসারে করা যায় ইতি।

[ভূমি কিঞ্চিৎ কালের নিমিত্তে গ্রহণের কথা।]

২৫ ধারা। ১৮৫৭ সালের উক্ত ৬ আইনমতে ভূমি যদ্রূপে কিঞ্চিৎ কালের নিমিত্তে লওয়া যাইতে পারে তদ্রূপে এই আইনমতেও লওয়া যাইতে পারিবে ইতি।

[ভূমি গবর্ণমেণ্টের প্রতি সম্যক্ প্রকারে বর্ত্তিবার ও সকল দাওয়ার পরিশোধের জন্যে তাঁহারদের দায়ী হইবার কথা।]

২৬ ধারা। এই আইনমতে যে সকল ভূমি লওয়া যায় তাহা ১৮৫৭ সালের উক্ত ৬ আইনক্রমে রাজকীয় কার্য্যার্থে গৃহীত হওয়ার ন্যায় সম্যক প্রকারে গবর্ণমেণ্টের প্রতি বর্ত্তিবে এবং এই আইনমতে গৃহীত কোন ভূমি গবর্ণমেণ্ট স্বীয় বিবেচনামতে হস্তান্তরাদি করিতে পারিবেন। ঐ ভূমির নিমিত্তে যে সকল ব্যক্তির যে সকল দাওয়া থাকে তাহার পরিশোধার্থে কেবল গবর্ণমেণ্ট দায়ী হইবেন এবং গবর্ণমেণ্টভিন্ন অন্য কোন ব্যক্তিকে তদ্রূপ কোন টাকা দেওনার্থে কোম্পানি কোন প্রকারে দায়ী হইবেন না, ও এই আইনে যে প্রকারে প্রচারিত ও নির্দ্দিষ্ট হইয়াছে ও পূর্ব্বোক্ত নিয়মতে বিশেষরূপে নির্দ্ধারিত হইয়াছে কেবল সেই পর্য্যন্ত গবর্ণমেণ্টের নিকটে দায়ী হইবেন ইতি।

[কল্পনাকারিগণ যে সময়ে ভূমির অধিকার পাইতে পারিবেন তাহার কথা।]

২৭ ধারা। কোম্পানি ভূমির হস্তান্তর করণসম্পর্কীয় পূর্ব্বোক্ত সকল বিধানানুসারে সম্পূর্ণরূপে কার্য্য করিলে পর গবর্ণমেণ্ট সেই নিয়মানুসারে উক্ত ভূমি উক্ত কোম্পানির অধিকারে অর্পণ করিবেন তৎপূর্ব্বে নহে। এবং এই আইনমতে যে কোন কার্য্য করা যায় তাহাতে রীতির কোন ব্যতিক্রম হইলেও সেই ভূমিতে গবর্ণমেণ্টের কিম্বা কোম্পানির অধিকারবিষয়ে কোন আপত্তি হইতে পারিবেক না ইতি।

[কোম্পানিদ্বারা কোন২ ব্যয়শোধের কথা।]

২৮ ধারা। যদি প্রকারান্তরের বিশেষ নিয়ম না থাকে, তবে এই আইনের ১৯ ধারামতে যে কমিসানরেরা নিযুক্ত হন, তাঁহারদের কার্য্যঘটিত সমস্ত ব্যয়, এবং কোম্পানির যে ভূমিতে প্রয়োজন হয়, তাহা ১৮৫৭ সালের উক্ত ৬ আইনক্রমে গ্রহণ করাতে গবর্ণমেণ্টের যে সমস্ত ব্যয় হয়, তাহা উক্ত কোম্পানির দিতে হইবেক। এবং সেই ব্যয়হেতুক যত টাকা প্রাপ্য হয় তাহা গবর্ণমেণ্ট নির্দ্ধার্য্য করিবেন, ও কোম্পানি ঐ টাকা প্রকারান্তরে না দিলে, প্রতিভূরূপে যে টাকা পূর্ব্বোক্তমতে গচ্ছিত হয় তাহা-হইতে গবর্ণমেণ্ট তাহা লইতে পারিবেন। এবং উক্ত ব্যয়ের কোন অংশ ও উক্ত নিয়মানুসারে ভূমির কি ক্ষতিপূরণের জন্যে কোম্পানি যত টাকার দায়ী হন তাহার কোন অংশ যদি শোধ না হয়, তবে দেওয়ানী আদালতের পরওয়ানাক্রমে যদ্রূপে ক্রোক ও নীলাম

conditions, may on the order of the Government to that effect be levied by distress and sale on the said Company, in the manner provided for distress and sale under Civil process.

[Company further liable for damage done in preliminary operations.]

XXIX. The Company shall further be liable for all damage done in any of their preliminary operations, and shall duly satisfy and pay all claims of this description; and if at the time of taking possession of the land required for the Company it shall appear that any such claim remains unsatisfied, the Collector or other Officer acting under the said Act VI. of 1857 in respect of such land shall be authorized to determine all such claims summarily as though they had been claims arising under the said Act, and all payments on account of such claims shall be made good by the Company as under the last preceding Section.

AS TO THE PUBLIC USE OF WORKS.

[Works under this Act to be available for public use.]

XXX. Every work under this Act shall be available for the use of the public in accordance with and to the extent provided by the conditions aforesaid or any Act at the time being in force but not otherwise; and after the publication of the conditions relating to any such works in the Official Gazette, all Courts may take judicial notice of the same, and it shall be lawful for any person whatsoever to sue the owners of such work for any damage he may incur by reason of any neglect of the said conditions by the said owners in respect of any such public use of such work as though such person had been a party to the said conditions.

[Levy of tolls by owners for use of their works.]

XXXI. The owners of any work under this Act shall be authorized to levy such tolls in such manner as shall be fixed in accordance with the conditions aforesaid, also to refuse the use of such work and to refuse to perform any service in connexion therewith unless such tolls shall be paid in the manner fixed aforesaid, as well as to detain any thing or animal on which such tolls shall be due, and to sell the same if the said tolls shall remain unpaid after a reasonable time has been allowed to elapse for the payment of the same. Provided that no such tolls shall be demanded or taken at any place unless proper tables and lists of such tolls be exhibited at such place in the manner fixed aforesaid.

AS TO THE CONSTRUCTION OF THE WORKS AND THE INSPECTION OF THE SAME.

[Appointment of Inspectors.]

XXXII. The Government may appoint Inspectors to inspect any work under this Act, also all things appertaining thereto and to the working of the same; but not books or documents.

হইবার বিধান আছে তদ্রূপে গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে উক্ত কোম্পানির দ্রব্য ক্রোক ও নীলাম হইয়া সেই প্রাপ্য টাকা আদায় হইতে পারিবেক ইতি।

[প্রথমস্থলীয় কার্য্যকরণেতে যে ক্ষতি হয়, তজ্জন্যেও কোম্পানির দায়ী হইবার কথা।]

২৯ ধারা। কোম্পানির প্রথমস্থলীয় কোন কার্য্যকরণে যে সকল ক্ষতি হয় তজ্জন্যেও তাঁহারা দায়ী হইবেন, ও তদ্রূপ সকল দাওয়ার টাকা উপযুক্তমতে পরিশোধ করিয়া দিবেন। ঐ কোম্পানির জন্যে যে ভূমির প্রয়োজন হয়, তাহার অধিকার করণসময়ে তদ্রূপ কোন দাওয়ার টাকা পরিশোধ হয় নাই দৃষ্ট হইলে কালেক্টর সাহেব, কিম্বা অন্য যে ব্যক্তি ঐ ভূমিসম্পর্কে ১৮৫৭ সালের উক্ত ৬ আইনমতে কার্য্য করেন তিনি তদ্রূপ সকল দাওয়া, ঐ আইনঅনুযায়ি দাওয়ার তুল্য সরাসরীমতে নির্দ্ধার্য্য করিতে পারিবেন, এবং তদ্রূপ দাওয়াহেতুক যে সকল টাকা দেওয়া যায়, তাহা কোম্পানির ইহার পূর্ব্ব ধারামতে পরিশোধ করিতে হইবেক ইতি।

বিষয় সর্ব্বসাধারণের ব্যবহার্য্য হইবার বিধান।

[এই আইন অনুযায়ি বিষয় সর্ব্বসাধারণের ব্যবহার্য্য হইবার কথা।]

৩০ ধারা। এই আইনঅনুযায়ি প্রত্যেক বিষয় পূর্ব্বোক্ত নিয়মানুসারে কিম্বা যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে, ও সেই নিয়মে কি আইনে যেপর্য্যন্ত উল্লেখ হইয়াছে সেইপর্য্যন্ত সর্ব্বসাধারণের ব্যবহার্য্য হইবেক, তদন্যথায় নয়। ও তদ্রূপ কোন বিষয়সম্পর্কীয় নিয়ম সরকারী গেজেটে প্রকাশ হইলে পর, সকল আদালত তদ্বিষয়ের বিচারকালে সেই নিয়ম গ্রাহ্য করিতে পারিবেন। এবং উক্ত বিষয় সর্ব্বসাধারণের ব্যবহার্য্য হওনসম্পর্কে সেই বিষয়ের স্বামিগণের উক্ত নিয়মানুযায়ি কোন কর্ম্মে শৈথিল্য হওয়াতে যদি কোন ব্যক্তির কোন ক্ষতি হয়, তবে আপনি সেই নিয়মের এক পক্ষের ন্যায় সেই স্বামির নামে ক্ষতিপূরণের দাওয়াতে নালিশ করিতে পারিবেন ইতি।

[ঐ বিষয়ের ব্যবহারার্থে স্বামিদের মাসুল গ্রহণের কথা।]

৩১ ধারা। পূর্ব্বোক্ত নিয়মেতে যদ্রূপ নির্দ্ধারিত হয় তদ্রূপে এই আইনঅনুযায়ি কোন বিষয়ের স্বামিরা মাসুল গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হইবেন। এবং যদি পূর্ব্বোক্তরূপে নির্দ্ধারিত মাসুল না দেওয়া যায় তবে সেই বিষয় ব্যবহার করিবার অনুমতি দিতে কিম্বা তৎসম্পর্কীয় কোন কার্য্য করিতে অস্বীকার করিতে পারিবেন। এবং যে দ্রব্যের কি জীবজন্তুর উপর সেই মাসুল প্রাপ্য হয় তাহা আটক করিয়া রাখিতে ও মাসুল দিবার জন্যে যুক্তিমত কতক কাল গত হইলে পর যদি মাসুল না দেওয়া যায়, তবে সেই দ্রব্যাদি বিক্রয় করিতে ক্ষম হইবেন। কিন্তু যে স্থানে মাসুলের দাওয়া হয় সেই স্থানে যদিমাসুলের উপযুক্ত তক্তা ও তালিকা পূর্ব্ব নির্দ্ধারিতমতে প্রকাশভাবে লটকান না থাকে তবে সেই স্থানে ঐ মাসুল দাওয়া কি গ্রহণ হইতে পারিবেক না ইতি।

বিষয় প্রস্তুত করণের ও তত্ত্বাবধারণের বিধান।

[ইনস্পেক্টরদিগকে নিযুক্ত করিবার কথা।]

৩২ ধারা। এই আইনানুযায়ি কোন বিষয় ও তৎসম্পর্কীয় সমস্ত দ্রব্যের ও তদ্দ্বারা কার্য্য চলনের তত্ত্বাবধারণার্থে গবর্ণমেণ্ট ইনস্পেক্টরদিগকে নিযুক্ত করিতে পারিবেন। কিন্তু উক্ত নিয়মে যদ্রূপ বিধান হই

otherwise than as shall be provided in the conditions aforesaid. The owners of such work and all persons authorized by them to use the same in connection with any public use of the said work, and their servants and agents, shall be bound to afford to such Inspectors all reasonable facility for their inspection, and all such information as may be reasonably required by them.

[Government may, on report of Inspector, order use of any work to be stopped until defects are remedied.]

XXXIII. If it appear to the Government upon the report of any Inspector, that the use of any work under this Act cannot be continued without danger to the public or to the persons employed thereon, or that rules adequate to the protection of the public under the provisions of this Act, have not been framed and put in force, or that the conditions agreed upon under Section XI. of this Act have not been carried out, the Government may order that all defects shall be made good within a reasonable specified time; and in default of the owners of such work complying with such order within such time or such further time as the Government shall appoint, the Government shall be empowered to direct that the use of such work shall be stopped and discontinued until the defects aforesaid shall be remedied to the satisfaction of the Government.

[Government may order construction of Bridges, Tunnels, &c.]

XXXIV. The Government may, at any time on the report of an Inspector during the construction of any work under this Act, direct the Company to construct in connection therewith such culverts, bridges, tunnels, drains, or other works as may be considered by the Government to be necessary to continue to the public any roads, or rights of way, or easements, or the use of any water theretofore available, and to make due provision for the irrigation and drainage of the country so as to prevent the same from being impeded or unnecessarily altered by the construction of the said work. If default be made in complying with any directions given under the provisions of this Section, the Government may order the prosecution of the work to be stopped until such directions shall be complied with to the satisfaction of the Government.

[Proviso.]

XXXV. Nothing in the last preceding Section shall be construed to render the Company liable to construct any work, or to undertake anything at variance with the special conditions of agreement under Section XI. of this Act.

[Fixed structures, &c. on Railway of 5 feet 6 inches gauge to be according to standard dimensions.]

XXXVI. The owners of every Railway under this Act being of the gauge of five feet six inches

য়াছে তদ্ভিন্ন তাঁহারা প্রকারান্তরে কোন রহী কি নজীর দৃষ্টি করিতে পারিবেন না। ঐ বিষয়ের স্বামিদের ও তাঁহার সাধারণ ব্যবহারসম্পর্কে যে সকল ব্যক্তি ঐ বিষয় ব্যবহার করিতে ঐ স্বামিদের স্থানে ক্ষমতাপ্রাপ্ত হন তাঁহারদের ও তদীয় চাকরেরদের ও এজেণ্টেরদের অবশ্য কর্ত্তব্য যে, ঐ ইনস্পেক্টরেরদের তত্তাবধারণকার্য্যে তাঁহারদের যুক্তিমতে সর্ব্বপ্রকারে সাহায্য করেন ও তাঁহারা যুক্তিমত যাহা অবগত হইতে চাহেন তাহা জ্ঞাত করেন ইতি।

[ইনস্পেক্টরেরদের রিপোর্টমতে, কোন ত্রুটির প্রতিকার না হওয়াপর্য্যন্ত গবর্ণমেণ্টের ঐ বিষয়ের ব্যবহার স্থগিত করিবার ক্ষমতার কথা।]

৩৩ ধারা। এই আইনঅনুযায়ি কোন বিষয়ের ব্যবহার হইতে থাকিলে সাধারণ লোকেরদের কিম্বা তাহাতে নিযুক্ত কর্ম্মকারকেরদের অবশ্য আপদ হইতে পারিবে, কিম্বা এই আইনের বিধানমতে সাধারণ লোকেরদের রক্ষার্থ উপযুক্ত বিধি করা যায় নাই ও প্রচল হয় নাই, কিম্বা এই আইনের ১১ ধারামতে যে নিয়ম হয় তদনুসারে কার্য্য সম্পন্ন হয় নাই, ইহা যদি গবর্ণমেণ্ট ইনস্পেক্টরেরদের রিপোর্টমতে বুঝিতে পান, তবে যে সকল কার্য্যের ত্রুটি হইয়াছে তাহা যুক্তিমত নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সমাধা করিবার আজ্ঞা করিতে পারিবেন। এবং সেই সময়ের মধ্যে কিম্বা গবর্ণমেণ্ট তদ্ভিন্ন যে সময় নিরূপণ করেন তন্মধ্যে যদি ঐ বিষয়ের স্বামিরা সেই আজ্ঞাক্রমে কার্য্য না করেন, তবে যত কাল উক্ত ত্রুটির প্রতিকার গবর্ণমেণ্টের সুবোধমতে না করা যায় তত কালপর্য্যন্ত গবর্ণমেণ্ট ঐ বিষয়ের ব্যবহার রহিত ও স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[সাঁকো সুড়ঙ্গপ্রভৃতি করিতে গবর্ণমেণ্টের আজ্ঞা করিতে পারিবার কথা।]

৩৪ ধারা। এই আইনঅনুযায়ি কোন বিষয় প্রস্তুত করিবার কোন সময়ে কোন ইনস্পেক্টরের রিপোর্টঅনুসারে সাধারণ লোকেরদের গমনাগমনীয় পথ রক্ষা করিবার কিম্বা কোন পথের কি স্বচ্ছন্দতাজনক কোন স্থানের যথা রক্ষা করিবার কিম্বা তৎকালপর্য্যন্ত সাধারণ লোকেরা যে জল ব্যবহার করিয়া আসিতেছে তাহার ব্যবহার হইতে থাকিবার জন্য গবর্ণমেণ্টের বিবেচনায় যে কোন আবৃত পথ কি সাঁকো কি সুড়ঙ্গ কি নর্দ্দমাপ্রভৃতি অন্য কার্য্যের প্রয়োজন হয়, গবর্ণমেণ্ট উক্ত কোম্পানিকে তাহা প্রস্তুত করিতে, এবং উক্ত বিষয় প্রস্তুত করণ দ্বারা কোন দেশের জল সেচনের ও প্রসরণের বাধা কি অনাবশ্যকমত পরিবর্ত্তন না হইবার সুনিয়ম করিতে আজ্ঞা করিতে পারিবেন। এই ধারার উক্ত বিধানঅনুসারে কোন আজ্ঞা করা গেলে যদি তদনুসারে কার্য্য হইবার ত্রুটি হয়, তবে যত কালপর্য্যন্ত তদনুসারি কার্য্য গবর্ণমেণ্টের সুবোধমতে না করা যায় তত কালপর্য্যন্ত গবর্ণমেণ্ট উক্ত বিষয় প্রস্তুত করণ কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

[বর্জ্জিত কথা।]

৩৫ ধারা। এই আইনের ১১ ধারামতে চুক্তিপত্রে যে বিশেষ নিয়ম থাকে তদ্বিপক্ষ কোন বিষয় এ কোম্পানির প্রস্তুত করিতে কি প্রস্তুত করণে প্রবৃত্ত হইতে হইবেক ইহারপূর্ব্ব ধারার কোন কথার এমত অর্থ করিতে হইবেক না ইতি।

[সাড়ে পাঁচ ফুট পরিমাণের রেলরোডের উপর যে সকল বিষয় সংলগ্ন থাকিবে তাহা সেই পরিমাণানুসারে করিতে হইবার কথা।]

৩৬ ধারা। এই আইনঅনুসারে সাড়ে পাঁচ ফুট প্রস্থ যে প্রত্যেক রেলরোড করা যায়, তাহার স্বামিগণ তাহাতে

shall be bound, unless specially exempted by the Governor General in Council, to erect all the fixed structures and to construct all the rolling stock in conformity with the standard dimensions determined in that behalf from time to time by the Governor General in Council, and it shall be lawful for the Government to order the said owners to make good all defects in such structures or rolling stock and to prohibit their use until such defects shall be made good to the satisfaction of the Government.

যে সকল বিষয় সংলগ্ন করেন ও গাড়িপ্রভৃতি গড়নীয় যে সকল দ্রব্য প্রস্তুত করেন তাহা হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর সময়ে২ যে পরিমাণ নির্দ্ধার্য্য করেন তদনুসারে অবশ্য প্রস্তুত করিবেন। এবং সেই বিষয় কি গড়নীয় দ্রব্য প্রস্তুত করণে যদি ত্রুটি হয়, তবে গবর্ণমেণ্ট সেই স্বামিগণকে সেই ত্রুটির প্রতিকার করিতে আজ্ঞা করিতে পারিবেন, এবং যত কাল সেই ত্রুটির প্রতিকার গবর্ণমেণ্টের সন্তোষমতে না করা যায় তত কালপর্য্যন্ত ঐ দ্রব্যের ব্যবহার নিষেধ করিতে পারিবেন, কিন্তু হজুর কৌন্সেলে শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর ঐ স্বামিগণকে বিশেষমতে মুক্ত করিলে করিতে পারিবেন ইতি।

[Act XVIII. of 1854 applicable to Railways under this Act. Proviso.]

[এই আইনমতের রেলরোডের বিষয়ে ১৮৫৪ সালের ১৮ আইন খাটিবার কথা ও বর্জ্জিত কথা।]

XXXVII. The provisions of Act XVIII. of 1854 (*relating to Railways in India*) shall apply to all Railways under this Act; provided that in respect of such Railways the Government shall be authorized to determine from time to time the extent to which fences shall be constructed under Section XX. of the said Act XVIII. of 1854, and that the owners of such Railways shall not be liable to maintain fences under the said Section otherwise than as shall be so declared and ordered in each case by the Government.

৩৭ ধারা। ভারতবর্ষের রেলরোডসম্পর্কীয় ১৮৫৪ সালের ১৮ আইনের বিধান এই আইনমতের সকল রেলরোডের প্রতি খাটিবে, কিন্তু ১৮৫৪ সালের উক্ত ১৮ আইনের ২০ ধারাতে যে বেড়া প্রস্তুত করিবার আজ্ঞা হইয়াছে তাহা এই আইনমতের রেলরোডের উভয় পার্শ্বে যত দূর প্রস্তুত করিতে হইবে তাহা গবর্ণমেণ্ট সময়ে২ নির্দ্ধার্য্য করিবেন, এবং গবর্ণমেণ্ট তদ্রূপ যে আজ্ঞা ও নির্দ্ধারণ প্রত্যেক স্থলে করেন তদ্ভিন্ন ঐ রেলরোডের স্বামিগণ অন্য প্রকারে বেড়া করিয়া রাখিতে বদ্ধ হইবেন না ইতি।

[Decision of Government final on questions as to provision for public rights of way, &c.]

[সাধারণ লোকেরদের পথপ্রভৃতির স্বত্ব রক্ষার যে নিয়ম হয় তদ্বিষয়ে গবর্ণমেণ্টের নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা।]

XXXVIII. In case any doubt shall at any time arise as to the necessity for constructing or altering any work to ensure the safety of the public, or to provide for established public rights of way, or other public rights of any sort in connexion with any work under this Act, the decision of the Government on such subject shall be final, and shall not be liable to be called in question in any Court of Justice.

৩৮ ধারা। সাধারণ লোকেরদের নিরাপদের জন্যে কিম্বা পথের বহুকালীন স্বত্বের কিম্বা এই আইন অনুযায়ি কোন বিষয় সম্পর্কে অন্য প্রকারের কোন স্বত্বের নিয়ম করিবার জন্যে যদি কোন বিষয় প্রস্তুত কি পরিবর্ত্তন করণের আবশ্যক হওয়ার কোন সন্দেহ কোন সময়ে হয়, তবে তদ্বিষয়ে গবর্ণমেণ্টের যে নিষ্পত্তি তাহা চূড়ান্ত হইবেক এবং মোকদ্দমা বিচারার্থ কোন আদালতে তদ্বিষয়ের বিচার হইবেক না ইতি।

[Procedure in effecting junctions between old and new lines.]

[পুরাতন ও নূতন পথ সংযোগ করণার্থ যাহা কর্ত্তব্য তাহার কথা।]

XXXIX. If the owners of a Railway under this Act shall desire to form a connexion with any existing Railway of the same gauge, the owners of the new line shall be authorized to call on the owners of the old line to effect the junction, and if the owners of the old line shall not proceed to effect the junction within a reasonable time, the Government, on being satisfied that the junction may be made with safety to the public and without injury to the existing Railway, or detriment to the traffic thereon, may authorize the owners of the proposed line to form the junction, and to do all necessary acts in that behalf, and to lay down such additional lines of rails, points and crossings as may be necessary for the purpose, at such time and in such manner as the Government shall direct. Provided that if the junction be effected by the owners of the previously existing Railway, the expense of forming the junction, of supplying all necessary works, and of keeping in repair and renewing the same shall be paid by the owners of the new line.

৩৯ ধারা। এই আইন অনুযায়ি কোন রেলরোডের স্বামিরা যদি তত্তুল্য প্রস্থ কোন বর্ত্তমান রেলরোডের সঙ্গে ঐ রেলরোড সংযোগ করিতে চাহেন, তবে নূতন রেলরোডের স্বামিরা ঐ পুরাতন রেলরোডের স্বামিরদিগকে ঐ সংযোগ করাইবার আদেশ করিতে ক্ষমতাপন্ন হইবেন, যদি পুরাতন রেলরোডের স্বামিরা উপযুক্ত সময়ের মধ্যে ঐ সংযোগ না করান, তবে সেই সংযোগ হইলেও সাধারণ লোকেরদের আপদ ও বর্ত্তমান রেলরোডের ক্ষতি কিম্বা তদ্দ্বারা বাণিজ্য ব্যবসায়ের হানি হইবেক না, গবর্ণমেণ্ট ইহা স্বচ্ছন্দমতে জানিলে সেই প্রস্তাবিত রেলরোডের স্বামিদিগকে সেই সংযোগ করাইবার ও তৎসম্পর্কে প্রয়োজনীয় সকল কর্ম্ম করিবার এবং গবর্ণমেণ্ট যৎকালে যদ্রূপে আজ্ঞা করেন তৎকালে তদ্রূপে সেই কর্ম্মের প্রয়োজনীয় অধিক রেলযুক্ত পথ ও পাইণ্ট, ও রেলরোডের উপর দিয়া গমনীয় পথ, প্রস্তুত করিবার ক্ষমতা দান করিতে পারিবেন। পরন্তু যদি পূর্ব্ব রেলরোডের স্বামিরা ঐ রেলরোড সংযোগ করান তবে সেই সংযোগ করিবার ও প্রয়োজনীয় সকল বিষয় করিবার, এবং তাহা মেরামৎ ও নূতন করিবার সকল খরচ ঐ নূতন রেলরোডের স্বামিদের দিতে হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৩০ ডিসেম্বর।]

[Government to determine differences as to terms on which the traffic of branch or junction line shall pass over another line, &c.]

XL. If any difference shall arise as to the terms on which the traffic of a branch or junction line of Railway under this Act shall pass over or upon any other line with which it shall be connected, or as to the manner and times of conducting the traffic or of regulating the same over the two lines or either of them, or as to any matter touching any line under this Act used in common by two or more Companies, the Government shall be authorized on the application of either or any one of the said Companies, to hear and determine all such differences, and any order given by the Government in such a case shall be final and binding on all parties, provided that no order shall be so given at variance with any condition of any agreement between the Government and any of the said Companies that shall be applicable to the said lines of Railway.

[শাখা কি সংযুক্ত রেলরোডের উপর যে বাণিজ্য ব্যবসায় চলে তাহা যে নিয়মমতে অন্য রেলরোড প্রভৃতির উপর দিয়া গমন করিবে তদ্বিষয়ের বিবাদ হইলে গবর্ণমেণ্টের নিষ্পত্তি করিবার কথা।]

৪০ ধারা। এই আইন অনুযায়ি রেলরোডের কোন শাখা কি সংযুক্ত রেলরোডে যে বাণিজ্য চলে তাহা তৎসংযুক্ত অন্য কোন রেলরোডের উপর দিয়া কি সেই রেলরোডে যে নিয়মমতে চলিবে কিম্বা সেই দুই পথের কি তন্মধ্যের কোন পথের উপর বাণিজ্য দ্রব্য যেরূপে ও যে সময়ে চলিবে, কিম্বা তাহার যে বিধান হইবে তদ্বিষয়ে, কিম্বা এই আইনঅনুযায়ি যে পথ দুই কি ততোধিক কোম্পানি সাধারণে ব্যবহার করেন তৎসম্পর্কীয় কোন বিষয়ে যদি কোন বিবাদ হয়, তবে গবর্ণমেণ্ট উক্ত কোন এক কোম্পানির প্রার্থনামতে সেই সকল বিবাদ শুনিয়া নিষ্পত্তি করিতে সক্ষম হইবেন। এবং গবর্ণমেণ্ট তদ্রূপ স্থলে যে কোন আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ও তাহাতে উভয় পক্ষের সকল লোক বদ্ধ থাকিবেন। পরন্তু গবর্ণমেণ্টের এবং উক্ত কোন কোম্পানির মধ্যে যে কোন চুক্তিপত্র উক্ত রেলরোডের প্রতি বর্ত্তে তাহার কোন নিয়ম বিরুদ্ধে তদ্রূপ কোন আজ্ঞা করা যাইবেক না ইতি।

AS TO THE MAKING OF BYE-LAWS.

উপবিধি করণের বিধান।

[Power of owners to make Bye-Laws.]

[স্বামিদের উপবিধি করিবার ক্ষমতার কথা।]

XLI. It shall be lawful for the owners of any work under this Act to make Bye-Laws and Regulations for the guidance of their servants and agents and of persons employed by them, and for the maintenance of order in the use of such work, and to provide for the safety and convenience of the public or of the persons employed on such work: and all such Bye-Laws and Regulations shall be subject to the approval of the Governor General in Council, and when so approved all Courts and Magistrates shall take judicial notice of the same, and the Governor General in Council shall be authorized to cause any alterations to be made in them as shall to him from time to time seem proper. Provided that such Bye-Laws and Regulations be not repugnant to any Law in force in the British Territories in India, for the time being, and that no penalty shall be attached to the infringement of any such Bye-Law or Regulation exceeding a fine of fifty Rupees.

৪১ ধারা। এই আইন অনুযায়ি কোন বিষয়ের স্বামিরা আপনারদের চাকরেরদের ও এজেণ্টেরদের ও আপনারদের নিযুক্ত কর্ম্মকারকেরদের কার্য্যার্থে ও উক্ত বিষয়ের ব্যবহারের সুনিয়ম করণার্থে ও সর্ব্ব সাধারণ লোকের কিম্বা তৎকর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকেরদের নিরাপদ ও স্বচ্ছন্দতা রক্ষার্থে উপবিধি ও বিধি করিতে পারিবেন। ও সেই সকল উপবিধি ও বিধিতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুরের সম্মতি প্রাপ্ত হওয়ার প্রয়োজন। তদ্রূপ সম্মতি প্রাপ্ত হইলে পর, সকল আদালত ও মাজিস্ট্রেট সাহেব তদ্ঘটিত বিচার করণ কালে সেই বিধি ও উপবিধি গ্রাহ্য করিবেন। এবং হজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর্ জেনরল বাহাদুর সময়ে২ যদ্রূপ উপযুক্ত বোধ করেন তদ্রূপে তাহার পরিবর্ত্তন করাইতে পারিবেন। পরন্তু ভারতবর্ষে ব্রিটনীয়েরদের অধিকৃত দেশের মধ্যে যে সময়ে যে কোন আইন প্রচলিত থাকে উক্ত বিধি ও উপবিধি তাহার অসঙ্গত না হয়। এবং উক্ত কোন বিধি কি উপবিধি লঙ্ঘন হইলে তজ্জন্যে পঞ্চাশ টাকার অধিক অর্থদণ্ড নির্দ্ধারিত না হয় ইতি।

[Bye-Laws affecting the public to be published or notified on the work.]

[যে উপবিধি সাধারণ লোকেরদের প্রতি বর্ত্তে তাহা প্রকাশ করিবার কি তাহার সম্বাদ দিবার কথা।]

XLII. The substance of such Bye-Laws and Regulations affecting the public shall be published or notified in such places on the said work and in such manner as the Government shall from time to time approve or direct, and no penalty shall be recoverable under such Bye-Laws or Regulations unless the same shall have been published and kept published as aforesaid.

৪২ ধারা। উক্ত প্রকারের যে বিধি ও উপবিধি সাধারণ লোকেরদের প্রতি বর্ত্তে তাহার মর্ম্ম, উক্ত বিষয় যে স্থানে প্রস্তুত হয় সেই স্থানে এবং গবর্ণমেণ্ট অন্য যে প্রকারে সময়ে২ গ্রাহ্য কি আজ্ঞা করেন সেই প্রকারে, প্রকাশ হইবে কি তাহার সম্বাদ দেওয়া যাইবে। এবং যদি উক্ত প্রকারে প্রকাশ না হয় ও প্রকাশিত ভাবে না রাখা যায়, তবে সেই বিধি কি উপবিধি অনুসারে কোন অর্থদণ্ড আদায় হইতে পারিবেক না ইতি।

[Bye-Laws for Regulation of persons employed on any work how to be enforced.]

[কোন বিষয়ে নিযুক্ত কার্য্যকারকেরদের নিমিত্তে যে উপবিধি হয় তাহা বলবৎ করণের নিয়মের কথা।]

XLIII. No penalty shall be recoverable from any person under any Bye-Laws or Regulations prescribed to regulate the conduct of the agents and servants and persons employed by the owners of

৪৩ ধারা। তদ্রূপ কোন বিষয়ের স্বামিরদের নিযুক্ত কোন এজেণ্টেরদের ও চাকরেরদের ও কর্ম্মকারকেরদের কর্ত্তব্য কর্ম্মের যে বিধি কি উপবিধি করা যায় তাহার এক কপী নকল যদি সেই ব্যক্তিকে পূর্ব্বে না দেওয়া

any such work unless a copy of such Bye-Laws or Regulations shall have been previously given to such person, or unless proof be given that the Bye-Law or Regulation for the infringement of which a penalty is so sought to be enforced was explained to such person before such infringement occurred.

[Provision as to Bye-Laws in the case of a Railway of the gauge of 5 feet 6 inches.]

XLIV. In the case of a Railway under this Act being of the gauge of five feet and six inches, it is further provided that the Bye-Laws and Regulations shall, unless the Governor General in Council shall otherwise permit, conform in every respect to the Regulations for Railway Companies under the said Act XVIII. of 1854.

AS TO THE LIEN OF THE GOVERNMENT ON ANY WORK.

[Lien of Government on lands and works.]

XLV. No lands taken or supplied by the Government for any work under this Act; no tree, building, or structure standing on such lands; no machinery nor permanent way fixed to the soil on such lands; nor anything whatsoever on which the Government shall be entitled to re-enter, or of which it shall be entitled to take possession without payment on the determination from any cause of the agreement between the Government and the Company under the conditions aforesaid, shall be liable to be seized or applied in satisfaction of any debts or liabilities of any sort of the Company, nor shall the Company alienate the same or any part thereof in any way not provided for or consonant with such agreement or conditions

[Right of Government to terminate contracts with Bankrupt or Insolvent Companies, &c. Government to surrender to lawful claimant moveable property acquired from the Company otherwise than by purchase in certain cases.]

XLVI. If the owners of a work under this Act shall voluntarily determine to wind up their affairs, or shall be so directed by an order of Court, or shall abandon or determine to abandon such work, or shall commit an act of Bankruptcy or Insolvency, it shall be lawful for the Government thereupon to terminate all contracts then existing between it and the Company in respect of such work, and to re-enter upon and take possession of all things whatsoever to which the Government shall be so entitled under the conditions of such contracts; also of all lands taken at the public expense or supplied to the said Company free of cost, together with all trees, buildings and structures standing on such lands, as well as all machinery and permanent way fixed to the soil on such lands, provided that nothing shall be so taken which shall be expressly excluded from such liability under the conditions aforesaid. But the Government shall be bound to surrender to a lawful claimant all moveable property of which it shall

গিয়া থাকে তবে সেই বিধিমতে তাহার স্থানে অর্থদণ্ড আদায় হইতে পারিবেক না, এবং যে বিধি কি উপবিধি লঙ্ঘনহেতুক ঐ অর্থদণ্ড আদায় করিবার উদ্যোগ হয় সেই বিধি লঙ্ঘন করণের পূর্ব্বে তাহার অর্থ সেই ব্যক্তিকে বুঝাইয়া দেওয়া গিয়াছিল ইহার প্রমাণ না হইলে ঐ অর্থদণ্ড আদায় হইতে পারিবেক না ইতি।

[সাড়ে পাঁচ ফুট প্রস্থ পরিমাণের রেলরোডের উপবিধির কথা।]

৮৪ ধারা। এই আইনমতের যে রেলরোড সাড়ে পাঁচ ফুট প্রস্থ তদ্বিষয়ে আরো এই বিধান হইতেছে। হুজুর কৌন্সেলে শ্রীযুত গবরনর জেনেরল বাহাদুর প্রকারান্তরের অনুমতি না দিলে, তাঁহার বিধি ও উপবিধি ১৮৫৪ সালের উক্ত ১৮ আইনমত রেলরোড কোম্পানির বিধি অনুসারে করিতে হইবে ইতি।

কোন বিষয়ের উপর গবর্ণমেণ্টের দাবির বিধান।

[ভূমির ও বিষয়ের উপর গবর্ণমেণ্টের দাবির কথা।]

৮৫ ধারা। এই আইন অনুযায়ি কোন কার্য্যের নিমিত্তে গবর্ণমেণ্ট যে কোন ভূমি গ্রহণ করেন কি দেন, এবং সেই ভূমির উপর যে কোন বৃক্ষ কি ঘর কি গাঁথনি থাকে, কিম্বা সেই ভূমির মৃত্তিকাতে সংলগ্ন যে কোন কল কি স্থিরতর পথ, কিম্বা অন্য যে কোন বিষয় গবর্ণমেণ্ট পুনশ্চ গ্রহণ করিতে ক্ষমতাপন্ন হন কিম্বা পূর্ব্বোক্ত নিয়মানুসারে গবর্ণমেণ্টের ও কোম্পানির মধ্যে যে চুক্তিপত্র হয় তাহা কোন কারণে রহিত হইলে গবর্ণমেণ্ট মূল্য না দিয়া যে বিষয় অধিকার করিতে ক্ষমতাপন্ন হন, এমত কোন বিষয় উক্ত কোম্পানির কোন ঋণের কি কোন প্রকারের দায়ের পরিশোধার্থ ক্রোক কি ব্যবহার হইতে পারিবেক না এবং উক্ত কোম্পানি সেই নিয়মের কি চুক্তির বিধানমতে ও তদনুযায়ী না হইয়া প্রকারান্তরে সেই বিষয় কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে পারিবেন না ইতি।

[কোম্পানি প্রভৃতি দেউলীয়া কি যোত্রহীন হইলে তাঁহাদের সংক্রান্ত চুক্তি রহিত করিতে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা এবং স্থলবিশেষে ক্রয়করণভিন্ন প্রকারান্তরে যে অস্থাবর সম্পত্তি কোম্পানিহইতে প্রাপ্ত হন তাহা আইনমতের দাওয়াদারকে দিতে হইবারকথা।]

৪৬ ধারা। এই আইনঅনুযায়ি কোন বিষয়ের স্বামিরা যদি স্বেচ্ছামতে আপনারদের কর্ম্ম বন্ধ করিতে স্থির করেন, কিম্বা যদি আদালতের আজ্ঞাক্রমে তাঁহারদের তাহা বন্ধ করিতে হয়, কিম্বা যদি সেই বিষয় ত্যাগ করেন কি ত্যাগ করিতে স্থির করেন, কিম্বা দেউলিয়া কি যোত্রহীন হন, তবে সেই বিষয় সম্পর্কে গবর্ণমেণ্টের সাহে ঐ কোম্পানির যে সকল চুক্তি তৎকালে হইয়া থাকে তাহা গবর্ণমেণ্ট রহিত করিতে পারিবেন। এবং সেই চুক্তির নিয়মানুসারে গবর্ণমেণ্টের যে সকল বিষয়ের উপর ক্ষমতা থাকে তাহা পুনর্গ্রহণ করিতে ও অধিকার করিতে পারিবেন এবং রাজকীয় ব্যয়ে যে সকল ভূমি গৃহীত হইয়া বিনা ব্যয়ে উক্ত কোম্পানিকে দেওয়া গিয়াছে ও সেই ভূমিতে যে সকল বৃক্ষ ও ঘর ও গাঁথনিপ্রভৃতি থাকে ও সেই ভূমির মৃত্তিকাতে যে সকল কল ও স্থিরতর পথ সংলগ্ন থাকে, তাহাও গ্রহণ ও অধিকার করিতে পারিবেন। কিন্তু উক্ত নিয়মানুসারে যে সকল বিষয় তদ্রূপে অধিকৃত হওনের দায়হইতে সপষ্টরূপে মুক্ত করা গেল তাহা লইবেন না। কিন্তু গবর্ণমেণ্ট ক্রয়করণভিন্ন অন্য প্রকারে যে সকল অস্থাবর সম্পত্তি কোন সময়ে কোম্পানির স্থানে প্রাপ্ত হন তাহার মূল্য যদি ঐ কোম্পানির দ্বারা সম্পূর্ণরূপে দেওয়া না গিয়া থাকে

at any time obtain possession from the Company otherwise than by purchase, which shall not have been fully paid for by the Company, or in lieu of such surrender, if the Government shall so determine, to satisfy all just outstanding claims on account of such property; provided that no such surrender shall be obligatory and no such claim shall be entertained in respect of any thing that shall have been delivered to the said Company more than twelve months before the date of such surrender being required of or such claim being made known to the Government.

AS TO MINES NEAR ANY WORK.

[Saving of right to mines in land taken.]

XLVII. Whenever land shall be taken under this Act for the construction of any work, the taking thereof shall not be held to convey or include the right to any mine of coal or other minerals lying under such land, except only such part thereof as shall be necessary to be dug or carried away or used in the construction of the works, unless compensation for the same shall have been expressly allowed in the award made in favor of the persons interested in the land.

[Working of mines included in the land taken.]

XLVIII. If the owner, lessee, or occupier of any mine of coal or of any other mineral lying immediately under any work under this Act, or within forty yards therefrom, shall work the same, it shall be competent to the Government, on the application of the Company, to require such person to abandon such working, or so to work the same as not to endamage the said work, and to construct the works necessary to make it safe. Provided that compensation shall be awarded to such owner, lessee, or occupier in the manner provided for in the said Act VI. of 1857, for any loss sustained by him from being compelled to abandon, or alter his mode of working the mine, and also for any necessary works constructed by him (when so required as aforesaid) in order to prevent damage to the said work, but all damage or loss to, the Company arising from any improper working of such mines shall be at the risk of the owners, lessees, or occupiers of the said mines, and shall be made good by them.

AS TO OFFENCES AND THE RECOVERY OF PENALTIES.

[Punishment for certain offences.]

XLIX. Whoever shall obstruct or commit any contempt of the lawful authority of any public servant in the discharge of any function or in the performance of any thing undertaken under this Act, or shall commit mischief by destroying, defacing, or removing any land-mark fixed by the authority of any such public servant shall be

তবে ঐ সম্পত্তির আইনসিদ্ধ দাওয়াদার উপস্থিত হইলে তাঁহাকে গবর্ণমেণ্টের অবশ্য সেই সম্পত্তি দিতে হইবেক, অথবা যদি গবর্ণমেণ্ট ইচ্ছা করেন তবে সেই সম্পত্তি না দিয়া তজ্জন্যে যে সকল টাকার দাওয়া যথার্থ মতে হয় তাহা দিতে পারিবেন। কিন্তু গবর্ণমেণ্টের স্থানে সেই দ্রব্য উক্ত প্রকারে পুনঃপ্রাপণের প্রার্থনা কিম্বা গবর্ণমেণ্টের নিকটে তদ্রূপ দাওয়া জ্ঞাত হওনের পূর্ব্বে বারো মাসের অধিক কাল যদি সেই দ্রব্য উক্ত কোম্পানিকে দেওয়া গিয়া থাকে, তবে গবর্ণমেণ্ট সেই বিষয় ফিরিয়া দিতে বদ্ধ নহেন ও তদ্রূপ দাওয়া গ্রাহ্য হইবেক না ইতি।

কোন বিষয়ের নিকটস্থ খনির বিধান।

[গৃহীত ভূমিতে খনি থাকিলে তাহাতে সত্ত্বরক্ষার কথা।]

৪৭ ধারা। যখন কোন বিষয় প্রস্তুত করাইবার জন্যে এই আইনমতে কোন ভূমি লওয়া যায় তখন সেই ভূমি লওয়া প্রযুক্ত তদন্তর্গত কয়লার কি কোন ধাতুর খনিও হস্তান্তর হইয়াছে কিম্বা সেই খনিতে কোন ব্যক্তির যত্ন সেই ভূমির সঙ্গে দত্ত হইল এমত জ্ঞান করিতে হইবেক না। কিন্তু উক্ত বিষয় প্রস্তুত করণে মৃত্তিকার যে অংশ খনন কি স্থানান্তর কি ব্যবহার করা আবশ্যক তাহা লওয়া যাইবেক। পরন্তু ঐ ভূমিতে যে ব্যক্তিদিগের সম্পর্ক থাকে তাঁহারদের পক্ষে যে ফয়সলা করা যায় তাহারমধ্যে যদি ঐ খনির মূল্য সপষ্টরূপে নিরূপণ থাকে তবে সেই খনি লওয়া যাইতে পারিবেক ইতি।

[গৃহীত ভূমির মধ্যে যে খনি থাকে তাহা খনন করিবার কথা।]

৪৮ ধারা। এই আইনঅনুযায়ি কোন বিষয়ের তল ভাগে তাহাহইতে ৮০ হাতের মধ্যে কয়লার কি অন্য কোন ধাতুর যে খনি থাকে তাহার স্বামী কি পাট্টাদার কি দখীলকার যদি ঐ খনি খনন করিতে চাহেন তবে কোম্পানির প্রার্থনামতে গবর্ণমেণ্ট সেই ব্যক্তিকে ঐ খনির খনন কার্য্য ত্যাগ করিতে কিম্বা উক্ত বিষয়ের ক্ষতি যাহাতে না হয় এমতে তাহা খনন করিতে ও তাহার নির্বিঘ্নভাবে থাকার আবশ্যক বিষয় প্রস্তুত করিতে আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু সেই ব্যক্তির সেই খনি খনন কার্য্য ত্যাগ করিতে কিম্বা খনন করিবার নিয়ম পরিবর্ত্তন করিতে হইলে তদ্দ্বারা তাহার যে কিছু ক্ষতি হয় তাহা পূরণার্থে, এবং পূর্ব্বোক্তমতের আজ্ঞা হইলে উক্ত বিষয়ের ক্ষতি নিবারণার্থে তাহার যে কোন বিষয় প্রস্তুতকরা আবশ্যক হয় তাহার খরচ ১৮৫৭ সালের উক্ত ৬ আইনের বিধানমতে সেই স্বামিকে কি পাট্টাদারকে কি দখীলকারকে দেওয়া যাইবে। কিন্তু ঐ খনিসম্পর্কীয় কার্য্য অনুপযুক্তমতে নিষ্পন্ন করণদ্বারা কোম্পানির যে সকল ক্ষতি কি হানি হয় তাহার পরিশোধের দায় সেই খনির স্বামিরদের কি পাট্টাদারেরদের কি দখিলকারেরদের শিরে পড়িবে, ও তাঁহারদের তাহা পরিশোধ করিতে হইবে ইতি।

অপরাধের ও অর্থদণ্ড আদায়ের বিধান।

[কোন২ অপরাধের দণ্ডের কথা।]

৪৯ ধারা। রাজকীয় কোন কার্য্যকারক স্বীয় পদের কর্ম্ম করিতেছেন কিম্বা এই আইনমত যে কর্ম্মে প্রবৃত্ত হন তৎসম্পর্কীয় কোন কর্ম্ম করিতেছেন এমত সময়ে যদি কেহ তাঁহার বাধা করে কি তাঁহার আইনসিদ্ধ ক্ষমতা কোন প্রকারে অবজ্ঞা করে কিম্বা তদ্রূপ কোন রাজকীয় কার্য্যকারকের আজ্ঞাক্রমে স্থাপিত কোন চিহ্ন যদিকোন ব্যক্তি নষ্ট করিয়া কি

punishable under the provisions of the Indian Penal Code.

[Recovery of Penalties for offences under Bye-Laws.]

L. All penalties for offences under the Bye-Laws and Regulations aforesaid shall be recoverable in the manner provided for offences punishable by fine only in the said Act XVIII. of 1854.

STATEMENT OF OBJECTS AND REASONS.

In the early part of the year the late Mr. Ritchie obtained leave to bring in a Bill to provide for the construction by Companies and private persons of Branch Railways, Iron Tram-roads, common Roads, or Canals, as feeders to public Railways, High-roads, navigable Rivers or Canals. It was Mr. Ritchie's intention to bring in a Bill substantially the same, in so far as the details were concerned, as the Bill introduced, with a similar object, into the late Legislative Council, though with a somewhat wider scope. The Bill introduced into the late Legislative Council was not proceeded with in consequence of the abolition of that Council.

The Bill, framed as intended by Mr. Ritchie, having been considered by the Government in the Public Works Department, it was thought that the scope of the proposed legislation might, with great public benefit, be extended even beyond what was advised by Mr. Ritchie, and that any Bill introduced, instead of being confined in its application to Branch Railways, Iron Tram-roads, common Roads, or Canals, as feeders to other works, might properly embrace many other works of public utility. Section II. of the Bill defines the works of public utility to which it is intended that the provisions of the Bill should apply, to be Bridges, Roads, Railroads, Tram-roads, Canals for irrigation or navigation, Tanks, Works for the improvement of Rivers or Harbours, Docks, Quays, Jetties, Water-works, Gas-works, Mines, Iron or Copper-works, Drainage-works, or Electric Telegraphs, and also all works subsidiary to such works. The same Section of the Bill further gives power to the Governor General in Council from time to time by a declaration to be made to that effect, and published in the Official *Gazette*, to order that any class of works other than those named shall be included among works of public utility within the Act.

It was also considered that the details of the Bill, as proposed by Mr. Ritchie, might be greatly improved, and that they should be made to assimilate more nearly to the laws of the same nature which are in force at home. These considerations have led to an entire remodelling of the Bill.

In framing the Bill it had to be considered whether the Bill should be of general application, that is, whether its provisions should apply to all

উঠাইয়া দিয়া কি স্থানান্তর করিয়া অপকার করে, তবে ভারতবর্ষের দণ্ড বিধির আইনের বিধানমতে তাহার দণ্ড হইতে পারিবে ইতি।

[উপবিধি লঙ্ঘন করিবার অপরাধজন্য অর্থদণ্ড আদায়ের কথা।]

৫০ ধারা। ১৮৫৪ সালের উক্ত ১৮ আইনমতে যে অপরাধের কেবল অর্থদণ্ড হয় তাহা আদায় করিবার যে রূপ বিধান হইয়াছে উক্তবিধি ও উপবিধি লঙ্ঘন অপরাধ জন্য সকল অর্থদণ্ডও তদ্রূপে আদায় হইতে পারিবে ইতি।

অভিপ্রায় ও হেতুবর্ণনা।

এই বৎসরের আরম্ভে মৃত রিচি সাহেবের রেলরোডে ও রাজপথে ও নৌকাদির গমনাগমনীয় নদীতে ও খালে পৌঁছুছিবার শাখারেল রোড ও লৌহময় ট্রামরোড ও সাধারণ পথ ও খাল কোম্পানির দ্বারা ও সাধারণ লোকেদের দ্বারা প্রস্তুত করণ কার্য্যবিধান করিবার আইনের মুসাবিদা উপস্থিত করিতে অনুমতি পান। সেই অভিপ্রায়ের এক মুসাবিদা পূর্ব্বকার ব্যবস্থাপক কৌন্সেলে উপস্থিত করা গিয়াছিল, কিন্তু সেই কৌন্সেলের কার্য্য রহিত হওয়াতে সেই মুসাবিদা সম্পর্কীয় কার্য্য স্থগিত হইল। পরে রিচি সাহেব বৃত্তান্ত সম্পর্কে তাহার তুল্য কিন্তু কার্য্য পক্ষে আরো বিস্তৃত উক্ত মুসাবিদা উপস্থিত করিবার অভিপ্রায় করিয়াছিলেন।

রিচিসাহেবের অভিপ্রায়মতে প্রস্তুত আইনের মুসাবিদা গবর্ণমেণ্ট পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বিবেচনা করিয়া বোধকরিলেন যে রিচিসাহেবের প্রস্তাবিত অভিপ্রায়াপেক্ষা বিস্তৃত অভিপ্রায়ে আইন করিলে সর্ব্বসাধারণের অনেক উপকার হইতে পারে এবং রেলরোড প্রভৃতিতে পঁহুছিবার শাখা রেলরোড ও লৌহময় ট্রামরোড কি সাধারণ পথ কি খাল সম্পর্কে তদ্রূপ আইন না করিয়া সাধারণের উপকারার্থ অন্যং বিষয় সম্পর্কে উপযুক্তমতে করিতে পারা যায়। সর্ব্বসাধরণের উপকারার্থ যেং কার্য্যেরপ্রতি এই আইনের বিধান বর্ত্তাইবার অভিপ্রায় আছে তাহা এই মুসাবিদার ২ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে বিশেষতঃ সাঁকো ও রাস্তা ও রেলরোড ও ট্রামরোড ও জল সেঁচিবার কি নৌকাদি গমনাগমনের খাল ও পুকুর এবং নদী কি বন্দর আরো উত্তম করিবার কার্য্য ও ঘাট ও পোস্তা ও জেটি ও জল সম্পর্কীয় কার্য্য ও গ্যাসসম্পর্কীয় কার্য্য ও খনি ও লৌহ কি তাম্রসম্পর্কীয় কার্য্য ও নর্দ্দমাসম্পর্কীয় কার্য্য ও ইলেকট্রিক টেলি গ্রাফ ও সেইং বিষয় প্রস্তুত করণ সম্পর্কীয় সকল কার্য্য। এই আইনের সেই ধারাতে হজুর কৌন্সেলে শ্রীযুত গবরুনর্ জেনরল বাহাদুরের প্রতি এই ক্ষমতার্পণ হইয়াছে যে তিনি সময়েং আজ্ঞা প্রচারপূর্ব্বক ও সরকারী গেজেটে প্রকাশপূর্ব্বক উক্ত কার্য্য ভিন্ন অন্যান্য কার্য্যও এই আইনমতে সর্ব্বসাধারণের উপকারার্থ কার্য্যের মধ্যে গণ্য করিতে পারেন।

আরো রিচি সাহেব এই আইনের যে মর্ম্ম প্রস্তাব করিয়াছিলেন তাহা আরো উত্তম করা যাইতে পারে এবং তত্তুল্য যেং আইন ইংলণ্ডে প্রবল আছে তাহার অনুমত হইতে পারে এই বিবেচনায় এ মুসাবিদা সম্পূর্ণ রূপে নূতন করা গিয়াছে।

তাহা করণ কালে ইহা বিবেচ্য হইল যে নূতন আইনের বিধান সাধারণ ভাবাপন্ন করা উচিত কি না অর্থাৎ ভারতবর্ষের সমস্ত স্থানে বর্ত্তিতে পারে এই অভিপ্রায়ে,

India, or whether the application of the Bill should be confined to those parts of India for which the Council of the Governor General alone can legislate. As a general rule, there can be no doubt that the Government of India should not legislate for the local Governments which have Legislative Councils of their own, on any matters in respect of which those Governments are competent to legislate for themselves. The part of the Indian Councils Act of last year, which relates to legislation, was evidently framed on this principle. But when a law is required for the Empire at large, and whether the law is to be the work of a single Legislature or of several distinct Legislatures, the general principles observed in framing it, and the more essential details, must be the same, I venture to think that there must be a great public convenience in having a single law for all India passed by the Government of India which alone is competent to pass a general law, instead of two or more laws passed by different Legislatures acting independently of one another.

কিম্বা ভারতবর্ষের যে২ স্থানের নিমিত্তে শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেল ব্যবস্থাপন করিতে পারেন কেবল সেই স্থানে বর্ত্তে এই অভিপ্রায়ে ঐ আইন করা উচিত কি না। ফলতঃ স্থানবিশেষের গবর্ণমেণ্টের স্বতন্ত্র২ ব্যবস্থাপক কৌন্সেল আছে ও সেই২ গবর্ণমেণ্ট আপন২ দেশের নিমিত্তে যে২ বিষয়ের ব্যবস্থা করিতে সক্ষম সেই২ বিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ব্যবস্থা করা অনুচিত, ইহার সন্দেহ নাই। ভারতবর্ষের কৌন্সেল স্থাপনার্থ যে আইন গত বৎসরে হইয়াছিল তাহার ব্যবস্থা করণসম্পর্কীয় বিধান সেই নিয়ম লক্ষ করিয়া করা গিয়াছে, কিন্তু রাজ্যের সর্ব্বত্র যাহা প্রচলিত হইবে এমত আইনের প্রয়োজন যখন হয় তখন সেই আইন এক ব্যবস্থাপক কৌন্সেলের কি ভিন্ন২ ব্যবস্থাপক কৌন্সেলের দ্বারা করিতে হইলেও যদি তাহা প্রস্তুত করণের সাধারণ নিয়ম ও প্রয়োজনীয় বিশেষ বিধান সমতুল্য হয়, তবে বোধ করি দুই কি ততোধিক ব্যবস্থাপক কৌন্সেলে স্বতন্ত্র দুই কি ততোধিক আইন না হইয়া, ভারতবর্ষের যে গবর্ণমেণ্ট সাধারণ আইন করিতে ক্ষমতাপন্ন হন সেই গবর্ণমেণ্ট দ্বারা ভারতবর্ষের সমস্ত স্থানের নিমিত্তে এক আইন প্রচলিত হইলে সর্ব্বসাধারণের অত্যন্ত উপকার হইতে পারে।

The fact that there are, at the present time, two Branch Railway and other Public Works Bills pending, one before the Council of the Governor of Bombay and the other before the Council of the Lieutenant Governor of Bengal, the provisions of which differ little, if at all, from the Bill proposed by Mr. Ritchie, and that Mr. Ritchie considered that a Bill such as was proposed by him, was all that was required for the entire country, would seem clearly to shew that the legislation needed at this time is of the general character above described, and that consequently there can be no necessity for separate Acts for the different Presidencies, or for different parts of the same Presidency.

এইক্ষণে বোম্বাইয়ের শ্রীযুত গবরনর সাহেবের এবং বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের কৌন্সেলের সম্মুখে শাখা রেলরোড ও সর্ব্বসাধারণের উপকারার্থ অন্যান্য বিষয় প্রস্তুত করণ সম্পর্কীয় দুই আইনের মুসাবিদা উপস্থিত আছে। সেই২ মুসাবিদার বিধান রিচি সাহেবের প্রস্তাবিত বিধানের সঙ্গে প্রায়ই সমান, এবং রিচি সাহেবের প্রস্তাবিত আইন এতদ্দেশীয় সর্ব্ব স্থানের নিমিত্তে প্রয়োজন তাঁহার এমত বিবেচনা হওয়াতে বোধ হয় এমন সময়ে সাধারণভাবের এক আইন করা আবশ্যক, ও ভিন্ন২ প্রসীডেন্সীর কিম্বা এক প্রসীডেন্সীর ভিন্ন২ অংশের তদ্বিষয়ের ভিন্ন২ আইন করার প্রয়োজন নাই।

In addition to what I have already mentioned in favor of a general Bill, I may repeat what was stated by Mr. Ritchie in the remarks with which he prefaced his motion for leave to introduce the Bill proposed by him, namely, that as a Railroad for which feeders are to be provided (and the same observation applies to Canals, High-roads, and other public works) may pass through several Districts or different Presidencies, two different Acts might be objectionable.

সাধারণ মুসাবিদা হওন বিষয়ে আমার পূর্ব্বোক্ত কথার অতিরিক্ত, রিচি সাহেব ঐ মুসাবিদা উপস্থিত করিবার অনুমতি প্রার্থনাকালে যাহা কহিয়াছিলেন তাহাও বক্তব্য, অর্থাৎ কোন রেলরোডে পঁহুছিবার নিমিত্তে কিম্বা খালে কি রাজপথে কি সাধারণের উপকারার্থ অন্য বিষয়ের নিকটে পঁহুছিবার নিমিত্তে যে রেলরোডপ্রভৃতি করা যায়, তাহা আবশ্যকমতে ভিন্ন২ জিলার কিম্বা প্রসীডেন্সীর মধ্যেও চলিতে পারিবে, অতএব তদ্বিষয়ের ভিন্ন২ দুই আইন করা বিহিত বোধ হয় না ইতি।

(Sd.) H. B. HARINGTON,

The 5th November 1862.

এচ বি হারিংটন।

১৮৬২ সাল ৫ নবেম্বর।

M. WYLIE,

Depy. Secy. to the Govt. of India,
Home Department.

এম ওয়াইলি।

হোমডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

THE following Bill was introduced into the Council of the Governor General of India for the purpose of making Laws and Regulations on the 10th December 1862, and was referred to a Select Committee with instructions to make their report thereon in eight weeks :—

No. 57 of 1862.

A Bill to amend the Code of Civil Procedure.

[Preamble.]

WHEREAS the Code of Civil Procedure requires that Appeals from decisions or orders to the Sudder Court shall ordinarily be heard and determined by two or more Judges of the said Court; and whereas in the Territories, not subject to the general Regulations, the Highest Civil Courts of Appeal, which are declared by Section 386 of Act VIII. of 1859, to be included in the expression "Sudder Court" in any part of the said Territories to which the said Code may be extended, generally consist of only a single Judge, and it is expedient to make provision for the powers to be exercised by such single Judge in hearing Appeals from decisions and orders, or in proceedings relating to any other matter which may be brought before him; It is enacted as follows :—

[In Non-Regulation Provinces the Highest Civil Court of Appeal to have the Powers of the Sudder Court.]

I. When in any part of the British Territories in India to which the Code of Civil Procedure has been or shall be extended under the Provisions of Section 385 of the said Code, or of Section 39 of Act XXIII. of 1861 (amending the said Code), the Highest Civil Court of Appeal consists of a single Judge, such Judge shall have all the Powers vested by such Code in two or more Judges of the Sudder Court.

[No order or proceeding of such Court to be void because passed or held by a single Judge.]

II. No order passed by or proceeding held before the single Judge of any such Highest Civil Court of Appeal, subsequent to the extension of the Code of Civil Procedure to such part of the British Territories in India, shall be deemed invalid, or be liable to be questioned on the ground that such order or proceeding was passed by or held before a single Judge.

STATEMENT OF OBJECTS AND REASONS.

SECTION 23, Act XXIII. of 1861 provides that Appeals to the Sudder Court shall be heard and determined by two or more Judges of the said Court, and in Section 386, Act VIII. of 1859, it is declared, that in any part of the British Terri-

আইনের এই মুসাবিদা আইন ও ব্যবস্থাকরণার্থ ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল বাহাদুরের কৌন্সেলে ১৮৬২ সালের ১০ ডিসেম্বর তারিখে উপস্থিত করা গেল, ও মনোনীত কমিটির প্রতি অর্পিত হইয়া আট সপ্তাহের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিতে তাঁহারদের প্রতি আজ্ঞা হইয়াছে।

১৮৬২ সালের ৫৭ নম্বর।

দেওয়ানী কার্য্য বিধানের আইন সংশোধন করিবার আইনের মুসাবিদা।

[হেতুবাদ।

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে কোন নিষ্পত্তির কি হুকুমের উপর যে আপীল সদর আদালতে হয়, তাহা সামান্যতঃ উক্ত আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেবের শুনিয়া নিষ্পত্তি করিবার বিধান হইয়াছে। কিন্তু সাধারণ আইনের অধীন যে২ দেশে ১৮৫৯ সালের ৮ আইন প্রবল করা যায় সে২ দেশের মধ্যে আপীল শুনিবার ক্ষমতাপন্ন সর্ব্বোচ্চ দেওয়ানী আদালত এ আইনের ৩৮৬ ধারাতে সদর আদালতের মধ্যে গণ্য হইবার আজ্ঞা হইয়াছে। সেই২ আদালতে সাধারণমতে কেবল এক জন বিচারকর্ত্তা থাকেন, এবং কোন নিষ্পত্তির ও হুকুমের উপর আপীল শ্রবণ কালে কিম্বা অন্য কোন বিষয়সম্পর্কীয় মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য তাঁহার সম্মুখে উপস্থিত হয় সেই কার্য্য করণকালে, উক্ত এক জন বিচারকর্ত্তা যে ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন ইহার বিধান করা বিহিত। এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইতেছে।

[আইনবহির্ভূত প্রদেশে দেওয়ানী অতি উচ্চ আপীল আদালতে সদর আদালতের ক্ষমতা পর্ণের কথা।]

১ ধারা। ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের যে কোন অংশে দেওয়ানী কার্য্যবিধানের আইনের ৩৮৫ ধারার কি। উক্ত আইন সংশোধনার্থ ১৮৬১ সালের ২৩ আইনের ৩৯ ধারার বিধানমতে উক্ত কার্য্যবিধানের আইন প্রচলিত হইয়াছে কি হইবে, সেই২ দেশের দেওয়ানী মোকদ্দমার অত্যুচ্চ আপীল আদালতে যদি কেবল এক জন বিচারক থাকেন, তবে তিনি সদর আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেবের প্রতি উক্ত আইনমতের অর্পিতসমস্ত ক্ষমতা প্রাপ্ত হইবেন ইতি।

[তদ্রূপ কোন আদালতের কোন আজ্ঞা কি কার্য্য এক জন বিচারকর্ত্তার দ্বারা হওনপ্রযুক্ত অসিদ্ধ না হইবার কথা।]

২ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন ভারতবর্ষস্থ ব্রিটনীয় দেশের উক্ত অংশে প্রচলিত হইবার পরে দেওয়ানী মোকদ্দমার আপীল শুনিবার ক্ষমতাপন্ন উক্ত কোন অত্যুচ্চ আদালতের এক জন জজ সাহেব ইতিপূর্ব্বে যে কোন আজ্ঞা করিয়াছেন কি তাঁহার সম্মুখে মোকদ্দমাঘটিত যে কোন কার্য্য হইয়াছে, তাহা কেবল একজন বিচারকর্ত্তার দ্বারা কিম্বা একজন বিচারকর্ত্তার সম্মুখে হওয়া প্রযুক্ত ব্যর্থজ্ঞান হইবে না, কিম্বা তদ্বিষয়ের কোন আপত্তি হইতে পারিবেক না ইতি।

অভিপ্রায় ও হেতুবর্ণনা।

১৮৬১ সালের ২৩ আইনের ২৩ ধারাতে বিধান হইয়াছে যে সদর আদালতের নিকটে যে আপীল হয় তাহা উক্ত আদালতের দুই কি ততোধিক জন জজ সাহেব শুনিয়া নিষ্পত্তি করিবেন, ও ১৮৫৯ সালের ৮ আইনের ৩৮৬ ধারাতে আজ্ঞা হইয়াছে যে উক্ত আইন ভারতবর্ষস্থ ব্রি-

tories in India, to which the said Act may be extended, the expression "Sudder Court" shall be deemed to include the Highest Civil Court of Appeal in such part of the said Territories, but neither of these two enactments contains any provision in respect to the powers to be exercised by the Judges of the Highest Civil Courts in Provinces not subject to the general Regulations of Bengal, Madras, and Bombay, when such Courts consist, as is invariably the case, of single Judges, and in the absence of any such provision a doubt has arisen whether, with reference to the requirement to be found in the more recent Statute as to the number of Judges necessary to hear and determine Appeals from decisions or orders to the Sudder Court, the construction given to the words "Sudder Court" in the Code of Civil Procedure can be held to empower the Judges of the Highest Civil Courts of Appeal in the Non-Regulation Provinces, to which that construction applies, singly to hear and determine the Appeals which come before their Courts from the decisions and orders of the Courts subordinate to them. The object of the first Section of the Bill is to remove the doubt which is entertained upon the point. A similar Section is contained in the Code of Criminal Procedure.

The second Section has been added to the Bill to prevent the legality of the decisions and orders already passed by the Judges of the Highest Civil Courts of Appeal in the Provinces, not subject to the general Regulations as above, from being questioned on the ground of their having been passed by single Judges without express authority of law, and to give validity to all such decisions and orders.

(Sd.) H. B. HARINGTON.

The 12th November 1862.

M. WYLIE,
Depy. Secy. to the Govt. of India,
Home Department.

THE following Act of the Governor General of India in Council received the assent of His Excellency the Governor General on the 24th December 1862, and is hereby promulgated for general information:—

ACT No. XXIV. OF 1862.

An Act to continue in force Act XX. of 1862 *(to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal; and to suspend the operation of certain Sections of Act VIII. of* 1859 *in the said High Court.)*

[Preamble.]

WHEREAS it is expedient that Act XX. of 1862

টনীয় দেশের যে কোন অংশে প্রচলিত হয় সেই অংশে "সদর আদালত" এই শব্দের মধ্যে উক্ত দেশের দেওয়ানী মোকদ্দমার অত্যুচ্চ আপীল আদালত গণ্য হইবেক। কিন্তু বঙ্গ ও বোম্বাই ও মান্দ্রাজ দেশের সাধারণ আইন যে২ প্রদেশে প্রচলিত নহে সেই২ দেশের অতি উচ্চ দেওয়ানী আদালতে কেবল এক২ জন জজ সাহেব থাকেন, ও উক্ত স্থলে তিনি যে ক্ষমতাক্রমে কার্য্য করিবেন এতদ্বিষয়ের কোন বিধান উক্ত দুই আইনেতে হয় নাই। ফলতঃ কোন নিষ্পত্তির কি হুকুমের উপর সদর আদালতে আপীল হইলে তাহা শুনিয়া নিষ্পত্তি করণার্থে যত জন জজ সাহেবের আবশ্যক এতদ্বিষয়ের যে বিধান উক্ত ২৩ আইনেতে হইয়াছে তৎসম্পর্কে কিছু সন্দেহজনক, অর্থাৎ দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনেতে সদর আদালত শব্দের যে অর্থ করা গিয়াছে সেই অর্থের মধ্যে আইনবহির্ভূত প্রদেশের দেওয়ানী মোকদ্দমার অতি উচ্চ আপীল আদালতও গণ্য। তাহাতে তাহার অধীন কোন আদালতের নিষ্পত্তির ও হুকুমের উপর উক্ত আদালতের জজ সাহেবেরদের নিকটে আপীল হইলে তাঁহারা তাহা একক শুনিয়া নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন কি না এই বিষয়ের সন্দেহ ভঞ্জন করা এই মুসাবিদার প্রথম ধারার অভিপ্রায়। তদ্রূপ ধারা ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানেতেও হইয়াছে।

যে২ প্রদেশে সাধারণ আইন পূর্ব্বোক্তমতে প্রচলিত নহে, সেই২ প্রদেশের দেওয়ানী মোকদ্দমার অতি উচ্চ আপীল আদালতের জজ সাহেবেরা ইতিপূর্ব্বে যে নিষ্পত্তি ও আজ্ঞা করিয়াছেন তদ্বিষয়ে আইনের স্পষ্ট ক্ষমতার অভাবে একজন জজ সাহেবের দ্বারা হওয়া প্রযুক্ত আইন সিদ্ধতার আপত্তি না হয় এবং সেই সকল নিষ্পত্তি ও আজ্ঞা দৃঢ় থাকে, এই মুসাবিদার দ্বিতীয় ধারার অভিপ্রায়।

এচ বি হারিংটন।

১৮৬২ সাল ১২ নবেম্বর।

এম ওয়াইলি।

হোম ডিপার্টমেণ্ট
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুরের পশ্চাৎ লিখিত আইন বিষয়ে শ্রীযুত গবর্নর জেনরল বাহাদুর ১৮৬২ সালের ২৪ ডিসেম্বর তারিখেয়ী সম্মতি প্রকাশ করিলেন। তাহা এইক্ষণে সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

১৮৬২ সালের ২৪ আইন।

১৮৬২ সালের ২০ আইন (অর্থাৎ বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর উপরিস্থ আদালতে (অর্থাৎ হাই কোর্টে) রসুম ও ষ্টাম্পের মসুল আদায়ের বিধান করিবার, ও উক্ত উপরিস্থ আদালতে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিত করিবার আইন) অধিক কাল প্রবল রাখিবার আইন।

[হেতুবাদ।]

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্ট

(to provide for the levy of Fees and Stamp Duties in the High Court of Judicature at Fort William in Bengal; and to suspend the operation of certain Sections of Act VIII. of 1859 in the said High Court) should continue in force for a further period of one year from the 1st day of January 1863; It is enacted as follows:—

[Act XX. of 1862 continued till the 1st of January 1864.]

I. Act XX. of 1862 shall continue in force until the first day of January 1864.

[High Court may fix the time for applications for reviews of judgment.]

II. The following words shall be read as if they had been added to Section VI. of the said Act XX. of 1862:—The High Court may also, by its own rules, fix the time within which applications for the review of any judgment passed by any Division Court or by any Judge or Judges of the said High Court in the exercise of its original Civil jurisdiction, shall be preferred.

M. WYLIE,

Deputy Secretary to the Govt. of India, Home Department.

রসুম ও ইষ্টাম্পের মাসুল আদায়ের বিধানকরণার্থ ও উক্ত হাই কোর্টে ১৮৫৯ সালের ৮ আইনের কএক ধারা স্থগিতকরণার্থ ১৮৬২ সালের ২০ আইন ১৮৬৩ সালের জানুআরি মাসের ১ তারিখঅবধি এক বৎসর পর্য্যন্ত প্রবল রাখা বিহিত এই কারণে পশ্চাৎ লিখিত বিধান হইল।

[১৮৬৪ সালের জানুআরি মাসের ১ তারিখপর্য্যন্ত ১৮৬২ সালের ২০ আইন প্রবল রাখিবার কথা।]

১ ধারা। ১৮৬২ সালের ২০ আইন ১৮৬৪ সালের জানুআরি মাসের প্রথম দিবসপর্য্যন্ত প্রবল থাকিবে ইতি।

[পুনর্ব্বিচারের প্রার্থনা করিবার সময় হাই কোর্টের নিরূপণ করিবার কথা।]

২ ধারা। পশ্চাৎ লিখিত কথা ১৮৬২ সালের ২০ আইনের ৬ ধারাতে সংযুক্ত হওনের ন্যায় পাঠ করিতে হইবেক।

আরো উক্ত হাই কোর্টের কোন খণ্ড কিয়া কোন জজ সাহেব কি সাহেবেরা দেওয়ানী মোকদ্দমা প্রথমে শুনিবার ক্ষমতাক্রমে যে নিষ্পত্তি করেন তাহার পুনর্ব্বিচার হইবার প্রার্থনা যে সময়ের মধ্যে করিতে হইবেক তাহা উক্ত হাই কোর্ট স্বীয় বিধিক্রমে নিরূপণ করিতে পারিবেন ইতি।

এম ওয়াইলি।
হোম ডিপার্টমেণ্টে
ভারতবর্ষের গবর্ণমেণ্টের ডেপুটী সেক্রেটারী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

CIRCULAR ORDERS OF THE BOARD OF REVENUE, LOWER PROVINCES.

No 68.

Dated 8th December 1862.

To all Commissioners and District Revenue Officers.

THE following Rule is to be substituted for Rule 9 of the Pension Series:—

RULE 9.

The applicant shall be required to state clearly the situations he has filled, and the periods during which he filled them. The Civil Pay Master shall be required to report whether his Office records bear out applicant's statement. If there be any discrepancy in the statement, the Civil Pay Master shall detail the apparent causes of that discrepancy; for instance, that the post applicant states he filled during a certain period is shewn by the Civil Pay Master's Registers to have been filled by another man. If the Civil Pay Master's records do not afford the desired information, reference should be made to the records of the head of the Office in which applicant states he served during the period in doubt. Or the applicant shall be required to furnish Certificates, such as those given by an Officer to a Subordinate on his leaving an Office, which Certificates may, in default of other evidence, be accepted as proof of the service to which they refer, provided, of course, the Certifi-

বঙ্গপ্রভৃতি দেশের রেবিনিউ বোর্ডের সরক্যুলর অর্ডর।

৬৮ নম্বর।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

সকল কমিস্যানর সাহেব এবং জিলার রাজস্বের সকল কর্ম্মকারক সাহেব বরাবরেষু।

পেনস্যানের বিধির শ্রেণীর ৯ বিধির পরিবর্ত্তে পশ্চাৎ লিখিত বিধি পাঠ করিতে হইবেক।

৯ বিধি।

পেনস্যান প্রার্থকের প্রয়োজন যে, আপনি যে২ পদে যত কাল কর্ম্ম করিয়াছেন তাহা স্পষ্ট করিয়া লেখেন, এবং সিবিল পে মাষ্টর সাহেবের আফিসের বহীতে প্রার্থকের উক্ত কথা সিদ্ধ হয় কি না এবিষয়ের রিপোর্ট করিতে উক্ত পে মাষ্টর সাহেবকে আজ্ঞা হইবেক। আর প্রার্থকের কথনমতে তিনি সময়বিশেষে যে পদস্থ ছিলেন সেই সময়ে সেই পদে সিবিল পে মাষ্টর সাহেবের রেজিষ্টরঅনুসারে অন্য ব্যক্তি ছিলেন ইত্যাদি প্রকারের কোন বৈলক্ষণ্য যদি প্রার্থকের পত্রে দৃষ্ট হয়, তবে সেই বৈলক্ষণ্যের যে২ হেতু প্রকাশ থাকে তাহা সিবিল পে মাষ্টর সাহেব ব্যক্ত করিবেন। তাঁহার বহীদ্বারা যদি ঐ আদিষ্ট সম্বাদ পাওয়া যাইতে না পারে, তবে প্রার্থকের কথন মতে তাঁহার তৎকালে যে আফিসে কর্ম্ম ছিল সেই আফিসের প্রধান কার্য্যকারকের রিকার্ড বহীতে দৃষ্টি করিয়া সেই কথা মিথ্যা২ না হইবেক, অথবা অপরাধ কোন কর্ম্মকারক কোন পদ ত্যাগ করিলে উপরিস্থ কার্য্যকারকের স্থানে যে প্রকারের সর্টিফিকট পাইয়া থাকেন তদ্রূপ সর্টিফিকট দেখাইতে ঐ প্রার্থককে আজ্ঞা হইবেক, তাহাতে অন্য প্রমাণ না

cates bear internal evidence of being genuine. But if the records of the Office in which applicant states that he served during the period in doubt do not afford the desired information, or if the applicant cannot produce Certificates such as those given by an Officer to a Subordinate on his leaving the Office, every such case shall be decided on its own merits, those cases only being treated specially in which an affidavit would be required and accepted *quantum valeat*.

থাকিলেও সেই সর্টিফিকট যথার্থ বটে ইহার প্রমাণ যদি হয়, তবে যে কর্ম্মসম্পর্কে দেওয়া যায় তাহার প্রমাণস্বরূপ ঐ সর্টিফিকট গ্রাহ্য হইবেক। পরন্তু প্রার্থকের কথানুসারে যে আফিসে উক্ত সন্দেহের কালে তাঁহার কর্ম্ম ছিল সেই আফিসের বহীতে যদি আদিষ্ট সম্বাদ প্রাপ্ত না হওয়া যায়, কিম্বা অধস্থ কার্য্যকারক পদ ত্যাগী হইলে উপরিস্থ কার্য্যকারকের স্থানে যদ্রূপ সর্টিফিকট পাইয়া থাকেন, তদ্রূপ সর্টিফিকট যদি ঐ প্রার্থক দেখাইতে না পারেন, তবে তদ্রূপ প্রত্যেক বিষয়ের দোষগুণানুসারে নিষ্পত্তি হইবেক এবং যে স্থলে আফিডেবিট লইবার আজ্ঞা হইলে তাহা যে পর্য্যন্ত বর্ত্তে সেই পর্য্যন্ত গ্রাহ্য হয় কেবল সেই স্থলে ঐ ব্যক্তির পক্ষে কার্য্য বিশেষহইতে পারিবেক।

By Order of the Board of Revenue,

H. L. DAMPIER,

Secretary.

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে

এচ এল ডাম্পিয়র।

সেক্রেটারী

No. 63.

Dated 8th December 1862.

To all Commissioners and District Revenue Officers.

৬৩ নম্বর।

১৮৬২ সাল ৮ ডিসেম্বর।

সকল কমিস্যনর সাহেব ও জিলার রাজস্বের কার্য্যকারক সাহেব বরাবরেষু।

THE Returns made to the Board's Circular No. 33A., dated 22nd May last, shew that in the great majority of Districts, the Pergunnah Register prescribed by Section 4, Regulation VIII. of 1800, has not been written up regularly, and that in very many it has never been introduced at all.

বোর্ডের সাহেবেরদের গত মে মাসের ২২ তারিখের ৩৩ A নম্বরী সরক্যুলরের আজ্ঞাক্রমে যে সকল রিটর্ণ দেওয়া গিয়াছে তদ্দ্বারা দৃষ্ট হইল যে ১৮০০ সালের ৮ আইনের ৪ ধারার নির্দ্দিষ্ট পরগনাওয়ারি রেজিষ্টরী বহী অনেক জিলাতে নিয়মিতরূপে লেখা যায় নাই, ও অনেক জিলাতে তদ্রূপ বহীও নাই।

2. As a general Rule, even where there are Registers, *lakhiraj* tenures are not entered. In a few instances special Registers of these tenures have been prepared.

২ যে২ জিলাতে রেজিষ্টরী বহী আছে সেই২ জিলাতেও নিষ্কর ভূমি লেখা যায় নাই। কোন২স্থলে এ প্রকারের ভূমি লিখিবার জন্যে সতন্ত্র রেজিষ্টরী বহী প্রস্তুত হইয়াছে।

3. Mutations of names are in some Districts registered, in others not.

৩। কোন২ জিলাতে মালিকেরদের নামপরিবর্ত্তন রেজিষ্টর করা যায়, কোন২ জিলাতে করা যায় নাই।

4. Section 4, Regulation VIII. of 1800, prescribes a *General Pergunnah Register* to "exhibit the required particulars respecting the *malgoozaree and lakhiraj* lands, so as to correspond with the quinquennial Register of Estates paying Revenue to Government No. 3, and the Periodical Register of lands held exempt from the payment of Revenue No. 2" And Section 5 prescribes that in the Intermediate Register of mutations "all particulars required to be entered in the Pergunnah Register of lands, *malgoozaree and lakhiraj*, shall be duly recorded," with a view to the correct preparation of the next copy (quinquennial) of the Pergunnah Register.

৪। ১৮০০ সালের ৮ আইনের ৪ ধারাতে পরগনার সাধারণ রেজিষ্টর প্রস্তুত করিবার আজ্ঞা হইয়াছে। অতিরিক্ত এই যে "সেই বহী নিষ্কর ভূমির হকীকৎ দৃষ্টে এমত তৈয়ার করিতে হইবেক যে তাহা পাঁচসনি মোকররী সকর ভূমির ৩ নম্বরের এবং নিষ্কর ভূমির ২নম্বরের বহীর সহিত মিলন হয়।" এবং ঐ আইনের ৫ ধারাতে নির্দ্দিষ্ট হইয়াছে যে পরগনাওয়ারি পাঁচসনি রেজিষ্টরের যে বহী তৎপরে প্রস্তুত করা যাইবে তাহার শুদ্ধতার জন্যে হকীকতের যে ফেরফার হয় তাবৎ দরমীয়ানি বহীতে মালগুজারীর ও লাখেরাজ ভূমির পরগনাওয়ারী রেজিষ্টরে যে সকল বৃত্তান্ত লিখিবার আজ্ঞা হইয়াছে তাহা লিখিতে হইবেক।

5 Under paragraph 3 of the Registration Series, the Mehalwar Survey Registers have been adopted as supplying the place of these Pergunnah Registers. Transfers of malgoozaree Estates are entered at length in the Intermediate Register No. 3, a reference to the entry in the General Register No. 1, being made opposite to the mehal, but no similar uniform provision has been made regarding the registry of transfers in *lakhiraj* tenures.

৫। রেজিষ্টরী করণের বিংশ্রেণীর ৩ দফাতে উক্ত পরগনার রেজিষ্টরের পরিবর্ত্তে মহালওয়ারী জরিপী রেজিষ্টর করিবার আজ্ঞা হইয়াছে। কোন সকর মহাল হস্তান্তরগত হইলে সেই কথাও ৩ নম্বরী দরমীয়ানী রেজিষ্টরী বহীতে বিস্তারিতরূপে লেখা যায় ও লিখিত সেই কথার উল্লেখ ১ নম্বরের সাধারণ রেজিষ্টরী বহীতে মহালের নামের পার্শ্বে করা যায়, কিন্তু নিষ্কর ভূমির হস্তান্তর হওনের কথা তদ্রূপে রেজিষ্টর করিবার এমি প্রকারে কোন বিধান নাই।

[*Government Gazette*, 30*th December*, 1862.]

6. There cannot be a doubt that the law contemplates the registry of *all lands held rent free* under a valid title, and also that changes in ownership should be duly notified to the Collector as prescribed in Clause 2, Section II., Regulation III. of 1828. The materials for the preparation of these Registers should be forthcoming. They will be found in the Registers of the Offices of the Special Deputy Collectors and of the Special Commissioners (the latter being prescribed by law—see Rules of Practice attached to Regulation III. of 1828); and also in the Registers of the Collectors' Offices.

7. Commissioners are accordingly requested to submit a carefully considered estimate for Establishments in each District, to prepare a complete Register of lands in the annexed Form, which have been declared to be valid *lakhiraj*. The estimate will depend greatly on the materials which exist in each District; and indeed in some it may be found that the existing Registers are such as to render the preparation of a new Register unnecessary. On this point the Board are prepared to consider any recommendation that may be laid before them.

8. The Rules laid down in the Registration Series for the preparation of the General Register, should be followed in the preparation of the Register now prescribed.

9. As soon as the Registers are prepared, transfers in *lakhiraj* tenures will be regularly noted in the existing Intermediate Register of Mutations No. 3, exactly in the same manner as mutations of *malgoozaree* Estates are entered in it; and a reference to the entry in the Intermediate Register will be made in the *lakhiraj* Register, so that there may be no difficulty in re-writing it when necessary.

10. Fees on mutations will be levied under Clause 3, Section 3, Regulation XV. of 1797.

By Order of the Board of Revenue,

H. L. Dampier,

Secretary.

৬। যে সকল ভূমি অমোঘ প্রমাণে নিষ্কররূপে ভোগ হয় তাহার রেজিষ্টরী করণ এবং স্বামিত্বের পরিবর্ত্তন হইলে তাহার সম্বাদ ১৮২৮ সালের ৩ আইনের ২ ধারার ২ প্রকরণের নির্দ্দিষ্টমতে কালেক্টর সাহেবকে উপযুক্তমতে জ্ঞাত করণ, আইনের অভিপ্রায়, ইহার সন্দেহ নাই। তদ্রূপ রেজিষ্টর প্রস্তুত করণার্থ কথা অবশ্য কোন স্থানে থাকিবে, ফলতঃ স্পেশিয়ল ডেপুটী কালেক্টরেরদের এবং স্পেশিয়ল কমিস্যনরেরদের আফিসের রেজিষ্টরী বহীতে এবং কালেক্টর সাহেবেরদের আফিসের রেজিষ্টরী বহীতে পাওয়া যাইবে, বিশেষতঃ স্পেশিয়ল কমিস্যনরেরদের আফিসে তাহা লিখিবার আজ্ঞা আইনেতে হইয়াছে (১৮২৮ সালের ৩ আইন সংযুক্ত কার্য্যবিধান দেখ।)

৭। অতএব যে সকল ভূমি অমোঘ প্রমাণে নিষ্কর প্রকাশ হইয়াছে তাহার সম্পূর্ণ রেজিষ্টর পশ্চাৎ লিখিত পাঠানুসারে প্রস্তুত করণার্থ প্রত্যেক জিলাতে উপযুক্ত আমলাগণকে নিযুক্ত করিবার যত ব্যয় সম্ভাবনা তাহার ফর্দ্দ মনোযোগ করিয়া অর্পণ করিতে কমিস্যনর সাহেবেরদের প্রতি আজ্ঞা হইতেছে। প্রত্যেক জিলাতে সেই বহীতে লিখনোপযুক্ত যত কথা থাকে তদনুযায়ি উক্ত ব্যয় হইবে। কোন২ স্থলে, রেজিষ্টর যেরূপে লেখা হইয়াছে তদ্বিবেচনায় নূতন রেজিষ্টর প্রস্তুত করা অনাবশ্যক। এতদ্বিষয়ে কোন সাহেব যে কোন পরামর্শ দিতে চাহেন তাহা বোর্ডের সাহেবেরা বিবেচনা করিবেন।

৮। রেজিষ্টরী করিবার বিধিশ্রেণীতে সাধারণ রেজিষ্টর প্রস্তুত করণের যে২ বিধি আছে সেই২ বিধিমতে এই পত্রের নির্দ্দিষ্ট রেজিষ্টর প্রস্তুত করিতে হইবেক।

৯। ঐ রেজিষ্টর প্রস্তুত হইলে পর, সকর মহাল হস্তান্তর্গত হইলে তৎস্বামির নাম তৃতীয় নম্বরের দরমীয়ানী রেজিষ্টরে যেরূপে লেখা যাইতেছে নিষ্কর ভূমির হস্তান্তর হইবার কথাও তদ্রূপে নিয়মিতমতে লিখিতে হইবেক, এবং নিষ্কর ভূমির রেজিষ্টরে ঐ দরমীয়ানী রেজিষ্টরের লিখিত কথার উল্লেখ করিতে হইবেক। তাহাতে পুনরায় লিখিবার প্রয়োজন হইলে ক্লেশ হইবেক না।

১০। ভূমি হস্তান্তর হইলে নূতন স্বামির নাম লিখিবার ফীস ১৭৯৭ সালের ১৫ আইনের ৩ ধারার ৩ প্রকরণমতে আদায় হইবেক।

ঐ বিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে

এচ এল ডাম্পিয়র

সেক্রেটারী।

Lakhiraj Register of Zillah

1 Number.	2 Names of Tenures arranged alphabetically for the whole District.	3 Names of the Pergunnah or Pergunnahs in which the lands of the Tenures are situated, with the number of Villages and Kismuts in each Pergunnah.	4 Names of Proprietors.	5 Specification of the decree declaring the Tenures valid Lakhiraj.	6 Remarks.

[৪৫১]

অমুক জিলার লাখেরাজ রেজিষ্টর।

১	২	৩	৪	৫	৬
নম্বর।	জিলার সমস্ত মহালের নাম বর্ণ বলীক্রমে লিখিত।	মহালের ভূমি যে পরগনার কি যে২ পরগনায় সামিল থাকে তাহার নাম ও প্রত্যেক পরগনায় যত মৌজা ও কিসম২ আছে।	স্বামিরদের নাম।	যে ডেক্রীমতে মহাল অমোঘ-প্রমাণে লাখেরাজ প্রকাশ হয় তাহার নির্দ্দেশ।	মন্তব্য কথা।

[১৮৫২ সালের ৩০ আইন।]

No. 70.

Dated 11th December, 1862.

To all Collectors of Revenue.

COPY of Government Order No. 5587, dated 26th ultimo, is herewith forwarded for the information of all Collectors of Revenue, with a request that they will furnish to the Controller and Examiner of Public Works Accounts, the prescribed Quarterly Return of all sums recovered from the Zemindars on account of advances for Zemindaree Embankments, within fifteen days of the close of the Quarter to which it relates.

By Order of the Board of Revenue,

H. L. DAMPIER,
Secretary.

No. 5587.

From Lieutenant Colonel J. P. Beadle, Officiating Secretary to the Government of Bengal, in the Public Works Department, to the Officiating Controller and Examiner of P. W. Accounts, in Bengal.

Fort William, the 26th November 1862.

I AM instructed, with reference to your No. 4249, dated 5th November 1862, to say that the Lieutenant Governor does not consider that there is any necessity for the issue of special Rules in regard to the Tuccavy Accounts for Zemindaree Embankments, or that there is any necessity for altering the Law as it stands.

The Executive Engineer should head his accounts properly, stating that it is a Tuccavy Account, and recoverable from such a Collectorate.

The Controller should advise the Superintendent of Embankments quarterly of the amounts expended on the Zemindaree Embankments in his Circle, and to be recovered from Zemindars by the Superintendent through the Collector as the Law directs.

The Collector will be directed to forward quarterly to the Controller, a return of the sums recovered from the Zemindars.

The Revenue Board will be moved to issue the necessary order to the Collectors.

2. No further instructions seem to be required. The Office of Account must see that there are no unnecessary delays in the adjustment of these accounts, and as the Zemindars can only be called upon to pay the actual expenditure, there must be no averaging of rates in the Office of Account; but the Bills for Zemindaree Embankments must be *bonâ fide* Abstracts of the expenditure actually incurred.

J. P. BEADLE, *Lieut.-Colonel, R. E.,*
Offg. Secretary to the Government of Bengal,
in the Public Works Department.

৭০ নম্বর।

১৮৬২ সাল ১১ ডিসেম্বর।

রাজস্বের সকল কালেক্টর সাহেব প্রতি আগে।

রাজস্বের সকল কালেক্টর সাহেবের জ্ঞাপনার্থে, গবর্ণমেণ্টের গত মাসের ২৬ তারিখের ৫৫৮৭ নম্বরের আজ্ঞাপত্রের নকল পাঠান যাইতেছে। ও তাঁহারদিগকে আদেশ হইতেছে যে জমীদারীর পোস্তাবন্দীর জন্যে যে টাকা আগাম দেওয়া যায় তাহার যত টাকা জমীদারেরদের স্থানে ফিরিয়া পাওয়া যায়, তাহার ত্রৈমাসিক রিটর্ণ ঐ মাসত্রয়ের সমাপ্তির পর পঞ্চদশ দিনের মধ্যে উক্ত আজ্ঞাপত্রের নির্দ্দিষ্টমতে সাধারণের উপকারার্থ রাজকীয় কার্য্যের হিসাবের তত্ত্বাবধারক ও পরীক্ষক সাহেবের নিকটে পাঠান।

রেবিনিউ বোর্ডের আজ্ঞাক্রমে।

এচ এল ডাম্পিয়র।
সেক্রেটারী।

৫৫৮৭ নম্বর।

বঙ্গদেশের পবলিক ওর্কসের হিসাবের একটিং তত্ত্বাবধারক ও পরীক্ষক সাহেবের নিকটে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী লেপ্টেনেণ্ট কর্ণেল শ্রীযুত জে পি বীডল সাহেবের পত্র। ফোর্টউলিয়ম ১৮৬২ সাল ২৬ নবেম্বর।

১৮৬২ সালের ৫ নবেম্বর তারিখের ৪২৪৯ নম্বরযুক্ত আপনকার পত্রের উপলক্ষে আমি আজ্ঞাক্রমে এই কথা জানাইতেছি। জমীদারীর পোস্তাবন্দি সম্পর্কীয় তাগাদী হিসাবের কোন বিশেষ বিধি করা কিম্বা তদ্বিষয়ের যে আইন প্রচলিত আছে তাহা পরিবর্ত্তন করা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আবশ্যক বোধ করেন না।

একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেবের কর্ত্তব্য যে আপন হিসাবের শিরোভাগের কথা উপযুক্তমতে লিখিয়া তাহা তাগাদীর হিসাব ও অমুক কালেক্টরীতে আদায় হইতে পারে এই কথা জ্ঞাত করেন।

পোস্তাবন্দির কোন সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের এলাকার অন্তর্গত জমীদারীর পোস্তাবন্দিতে যত টাকা তিন২ মাসে ব্যয় হয়, তাহা ঐ সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে তত্ত্বাবধারক সাহেবের জ্ঞাত করিতে হইবে। ও আইনে যেরূপ আজ্ঞা হইয়াছে তদ্রূপে কালেক্টর সাহেবের দ্বারা ঐ জমীদারেরদর স্থানে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের আদায় করিতে হইবেক।

জমীদারেরদের স্থানে যত টাকা আদায় হয়, তাহার রিটর্ণ কালেক্টর সাহেবের তিন২ মাসে তত্ত্বাবধারক সাহেবকে দিতে আজ্ঞা হইবেক।

কালেক্টর সাহেবদিগকে প্রয়োজনমত আজ্ঞা করিতে রেবিনিউ বোর্ডের নিকটে প্রার্থনা হইবে।

২। ইহার অধিক উপদেশের প্রয়োজন নাই। ঐ হিসাব নিষ্পত্তি করণে অনাবশ্যক বিলম্ব না হয় এই বিষয়ে সতর্ক থাকা হিসাবের আফিসের কর্ত্তব্য। প্রকৃতরূপে যাহা ব্যয় হয় তদ্ভিন্ন কোন টাকা দিতে জমীদারদিগকে আজ্ঞা হইতে পারিবেক না। অতএব গড়ে যাহার যত দিতে হইবে ইহার কোন হিসাব ঐ আফিসে করিতে হইবেক না। কিন্তু যত টাকা প্রকৃতরূপে ব্যয় হইয়াছে তাহার যথার্থ চুম্বক লইয়া ঐ জমীদারীর পোস্তাবন্দির বিল করিতে হইবেক।

জে পি বীডল। লেপ্টেনেণ্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে।
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

ORDERS BY THE HIGH COURT OF JUDICATURE AT FORT WILLIAM IN BENGAL.

APPOINTMENTS.

The 20th December, 1862.

Baboo Puddolochun Doss, late Moonsiff of the 2nd Town Division, abolished, to be Moonsiff of the amalgamated Chowkeys of Bhutteary and Zorawargunge at Setacoond, Zillah Chittagong.

The 23rd December, 1862.

Baboo Kedarnath Banerjee, Moonsiff of Aosgaon, Zillah East Burdwan, to be Additional Moonsiff of the Sudder Station in that District.

Baboo Bhyrub Chunder Kur, Moonsiff of Bhutteary, Zillah Chittagong, to be Additional Sudder Moonsiff of Mymensingh.

Baboo Oomes Chunder Sircar, B. A. and B. L., to officiate as Moonsiff of Aosgaon, Zillah East Burdwan, on the full salary of a Moonsiff of the 2nd grade.

Baboo Ramdoollubh Doss, Moonsiff of Umerpore, Zillah Bhaugulpore, to be Additional Moonsiff of Mohamedpore, Zillah East Burdwan.

Moonshee Dadar Buxsh, Moonsiff of Bhaugulpore, to be Additional Moonsiff of Munglecote, Zillah East Burdwan.

Moulvie Dubeeruddeen Ahamed, Moonsiff of Begumgunge, Zillah Dinagepore, to be Additional Moonsiff of Pandooah, Zillah Hooghly.

Baboo Poorno Chunder Kastogree, Moonsiff of Zorawargunge, Zillah Chittagong, to be Additional Moonsiff of Amtah, Zillah Hooghly.

LEAVE OF ABSENCE.

The 19th December, 1862.

Moulvie Dadar Buxsh, Moonsiff of Bhaugulpore, to the 1st proximo, in extension of the leave granted to him on the 4th idem, under Clause 2, Section V. of the Uncovenanted Absentee Rules.

The 23rd December, 1862.

During the late Dusserah vacation,

Sylhet.

Baboo Chunder Kishore Roy, Moonsiff of Nubbegunge.

Baboo Booroo Churn Doss, Moonsiff of Ajmeregunge.

Baboo Kashee Nath Doss, Moonsiff of Lushkerpore.

Baboo Ram Chunder Dhur, Moonsiff of Rasoolgunge.

Baboo Tarni Churn Roy, Officiating Moonsiff of Hingajea, for ten days only.

H. T. PRINSEP,
Registrar.

(গুবর্ণমেণ্ট গেজেট। ১৮৬২। ৩০ ডিসেম্বর।)

বঙ্গদেশের ফোর্ট উলিয়মের হাই কোর্টের আজ্ঞা।

নিয়োগ।

১৮৬২ সাল ২০ ডিসেম্বর।

চাটিগাঁ নগরের দ্বিতীয় খণ্ডের মুনসেফী পদ উঠাইয়া যাওয়াতে ঐ খণ্ডের মুনসেফ শ্রীযুত বাবু পদ্মলোচন দাস জিলা চাটিগাঁয়ের শীতাকুণ্ডে ভটিয়ারি ও জোরাওয়ারগঞ্জের যে চৌকী সংযুক্ত হইয়াছে সেই চৌকীর মুনসেফ হইবেন।

১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

জিলা পূর্ব্ব বর্দ্ধমানের আউস গাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ বাঁড়ুর্য্যা ঐ জিলার সদর মোকামের আডিস্যানল মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁয়ের ভটীয়ারির মুনসেফ শ্রীযুত বাবু ভৈরবচন্দ্র কর ময়মনসিংহের আডিস্যানল সদর মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু উমেচন্দ্র সরকার B.A. ও B.L. দ্বিতীয় শ্রেণীর মুনসেফের সম্পূর্ণ বেতন প্রাপ্ত হইয়া জিলা পূর্ব্ব বর্দ্ধমানের আউস গাঁয়ের মুনসেফের কর্ম্ম করিবেন।

জিলা ভাগলপুরের অমরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামদুর্লভ দাস জিলা পূর্ব্ববর্দ্ধমানের মহম্মদপুরের আডিস্যানল মুনসেফ হইবেন।

ভাগলপুরের মুনসেফ শ্রীযুত মুন্শী দাদারবক্স জিলা পূর্ব্ব বর্দ্ধমানের মঙ্গলকোটের আডিস্যানল মুনসেফ হইবেন।

জিলা দিনাজপুরের বেগমগঞ্জের মুনসেফ শ্রীযুত মৌলবী দবীরুদ্দীন আহম্মদ জিলা হুগলীর পাণ্ডুয়ার আডিস্যানল মুনসেফ হইবেন।

জিলা চাটিগাঁয়ের জোরাওয়ারগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র কাস্তগিরি জিলা হুগলীর আমতার আডিস্যানল মুনসেফ হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৯ ডিসেম্বর।

ভাগলপুরের মুনসেফ শ্রীযুত মৌলবী দাদার বক্স অচিহ্নিত কার্য্যকারকেরদে ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে ঐ মাসের ৪ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত আগামি মাসের ১ তারিখপর্য্যন্ত ছুটী পাইয়াছেন।

১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীহট্টের নিম্নলিখিত মুনসেফেরা গত দুর্গোৎসবের বন্দে ছুটী পাইয়াছেন। অর্থাৎ

নব্বীগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকিশোর রায়।

আজমীরগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু গুরুচরণ দাস।

লক্ষরপুরের মুনসেফ শ্রীযুত বাবু কাশীনাথ দাস।

রসুলগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর।

হিঙ্গাজিয়ার একটিং মুনসেফ শ্রীযুত বাবু তারিণীচরণ রায় কেবল দশ দিনের ছুটী পাইয়াছেন।

এচ টি প্রিনসেপ। রেজিষ্টার।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের হুকুম।

৫৫৪৮ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ২৪ নবেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ১৮৬২ সালের ২ আইনমতে জিলার রেজিষ্টর হইবেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ ... বাকরগঞ্জে।
" ডাক্তর এ এ মাণ্টেল সাহেব (Dr. A. A. Mantell,) বালেশ্বরে।
" মৌলবী ওয়াহী উদ্দীন ভাগলপুরে।
" বাবু গোবিন্দচন্দ্র চৌধুরী বীরভূমে।
" ডাক্তর জে বি আলেন সাহেব (Dr. J. B. Allen,) বেহারে।
" ডাক্তর এচ এফ উলিয়মস সাহেব (Dr. H. F. Williams,) ... ... বর্দ্ধমানে।
" বাবু হরচন্দ্র চাটুর্য্যা বাঁকুড়াতে।
" ডাক্তর ডবলিউ বি বিটসন সাহেব (Dr. W. B. Beatson,) ... ... চাটিগাঁয়ে।
" মৌলবী নাজির উদ্দীন মহম্মদ ... ... কটকে।
" ডাক্তর এ সিমসন সাহেব (Dr. A. Simson,) ঢাকাতে।
" ডাক্তর এস সি এমেসবরী সাহেব (Dr. S. C. Amesbury,) ... ... দিনাজপুরে
" এ ডেবিডসন সাহেব (Mr. A. Davidson,) ... হুগলীতে।
" এচ এল অলিফাণ্ট সাহেব (Mr. H. L. Oliphant,) যশোহরে।
" বাবু পূর্ণচন্দ্র মিত্র মেদিনীপুরে।
" ডাক্তর টি ডিউকা সাহেব (Dr. T. Duka,) মুঙ্গেরে।
" বাবু কুঞ্জলাল বাড়ুয্যা মুরশিদাবাদে।
" মৌলবী মহম্মদ নাজিম মরমনসিংহে।
" বাবু গোপীনাথ বসু নদীয়াতে।
" বাবু তারকনাথ সেন চব্বিশপরগনাতে।
" ডাক্তর জে সদরলাণ্ড সাহেব (Dr. J. Sutherland,) পাটনাতে।
" মৌলবী আনরআলী পূরণিয়াতে।
" ডাক্তর জে জে ডিউরাণ্ট সাহেব (Dr. J. J. Durant,) পুরীতে।
" বাবু গোপালচন্দ্র ঘোষ রাজশাহীতে।
" ডাক্তর জি কে পুল সাহেব (Dr. G. K. Poole,) রঙ্গপুরে।
" ডাক্তর সি জে জাকসন সাহেব (Dr. C. J. Jackson,) সারণে।
" মৌলবী আহাম্মদ বক্স ছিলটে।
" বাবু জগবন্ধু বাঁড়ুয্যা ত্রিপুরাতে।
" ডাক্তর এন সি মাকনামারা সাহেব (Dr. N. C. MacNamara.) ত্রিহুতে

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৪ নবেম্বর।

১৮৬২ সালের ২ আইনের ৩ ধারামতে সম্বাদ দেওয়া যাইতেছে যে অধঃস্থ রেজিষ্টরী আফিস নিম্নের লিখিত এলাকাধীনে ও স্থানে স্থাপিত হইল।

কলাগেছেতে।
চম্পারণে।
নওয়াখালীতে।
নাটোরে।
পাবনাতে।
ফরীদপুরে।
বগুড়াতে।
বারাসতে।
মালদহে।
শেরাজগঞ্জে।
শ্রীরামপুরে।
হাবড়াতে।

নিয়োগ।

১৮৬২ সাল ২৪ নবেম্বর।

নিম্নের লিখিত মহাশয়েরা আপন২ নামের পার্শ্বের লিখিত জিলাতে ডেপুটী রেজিষ্টর হইবেন।

শ্রীযুত ডবলিউ কার্ডোজো সাহেব (Mr. W. Cardozo,) কলাগেছেতে।
" ডাক্তর এচ এম ডেবিস সাহেব (Dr. H. M. Davies,) নওয়াখালীতে
" বাবু সাতকড়ি দেব নাটোরে।
" মৌলবী অল্লী হয়দর পাবনাতে।
" বাবু গঙ্গাকান্ত মুখুয্যা ফরীদপুরে।
" টি পি লার্কিন্স সাহেব (Mr. T. P. Larkins,) বগুড়াতে।
" বাবু অভয়চরণ মল্লিক বারাসতে।
" মৌলবী ইজ্জৎ হুসেন মালদহে।
" এফ জে আর ওয়াকর সাহেব (Mr. F. J. R. Walker,) শেরাজগঞ্জে।
" ডাক্তর টি ব্রে সাহেব (Dr. T. Bray,) শ্রীরামপুরে।
" সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett,) হাবড়াতে

১৮৬২ সাল ১৩ ডিসেম্বর।

হুগলীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে আর বি রস সাহেব (Mr. J. R. B. Ross,) ঐ জিলাতে মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

কোন বিশেষ কার্য্যহেতুক শ্রীযুত ডাক্তর এলিয়ট সাহেবের (Dr. Elliot,) অনুপস্থিত কালে অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত জে স্কোয়ার সাহেব (Mr. J. Squire,) হুগলীর সিবিল চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৫ ডিসেম্বর।

নীচের লিখিত কর্ম্মকারকেরা সারণে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটীর [illegible] হইবেন। অর্থাৎ

শ্রীযুত ডবলিউ এচ ডয়লী সাহেব (Mr. W. H. D'Oyly.)
শ্রীযুত জে আণ্ডরসন সাহেব (Mr. J. Anderson.)
শ্রীযুত বাবু গোকুলচন্দ্র চৌধুরী।

নিম্নের লিখিত মহাশয়েরা মুঙ্গেরে সাধারণের বিদ্যাধ্যাপনীয় কমিটির মেম্বর হইবেন।

শ্রীযুত শাহা আলেট আহাম্মদ।
" বাবু গঙ্গাপ্রসাদ।
" বাবু শ্যামাশঙ্কর বিশ্বাস।
" বাবু মেদিনীপ্রসাদ।
" বাবু গুরুপ্রসাদ সেন।

শ্রীযুত বাবু কৃষ্ণকমল ভট্টাচার্য্য M. A. প্রগীডেন্সী কালেজে অধ্যাপক হইবেন।

শ্রীযুত বাবু রাজকৃষ্ণ বাঁড়ুয্যা প্রসীডেন্সী কালেজে আসিষ্টণ্ট অধ্যাপক হইলেন।

বারাসতের মুনসেফ শ্রীযুত মুন্‌শী খয়রাৎ হুসেন চব্বিশ পরগনাতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের কৌন্সেলের ১৮৬২ সালের ৬ আইনের ১৯ ধারামতে ডেপুটী কালেক্টরের ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন।

১৮৬২ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত এচ জি পেণ্টর সাহেব (Mr. H. G. Paynter,) চাটিগাঁয়ের মাজিষ্ট্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্ট হইলেন ও ঐ জিলাতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

শ্রীযুত ডবলিউ বি জি টেলর সাহেব (Mr. W. V. G. Taylor,) বেহারের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইলেন, কিন্তু অন্য হুকুম না হওনপর্য্যন্ত রাজসাহীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

ঢাকার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ বি ফালকন সাহেব (Mr. A. B. Falcon,) ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

শ্রীযুত মৌলবী আসান আহাম্মদের সরকারী কর্ম্মোপলক্ষে প্রেরিত হওন জন্য অনুপস্থিত থাকন কালে, অথবা অন্য হুকুম না হওনপর্য্যন্ত শ্রীযুত মৌলবী বিলায়ৎ হুসেন, বেহারে ১৮৪৩ সালের ১৫ আইনমতে ডেপুটী মাজিষ্ট্রেট ও ১৮৩৩ সালের ৯ আইনমতে ডেপুটী কালেক্টরের কর্ম্মকরিবেন, ও ঐ জিলাতে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৬১ সালের ২৫ আইনের ২২ ধারার নির্দ্দিষ্টমতে অধঃস্থ প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ১৯ ডিসেম্বর।

শ্রীযুত সি বি গারেট সাহেব (Mr. C. B. Garrett,) কিয়ৎকালের নিমিত্তে চব্বিশপরগনার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

হাবড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ওডেপুটী কালেক্টর শ্রীযুত ই এফ গ্লাডষ্টোন লিঙ্গাম সাহেব (Mr. E. F. Gladstone Lingham,) মুরশিদাবাদে নিযুক্ত হইয়াছেন সেই জিলাতে তিনি মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতাক্রমে কর্ম্ম করিবেন।

মেজর শ্রীযুত ই টি ডাল্টন্ সাহেব (Major E. T. Dalton,) ছুটী হইতে আপান মোকামে প্রত্যাগমনের তারিখঅবধি ছোট নাগপুরের কমিস্যনর হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ১৩ ডিসেম্বর।

নগওয়ানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্ট শ্রীযুত মৌলবী দীন মহম্মদ গত অক্টোবর মাসের ৯ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ ডেবিস সাহেব (Mr. H. Davies,) গত মাসের ১৩ তারিখে যে ছুটীপান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে পনের দিনের ছুটী পাইয়াছেন।

রাজশাহীর সদর আমীন শ্রীযুত বাবু গোপালচন্দ্র ঘোষ চিকিৎসকের সর্টিফিকটক্রমে অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৫ ধারার ২ প্রকরণমতে এক মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ১৮ ডিসেম্বর।

শ্রীযুত এচ সি বি রেবান সাহেব (Mr. H. C. B. Raban,) গত মাসের ২৪ তারিখে বেতিয়া এলাকা খণ্ডের কর্ম্মের ভারগ্রহণ করাতে উক্ত এলাকাখণ্ডে তাঁহার যে নিয়োগ তাহা বর্ত্তমান মাসের ৩ তারিখের পরিবর্ত্তে উক্ত তারিখঅবধি প্রবল হইবে।

৫৬৭৮ নম্বর।

নিয়োগ।

১৮৬২ সাল ১ অক্টোবর।

শ্রীযুত ই কলোগান সাহেব (Mr. E. Cologan,) বঙ্গদেশে পোলীসের প্রথমশ্রেণীর আসিষ্টণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন।

১৮৬২ সাল ২৪ নবেম্বর।

শ্রীযুত বাবু মথুরানাথ গুপ্ত চক্রাবণে দলীল রেজিষ্টরের ডেপুটী রেজিষ্টর হইলেন।

১৮৬২ সাল ২০ ডিসেম্বর।

নীচের লিখিত কর্ম্মকারকেরা সরকারী কর্ম্মোপলক্ষে গমনশীল কামরূপের সৈন্য দলে কর্ম্ম করিবেন।

কাপ্তান শ্রীযুত জে ই এল উইলোস্ সাহেব (Captain J. E. L. Willows.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত মাইলস্ সাণ্ডিস সাহেব (Lieutenant Miles Sandys.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত ডবলিউ জি মেটলণ্ড সাহেব (Lieutenant W. G. Maitland.)

লেপ্টেনেণ্ট শ্রীযুত ই মলয় সাহেব (Lieutenant E. Molloy.)

১৮৬২ সাল ২২ ডিসেম্বর।

ডাক্তর শ্রীযুত জে এ গ্রীন সাহেব (Dr. J. A. Greene,) ত্রিপুরার চিকিৎসকের কর্ম্ম করিবেন।

১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত ডাক্তর এস ডবলিউ ফালন সাহেব (Mr. S. W. Fallon, M. A., Ph. D.) উত্তর পশ্চিম খণ্ডের বিদ্যালয়ের ইন্‌স্পেক্টর হইবেন।

ছুটী।

১৮৬২ সাল ২০ ডিসেম্বর।

ঢাকার জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ বি ফালকন সাহেব (Mr. A. B. Falcon,) চিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ১২ ধারামতে তিন মাসের ছুটী পাইয়াছেন।

চাটিগাঁয়ের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত ডবলিউ সার্সন সাহেব (Mr. W. Sarson,) অচিহ্নিত কার্য্যকারকেরদের ছুটীর বিধির ৭ ধারার ১ প্রকরণমতে দুই মাসের ছুটী পাইয়াছেন।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

শ্রীযুত এস সি বেলি সাহেব (Mr. S. C. Bayley,) অদ্য পূর্ব্বাহ্নে বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটারীর কর্ম্মের ভার গ্রহণ করিলেন।

৫৭২৫ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৬২ সাল ৯ ডিসেম্বর।

শ্রীযুত রাইট ৎ নরবিল সেক্রেটারী অফ ষ্টেট সাহে

হের পত্র ও তৎসহ প্রেরিত অন্য পত্র সর্ব্বসাধারণের জ্ঞাপনার্থে প্রকাশ করা যাইতেছে।

হজুর কৌন্সেলে ভারতবর্ষের শ্রীযুত রাইট অনরবিল গবরনর জেনরল বাহাদুরের নিকটে ভারতবর্ষের নিমিত্ত শ্রীশ্রীমতী মহারাণীর সেক্রেটারী অফ ষ্টেট শ্রীযুত রাইট অনরবিল সর চারলস উড সাহেবের পত্র। লণ্ডন ১৮৬২ সালের ২৪ সেপ্টেম্বর তারিখের ৪৭ নম্বর।

লুধিয়ানা নামক জাহাজ সমুদ্রে ত্যক্ত হওয়াতে তদ্বিষয়ের অনুসন্ধান বোম্বাই নগরে হইলে, সেই অনুসন্ধানের যে রিপোর্ট হইয়াছিল তদুপলক্ষে বোর্ড অফ ট্রেডের স্থানে ১৮৬২ সালের ৪ সেপ্টেম্বর তারিখের এক পত্র প্রাপ্ত হইয়াছিলাম। তোমার জ্ঞাপন ও উপদেশার্থে ঐ পত্রের নকল পাঠাইতেছি। জাহাজ ভগ্ন হইলে তাহার হেতু এবং সওদাগরী জাহাজে নিযুক্ত কাপ্তান সাহেবেরদের ও মালিমেরদের ও ইঞ্জিনিয়রেরদের আচরণ অনুসন্ধান করণার্থে, ব্রিটনীয়েরদের অধিকৃত ভিন্নদেশে যে আদালতের উপবেশন হয় তাহার ক্ষমতা ও কার্য্যের সহিত পার্লিমেণ্টের গত বৈঠকের প্রচলিত এক আইনের কোন২ বিধানের গুরুতর ভাবে সংযুক্ত আছে। সেই আইন বিষয়ে আমার মনোযোগ করিবার প্রার্থনা উক্ত পত্রেতে হইয়াছে।

২। সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬২ সালের আইনের এক কেতা নকলও ইহার সঙ্গে পাঠাইতেছি।

৩। ভারতবর্ষে সওদাগরী আইন অনুসারে অনুসন্ধানের যে কোন কার্য্য হয় তাহার কোন রিপোর্ট বিষয়ে উক্ত অনুসন্ধায়ি আদালত যে প্রসীডেন্সীতে উপবিষ্ট হন তাহার গবরনর সাহেবের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক ব্যক্তির সম্মতিভিন্ন, তদ্রূপ কোন রিপোর্টে তাঁহার সেই সম্মতি লিখনক্রমে জ্ঞাপনকরা অত্যাবশ্যক। বোর্ড অফ ট্রেডের উক্ত পত্র লিখিত এই কথাতে তোমার বিশেষ মনোযোগ হইবার আদেশ হইতেছে। আরো পার্লিমেণ্টের উক্ত আইনের বিধান এবং বোর্ড অফট্রেডের যে পত্রের উল্লেখ এই পত্রেতে হইয়াছে সেই পত্র লিখিত উপদেশ প্রসীডেন্সীর মারিন কার্য্যকারক সাহেবেরদের অতি দৃঢ়রূপে পালন করা আবশ্যক এই বিষয় তাঁহারদিগকে জ্ঞাত কর।

ইণ্ডিয়া আফিসে ভারতবর্ষের ছোট সেক্রেটারী অফ ষ্টেট সাহেবের নিকটে শ্রীযুত জেমস বুথ সাহেবের পত্র। (ওয়াইটহল ১৮৬২ সাল ৪ সেপ্টেম্বর তারিখের ৯৫৩৪ নম্বর।)

লুধিয়ানা নামক জাহাজ সমুদ্রে ত্যক্ত হওয়াতে তৎসম্পর্কীয় ব্যাপারের অনুসন্ধানার্থ বোম্বাইয়ের পোলীস আফিসে আদালত উপবিষ্ট হইয়া যে কার্য্য করেন ও যে রিপোর্ট দেন, তাহার নকলের সঙ্গে বোম্বাই গবর্ণমেণ্টের পত্রহইতে গৃহীত কথা তোমার গত মাসের ২৬ তারিখের যে পত্রে লিখিত হইয়াছে তাহা প্রাপ্ত হওয়া গেল। বাণিজ্য ব্যবসায়ের নিমিত্তে প্রিবিকৌন্সেলের কমিটীর লার্ড সাহেবেরদের আজ্ঞাক্রমে এই কথা জ্ঞাত করিলাম।

উক্ত রিপোর্টের এক কেতা নকল ঐ জাহাজের স্বামিরদের জ্ঞাপনার্থে পাঠান যাইবেক।

পার্লিমেণ্টের গত বৈঠকে যে আইন প্রচলিত হইয়াছিল তদ্বিষয়ে লার্ড সাহেবেরা সেক্রেটারী শ্রীযুত সর চারলস উড সাহেবকে মনোযোগ করিতে আদেশ করিতেছেন। জাহাজ ভগ্ন হইলে তাহার হেতু এবং সওদাগরী জাহাজের কাপ্তান সাহেবেরদের ও মালিমেরদের ও ইঞ্জিনিয়রেরদের আচরণ অনুসন্ধানার্থ যে আদালত ব্রিটনীয়েরদের অধিকৃত ভিন্ন দেশে উপবিষ্ট হন সেই আদালতের কার্য্যের ও ক্ষমতার সহিত উক্ত আইনের কোন২ বিধানের গুরুতর ভাবে সংযুক্ত আছে।

সওদাগরী জাহাজ বিষয়ক আইন সংশোধনার্থ ১৮৬২ সালের আইনের ছয় কেতা নকল এই পত্রের সঙ্গে পাঠান যাইতেছে।

ঐ আইনের ২৩ ধারার বিধানেতে ভারতবর্ষের নানা প্রসীডেন্সীর ও অধীনদেশের গবর্ণমেণ্টকে মনোযোগ করিতে অতি অরায় আদেশ করা লার্ডসাহেবেরা অতি আবশ্যক জ্ঞান করেন। ফলতঃ উক্ত আইন প্রচলিত হইবার পূর্ব্বে কাপ্তান সাহেবেরদের ও মালিমেরদের সর্টিফিকট অন্যথা কি স্থগিত করিবার ক্ষমতা বোর্ড অফ ট্রেডের প্রতি অর্পিত ছিল, কিন্তু সেই আইনমতে অনুসন্ধানার্থ আদালতের প্রতি সেই ক্ষমতা প্রদান হইয়াছে। আরো ২৪ ধারাতে মনোযোগ করা উচিত, যেহেতুক তদ্দ্বারা অপরাধির বিচার করণকালে তাহার সর্টিফিকট ঐ আদালতের প্রতি অর্পণ করিতে আজ্ঞা করিবার ক্ষমতা হইয়াছে, উক্ত আইন প্রচলিত হইবার পূর্ব্বে ঐ আদালতের সেই ক্ষমতা ছিল না।

লার্ড সাহেবেরদের আরো এই পরামর্শ। সেক্রেটারী অফ ষ্টেট সাহেব যে সময়ে ভারতবর্ষের কার্য্যকারক সাহেবেরদের নিকটে সেই২ বিধান জ্ঞাত করিবেন সেই সময়ে ঐ আইনের ২৩ ধারার ৬ প্রকরণের আজ্ঞাক্রমে অতি দৃঢ়মতে কার্য্য করা আবশ্যক ইহাও তাঁহারদিগকে জ্ঞাত করেন। এবং ভারতবর্ষের মধ্যে কি তদধীনদেশে তদ্রূপ অনুসন্ধানার্থে যে কার্য্যর কোন রিপোর্ট হয় তাহাতে যে প্রসীডেন্সীর কি অধীন দেশের মধ্যে ঐ আদালত উপবিষ্ট হন, তাহার গবরনর সাহেবের কিম্বা কর্ত্তৃত্ব কার্য্য নির্ব্বাহক ব্যক্তির সম্মতি জ্ঞাপন করা ভিন্ন, লিখনক্রমে সেই সম্মতি জ্ঞাপন করা অত্যাবশ্যক।

উক্ত প্রকারের কার্য্য সওদাগরী জাহাজবিষয়ক ১৮৫৪ সালের আইনের ২৪২ ধারার ৫ প্রকরণক্রমে আবশ্যক হইয়াছে।

জাহাজ ভগ্ন হইলে সেই ব্যাপারের অনুসন্ধানের, কিম্বা সওদাগরী কর্ম্মে নিযুক্ত কার্য্যকারকেরদের আচরণের অনুসন্ধানের কোন রিপোর্টে পূর্ব্বোক্ত আদেশানুসারে অতি দৃঢ়মতে কার্য্যহওয়ার প্রমাণ স্পষ্টরূপে প্রকাশ না হইলে, ভিন্নদেশে সর্টিফিকট অন্যথা কি স্থগিত হইলেও, সেই সর্টিফিকট অসিদ্ধ করিতে এই বোর্ডের কোন ক্ষমতা নাই, তাহাতে উক্ত আইনের অভিপ্রায় ব্যর্থ হয় এই কথা লেখা প্রায় অনাবশ্যক।

পূর্ব্বোক্ত কথার উপলক্ষে লার্ড সাহেবেরা এই কথা লিখিতব্য জ্ঞান করেন। লুধিয়ানা নামক জাহাজ ভগ্ন হওয়াতে যে অনুসন্ধান হইয়াছে তাহার রিপোর্টে গবর্ণমেণ্টের সম্মতি ধারামতে লেখা যায় নাই, লিখিত প্রমাণের আসল কাগজপত্রও পাঠান হয় নাই, ও যে নকল প্রেরিত হইয়াছে তাহাতে যথার্থ বলিয়া সর্টিফিকটও দেওয়া যায় নাই, অতএব অধ্যক্ষের কি মালিমের সর্টিফিকট যদি অন্যথা কি স্থগিত করা প্রয়োজন হইত তবে এই বোর্ডের সাহেবেরা তাহা করিতে ক্ষমতাপন্ন না হওয়াতে ধারামতে কার্য্য না হওয়া প্রযুক্ত ঐ কার্য্যকারকেরা দণ্ডহইতে মুক্ত হইতেন।

আমার আরো লিখিতব্য এই, সওদাগরী জাহাজের নাবিকগণ সম্পর্কীয় যে আইন ইহার সঙ্গে পাঠান যাইতেছে তাহার অন্যান্য কএক বিধান বিষয়ের অন্য পত্র শ্রীশ্রীমতী মহারাণীর অধিকৃত ভিন্ন দেশীয় জাহাজাধ্যক্ষেরদের উপদেশার্থ পরে পাঠান যাইবে।

ই এফ জশিংটন
বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটারী।

[*Government Gazette*, 30*th December*, 1862.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

বিজ্ঞাপন।

২০৮ নম্বর।

১৮৬২ সাল ১২ ডিসেম্বর।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব অবগত হইয়াছেন যে জিলা যশোহর ও নদীয়ার অন্তর্গত ঝিনিদহঅবধি চুয়াডাঙ্গাপর্য্যন্ত রাস্তা প্রস্তুতকরণার্থে সরকারী ব্যয়ে সরকারী কর্ম্মোপলক্ষে গবর্ণমেণ্টের ভূমি লওয়া প্রয়োজন, অতএব সম্বাদ দেওয়া যাইতেছে যে পূর্ব্বোক্ত অভিপ্রায়ে উপরোক্ত দুই স্থানের মধ্যে ন্যূনাধিক ২২॥ মাইল দীর্ঘ ও ১০০ ফুট প্রস্থ এক খণ্ড ভূমির আবশ্যক হইয়াছে।

২। যাঁহারদের উক্ত ভূমিতে সম্পর্ক আছে তাঁহারদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

২১০ নম্বর।

১৮৬২ সাল ২৩ ডিসেম্বর।

রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বর্দ্ধমান এলাকার অন্তর্গত দিগনগর অবধি ঘোষপাড়াপর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় ধনব্যয়ে গবর্ণমেণ্টের কর্ত্তৃক ভূমি গ্রহণকর্ত্তৃ আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টনেণ্ট গবর্ণর সাহেব ইহা দৃষ্টি করাতে প্রকাশ করিতেছেন যে উক্ত কার্য্যের নিমিত্তে ন্যূনাধিক ৫ মাইল দীর্ঘ ৪৫ ফুট প্রস্থ ভূমির প্রয়োজন।

২। যাঁহারদের উক্ত ভূমিতে সম্পর্ক আছে তাঁহারদিগকে ১৮৫৭ সালের ৬ আইনের ২ ধারার বিধানমতে এই সম্বাদ দেওয়া গেল।

জে পি বীডল লেপ্টেনেণ্ট কর্ণেল।
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটারী।

GOVERNMENT ADVERTISEMENTS. গবর্ণমেণ্টের ইশ্তিহার।

NOTICE.

The Cachar Mela will, as usual, be held at Silchar, commencing on Tuesday the 30th December 1862, corresponding with 16th Pous 1269, and continuing for as many days as considered necessary.

R. STEWART, *Superintendent.*

Zillah Cachar, Superintendent's Office, the 23rd August, 1862.

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সংবাদ দেওয়া যাইতেছে যে যথারীতি সিলচার মোকামে "কাছাড় মেলা" হইবেক, তাহা ১৮৬২ ইংরেজীর ৩০ ডিসেম্বর, মতাবেক ১২৬৯ বাঙ্গালার ১৬ ই পৌষ মঙ্গলবারে আরম্ভ হইয়া যত দিন প্রয়োজনীয় বোধ হয় তত দিন প্রচলিত থাকিবেক ইতি।

আর ষ্টুয়ার্ট। সুপরিণ্টেণ্ডেণ্ট।

কাছাড়। ২৩ আগষ্ট ১৮৬২ ইং।

LAND ADVERTISEMENT. ভূমিবিষয়ক ইশতিহার।

জিলা নদীয়া।

সন ১৮৫৯ সালের ১১ আইনের ৬ ধারার বিধানক্রমে ইহার দ্বারা সম্বাদ দেওয়া যাইতেছে যে জিলা নদীয়ার নীচের লিখিত মহাল সন ১৮৬২ সালের ১৪ আক্টোবরপর্য্যন্ত বাকী মালগুজারির নিমিত্তে এবং চলিত আইন ও আক্টের দ্বারা অন্য২ যে দাওয়া বাকী মালগুজারির ন্যায় আদায় হইবার হুকুম আছে তাহার নিমিত্তে সন ১৮৬৩ সালের ১০ জানুআরি তারিখে মোং ১২৬৯ সালের ২৭ পৌষ তারিখে এই জিলার কালেক্টরি কাছারীতে নীলাম ধরা যাইবেক ও বিনাবাধাতে বিক্রয় হইবেক ইতি। সন ১৮৬২ সাল ১৬ ডিসেম্বর মোং ১২৬৯ সাল ২ পৌষ।

ইন্তমুরারি বন্দবস্তী মহাল।

১৭ নং ডিহি আলফী মালিক শান্তিরাম ও রঘুনাথ ও চন্দ্রমোহন ও কেশবচন্দ্র ও মাধবচন্দ্র ও বেহারিলাল ও দামোদরচন্দ্র ও সর্ব্বচন্দ্র ও ঈশানচন্দ্র রায় ও গিরিজা দেব্যা ও শ্রীমতী দেব্যা ও নরেন্দ্রচন্দ্র রায় ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা অলিমাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ।

সদর জমা	৮৬৭০ ।/০
পুলিষ জমা	২৬ ৵৭
	৮৭৬৬।১০

৪১ নং তং বেতাই তং ঐ রঘুনাথ রায় ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা অলিমাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ
সদর জমা ১৬০০৲

১০২ নং কিঃ কলারোয়া ছোসেনপুর পরগনে ঐ মালিক রঘুনাথ রায় ও পদ্মমণি ও জগদম্বা দাসী
সদর জমা ৫২৮৪৵৪

১১৮ নং কাগজপুখরিয়া চাং মুর্জ্জাড় দামোদরচন্দ্র রায় অছি জাং বেনওয়ারি লাল ও মুরাদিলাল রায়

নাবালগ পেঃ মৃত রঘুনাথ রায় ও চন্দ্রমোহন রায় ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা অলিমাদরে কৃষ্ণনাথ রায় ও কেশব রায় ও বেহারিলাল রায় ও সর্ব্বচন্দ্র ঈশানচন্দ্র রায়

সদর জমা	৫৮৫২ ।৵২
পুলিষ জমা	৬৮ ॥৬
	৫৯২০ ।৵৮

১৫৯ নং মৌঃ দেবগ্রাম পং আসরফবাদ লক্ষ্মীনারায়ণ ইন্দ্রনারায়ণ মজুমদার দুর্গাদাস মল্লীক

সদর জমা	৪১৮৫৵২
পুলিষ জমা	১০৬॥৵৮
	৫২৫ ॥৵১০

১৯৯ নং কীং ইটলী কালুয়া পং পলাশি প্রাণকৃষ্ণ পাল ও নবকৃষ্ণ পাল ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা আলিমাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ

সদরজমা	১৩৬০৷৵৬
পুলিষজমা	১৩ ।৵৪
	১৩৭৪৵১০

২১৬ নং ডিহি গোবরা পং পলাশি সেবারাম সাঞি কৃষ্ণচন্দ্র বসুয়া খুদিরাম দত্ত ও রাজারাম দত্ত ঈশ্বরচন্দ্র ঘোষ

ইহার মধ্যে কৃষ্ণচন্দ্র বাঁড়ুয্যার অংশ ।৵১০ ॥৬ দওার কাত ৭৭৮॥৵০ টাকা বাদে বাকী

সদর জমা	১৪৭২॥৵১১
পুলিষজমা	১৪ ।৵১
	১৪৮৭৵৮

২৪৩ নং ডিহি হাতিশালা পং বাগওয়ান বামাসুন্দরী ব্রহ্মণ্যা অলি মাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ শান্তিরাম ও রঘুনাথ ও চন্দ্রমোহন ও কেশবচন্দ্র বেহারিলাল দামোদরচন্দ্র সর্ব্বচন্দ্র ঈশানচন্দ্র রায় ও মাধবচন্দ্র নরেন্দ্রচন্দ্র রায়

সদরজমা	৯৪৮২ ।৵৩
পুলিষজমা	১১২৵২
	৯৫৯৪ ॥৵৫

৩৭১ নং ডিহি নাকাসিপাড়া পং বাগওয়ান বামাসুন্দরী ব্রহ্মণ্যা আলি মাদরে কৃষ্ণনাথ রায় নাবালগ শান্তিরাম ও রঘুনাথ চন্দ্রমোহন কেশবচন্দ্র মাধবচন্দ্র নরেন্দ্রচন্দ্র বেহারিলাল দামোদরচন্দ্র সর্ব্বচন্দ্র ঈশানচন্দ্র রায়

সদরজমা	৬০৪৫ ॥৵৮
পুলিষজমা	৬৬ ॥৵৮
	৬১১২ ।৵৪

৪২৩ নং তরফ পীরপুর তং মুনসিবপুর ফজলন করিম আর কলনেছা বিবি ও নফরি ও বামাসুন্দ অছি জাং সুরেন্দ্রনাথ রায় নাবালগ ও দেবীপ্রসাদ চৌধুরী রাজচন্দ্র গাঙ্গুলি

ইহার মধ্যে দয়াময়ী দেব্যা ও রাধানাথ গাঙ্গুলির অংশ ।০ রুকমের সদরজমা ১১১৫৸৪ ॥ টাকা বাদে বাকী

সদরজমা	৩৩৪৭॥৵০ ॥
পুলিষজমা	৩৬ ॥৵১১ ।৵
	৩৩৮৪ ।১১৸

৪৩৩ নং মৌং রায়বালি পং কুবিরপুর খুদিরাম রায় ও নকড়ি ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা অছি জাং সুরেনাথ রায়

সদরজমা	৭৪৭ ॥৵৯
পুলিষজমা	১৭৵১
	৭৬৪৸১০

৪৭৮ নং তং মাপজোলা পং হাওয়াল খালি গৌরহরি দাস নরনারায়ণ লক্ষ্মীনারায়ণ মজুমদার ও নকড়ি ও বামাসুন্দরী ব্রহ্মণ্যা অছি জাং সুরেন্দ্রনাথ রায় নাবালগ

পুলিষজমা	১৫৵১
সদরজমা	১০৩৪৸৵২
	১০৫০।৩

টেমপেরারি বন্দবস্তী মহাল।

৮৭০ নং পং বাগওান চর নিশ্চিন্দিপুরের মধ্য উদয়চন্দ্রপুর দামোদরচন্দ্র রায় ও চন্দ্রমোহন রায় অছি জাং কৃষ্ণনাথ রায়

সদরজমা	৫৩০৸৫

E. GREY. *Collector.*

Government Gazette, 30th Dec[illegible] 1869.

বিক্রী নেমকের যামকাবারী হিসাব সন ১২৬২ সাল তারিখ ৩১ অক্টোবর।

নেমক।

১	২	৩	৪	৫		৬	
এজেন্সীর নাম	সন ১২৬৭ সাল অথবা ১৮৬০।৬১ সালের পূর্ব্ব সনহায়ের উৎপন্ন নেমকের মৌজুদ	সন ১২৬৭ সাল মোতাবকে ইং ১৮৬০।৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবকে ইং ১৮৬১।৬২ সাল	মৌজুদ নেমকের একুন।			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর ফি ১০০/ মোন
হিজলী।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক ঘাট রসুলপুর	০	৩৫,৭৮২/	১,৩১,৬২৩/	১,৬৭,৪০৫/	০	১,৬৭,৪০৫/	৪০৪৲
ঐ ঐ কৃষ্ণনগর	১০,৩৯২/	১৮৭৬/	২,২৪,৭৬৩/	২,৩৭,০৩১/	০	২,৩৭,০৩১/	ঐ
ঐ ঐ রামনগর	০	৫২,২৯০/	১,৩৫,২৩৪/	১,৮৭,৫২৪/	০	১,৮৭,৫২৪/	ঐ
ঐ ঐ কালীনগর	০	৫৫,৭২৯/	২,৪৬,৫০৬/	৩,০২,২৩৫/	০	৩,০২,২৩৫/	ঐ
ঐ ঐ পুরীনগর	০	৬৪,২৬৯/	৯২,৩৯৬/	১,৫৬,৬৬৫/	০	১,৫৬,৬৬৫/	ঐ
একুন	১০,৩৯২৲	২০,২২৪৬/	৮,৩০,৫২২/	১০,৫০,৮৬০/	০	১০,৫০,৮৬০/	
তমলুক।							
পাঙ্গা নেমক ঘাট নারায়ণপুর।	০	৩৩৭৮৬/	৭,১৯,২৮৭/	৭,৫৩,৭৭৩/	০	৭,৫৩,৭৭৩/	৪০৪৲
একুন	০	৩৩৭৮৬/	৭,১৯,২৮৭/	৭,৫৩,৭৭৩/	০	৭,৫৩,৭৭৩/	
সালিখা।							
করকচ নেমক মান্দ্রাজ পরমিট	৭,৪২,০৪০/	০	০	০	৭,৪২,০৪০/	৭,৪২,০৪০/	৩৯২৲
ঐ ঐ চিলকা	১,৫৪,২৯৬/	০	০	০	১,৫৪,২৯৬/	১,৫৪,২৯৬/	৩৮৯৲
ঐ ঐ সিন্ধু	০	৫,০০,০০০/	০	০	৫,০০,০০০/	৫,০০,০০০/	৪১৬৲
মিশ্রিত করকচ নেমক	২৯০০/	০	০	০	২,৯০০/	২,৯০০/	
পাঙ্গা নেমক কটক	৩২,০৬৩/	৭৫,২৪৮/	০	১,০৭,৩১১/	০	১,০৭,৩১১/	৪২৩৲
ঐ ঐ বালেশ্বর	১৫,৮১৩/	২৩৩৮০/	১৩,২১০/	২,৬২,৮৫৩/	০	২,৬২,৮৫৩/	ঐ
ঐ ঐ খোরদা	২২,৮৬৭/	১,০২,৫৬৩/	০	১,২৫,৪৩০/	০	১,২৫,৪৩০/	ঐ
ঐ ঐ চিলকা	৩১,৬৯৬/	৯১,৯৬৫/	০	১,২৩,৬৬১/	০	১,২৩,৬৬১/	ঐ
ঐ ঐ রামনগর	২৮/	৪৭,১৬২/	০	৪৭,১৯০/	০	৪৭,১৯০/	ঐ
ঐ ঐ পুরী ঘাটা	৭৭১১/	১৫,৯৫৭/	০	২৩,৬৭৬/	০	২৩,৬৭৬/	ঐ
ঐ ঐ কৃষ্ণনগর	১,৯৭৩/	১,৩,১০৮৭	০	১,৩৩,০১১/	০	১,৩৩,০১১/	ঐ
ঐ ঐ নারায়ণপুর	০	২,২৫,৭২৬/	০	২,২৫,৭২৬/	০	২,২৫,৭২৬/	ঐ
একুন	১০,১১,৩৯৫/	১৪,২৩৫৫২/	১৩,২১০/	১,১,১৮২২৮/	১৩,৯২,২০৬/	২৫,১০,৮৩৪/	

(৩৫৫)

...র নাম।	সন ১২৬৭ সাল অর্থাৎ ১৮৬০।৬১ সালের পূর্ব্ব সনহ্যয়ের উৎপন্ন নেমকের মৌজুদ্দ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০।৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১।৬২ সাল	মৌজুদ নেমকের এ...			
				পাঙ্গা	করকচ	মোট	দর ফি ১০০/ টনের
হুষড়ি।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
নেমক ঘাট কালীনগর।	•	১,০২,২৩৮/	•	১০২২৩৮/	•	১,০২,২৩৮/	৪২৩/
ঐ ঐ রসুলপুর।	•	৪৯,১১৮/	•	৪৯,১১৮/	•	৪৯,১১৮/	ঐ
মিশ্রিত ঐ ঐ রামনগর।	•	৬৮,১৯৭/	•	৬৮,১৯৭/	•	৬৮,১৯৭/	ঐ
সন ১২৬৫।৬৬।৬৭ সালের একুন।	•	২১,৯৫৫৩/	•	২,১১,৫৫৩/	•	২১,৯৫৫৩/	
আরাকিন।							
পাঙ্গা নেমক ঘাট কৈফু।	৭,৪৪৮/	৭,১১৮/	১,০৮০/	১,৫৬৪৬/	•	১৫,৬৪৬/	
একুন।	৭,৪৪৮/	৭,১১৮/	১,০৮০/	১৪,৬২৬/	•	১৫,৬৪৬/	
চট্টগ্রাম।							
পাঙ্গা নেমক সদর ঘাট।	•	৫৪,১৮৮/	৪,১৬,৪৩৬/	৪,৭০,৬২৪/	•	৪,৭০,৬২৪/	৪০৪৲
ঐ ঐ বাগখালী...	•	১৫,৮৬০/	৩৭,৩৫৯/	৫৩,২১৯/	•	৫৩,২১৯/	ঐ
ঐ ঐ আরাকিন...	•	•	২,১৮৫/	২,১৮৫/	•	২,১৮৫/	ঐ
করকচ নেমক মাদ্রাজ ...	২,৯৬২/	১,২৮,৯৬৯/	২,২৫,০৫৮/	•	৩,৫৬,৯৭৯/	৩,৫৬,৯৭৯/	ঐ
ঐ ঐ জেদ্দা ...	•	৩,০৭৬/	•	•	৩,০৭৬/	৩০৭৬/	ঐ
একুন।	২৯৬২/	২,০২,০৯৩/	৬,৮১,০৩৮/	৫,২৬,০২৮/	৩,৬০,০৬৫/	৮,৮৬,০৯৩/	

(১০৬৮)

এজেন্সীর নাম।	সন ১৮৬০। ৬১ সালের পূর্ব্ব সনহারের উৎপন্ন নেমকের মৌজুদ।	সন ১২৬৭ সাল মোতাবেক ইং ১৮৬০। ৬১ সাল	সন ১২৬৮ সাল মোতাবেক ইং ১৮৬১। ৬২ সাল	মৌজুদ নেমকের একুন			
				পাঙ্গা	করকচ	মোট একুন	দর কি ১০০
কটক।	মোন	মোন	মোন	মোন	মোন	মোন	কোং টাকা
পাঙ্গা নেমক	•	•	•	২,২২,৭৪১/	•	২,২২,৭৪১/	৩২৫/
একুন।	•	•	•	২,২২,৭৪১/	•	২,২২,৭৪১/	
পুরী।							
পাঙ্গা নেমক	•	•	•	৪,১৪,১০০/	•	৪,১৪,১০০/	৩২৫/
করকচ নেমক	•	•	•	•	১৫,৮১,৪০২/	১৫,৮১,৪০২/	
একুন।	•	•	•	৪,১৪,১০০/	১৫,৮১,৪০২/	১৯,৯৫,৫০২/	
বালেশ্বর।							
পাঙ্গা নেমক	•	•	•	৫,৮৯,৪১২/	•	৫,৮৯,৪১২/	৩৭৫/
একুন।	•	•	•	৫,৮৯,৪১২/	•	৫,৮৯,৪১২/	
মোট একুন।	১০,৩২,১২৭/	১১,৬৬,০৫৫/	২২,৪৫,৮৩৭/	৪৯,১১,০৪১/	৩৩,৪০,৭১০/	৮২,৫১,৭৫১/	

তার অর্পণত বিবিধ নট বোর্ডের দপ্তরখানাহইতে সকল রকম নেমকের বাবৎ যে রওয়ানাপাওয়া যায় সেই রওয়ানা গোলা ঘাটে দাখিল করি ল ব্যক্তিরা নেমক প্রা া রাখে তাহার ১ ঘরের লিখিত সরকারী গোলাহইতে ১০/ মোন এবং তাহার উর্দ্ধ পরিমাণে উপরের লিখিত নেমক ওজন দেওয়া যাইবেক।

৮৬২ সাল তারিখ ২২ ডিসেম্বর।

কষ্টিং ট্রেট সেক্রেটারী।

সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে সন হালের ২০ সে ডিসেম্বর তারিখে মোং উলুবেড়িয়ার ডাক বাঙ্গলায় দামুদর ও হুগলি নদীর মধ্যস্থিত বাঁশপাতি নামক খালের ১৮৬৩ সালের ১লা জানুআরি নাগাইদ উক্ত সালের ৩১সে ডিসেম্বর তারিখপর্য্যন্ত ১ বৎসর জন্য মাশুল আদায় প্রকাশ্য নীলামে ইজারা বিলি করা যাইবেক যে ব্যক্তি উর্দ্ধ ডাকে ইজারা লইবেক তাহাকে নীলামের সময়ে ৫০০৲ পাঁচ শত টাকা ডিপাজিট করিতে এবং সন ১৮৬৩ সালের ১লা জানুআরির পূর্ব্বে তাহাকে কবুলতিতে দস্তখৎ করিতে হইবেক।

উপরোক্ত ইজারার বিষয় অন্যান্য সংবাদ নিম্ন স্বাক্ষরিত সাহেবের সমীপে পাওয়া যাইবেক।

H. W. GARNAULT, *Lieut., R. E.,*
Offg. Executive Engineer,
Damoodah Division.

BURDWAN,
1st December, 1862.

MISCELLANEOUS ADVERTISEMENTS. সাধারণ বিজ্ঞাপন।

ZEMINDARY NOTICE.

To be let out in Putnee, the Property of the late Owen John Elias, Esquire, that well know esirable Zemindary 10 Annas Share of Pergunnah Sautsoyka in Zillah East Burdwan, consisting urruffs. The Turruff Mahomedpore, and Turruff Digparrah. The former containing 86 M and Mehals and 23 Kismuts, and the latter containing 40 Mouzahs and Mehals and 13 Kismuts. further particulars, apply to the Executrix, Mrs. Elias, No. 43, Park Street, Calcutta.

জমীদারী।

পত্তনী দেওয়া যাইবেক।

বিখ্যাত ভূম্যধিকারী মৃত ৺ ওয়ান্‌জান্ এলিয়াস সাহেবের বিপুল লভ্য জনক ও বহু মূল্যবান জমী পূর্ব্বাংশ বর্দ্ধমানের সামিল সাতসৈকা পরগণার রকম (॥৵০) দশ আনীর সমুদায় মৌজা মহাল ও কি [।৵০] ছয় আনী তরফ মামুদপুরের ৮৬ মৌজা ও ২৩ কিস্মৎ, এবং [।০] চারি আনী তরফ দীর্ঘ জা ও ১৩ কিস্মৎ) পত্তনী দেওয়া যাইবেক। গ্রহণেচ্ছুকগণ সহর কলিকাতার চৌরঙ্গীর পার্কষ্ট্রীটের অ মার নিকট তত্ত্ব করিলে বিশেষ বিবরণ জানিতে পারিবেন।

শ্রীমত্যা বারবারা ওয়ান্‌জান্ এলিয়াস সাহেব।
উক্ত ইষ্টাটের এক ট্রিক্যুটী

বঙ্গভাষায় পশ্চাৎ লিখিত আইনসকল কলিকাতার খাকর কোম্পানির ও পি এস ডিরোজারিও কোম্প স্কুলাক্ষরে ও শ্রীরামপুরের গবর্ণমেণ্টের অনুবাদক শ্রী জান রাবিনসন সাহেবের নিকটে তত্ত্ব করিলে প্রাপ্ত হওয়া ইতে পারিবে।

দণ্ডবিধির আইন নির্ঘণ্টসহ মূল্য ... ... ২৲ টাকামাত্র
দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের ১৮৫৯ সালের ৮ আইন ও ১৮৬১ সালের ২৩ আইন ... ... ২৲ দুই টাকামাত্র
ইষ্টাম্পের ১৮৬২ সালের ১০ আইন ... ... ॥০ আনামাত্র
১৮৬২ সালের ৬ আইন মূল্য ... ... ৵০ আনামাত্র

বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে প্রবোধচন্দ্রিকা গ্রন্থ শ্রীরামপুর যন্ত্রালয়ে উত্তম কাগজ ও উত্তমাক্ষরে মুদ্রিত হইয়া র্থে প্রস্তুত আছে মূল্য ২৲ দুই টাকা মাত্র।

সতর্কার্থে বিজ্ঞাপন।

পুরাতন চিনা বাজারে ৬২ নং গুদামে আমার দোকানে শ্রীযুত ভোলানাথ মুখোপাধ্যায় শূন্য করবার যে তাবের কথা করিতেছিলেন এক্ষণে ১৭৬৯ সালের ১৮ অগ্রহায়ণে আমার যে স্বত্বাধিকার ও সম্পর্ক ছিল তাহা আমি উঠিয়া লইয়াছি আমার সহিত আর কোন এলাকা নাই উক্ত দোকানের দেনা ও পাওনার দায়ী ভোলানাথ মুখোপাধ্যায়।

সকলকে জ্ঞাত করা যাইতে
২৪ জানুআরি বুধবার ১৮৬
জমীদারীতাহের খাস পুষ্কর
ক্ত সময়ে উক্ত আফি

তফসীল।

জেলা ২৪ পরগনার মোতালক।

১৪৩ নং জমীদারী পরগনে আমওরপুর তরফ জেজতাওগয়রহ রকম ॥০ আনার মায় খের
বাগান পুষ্করিণীওগয়রহ

১৫৬১ নং জমীদারী কিং কাএম্বাওগয়রহ রকম এক তেহাই।

১৪৫ নং জমীদারী পং কলিকাতা মহল মদরসা বোন জুগলীওগয়রহ রকম ॥০ আনা মায় খেরাজ লাখরা
পুষ্করিণী ও বাগানওগয়রহ।

১৪৭ নং জমীদারী রকম ॥০ আনা কিং ব্যাঁওতাদিগর তালুক শ্রীবাটী পং কলিকাতা।

১৪৯ নং জমীদারী পটি গোবিন্দবাটী পং কলিকাতা।

১৮৪ নং জমীদারী কিং রহতা পং কলিকাতা।

১৫০৫ নং জমীদারী রকম ৵১০ গণ্ডা কিং খড়দহ ইষ্টেট রঘুদেবনগর পং হাতিয়াম্বর ও মহল গাঁতিওগ
য়রহ।

১২৪৯ নং জমীদারী কিং করিমপুর পং কলিকাতা।

১২৪ নং জমীদারী পং মাগুরা তরফ শঙ্করপুরওগয়রহ মৌজে খড়দহের খেরাজ লাখরাজ জমী বাগান ও
পুষ্করিণী অর্থাৎ

কলিয়ার বাগান
সোঁর বাগান
সেনের বাগান
রামবিশ্বাসের বাগান
ফুলবাগান

আর২ বৃত্তান্ত রিসিবর আফিসে তত্ত্ব করিলে জানিতে পারিবেন ইতি।

কোর্ট হৌস
রিসিবর আফিস
কলিকাতা তাং ২২ ডিসেম্বর।
১৮৬২ সাল

[গবর্মেণ্ট গেজেট। ১৮৬২। ৩০ ডিসেম্বর।]

শ্রীরামপুরের যন্ত্রালয়ে শ্রীযুত মারসেল ডিকুশ সাহেবকর্ত্তৃক মুদ্রিত